তথাতিশীঘ্রমভিসারয়িতুং প্রিয়দুঃখমেব বর্ণয়তি বিকিরতীতি। হে কান্তে! তব প্রিয়ঃ মদনকদনক্লান্তঃ সন্ বর্ত্ততে। ক্লান্ততামাহ—নাগতৈব সা প্রিয়েতি কৃত্বা মুহুর্বারংবারং শ্বাসান্ বিশেষেণোচ্চৈঃ কিরতীতার্থঃ। অধুনা আগমষ্যতীতি কৃত্বা অগ্রে দিশো মুহুরীক্ষতে। কদাচিদন্যেন পথাগত্য তিষ্ঠতীতি মুহুঃ কুঞ্জং প্রবিশ্য ত্বামপশ্যন্ কথং নাগতেতি মুহুরব্যক্তশব্দং কুর্ব্বন্ বহু যথা স্যাত্তথা গ্লায়তি, ময়ি দৃঢ়ানুরাগৈব সা সাম্প্রতমেবাগমিষ্যতীতি মুহুঃ শয্যাং রচয়তি। মচ্চিত্তজিজ্ঞাসার্থং কদাচিদিতো নির্গত্য তিষ্ঠতীতি পর্য্যাকুলং যথা স্যাত্তথা মুহুরীক্ষতে ॥ ১৬ ॥

ততঃ সম্প্রত্যেব গমনং সাম্প্রতমিতি গমনসময়ানুকূল্যমাহ ত্বদিতি। তব বক্রতয়া সহ অধুনা সূর্য্যঃ সমগ্রমস্তং গতঃ,

---

"সখি! ত্বদীয় জীবনসখা হরি মদনবাণে জর্জ্জরিত হইয়া ঘন ঘন সুদীর্ঘ দীর্ঘনিশ্বাস বিসর্জ্জন করিতেছেন, পুনঃ পুনঃ শয্যা-বিরচনা করিতেছেন এবং উদ্বিগ্নান্তঃকরণে মুহুর্ম্মুহুঃ পথের দিকে তোমার আশায় দৃষ্টিপাত করিতেছেন ॥ ১৬ ॥

সহস্ররশ্মি দিবাকর তোমার বিপরীতাচরণ সহ অস্তাচলশিরে

কোকানাং করুণস্বনেন সদৃশী দীর্ঘা মদভ্যর্থনা,
তন্মুগ্ধে বিফলং বিলম্বনমসৌ রম্যোঽভিসারক্ষণঃ ॥ ১৭ ॥
আশ্লেষাদনু চুম্বনাদনু নখোল্লেখাদনু স্বান্তজ-
প্রোদ্বোধাদনু সংভ্রমাদনু রতারম্ভাদনু প্রীতয়োঃ।

---

গোবিন্দস্য মনোরথেন অবিচ্ছিন্নস্মর্য্যমাণতয়া ধৈর্য্যোন্মূলকাভিলাষেণ চ সহ তমোঽন্ধকারঃ নিবিড়তাং প্রাপ্তঃ; চক্রবাকানাং করুণস্বনেন তুল্যা মদভ্যর্থনা যুবয়োর্দশাং বিলোক্য প্রাপ্তদৈন্যা দীর্ঘা জাতা তত্তস্মাৎ হে মুগ্ধে! বিচারানভিজ্ঞে! বিলম্বনং বিফলম্। যতোঽসৌ ক্ষণোঽভিসারে রম্যঃ প্রিয়তমঃ উৎকণ্ঠিতো রম্যশ্চাভিসারক্ষণশ্চিরমভ্যর্থনপরা সখী তথাপি বেশাদিব্যাজেন গমনবিলম্বনমিতি মৌগ্ধ্যম্ ॥ ১৭ ॥

অথোৎকণ্ঠাবর্দ্ধনার্থং তন্মনোরথমেব বিবৃত্যাহ আশ্লেষাদিতি। ইহ তমসি দম্পত্যোরাবয়োর্ব্রীড়য়া কথং সহসৈব কর্ত্তুমারব্ধমিত্যেবংভূতয়া লজ্জয়া মিশ্রিতো রসঃ শৃঙ্গাররূপঃ কো ন কো ন অভূদপি তু সর্ব্বত্রৈবাভূদিত্যর্থঃ। পূর্ব্বকালীনে মেঘৈর্মেদুরমিত্যাদ্যুক্তগাঢ়ান্ধকারে যথাভূৎ তথা ইহ গোবিন্দস্য মনোরথকথনেন অভিসর্ত্তুং শ্রীরাধিকাপ্রোৎসাহনমুক্তম্। পূর্ব্বানুকালীনানুভবমেবাহ। কীদৃশোরন্যার্থং অন্যোন্যপ্রাপ্ত্যা-

---

হরির মনোরথের সহিত অন্ধকাররাশিও নিরন্ত হইতে লাগিল, আমিও লুক্কায়িত হইলেন, চক্রবাকবৎ করুণনাদে বহুক্ষণ যাবৎ তোমাকে অনুনয় করিতেছি; অতএব হে সুন্দরি! আর বিলম্ব করিও না, দেখ, অভিসারের উপযুক্ত রমণীয় সময় উপস্থিত ॥ ১৭ ॥

সখি! যখন তোমরা ঘোর তিমিরমধ্যে পরস্পর পরস্পরের উদ্দেশে গমন পূর্ব্বক বহু অনুসন্ধানের পর সমবেত হইয়াছিলে এবং কথোপ-

অন্যার্থং গতয়োর্ভ্রমান্মিলিতয়োঃ সম্ভাষণৈর্জানতো-
দম্পত্যোরিহ কো ন কো ন তমসি ব্রীড়াবিমিশ্রো রসঃ ॥১৮॥
সভয়চকিতং বিন্যস্যন্তীং দৃশৌ তিমিরে পথি,
প্রতিতরু মুহুঃ স্থিত্বা মন্দং পদানি বিতন্বতীম্।
কথমপি রহঃ প্রাপ্তামঙ্গৈরনঙ্গতরঙ্গিভিঃ,
সুমুখি সুভগঃ পশ্যন্ স ত্বামুপৈতু কৃতার্থতাম্ ॥ ৯ ॥

র্ত্তিভরেণ অবস্থাবিশেষবিধানার্থং গতয়োঃ। পুনঃ কীদৃশোঃ ?—ভ্রমাদ্-ভ্রমণং বিধায় মিলিতয়োঃ, তর্হি কথং ক্রীড়াবিমিশ্রিতরসস্য সম্ভাষণৈর্জানতোঃ, ততঃ প্রথমমাশ্লেষাত্তদনু চুম্বনাত্তদনু নখোল্লেখাত্তদনু কামস্য প্রকাশনাত্তদনু সংভ্রমাত্তৎকালোচিতবেগাত্তদনু রতারম্ভাত্তদনু প্রীতয়োঃ, তস্মাদাদৃশোৎকণ্ঠিতে তস্মিন্ তব গমনবিলম্বো ন যুক্ত ইত্যভিপ্রায়ঃ, পূর্ব্বানুভূতস্ফূর্ত্ত্যাসৌ মনোরথঃ ॥ ১৮ ॥

অথৈতৎশ্রবণব্যগ্রতয়া গমনসম্মতিমালোক্য গমনপ্রকারমাহ সভয়েতি। হে সুমুখি! ভাগ্যবান্ স কৃষ্ণঃ ত্বাং পশ্যন্ কৃতার্থো ভবতু। কীদৃশীম্?—সভয়চকিতং যথা স্যাত্তথা তিমিরে পথি নেত্রে বিন্যস্যন্তীম্, কেনচিৎ কুত্রচিৎ তিষ্ঠতা দ্রক্ষ্যেঽহমিতি নেত্রস্য সভয়চকিতত্বম্, তথা প্রতিতরু তরৌ তরাবিত্যর্থঃ স্থিত্বা মন্দং মন্দং পদানি বিতন্বতীম্, দৌর্ব্বল্যাৎ শীঘ্রগমনাশক্ত্যা পাদয়োর্মন্দবিন্যাসত্বম্. অতঃ কথমপি

কথনের দ্বারা পরস্পর পরস্পরকে চিনিতে পারিয়া যথাক্রমে আলিঙ্গন, চুম্বন, নখাঘাত, সাত্ত্বিকভাব, ভয় ও অবশেষে রতিসন্তোষ প্রাপ্ত হইয়াছিলেন, তখন যে তোমরা লজ্জাবিজড়িত কত শত নূতন রস অনুভব করিয়াছিলে, তাহা বলিতে পারি না ॥ ১৮ ॥

• বিধুমুখি! তুমি তিমিরাবৃত পথে ভীতিনিবন্ধন চমকিত হইয়া ঘন ঘন সমন্তাৎ নেত্রপাত করিবে এবং প্রতি তরুমূলে পুনঃ পুনঃ

রাধামুগ্ধমুখারবিন্দমধুপস্ত্রৈলোক্যমৌলিস্থলী-
নেপথ্যোচিতনীলরত্নমবনীভারাবতারান্তকঃ ।
স্বচ্ছন্দং ব্রজসুন্দরীজনমনস্তোষপ্রদোষশ্চিরং,
কংসধ্বংসনধূমকেতুরবতু ত্বাং দেবকীনন্দনঃ ॥ ২০ ॥

ইতি গীতগোবিন্দে মহাকাব্যেঽভিসারিকাবর্ণনে সাকাঙ্ক্ষপুণ্ডরীকাক্ষো নাম পঞ্চমঃ সর্গঃ ॥ ৫ ॥

---

রহঃ প্রাপ্তাং যতোঽনঙ্গতরঙ্গিভিরঙ্গৈরুপলক্ষিতামুৎকণ্ঠয়ানঙ্গতরঙ্গিত্ব মঙ্গনানাম্ ॥ ১৯ ॥

অথ বিরহবর্ণনব্যাকুলঃ কবিস্তয়োর্মিথো মিলনকালস্মরণজাতহর্ষঃ আশিষমাতনোতি রাধেতি। শ্রীযশোদা তস্যা নন্দনস্ত্বাং চিরমবতু। দ্বে নাম্নী নন্দভার্য্যায়া যশোদা দেবকী চেতি পুরাণপ্রসিদ্ধেঃ। যতঃ শ্রীরাধায়াঃ মনোহরমুখকমলস্যমধুপঃ যতস্ত্রৈলোক্যমৌলিস্থল্যাঃ শ্রী বৃন্দা-বনস্যালঙ্কারায় যোগ্যং নীলরত্নং অতএব ব্রজসুন্দরীজনস্য মনঃসন্তোষায় রজনীমুখং কিঞ্চ কংসধ্বংসনায় ধূমকেতুঃ যত্যোঽবনের্ভারাবতারান্তকঃ অত-এব শ্রীরাধায়াঃ গমনাকাঙ্ক্ষায়। সহিতঃ পুণ্ডরীকাক্ষো যত্র স ইতি ॥২০॥

---

বিশ্রাম করিয়া মৃদুমন্দগতিতে গমন করিও। এইরূপ মদনতরঙ্গে তরঙ্গায়িত কলেবরে তোমাকে বিরলে দেখিয়া সৌভাগ্যশালী কৃষ্ণ আপনাকে চরিতার্থ জ্ঞান করিবেন ॥ ১৯ ॥”

যিনি শ্রীমতী রাধিকার মনোমোহন বদনপদ্মের ভ্রমরস্বরূপ, ত্রিলোকের শিরোমণি নীলরত্নস্বরূপ, ধরার দুর্ব্বহ ভারতুল্য পাপাত্মগণের অন্তকস্বরূপ, গোপরমণীগণের সন্ধ্যাকালস্বরূপ এবং কংসের পক্ষে ধূম-কেতুস্বরূপ, সেই কংসনিসূদন, দেবকীনন্দন কৃষ্ণ তোমাদের রক্ষাবিধান করুন্ ॥ ২০ ॥

পঞ্চম সর্গ সমাপ্ত।

# ষষ্ঠঃ সর্গঃ।

অথ তাং গন্তুমশক্তাং চিরমনুরক্তাং লতাগৃহে দৃষ্ট্বা।
তচ্চরিতং গোবিন্দে মনসিজমন্দে সখী প্রাহ ॥ ১ ॥

( গীতম্ )

( গোণ্ডকিরীরাগেণ রূপকতালেন চ গীয়তে )

পশ্যতি দিশি রহসি ভবন্তম্ ।

---

এবং প্রিয়তমবৈকল্যশ্রবণেন দশমীদশোন্মুখীমিব তামালক্ষ্য অতিব্যগ্রা সখী পুনরাগত্য শ্রীকৃষ্ণং প্রাহেতি তস্যা বাসরসজ্জাবস্থাং বর্ণয়িষ্যন্নাহ অথেতি। অথানন্তরং তাং লতাগৃহে দৃষ্ট্বা তচ্চরিতং গোবিন্দে সখী প্রাহ। কীদৃশীম্ ?—চিরমনুরক্তাম্। যদ্যেবং তর্হি কথং নাগচ্ছতি ?—গন্তুমশক্তাম্। তর্হি কৃষ্ণং কথং নাগতঃ ?—মনসিজেন প্রিয়ার্ত্তিশ্রবণজমনোদুঃখেন মন্দে নিরুৎসাহীকৃতে ॥ ১ ॥

হে নাথ! হে হরে! বাসগৃহে রাধা সীদতি, প্রতিক্ষণং আকুলা ভবতি। ত্বয্যনুরক্ততয়া সন্তাপ এবানুভূতস্তবেতি নাথশব্দঃ। ত্বয়া তস্যা লজ্জাধৈর্য্যাদিকহরণাৎ হরিশব্দোহপি নির্দ্দিষ্টঃ। তৎপ্রকারমাহ—

---

বৃষভানুনন্দিনী রাধা শ্রীকৃষ্ণে অনুরাগবতী হইয়া লতাগৃহে অধিষ্ঠিত আছেন। কৃষ্ণসকাশগমনে একান্ত ঔৎসুক্য থাকিলেও দৌর্ব্বল্যনিবন্ধন গমনে সমর্থ হইলেন না। তদ্দর্শনে সখী রাধাবিরহবিধুর হরির সকাশে উপস্থিত হইয়া রাধিকার অবস্থা বর্ণন করিতে আরম্ভ করিল ॥ ১ ॥

"হে নাথ! হে হরে! রাধা সতী ক্লান্ত হইয়া কুঞ্জগৃহে অবস্থান করিতেছেন। তিনি যে দিকে নেত্রপাত করিতেছেন,

ত্বদধরমধুরমধূনি পিবন্তম্।
নাথ হরে সীদতি রাধা বাসগৃহে ॥ ২ ॥
ত্বদভিসরণরভসেন বলন্তী।
পততি পদানি কিয়ন্তি চলন্তী ॥ ৩ ॥
বিহিতবিশদবিসকিশলয়বলয়া।
জীবতি পরমিহ তব রতিকলয়া ॥ ৪ ॥

---

দিশি দিশি রহসি, সা ভবন্তমেব পশ্যতি, ত্বন্ময়ং জগদভূত্তথাপি ত্বং মনসাপি তাং ন স্মরসীতি সন্তাপকত্বমেবেত্যর্থঃ। কীদৃশম্? তস্যা অধরস্য মধুরং যন্মধু তৎ পিবন্তম্। ত্বদধরেতি পাঠে ত্বচ্ছন্দো-ঽন্যার্থঃ। অন্যাধরমধূনি পিবন্তমিত্যর্থঃ। অনেনাপি লোভহর্ষোৎ-পাদকতয়া তথৈবার্থঃ ॥ ২ ॥

যদ্যেতাদৃশী সা তৎ কথং নাগচ্ছতীত্যাহ। ত্বদভিসারোৎসাহেন বলন্তী বলযুক্তা কিয়ন্তি পদানি চলন্তী পততি আগন্তুমসমর্থেত্যর্থঃ ॥ ৩ ॥

যদ্যেবং তর্হি কথং জীবতীত্যাহ। সা কেবলং তব রতিকলয়া ত্বৎকর্তৃকরমণাবেশেন জীবতি। কীদৃশী?—কৃতা বিসানাং মৃণা-লানাং পল্লবানাঞ্চ বলয়াঃ কঙ্কণানি যয়া সা ॥ ৪ ॥

---

সেই দিকেই যেন তুমি আসিয়া বিরলে তাঁহার মধুর অধরামৃত পান করিতেছ, তাঁহার হৃদয়ে এইরূপ অনুমিত হইতেছে ॥ ২ ॥

তোমার উদ্দেশে অভিসারের অধ্যবসায়ে দৃঢ়সংকল্প করিয়া যেমন দুই এক পদ অগ্রসর হন, অমনি গতিস্খলন হয়, ভূতলে পড়িয়া যাই-তেছেন ॥ ৩ ॥

তাঁহার করদ্বয়ে ধবলমৃণাল ও কিসলয়বিরচিত কঙ্কণ বিরাজ করি-তেছে ; তোমার সহিত মিলনের আশাতেই তিনি জীবনধারণ করিতে-ছেন ॥ ৪ ॥

মুহুরবলোকিতমণ্ডনলীলা।
মধুরিপুরহমিতি ভাবনশীলা ॥ ৫ ॥
ত্বরিতমুপৈতি ন কথমভিসারম্।
হরিরিতি বদতি সখীমনুবারম্ ॥ ৬ ॥
শ্লিষ্যতি চুম্বতি জলধরকল্পম্।
হরিরুপগত ইতি তিমিরমনল্পম্ ॥ ৭ ॥

---

তৎপ্রকারমেবাহ। মুহুর্বারংবারং আলোকিতমণ্ডনেন স্বস্মিন্ বর্হ গুঞ্জাদিভিঃ কৃতত্বৎসদৃশবেশেন তবানুকৃতির্যয়া সা। অতএবাহং মধুরিপুরিতি ভাবনপরা ত্বন্ময়াত্মকস্ফূর্ত্ত্যেত্যর্থঃ। প্রিয়স্যানুকৃতি-লীলেতি চ নাট্যালোচনম্ ॥ ৫ ॥

পুনঃ স্ফূর্ত্ত্যপগমে ত্বত্ত আত্মানং পৃথঙ্মত্বা দ্রুতমভিসারং হরিঃ কথং নোপৈতীত্যনুবারং সখীং মাং বদতি ॥ ৬ ॥

পুনশ্চ অত্যাবেশেন ত্বয়ি চ স্ফুরতি সতি শ্রীকৃষ্ণ আগত ইতি কৃত্বা মেঘতুল্যং প্রচুরমন্ধকারং শ্লিষ্যতি চুম্বতি চ ॥ ৭ ॥

---

হে মুরারে! আমাদিগের প্রিয়সখী তোমার ন্যায় বেশ-ভূষা ধারণ পূর্ব্বক মুহুর্মুহুঃ সেই দিকে নেত্রপাত করিয়া 'আমিই কৃষ্ণ' এই প্রকার চিন্তা করিতেছেন ॥ ৫ ॥

তিনি পুনঃ পুনঃ সহচরীকে জিজ্ঞাসা করিতেছেন যে, এখনও প্রাণ-নাথ না আসার কারণ কি? ৬ ॥

তিনি ভ্রান্তির ন্যায় কৃষ্ণ আসিয়াছেন বিবেচনায় জলদবরণ অন্ধ-কারকে চুম্বন ও কখনও বা আলিঙ্গন করিতেছেন ॥ ৭ ॥

ভবতি বিলম্বিনি বিগলিতলজ্জা ।
বিলপতি রোদিতি বাসকসজ্জা ॥ ৮ ॥
শ্রীজয়দেবকবেরিদমুদিতম্ ।
রসিকজনং তনুতামতিমুদিতম্ ॥ ৯ ॥
বিপুলপুলকপালিঃ স্ফীতশীৎকারমন্ত-
র্জনিতজড়িমকাকুব্যাকুলং ব্যাহরন্তী ।

---

পুনস্তদপগমে ত্বয়ি বিলম্বিনি সতি বিগলিতলজ্জা সতী বিলপতি রোদিতি চ। কীদৃশী ?—বাসকসজ্জাবস্থাং প্রাপ্তা ॥ ৮ ॥

শ্রীজয়দেবকবেরিদমুদিতং শৃঙ্গাররসভাবিতান্তঃকরণং অতিশয়েন মুদিতং করোতু। অনেন শৃঙ্গাররসাবিষ্টভক্তৈরিদমাস্বাদনীয়মিত্যর্থঃ ॥৯॥

স্বসখ্যার্ত্তিস্মরণেন অতিব্যাকুলা সা সের্ষ্যমিব পুনরাহ বিপুলেতি। হে ধূর্ত্ত ! কণ্ঠাগতপ্রাণাং তাং বনমানীয় নিশ্চিন্তোঽসীতি ধূর্ত্ততয়া সম্বোধনং অনল্পকন্দর্পচিন্তাং হৃদি কৃত্বা মৃগাক্ষী সরলচিত্তা শ্রীরাধা তব রসসমুদ্রে নিমগ্না বভূব চেৎ সমুদ্রমগ্না অবলম্বনং বিনা কথং জীবতি তবেত্যর্থাৎ জ্ঞেয়ং সমুদ্রমগ্নো যথা কাষ্ঠাদিকমেবাবলম্বতে তথেয়মপ্যুপায়ান্তরাভাবাৎ তব ধ্যানে লগ্নেত্যর্থঃ। ধ্যানপ্রাপ্তসঙ্গমবিকারমাহ। বিপুলা রোমাঞ্চপঙ্ক্তির্যস্যাঃ সা

---

হে হরে ! তোমার বিলম্ব দর্শনে রাধার লজ্জা বিদূরিত হইয়াছে ; তিনি বাসরসজ্জা করিয়া অনুতাপ সহকারে রোদনে প্রবৃত্ত হইয়াছেন ॥ ৮ ॥”

জয়দেবকবিবিরচিত এই সরসপদ্যাবলী রসিকবৃন্দের হৃদয়ে আনন্দবর্দ্ধন করুক্ ॥ ৯ ॥

“হে শঠ ! হরিণনয়না রাধিকা ক্ষণে ক্ষণে রোমাঞ্চিত হই

তব কিতব বিধায়ামন্দকন্দর্পচিন্তাং,
রসজলধিনিমগ্না ধ্যানলগ্না মৃগাক্ষী ॥ ১০ ॥
অঙ্গেষ্বাভরণং করোতি বহুশঃ পত্রেঽপি সঞ্চারিণি,
প্রাপ্তং ত্বাং পরিশঙ্কতে বিতনুতে শয্যাং চিরং ধ্যায়তি।

---

তথা স্ফীতশীৎকারং যথা স্যাত্তথা ব্যাহরন্তী, অভ্যন্তরে জনিতো যোঽসৌ জড়িমঃ জাড্যং তেন জাতা যা কাকুস্তয়া ব্যাকুলমিত্যপি ক্রিয়াবিশেষণম্ ; জলধিমগ্নস্যাপি জাড্যাদয়ো ভবন্তীত্যর্থঃ ॥১০॥

পুনরতিশীঘ্রগমনায় তস্যা বাসকসজ্জাচেষ্টিতমাহ অঙ্গেষ্বিতি। শ্রীকৃষ্ণঃ মামেকং পশ্যন্ মন্দমনা ভবিষ্যতি ইত্যঙ্গেষ্বাভরণম্। বহুশঃ করোতি,নাগত ইতি ত্যজতি পুনঃ করোতি ইত্যনেনাকল্পবাহুল্যমিত্যাকল্পঃ পত্রেঽপি পক্ষ্যাদিনা সঞ্চারিণি সতি প্রাপ্তমাগতং ত্বাং পরিশঙ্কতে, অনেন বিকল্পঃ, আগত্য শ্রীকৃষ্ণোঽত্র শয়িষ্যতে ইতি শয্যাং বিতনুতে। অনেন তল্পরচনা, চিরং ধ্যায়তি তব সঙ্গমরসং স্মরতি, অনেন সংকল্পলীলাশতমিত্যনেন প্রকারেণ আক-

---

তেছেন, তদীয় চিত্ত মোহান্ধ হওয়াতে তিনি বিহ্বল হইয়া সুদীর্ঘ চীৎকার সহকারে বিলাপ করিতেছেন এবং প্রগাঢ় মদনচিন্তা করিতে করিতে তোমার ধ্যানে নিবিষ্ট হইয়া প্রেমরসসাগরে মগ্ন হইতেছেন ॥১০॥

তিনি পুনঃ পুনঃ অঙ্গে বিভূষণ ধারণ করিতেছেন, পত্রশব্দে চকিত হইয়া তুমি আসিয়াছ বিবেচনায় শয্যাবিরচনা করিতেছেন এবং বহুক্ষণাবধি তোমার চিন্তায় অভিনিবিষ্ট রহিয়াছেন। বরবর্ণিনী রাধা এইরূপে বেশবিন্যাস, তোমার আগমন সিদ্ধান্ত করত চিন্তা,

ইত্যাকল্পবিকল্পরচনাসঙ্কল্পলীলাশত-
ব্যাসক্তাপি বিনা ত্বয়া বরতনুর্নৈষা নিশাং নেষ্যতি॥ ১১ ॥
কিং বিশ্রাম্যসি কৃষ্ণভোগিভবনে ভাণ্ডীরভূমীরুহি,
ভ্রাতর্যাহি ন দৃষ্টিগোচরমিতঃ সানন্দনন্দাস্পদম্‌।

---

ল্পবিকল্পতল্পরচনাসংকল্পলীলাশতব্যাসক্তাপি বরতনুরেষা ত্বয়া বিনা নিশাং ন নেষ্যতি॥ ১১ ॥

অথ কবিরেতদ্বর্ণনব্যাকুলস্তস্যাভিসারানন্তরপূর্ব্বচরিতং কথয়ন্নাহ কিমিতি। গোবিন্দস্য গিরো জয়ন্তি, শ্রীরাধিকায়া মনোরথং পূরয়ন্তি ইত্যর্থঃ। কীদৃশস্য ?—শ্রীনন্দস্য সমীপে পথিকস্য মুখাৎ শ্রীরাধায়াস্তদ্বচনং গোপতঃ গোপয়তঃ। কিং তদ্বচনম্‌ ?—হে ভ্রাতঃ পথিক! ভাণ্ডীরনাম তরুবনে কি বিশ্রাম্যসি ? বিশ্রামং মা কুরু ইত্যর্থঃ। কথম্‌ ?—কৃষ্ণভোগিনঃ কালসর্পস্য শয়নস্থানে পক্ষে সম্ভোগবিশিষ্টস্য শ্রীকৃষ্ণস্য। তর্হি ইদানীং ক্ব যামি ?—নন্দসাস্পদং গৃহং কিং ন যাসি ? কীদৃশম্‌ ? আনন্দেন সহ বর্ত্তমানম্‌। কতি দূরে ?—ইতঃ স্থানাৎ দৃষ্টিগোচরমিতো

---

শয্যাবিরচনা ওসংকল্পলীলাসমূহে আসক্ত থাকিয়াও কেবলমাত্র তোমার অদর্শনে কোনরূপেই রজনী অতিবাহিত করিতে সমর্থ হইতেছেন না॥ ১১ ॥”

হে ভ্রাতঃ পথিক! ভাণ্ডীরমূলে বিশ্রাম করিবার কারণ কি ? ঐ স্থানে কৃষ্ণসর্প বাস করে। ঐ দেখ, নাতিদূরে আনন্দময় নন্দালয় নেত্রগোচর হইতেছে। ঐ স্থানে যাইতেছ না কেন ? শ্রীমতী রাধা

শ্লাঘায়া বচনং তদধ্বগমুখান্নন্দান্তিকে গোপতো,
গোবিন্দস্য জয়ন্তি সায়মতিথিপ্রাশস্ত্যগর্ভা গিরঃ ॥ ১২ ॥
ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে বাসকসজ্জাবর্ণনে ধৃষ্টবৈকুণ্ঠো নাম
ষষ্ঠঃ সর্গঃ ॥ ৬ ॥

---

দৃশ্যতে ইত্যর্থঃ। কীদৃশে গিরঃ? সায়াংকালে অতিথিস্তস্যৈব প্রাশস্ত্যং প্রশংসাদিরূপং তদেব গর্ভোঽভিপ্রায়ো যাসাং তাঃ। অতএব ধৃষ্টঃ প্রগল্ভো যত্র সঃ ॥ ১২ ॥

---

পথিকের মুখে বৃত্তান্ত প্রেরণ করিলে শ্রীহরি উহা নন্দসদনে প্রকাশ না করিয়া সায়ংকালে সমাগত অতিথিস্বরূপ পথিকের যে প্রকার প্রশংসাবাদ করিয়াছিলেন, সেই প্রশংসাবচন জয়যুক্ত হউক ॥ ১২ ॥

ষষ্ঠ সর্গ সমাপ্ত।

# সপ্তমঃ সর্গঃ ।

অত্রান্তরে চ কুলটাকুলবর্ত্মপাত-
সঞ্জাতপাতক ইব স্ফুটলাঞ্ছনশ্রীঃ ।
বৃন্দাবনান্তরমদীপয়দংশুজালৈ-
র্দিক্‌সুন্দরীবদনচন্দনবিন্দুরিন্দুঃ ॥ ১ ॥
প্রসরতি শশধরবিম্বে বিহিতবিলম্বে চ মাধবে বিধুরা ।
বিরচিতবিবিধবিলাপং সা পরিতাপং চকারোচ্চৈঃ ॥ ২ ॥

---

পুনরুৎকণ্ঠিতাচরিতং বর্ণয়িষ্যন্ শ্রীকৃষ্ণস্যানাগমনকারণমাহ অত্র ইতি। অস্মিন্নবসরে ইন্দুঃ কিরণসমূহৈঃ বৃন্দাবনান্তরমদীপয়ৎ। কীদৃশঃ?—দিক্ পূর্ব্বা সৈব সুন্দরী তস্যা বদনে চন্দনবিন্দুরিবেতি লুপ্তোপমা। পুনঃ কীদৃশঃ? প্রকটীভূতা কলঙ্কস্য শ্রীঃ শোভা যস্মিন্। অনেন চন্দ্রস্য পূর্ণপ্রায়তা উক্তা। অত্রোৎপ্রেক্ষতে—কুলটানাং কুলস্য বর্ত্ম বিরোধেন সংজাতং যৎ পাতকং তস্মাজ্জাতো রোগবিশেষো যস্য সঃ, যঃ খলু পাতকী ভবতি স রোগবিশেষচিহ্নিতো ভবতীত্যর্থঃ ॥ ১ ॥

তামেবাবস্থামাহ প্রসরতীত্যাদিনা। সা উচ্চৈঃ কৃতো নানাপ্রকারো

---

তদনন্তর দিক্‌রমণীগণের ললাটশোভি চন্দনবিন্দুস্বরূপ শীতরশ্মি স্বীয় কিরণপটল দ্বারা পবিত্র বৃন্দাবন সমুদ্ভাসিত করিলেন। কুলটাগণকে কুলপথচ্যুত করাতে তাঁহার যে প্রত্যবায় ঘটিয়াছিল, যেন তাহার অভিজ্ঞানস্বরূপ কলঙ্করেখারাজি উহাতে সম্যক্ প্রকাশ পাইতে লাগিল ॥ ১ ॥

শশাঙ্করশ্মি সমন্তাৎ বিকীর্ণ হইল, অথচ শ্রীহরিও আগমনে বিলম্ব

( গীতম্ )

( মালবরাগযতিতালাভ্যাং গীয়তে )

কথিতসময়েঽপি হরিরহহ ন যযৌ বনম্।
মম বিফলমিদমমলমপি রূপযৌবনম্।
যামি হে কমিহ শরণং সখীজনবচনবঞ্চিতা ॥ ৩ ॥

---

বিলাপো বিবিধশঙ্কারূপো যত্র তদ্যথা স্যাৎ তথা পরিতাপং চকার। কীদৃশী কদা ইত্যত আহ।—শশধরবিম্বে প্রসরতি সতি মাধবে চ বিহিতবিলম্বে সতি বিধুরা ব্যাকুলা ॥ ২ ॥

পরিতাপমেবাহ কথিতেত্যাদিনা। হে ইতি স্বাগতসম্বোধনম্। ইহ সময়ে কং শরণং যামি ? সখীজনস্য তেনাশ্বাসবচনেনৈব বঞ্চিতা তর্হি সময়ঃ প্রতীক্ষ্যতাম্, যাবৎ স্বয়মায়াতি হরিঃ কথিতসময়ে স্থিত্বা ইত্যর্থঃ। বনমপি ন যযৌ কুতোঽত্র আগমিষ্যতীত্যর্থঃ। অস্মাকমেদং যৌবনং নির্ম্মলং রূপমপি বিফলং ব্যর্থম্ ॥ ৩ ॥

---

করিলেন ; তদ্দর্শনে বিরহবিধুরা রাধিকা অতীব অধীরা হইয়া অনুতাপ সহকারে মুক্তকণ্ঠে বিলাপ করিতে আরম্ভ করিলেন ॥ ২ ॥

"হায়! নিরূপিত সময়েও হরির আগমন হইল না। আমার বিমল রূপ-যৌবন সমস্তই বৃথা হইল। সখীরা আমাকে আশ্বাসবচনে প্রতারিত করিয়াছে। হায়! এখন আমি কাহার শরণাপন্ন হই ? কোথায় বা গমন করি ? ৩ ॥

যদনুগমনায় নিশি গহনমপি শীলিতম্ ।
তেন মম হৃদয়মিদমশরকীলিতম্ ॥ ৪ ॥
মম মরণমেব বরমতিবিতথকেতনা ।
কিমিহ বিষহামি বিরহানলমচেতনা ॥ ॥ ৫ ॥
মামহহ বিধুরয়তি মধুরমধুযামিনী ।
কাপি হরিমনুভবতি কৃতসুকৃতকামিনী ॥ ৬॥

---

কিঞ্চ ইতস্ততো ভ্রষ্টাস্মীত্যাহ। যস্যানুগমনায় নিরন্তরং সঙ্গমায় রাত্রৌ বনমপি সেবিতম্, তেন শ্রীকৃষ্ণেন হেতুনা মমেদং হৃদয়ং কামবাণেন বিদ্ধং মহৎ কষ্টমিত্যর্থঃ ॥ ৪ ॥

অতো মরণমেব মম বরং শ্রেষ্ঠং ততোঽতিবিতথং ব্যর্থং কেতনং দেহো যস্যাঃ সা অচেতনাহং বিরহানলমিহ সময়ে কিমর্থং বিষহামি ॥ ৫॥

ন কেবলমত্র নাগত ইতি চঞ্চলচিত্তোঽয়ং কামপন্থামভিসৃত ইত্যাহ। কাপি কৃতসুকৃতকামিনী হরিমনুভবতি তেন সহ কেলিসুখমিত্যর্থঃ। মাং তু পরমসুখরূপা বসন্তনিশা, অহহ খেদে, বিকলয়তি, যা নিশা দূরস্থমপি প্রিয়ং সঙ্গময়তি, সৈব সুকৃতাভাবাৎ মাং বিধুরয়তি। কথং সা অনুভবতি ?—কৃতং সুকৃতং যয়া সা মম তাদৃক্ সুকৃতং নাস্তীত্যর্থঃ ॥ ৬।

---

হায়! যাঁহার সঙ্গমাশায় বনমধ্যে নিশাপাত করিলাম, সেই কৃষ্ণ আমার হৃদয় মদনশরে বিদ্ধ করাইতেছেন ॥ ৪ ॥

হায়! আমার মরণই মঙ্গল, এ প্রাণধারণে আর ফল নাই। আমার চেতনা নাই, আমি কেন বিরহানল সহ্য করিতেছি ?॥ ৫ ॥

হায়! এই মধুময়ী বাসন্তী রজনী আমাকে আকুলিত করিয়া তুলিতেছে, কিন্তু এই সময়ে কোন পুণ্যবতী মহিলা প্রাণেশ্বরের সহিত কেলি করিয়া সুখভোগ করিতেছে। ৬ ॥

অহহ কলয়ামি বলয়ামি বলয়াদিমণিভূষণম্।
হরিবিরহদহনবহনেন বহুদূষণম্॥ ৭॥
কুসুমসুকুমারতনুমতনুশরলীলয়া।
স্রগপি হৃদি হন্তি মামতিবিষমশীলয়া॥ ৮॥
অহমিহ নিবসামি ন গণিতবনবেতসা।
স্মরতি মধুসূদনো মামপি ন চেতসা॥ ৯॥

---

ততোঽদ্যাপি অহহ খেদে, তৎকরকল্পিতবলয়াদিমণিভূষণং ধারয়ামি। তত্র কথং খেদঃ হরিবিরহ এব বহ্নিস্তস্য ধারণেন বহূনি ভূষণানি যস্য তৎ দেহোষ্মণা দোষ্যাদিত্যর্থঃ। প্রিয়াবলোকফলো হি স্ত্রীণাং বেশ ইত্যুক্তেঃ॥ ৭॥

কিং বক্তব্যমন্যভূষণানাং তৎপ্রীত্যৈ হৃদি ধৃতাপি পুষ্পমালকামবাণ-বিলাসেন মাং হন্তি, তর্হি তদ্ব্যথাং সহস্রকুসুমতঃ সুকুমারা তনুর্যস্যাস্তাং তৎসহনসামর্থ্যমপি নাস্তীত্যর্থঃ। কীদৃশ্যা?—অতিবিষং শীলং স্বভাবো যস্যাস্তয়া, অন্যো হি বাণঃ ক্ষতং কৃত্বা ব্যথয়তি কামবাণস্তু বিধ্যন্নন্তর্ভিনত্তীতি বিষমশীলত্বম্॥ ৮॥

অহমিহ নিবসামি মম মূর্খতৈবাবশিষ্টেত্যাহ। ভীতিমপগণয্য

---

হায়! আমি মণিময় বলয়াদি বিভূষণ ধারণ করিলাম, কিন্তু ঐ সমস্ত অলঙ্কার কৃষ্ণবিয়োগানল উদ্দীপিত করিয়া আমাকে দারুণ যাতনা দিতে লাগিল॥ ৭॥

এই কুসুমহার বক্ষোপরি সুশোভিত রহিয়াছে, ইহাও যেন মদন-বাণরূপ পরিগ্রহ করিয়া আমার কুসুমসুকুমার দেহকে বিষমরূপে প্রহার করিতেছে॥ ৮॥

কণ্টকিত বেতসলতাদির কষ্টও তুচ্ছজ্ঞান করিয়া আমি এই

হরিচরণশরণজয়দেবকবিভারতী ।
বসতু হৃদি যুবতিরিব কেমলকলাবতী ॥ ১০ ॥
তৎ কিং কামপি কামিনীমভিসৃতঃ কিংবা কলাকেলিভি-
র্বদ্ধো বন্ধুভিরন্ধকারিণি বনাভ্যর্ণে কিমুদ্‌ভ্রাম্যতি ।

---

ভয়ঙ্করবনে তৎসমাগমাকাঙ্ক্ষয়া তিষ্ঠামি, মধুসূদনোঽস্থিরসৌহৃদো মাং চেতসা ন স্মরতি । কীদৃশী ?—ন গণিতং বনং বেতসশ্চ যয়া সা ॥৯॥

হরিচরণে শরণে যস্য তস্য জয়দেবকবের্ভারতী হৃদয়ে বসতু ভক্তানামিত্যর্থঃ । কস্মিন্ কেব ?—যূনাং হৃদি যুবতিরিব । কীদৃশী ? - কোমলা মাধুর্য্যগুণযুতা পক্ষে মৃদ্বঙ্গী কলাবতী কবিত্বশালিনী পক্ষে রতিকলাযুক্তা ॥ ১০ ॥

পূর্ব্বোক্তং বিকল্পং বিবৃণোতি তৎ কিমিতি । সঙ্কেতীকৃতমনোহরে বানীরলতাকুঞ্জেঽপি যৎ যস্মাৎ কান্তো ন আগতস্তস্মাৎ কিং কামপি কামিনীমভিসৃতেতি শঙ্কে । ময্যেব দৃঢ়ানুরাগোঽসৌ কথমন্যামভিসরিষ্যতীতি বিতর্কান্তরমাহ কিংবা মিত্রৈঃ ক্রীড়াকৌশলৈর্নিরুদ্ধঃ কৃতাভিসারসময়ে অস্মিংস্তদপি ন সম্ভবতীতি বিচিন্ত্য বিতর্কান্তরমাহ মামভিসরন্নীরন্ধ্রে তরুতয়া গাঢ়ান্ধকারিণি বনসমীপে কিমুদ্ভ্রাম্যতি পন্থানম-

---

বনমধ্যে আসিয়াছি, কিন্তু হায়! হরি আমাকে বারেকের জন্যও মনে করিলেন না ॥ ৯ ॥”

কৃষ্ণপাদপদ্মাশ্রিত-জয়দেবকবি-বিরচিত এই চিত্তরঞ্জিনী গীতিকা কোমলাঙ্গী রতিকলানিপুণা যুবতীর ন্যায় তোমাদিগের চিত্তমন্দিরে অধিষ্ঠান করুক্ ॥ ১০ ॥

“প্রাণবল্লভ পূর্ব্বনির্দ্দিষ্ট সঙ্কেতস্থান এই বেতসকুঞ্জে এখনও উপস্থিত হইলেন না ; বোধ হয়, অন্য কোন রমণীর অভিসারে গমন করিয়াছেন ।

কান্তঃ ক্লান্তমদা মনাগপি পথি প্রস্থাতুমেবাক্ষমঃ,
সঙ্কেতাকৃতমঞ্জুললতাকুঞ্জেঽপি যন্নাগতঃ ॥১১ ॥
অথাগতাং মাধবমন্তরেণ সখীমিয়ং বীক্ষ্য বিষাদমূকাম্।
বিশঙ্কমানা রমিতং কয়াপি জনার্দ্দনং দৃষ্টবদেতদাহ ॥ ১২ ॥

---

বিদিত্বেত্যর্থঃ। চতুরশিরোমণেঃ সহস্রশোঽনুভূতস্থলে ভ্রমঃ কথং স্যাদিতি বিচিন্ত্য নিশ্চিনোতি ক্লান্তং মদ্বিশ্লেষদুঃখেন চন্দ্রোদয়ানন্তরং তস্যাঃ কা দশা ভবেদিতি চিন্তয়া চোপতপ্তং মনো যস্য সঃ। পথি অল্পমপি প্রস্থাতুমসমর্থ এব নাগত ইতি ॥ ১১ ॥

চন্দ্রোদয়েন শ্রীকৃষ্ণাগমনপ্রতিবন্ধে সতি তং বিনা সখ্যা আগমনে তস্যাবিপ্রলব্ধাবস্থাং বর্ণয়িতুমাহ অথেতি। অথানন্তরং মাধবং বিনা আগতাং সখীং বীক্ষ্য শ্রীরাধা এতদ্বক্ষ্যমাণমাহ। কীদৃশীম্?—দুঃখাতিশয়েন বক্তুমসমর্থাম্ অকৃতকার্য্যত্বাদিত্যর্থঃ। কীদৃশং জনার্দ্দনম্? কয়াপি কর্ত্তৃভূতয়া রমিতং দৃষ্টবদ্বিশঙ্কমানা। বিপ্রলব্ধা-

---

তাহাই কি সত্য হইবে? আমাতে ত তাঁহার অনুরাগ বিলক্ষণ বদ্ধমূল। তবে কি কোন বন্ধুবান্ধবের ক্রীড়াপাশে বদ্ধ হইয়াছেন? অথবা তিনি কি ঘোরতিমিরে আসিতে আসিতে পথভ্রমে অন্ধ হইয়াছেন? তাহাই বা কিরূপে সম্ভব? সেই শঠচূড়ামণি কত শতবার ত অন্ধকারে এখানে আসিয়াছেন। বোধ হয়, শশাঙ্কোদয়ে আমার উৎকটদশা জন্মিয়াছে, আমি দারুণ কষ্ট পাইতেছি, এই সকল চিন্তা করিয়াই তিনি একান্ত ক্লান্ত হইয়া পড়িয়াছেন; সেই জন্যই পদমাত্র চলিতেও সমর্থ হইতেছেন না ॥ ১১ ॥”

তদনন্তর শ্রীমতী রাধিকা দেখিলেন, তাঁহার সহচরী বিষণ্নবদনে

( গীতম্ )

( বসন্তরাগযতিতালাভ্যাং গীয়তে )

স্মরসমরোচিতবিরচিতবেশা ।
গলিতকুসুমদরবিগলিতকেশা ।

---

লক্ষণং যথা—অহরহরনুরাগাৎ দূতিকাং প্রেষ্য পূর্ব্বং সরভসমভিধায় ক্বাপি সাঙ্কেতিকং যা। ন মিলতি খলু যস্যা বল্লভো দৈবযোগাৎ, বদতি হি ভরতস্তাং নায়িকাং বিপ্রলব্ধামিতি ॥ ১২ ॥

কিমেতদিত্যাহ। হে সখি! কাপি যুবতির্মধুরিপুণা সহ বিলসতি। যতঃ মত্তোঽপ্যধিকা গুণা যস্যা ইতি। অধিকেত্যনেন সৎসঙ্কেতমাগতং তং বশীকৃত্য বিলসতীতি গুণাধিকং তেন সহ ইত্যনেন তৎকর্ত্তৃকরণঞ্চ ধ্বনিতম্। গুণানেবাহ স্মরেত্যাদিনা,—কামসংগ্রামস্য বাহুযুদ্ধস্য উচিতো বিরচিতো বেশো যয়া সা। ততশ্চ রণাবেশেন গলিতানি

---

মৌনভাবে একাকিনী আগমন করিতেছে। তদ্দর্শনে বুঝিলেন, হরি অন্য মহিলার সহিত বিহারে নিরত রহিয়াছেন। আশঙ্কাবশে যেন তাহা প্রত্যক্ষ দর্শন করিয়াই সখীকে সম্বোধন পূর্ব্বক বলিতে আরম্ভ করিলেন ॥ ১২ ॥

"প্রিয়সখি! কৃষ্ণ অবশ্যই কোন রমণীর সহিত রমণ করিতেছেন। সেই নারী আমা অপেক্ষাও গুণবতী সন্দেহ নাই। সে অবশ্যই কামযুদ্ধের উপযুক্ত বেশভূষায় সুসজ্জিত হইয়াছে। তাহার

কাপি মধুরিপুণা বিলসতি যুবতিরধিকগুণা ॥ ১৩ ॥
হরিপরিরম্ভণবলিতবিকারা।
কুচকলসোপরি তরলিতহারা ॥ ১৪ ॥
বিচলদলকললিতাননচন্দ্রা।
তদধরপানরভসকৃততন্দ্রা ॥ ১৫ ॥

---

কুসুমানি যেভাস্তে। দরবিগলিতাঃ কেশা যস্যাঃ সা। অনেন লীলাবিশেষঃ সূচিতঃ ॥ ১৩ ॥

ন কেবলমেবং কিঞ্চ হরেঃ পরিরম্ভণেন বলিতো রচিতো রোমাঞ্চাদি বিকারো যস্যাঃ সা, ততশ্চ কুচকলসোপরি তরলিতশ্চঞ্চলিতো হারো যস্যাঃ সা। অনেনাপি লীলাবিশেষঃ সূচিতঃ ॥ ১৪ ॥

তথা তৎসম্ভ্রমশিরোধূনেন বিচলদলকৈর্ললিতঃ সুন্দরঃ আননচন্দ্রো যস্যাঃ সা, ততশ্চ কৃষ্ণস্যাধরপানরভসেন কৃতা তন্দ্রা আনন্দনিমীলনং যয়া সা ॥ ১৫ ॥

---

কবরীবন্ধন আলুলায়িত হওয়ায় কুন্তলনিহিত পুষ্পসমূহ বিচ্যুত হইয়া পড়িয়াছে ॥ ১৩ ॥

কৃষ্ণের আলিঙ্গনে সাত্ত্বিকভাবের উদয় হওয়াতে তাহার অঙ্গযষ্টি রোমাঞ্চিত হইতেছে এবং তাহার কুচকলসোপরি কণ্ঠহার দোদুল্যমান হইতেছে ॥ ১৪ ॥

সেই রমণীর চন্দ্রবদনে অলকাবলী দোলায়মান হওয়াতে মনোহর শ্রী সম্পাদিত হইতেছে; প্রাণবল্লভ হরির অধরসুধাপান করিয়া আবেশে তাহার নয়নকমল মুদিত হইয়া আসিতেছে ॥ ১৫ ॥

চঞ্চলকুণ্ডলললিতকপোলা।
মুখরিতরসনজঘনগতিলোলা ॥ ১৬ ॥
দয়িতবিলোকিতলজ্জিতহসিতা।
বহুবিধকূজিতরতিরসরসিতা ॥ ১৭ ॥
বিপুলপুলকপৃথুবেপথুভঙ্গা।
শ্বসিতনিমীলিতবিকসদনঙ্গা ॥ ১৮ ॥

---

তথা তদধরপানাবেশাৎ চঞ্চলাভ্যাং ললিতৌ কপোলৌ যস্যাঃ সা, কিঞ্চ মুখরিতা রসনা যত্র তস্য জঘনস্য গত্যা লোলা চঞ্চলা ॥ ১৬ ॥

ততশ্চ দয়িতস্য বিলোকিতেন বীক্ষণেন লজ্জিতা হসিতা চ, তথা বহুবিধং দাত্যূহপারাবতাদিকূজিতবৎ রতিরসে রসিতং শব্দিতং যয়া সা ॥ ১৭ ॥

অতএব বিপুলাঃ পুলকাঃ পৃথু বেপথুশ্চ তেষাং ভঙ্গাস্তরঙ্গা যস্যাঃ সা তথা শ্বসিতনিমীলিতাভ্যাং পুনর্ব্বিকসন্ আবির্ভবন্ অনঙ্গো যস্যাঃ সা ॥ ৮ ॥

---

তাহার মনোহর কপোলে কুণ্ডলযুগল দুলিতেছে এবং নিতম্বের আন্দোলনে চন্দ্রহারের মনোহর ধ্বনি শ্রুতিগোচর হইতেছে ॥ ১৬ ॥

সে প্রাণকান্তের দিকে দৃষ্টিপাত করিয়া কখন হাস্য করিতেছে, আবার কখন বা লজ্জায় অধোমুখী হইতেছে এবং মধ্যে মধ্যে রসভরে আকুলা হইয়া মদনবিকারসূচক নানারূপ শব্দ করিতেছে ॥ ১৭ ॥

সে রোমাঞ্চিত ও কম্পিত হইয়া কামতরঙ্গে ভাসমান হইতেছে; ঘন ঘন নিশ্বাস বিসর্জ্জন করাতে ও নেত্র নিমীলিত হওয়াতে তাহার মদনাবেশ প্রকাশিত হইতেছে ॥ ১৮ ॥

শ্রমজলকণভরসুভগশরীরা।
পরিপতিতোরসি রতিরণধীরা॥ ১৯॥
শ্রীজয়দেবভণিতহরিরমিতম্।
কলিকলুষং জনয়তু পরিশমিতম্॥ ২০॥
বিরহপাণ্ডুমুরারিমুখাম্বুজ-
দ্যুতিরয়ং তিরয়ন্নপি বেদনাম্।

তথা শ্রমজলকণভরেণ সুন্দরং কলেবরং যস্যাঃ সা। তথা নিঃসহতা বিস্মৃতস্বঙ্গানুসন্ধানতয়া প্রিয়স্য বক্ষসি পরিপতিতা যতঃ সুরত-সংগ্রামে পণ্ডিতা॥ ১৯॥

শ্রীজয়দেবভণিতং হরে রমিতং বিক্রীড়িতং কলিকলুষং কামাদিকং শমিতং জনয়তু নাশয়ত্বিত্যর্থঃ। এতৎ সর্ব্বং স্বস্যাং তৎপূর্ব্বচরিতস্ফূর্ত্ত্যা-র্ত্তিজয়া ঈর্ষয়া অন্যত্রারোপিতমিতি জ্ঞেয়ম্। ॰॥

অথ চন্দ্রং পশ্যন্তী তং শ্রীকৃষ্ণমুখত্বেনোদ্ভাব্য তত্র অন্যয়া সহ বর্ত্তমা-নস্যাপি মদ্বিরহেণ পাণ্ডুত্বস্ফূর্ত্ত্যা স্বস্মিন্ তস্যাতিপ্রণয়িতাং স্মরন্তী চন্দ্রমা-ক্ষিপতি বিরহেতি। অয়ং বিধুঃ সন্তপ্তানাং বেদনাং তিরয়ন্ নাশয়ন্নপি মম হৃদয়ে অয়ে খেদে মদনব্যথাং অতীব তনোতি। কথং তদাহ।— অন্যয়া সহ রমমাণস্যাপি মদ্বিরহে পাণ্ডুবন্মুরারিমুখাম্বুজং তদ্বৎ দ্যুতির্যস্য

সে রতিসংগ্রামে সুদক্ষা, মদনসমরে তাহার দেহে স্বেদোদ্গম হওয়াতে সে অতি মনোহর ভাব ধারণ পূর্ব্বক কান্তের বক্ষোপরি শয়ানা রহিয়াছে॥ ১৯॥

জয়দেবকবিবিরচিত এই কৃষ্ণকেলিবর্ণন কলিকিল্বিষ বিনাশ করুক্॥ ২০॥

মদনসখা শশধর অস্তগমনোন্মুখ হইয়া অভিশপ্ত জনের হৃদয়বেদনা দূর করিতেছেন সত্য, কিন্তু মদীয় অন্তরে মদনাগ্নি উদ্দীপিত করিয়া

বিধুরতীব তনোতি মনোভুবঃ,
সুহৃদয়ে হৃদয়ে মদনব্যথাম্ ॥ ২১ ॥

( গীতম্ )

( গুর্জ্জরীরাগৈকতালীতালাভ্যাং গীয়তে )

সমুদিতমদনে রমণীবদনে চুম্বনবলিতাধরে ।
মৃগমদতিলকং লিখতি সপুলকং মৃগমিব রজনীকরে ।
রমতে যমুনাপুলিনবনে বিজয়ী মুরারিরধুনা ॥ ২২ ॥

---

সঃ বেদনাং নাশয়ন্নপি । কুতস্তাং ব্যথয়তি ?—মনোভুবঃ সুহৃৎ মদনস্তত্র তং ব্যথয়তি । মদনসুহৃত্ত্বেন তন্মুখস্মারকতয়া ব্যথয়তীত্যভিপ্রায়ঃ ॥ ২১ ॥

পুনস্তস্যা এব স্বাধীনভর্তৃকাত্বসূচনপূর্ব্বকং তল্লীলাবিশেষমাহ সমুদিতেত্যাদিনা । যমুনায়াঃ পুলিনস্থবনে মধুরিপুরধুনা ক্রীড়তি । কীদৃশম্ ? —বিজয়ী মণ্ডনাদিকৌশলেন সর্ব্বাতিশায়ী । রমণপ্রকারমাহ,—রমণ্যা বদনে সপুলকং যথা স্যাৎ তথা মৃগমদতিলকং লিখতি । কস্মিন্ কমিব ? —চন্দ্রে মৃগমিব । অত্র মুখস্য চন্দ্রেণ তিলকস্য মৃগেণ সাম্যম্ । কীদৃশে ? —সম্যগুদিতঃ কামো যস্মাৎ তস্মিন অর্থাৎ তস্যৈব । চন্দ্রপক্ষে তথৈবার্থঃ"। সর্ব্বেষামিতি বিশেষঃ চন্দ্রোদয়ে কামোদ্দীপনাৎ । পুনঃ কীদৃশে ? —বদনপক্ষে তিলকং লিখিত্বা সাধ্বিদং বদনমিত্যুক্ত্বা চুম্বনায় বলিতো বিন্যস্তো অধরো যত্র. চন্দ্রপক্ষে চুম্বনেন বলিতো যুক্তোঽধরো যস্মাদিত্যর্থঃ ॥ ২২ ॥

---

দিতেছেন, কারণ, উহার পাণ্ডুবর্ণ দেখিয়া শ্রীহরির পাণ্ডুবর্ণ মুখকমল আমার হৃদয়ে জাগরূক হইতেছে ॥ ২১ ॥

রতিরণজয়ী মুরারি কালিন্দীকূলবর্ত্তী বনে কেলিক্রীড়ায় নিরত রহিয়াছেন। তিনি পুলকে কণ্টকিত হইয়া সেই কামিনীর কামোদ্দীপক

ঘনচয়রুচিরে রচয়তি চিকুরে তরলিততরুণাননে।
কুরুবককুসুমং চপলাসুষমং রতিপতিমৃগকাননে॥ ২৩॥
ঘটয়তি সুঘনে কুচযুগগগনে মৃগমদরুচিরূষিতে।
মণিসরমমলং তারকপটলং নখপদশশিভূষিতে॥ ২৪॥

---

ন কেবলং তিলকং চিকুরে রক্তঝিণ্টীপুষ্পঞ্চ রচয়তি। তৎপুষ্পৈঃ কবরীং গ্রথ্নাতীত্যর্থঃ। কাদৃশম্?--চপলায়া বিদ্যুত ইব সুষমা পরমা শোভা যস্য তস্মিন্। পুনঃ কাদৃশে?—মেঘপুঞ্জবৎ সুন্দরে অতএব তদ্-গুণবর্ণনেন মুখরাকৃতং তরুণস্য শ্রীকৃষ্ণস্য আননং যেন তত্র, যতো রতি-পতিরেব মৃগস্তেন সদাশ্রিতত্বাৎ তস্য কাননে॥ ২৩॥

তথা কুচযুগগগনে মণিসরমেব তারকপটলং যোজয়তি, মণিসরো মুক্তাহারঃ অসমস্তবকমিদং কুচযুগমেব গগনং বৃহত্বাৎ। কীদৃশে?—সুনিবিড়ে গগনপক্ষে শোভনমেঘযুক্তে তথা মৃগমদরুচিভিঃ রূক্ষিতে গগন-পক্ষে কস্তূরীদীপ্ত্যেব রূক্ষিতে কিঞ্চ নখাঙ্ক এব শশী তেন ভূষিতে॥২৪॥

---

মুখে কস্তূরীরস দ্বারা শশধরে শশাঙ্কের ন্যায় তিলক রচনা করিয়া দিতেছেন এবং চুম্বনের জন্য অধর বিন্যস্ত করিতেছেন॥ ২২॥

সেই রমণীর কেশপাশ নীরদরাজীবৎ মনোরম ও কামরূপ মৃগের বিহারভূমি। নাগর বনমালী তাহাতে রক্তঝিণ্টী কুসুম পরাইয়া দিতে-ছেন॥ ২৩॥

সেই কামিনীর কুচযুগল আকাশমণ্ডলের ন্যায়। উহা কস্তূরীরসে অনুলিপ্ত ও সঘন; তদুপরি নখাঘাতরূপ চন্দ্র বিরাজ করিতেছে। বনমালী তাহাতে মণিহারস্বরূপ নক্ষত্রমালা সংযোজিত করিয়া দিতে-ছেন॥ ২৪॥

জিতবিসশকলে মৃদুভুজযুগলে করতলনলিনীদলে ।
মকরতবলয়ং মধুকরনিচয়ং বিতরতি হিমশীতলে ॥ ২৫ ॥
রতিগৃহজঘনে বিপুলাপঘনে মনসিজকনকাসনে ।
মণিময়রসনং তোরণহসনং বিকিরতি কৃতবাসনে ॥ ২৬ ॥

---

অপরঞ্চ মৃদুভুজযুগলে মরকতবলয়মেব মধুকরনিচয়ং বিতরতি অর্পয়তি। কীদৃশে?—জিতানি মৃণালখণ্ডানি যেন তস্মিন্ করতলমেব-নলিনীদলং যত্র তস্মিন্ অতএব হিমবচ্ছীতলে সম্ভোগিন্যাঃ কামতাপ-রাহিত্যাদিত্যভিপ্রায়ঃ মৃণালে ভ্রমরার্পণেনাদ্ভূতকুঞ্জত্বম্ ॥ ২৫ ॥

তথা চ রতের্গৃহে আশ্রয়ে জঘনে মণিময়রসনং নিক্ষিপতি তৎস্পর্শ-জাতকম্পতয়া অযথাতথং বিন্যস্যতীত্যর্থঃ। কীদৃশম্?—তোরণস্য মাঙ্গল্য-স্রজো হসনমুপহাসো যস্মাৎ তৎ। কীদৃশে?—বিস্তীর্ণমপঘনমঙ্গং যস্য তস্মিন্, যথা কামস্য স্বর্ণপীঠে অতঃ কৃতা শ্রীকৃষ্ণস্য লীলাবিশেষবাসনা যেন তস্মিন্ ॥ ২৬ ॥

---

তদীয় ভুজযুগল মৃণালাপেক্ষাও মৃদুল, পদ্মপত্র সদৃশ করতল দ্বারা বিরাজিত এবং শিশিরাপেক্ষাও সুস্নিগ্ধ। শ্রীহরি তাহাতে মধুপপংক্তিরূপ মরকতময় বলয় প্রদান করিতেছেন ॥ ২৫ ॥

তদীয় বিশাল নিতম্ব রতিগৃহের সদৃশ ও কামের স্বর্ণপীঠস্বরূপ। তদ্দর্শনে হরির কামানল প্রদীপিত হইয়া উঠিতেছে। তিনি সেই নিতম্ব-প্রদেশে মণিময় চন্দ্রহার পরাইয়া দিতেছেন। সেই চন্দ্রহার তোরণোপরিগত কুসুমমালার সুষমাকেও তিরস্কৃত করে ॥ ২৬ ॥

চরণকিশলয়ে কমলানিলয়ে নখমণিগণপূজিতে।
বহিরপবরণং যাবকভরণং জনয়তি হৃদি যোজিতে ॥ ২৭ ॥
রময়তি সুভৃশং কামপি সুদৃশং খলহলধরসোদরে।
কিমফলমবসং চিরমিহ বিরসং বদ সখি বিটপোদরে ॥ ২৮ ॥
ইহ রসভণনে কৃতহরিগুণনে মধুরিপুপদসেবকে।
কলিযুগচরিতং ন বসতু দূরিতং কবিনৃপজয়দেবকে ॥ ২৯ ॥

---

তথা বক্ষসি ধৃতে চরণপল্লবে যাবকাভরণং বহিরাবণং করোতি। যতঃ শ্রিয়ো নিবাসঃ অতো নখা এব মণিগণাস্তৈঃ পূজিতে শ্রীনিবাসস্য মণিযুতস্য চ বহিরাবৃতিযুক্তৈবেত্যর্থঃ ॥ ২৭ ॥

কিঞ্চ পরবঞ্চকে হলধরস্যাবিদগ্ধস্য সোদরে সদৃশে শ্রীকৃষ্ণে কামপি সুদৃশং সুভৃশং যথা স্যাৎ তথা রময়তি সতি ইহ বনমধ্যে বিরসং বিফলং যথা স্যাৎ তথা কিমহমবসমিত্যেতৎ সখি বদ, মামভিসার্য্য অন্যয়া সহ রমণাদ্ধরেঃ খলত্বম্। ২৮ ॥

ইহৈতৎ কাব্যকর্ত্তরি কবীনাং নৃপে জয়দেবকে কলিযুগচরিতং দুরিতং ন বসতু। কুতঃ?—যতো মধুরিপোঃ পদসেবকে অতএব কৃতং

---

সেই কমনীয় চরণপল্লব কমলার আগারস্বরূপ এবং নখরূপ মণি-রাজিতে বিরাজিত। কমলানিবাস হরি সেই চরণকমল অলক্তকভূষিত করিয়া স্বীয় বক্ষোপরি ধারণ করিতেছেন ॥ ২৭ ॥

সখি! রামসহোদর ধূর্ত্ত সেই কৃষ্ণ নিশ্চয়ই কোন না কোন রমণীর আনন্দবর্দ্ধনে ব্যাপৃত রহিয়াছেন। তবে কেন আর আমি বৃথা বিষণ্ণ-হৃদয়ে এই নিবিড় কাননাভ্যন্তরে নিশাপাত করিতেছি? ॥ ২৮ ॥"

শ্রীকৃষ্ণ-পদপল্লবাশ্রিত জয়দেবকবি এই শৃঙ্গাররসাত্মক হরিগুণ

নায়াতঃ সখি নির্দ্দয়ো যদি শঠস্ত্বং দূতি কিং দূয়সে,
স্বচ্ছন্দং বহুবল্লভঃ স রমতে কিং তত্র তে দূষণম্।
পশ্যাদ্য প্রিয়সঙ্গমায় দয়িতস্যাকৃষ্যমাণং গুণৈ-
রুৎকণ্ঠার্ত্তিভরাদি স্ফুটদিদং চেতঃ স্বয়ং যাস্যতি ॥ ৩০ ॥

---

হরেগুণানাং চিন্তনং যেন তস্মিন্ তত্রাপি রসস্য শৃঙ্গাররসস্য ভণনং কথনং যত্র তস্মিন্। হৃদ্রোগং আশু অপহিনোতীত্যুক্তেঃ ॥ ২৯ ॥

অথ শ্রীকৃষ্ণস্য অনাগমনেন বিষণ্ণবদনাং সখীং প্রতি অতিনির্ব্বেদমাহ নায়াত ইতি। হে সখি! হে দূতি! সখী ভূত্বাপি মৎপ্রীত্যৈ দৌত্যকর্ম্মণি প্রবৃত্তে দয়ারহিতঃ নিজৈকাশ্রয়প্রাণরক্ষাপরাঙ্মুখঃ শঠোঽন্তরন্যৎ-বহিরন্যৎকারী যদি নায়াতঃ, তর্হি ত্বং কিং দূয়সে? মা ব্যথস্বেতি। শঠতামাহ বহুবল্লভঃ স নিঃশঙ্কং রমতে,তত্র কার্য্যে তে তব কিং দূষণম্? ন কিমপি। ইত্থং সখীমনূদ্য নির্ব্বেদভঙ্গ্যা আত্মনো দশমীদশামাহ পশ্যাদ্যেদানীমেব দয়িতস্য মিলনায় ইদং তদপ্রাপ্তিতাপোন্মূলিকধৈর্য্যং মমেদং চেতঃ স্বয়ং যাস্যতি। কেন প্রকারেণ তদাহ। উৎকণ্ঠায়া আধিক্যেন স্ফুটদিব,তদপি কথং গুণৈরাকৃষ্যমানং অন্যোঽপি রজ্জ্বাকৃষ্টঃ সন্ যাতীত্যর্থঃ। শ্লিষ্টগুণশব্দোক্তির্ব্বিষয়াবিরোধিলক্ষণায়ৈব দয়িতশব্দোঽপি তথা ॥ ৩০ ॥

---

কীর্ত্তন করিলেন। ইহা দ্বারা কলিকলুষজনিত পাতক বিদূরিত হউক ॥ ২৯ ॥

"হে দূতি! হে সহচরি! সেই নিষ্ঠুর ধূর্ত্ত কৃষ্ণ আসিল না বলিয়া তুমি দুঃখবোধ করিও না, তাঁহার অনেক প্রিয়তমা আছে। তিনি তাহাদিগের সহিত নির্ব্বিঘ্নে কেলি করিতেছেন। তোমার অপরাধ কি? বোধ হয়, মদীয় হৃদয় প্রাণনাথের গুণে বিমুগ্ধ ও ঔৎসুক্যনিবন্ধন বিদীর্ণ হইয়াই যেন তৎসহ সমবেত হইবার জন্য এই মুহূর্ত্তেই প্রস্থান করিবে ॥৩০॥

( গীতম্ )

( দেশবরাড়ীরাগরূপকতালাভ্যাং গীয়তে )

অনিলতরলকুবলয়নয়নেন।
তপতি ন সা কিশলয়শয়নেন।
সখি যা রমিতা বনমালিনা ॥ ৩১ ॥
বিকসিতসরসিজললিতমুখেন।
স্ফুটতি ন সা মনসিজবিশিখেন ॥ ৩২ ॥

---

তদ্‌গুণৈরন্যস্যাঃ সুখং বর্ণয়ন্তী স্বস্যান্তদলাভাৎ নির্ব্বেদেন শোকার্থমেব নিশ্চিনোতি অনিলেত্যাদিনা। হে সখি! যা বনমালিনা রমিতা বিবিধ-সম্ভোগকেলিভির্নন্দিতা সা কিশলয়শয়নেন ন তপতি পল্লবশয্যায়াং সুখয়-ত্যেবেত্যর্থঃ। এবং সর্ব্বত্র যোজ্যম্। কীদৃশেন অনিলেন?—তরলে যে নীলোৎপলে তদ্বন্নয়নে যস্য তেন, উৎপলবৎ শৈত্যগুণেন তাপোপশম-ন্দদাতীতি ভাবঃ ॥ ৩১ ॥

যা রমিতা বনমালিনেতি সর্ব্বত্র যোজ্যম্। বিকসিতসরসিজবৎ সুন্দরং মুখং যস্য তেন। যা রমিতা সা কামশরেণ বিদ্ধা ন ভবতি অহ-মেব তেন বিদ্ধাস্মীতি ভাবঃ॥ ৩২ ॥

---

সখি! সমীরণসঞ্চালিত-ইন্দীবরলোচন বিপিনবিহারী কৃষ্ণ যে কামিনার সহিত কেলি করিয়াছেন, সে নবপল্লব-শয্যায় শয়ান হইয়া সন্তপ্ত হয় না ॥ ৩১ ॥

আহা! বনমালীর বদনকমল বিকসিত পদ্মের ন্যায় মনোহর; তিনি যাহার সহিত রমণ করিয়াছেন, সে কামশরে জর্জ্জরিত হয় না ॥ ৩২ ॥

অমৃতমধুরমৃদুতরবচনেন।
জ্বলতি ন সা মলয়জপবনেন ॥ ৩৩ ॥
স্থলজলরুহরুচিকরচরণেন ।
লুঠতি ন সা হিমকরকিরণেন ॥ ৩৪ ॥
সজলজলদসমুদয়রুচিরেণ ।
দলতি ন সা হৃদি বিরহভরেণ ॥ ৩৫ ॥

---

অমৃতাদপি মধুরতরমতিকোমলঞ্চ বচনং যস্য তেন যা রমিতা সা মলয়জপবনেন ন জ্বলতি অহমেব তেন জ্বলিতাস্মীতি অমৃতসিক্তায়া জ্বালাতিশয়ানুপপত্তেরিতি ভাবঃ ॥ ৩৩ ॥

স্থলকমলবদ্রুচিরৌ করৌ চরণৌ চ যস্য তেন যা রমিতা সা চন্দ্রস্য কিরণেন ভূমৌ ন পরিবর্ত্ততে অহমেব জালবন্ধপ্রবিষ্টেব তপ্তাস্মি স্থল-কমলবৎ শীতলকরচরণস্পর্শসুখেন উজ্জ্বলতয়া ইন্দুকিরণানাং তাপ-কত্বাবগমাদিতি ভাবঃ ॥ ৩৪ ॥

সজলজলদানাং সমূহাদপি রুচিরেণ যা রমিতা সা বিরহভরেণ হৃদি ন বিদীর্য্যতে জলদবদার্দ্রতয়া বিদারাসম্ভবাদিতি অহমেব তেন বিদীর্ণ-হৃদয়াস্মীতি ভাবঃ ॥ ৩৫ ॥

---

সেই কৃষ্ণের বচন অমৃত অপেক্ষাও মধুর ও মৃদু, তিনি যে রমণীর বাসনা পূর্ণ করিয়াছেন, মলয়সমীর কখনই তাহার অঙ্গে সন্তাপ প্রদানে সমর্থ হয় না ॥ ৩৩ ॥

বনমালীর করদ্বয় স্থলপদ্মের ন্যায় সুদৃশ্য ; তিনি যে বিলাসিনীর সহিত কেলি করিতেছেন, সে শশাঙ্ককিরণে দগ্ধ হইয়া তাপশান্তির জন্য ধরালুণ্ঠিত হয় না ॥ ৩৪ ॥

সজল-নীরদকান্তি হরি যাহাকে পরিরম্ভণ করিয়াছেন, বিরহভরে সেই রমণীকে বিদীর্ণ হইতে হয় না ॥ ৩৫ ॥

কনকনিকষরুচিশুচিবসনেন।
শ্বসিতি ন সা পরিজনহসনেন ॥ ৩৬ ॥
সকলভুবনজনবরতরুণেন।
বহতি ন সা রুজমতিকরুণেন ॥ ৩৭ ॥
শ্রীজয়দেবভণিতবচনেন।
প্রবিশতু হরিরপি হৃদয়মনেন ॥ ৩৮ ॥

---

কনকস্য নিকষপাষাণেষু যা রুচিস্তদ্বদ্বনং যস্য, তেন যা রমিতা সা পরিতো জনানাং হসনেন ন শ্বসিতি সৌভাগ্যগর্ব্বেণ কাশ্চিদপি ন গণয়তীত্যর্থঃ। অহমেব তৎপরিহাসৈর্নিশ্বাসযুক্তাস্মীতি ভাবঃ ॥ ৩৬ ॥

সকলভুবনেষু যে জনা যুবানস্তেভ্যো বরঃ শ্রেষ্ঠো যঃ কিশোরস্তেন যা রমিতা সা অতিকরুণরসেন পীড়াং ন প্রাপ্নোতি জগদ্বল্লভতরুণপ্রাপ্ত্যা করুণানুপপত্তিরিতি অহমেব রোদনাদিনা সখীং কদর্থয়ামি ॥ ৩৭ ॥

অনেন শ্রীজয়দেবভণিতেন শ্রীরাধায়া মাধবমুদ্দিশ্য বচনেন হরিরপি হৃদয়ং প্রবিশতু, প্রবিষ্টঃ কর্ণরন্ধ্রেণ স্বানাং ভাবসরোরুহমিত্যুক্তেঃ ॥৩৮॥

---

নিকষপাষাণে লগ্ন স্বর্ণের ন্যায় সমুজ্জল-পীতাম্বরধারী বনমালী যে নারীর মনোরথ পরিপূর্ণ করিয়াছেন, সে কদাচ গুরুজনের উপহাসে দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করে না ॥ ৩৬ ॥

ত্রৈলোক্যস্থ যাবতীয় যুবার মধ্যে বনমালীই প্রধান, তিনি যাহার সহিত বিহার করিয়াছেন, তাহাকে দীনভাবে কামযন্ত্রণা সহ্য করিতে হয় না ॥ ৩৭ ॥

শ্রীজয়দেবকবি-বর্ণিত এই রাধা-বিলাপের সহিত শ্রীকৃষ্ণ সর্ব্বজন-হৃদয়ে বিরাজ করুন্ ॥ ৩৮ ॥

মনোভবানন্দনচন্দনানিল,
প্রসীদ রে দক্ষিণ মুঞ্চ বামতাম্ ।
ক্ষণং জগৎপ্রাণ বিধায় মাধবং,
পুরো মম প্রাণহরো ভবিষ্যসি ৷ ৩৯ ॥
বপুরিব সখীসম্বাসোঽয়ং শিখীব হিমানিলো,
বিষমিব সুধারশ্মির্যস্মিন্ দুনোতি মনোগতে।

---

অত্যাবেশন মমো বম্পমুদ্গিরতি দৈন্যেনাদৌ সবিনয়মাহ হে মনোভবস্যানন্দদায়ক চন্দনানিল ! পরোপকারিন্নিত্যর্থঃ। প্রসন্নো ভব পুনরীর্ষ্যোদয়াদেতদাহ রে দক্ষিণ সর্ব্বানুকূল! বামতাং প্রতিকূলতাং মুঞ্চ। দক্ষিণপথপ্রবৃত্তস্য বামপথপ্রবৃত্তেরযুক্তত্বাদ্বামতা ত্যাজ্যা ইত্যর্থঃ। তর্হি কিং বিধেয়ং তত্রাহ।—হে জগৎপ্রাণ ! জগদ্ধিতোঽপি ত্বং মনোভবানন্দনায় চন্দনতরুসম্পর্কাৎ বিষমশ্চেন্মাং মারয়সি, তদা ক্ষণমপি মাধবং পুরঃ কৃত্বা পশ্চান্মম প্রাণহরো ভবিষ্যসি ॥ ৩৯ ॥

অথ নীরাগে দয়িতে সানুরাগং চিত্তং নিন্দতি মমৈবায়মপরাধো নান্যস্যেত্যাহ বপুরিতি। যস্মিন্ হরৌ চিত্তরূঢ়েঽপি সখীভিঃ সহৈকত্র বাসোঽপি রিপুরিব দুনোতি। স্বচ্ছন্দগমনপ্রতিরোধকত্বাৎ

---

"হে চন্দনানিল! তুমি কন্দর্পের চিত্তরঞ্জন করিয়া থাক; আমার প্রতি প্রসন্ন হও। তুমি সকলের প্রতিই অনুকূল, আমার প্রতি প্রতিকূল হইও না। হে বিশ্বপ্রাণ! কৃষ্ণকে মুহূর্ত্তের জন্যও আমার নিকট আনয়ন কর, তৎপরে বরং প্রাণবধ করিও ॥ ৩৯ ॥

হায়! কৃষ্ণ মৎপ্রতি নির্দ্দয়, কিন্তু আমার মন তাঁহাতেই অনুরাগী, সুতরাং আমারই দোষ। যাহার প্রতি চিত্ত আকৃষ্ট হওয়াতে

হৃদয়মদয়ে তস্মিন্নেবং পুনর্ব্বলতে বলাৎ,
কুবলয়দৃশাং বামঃ কামো নিকামনিরঙ্কুশঃ ॥ ৪০ ॥
বাধাং বিধেহি মলয়ানিল পঞ্চবাণ,
প্রাণান্ গৃহাণ ন গৃহং পুনরাশ্রয়িষ্যে।
কিন্তে কৃতান্তভগিনি ক্ষময়া তরঙ্গৈ-
রঙ্গানি সিঞ্চ মম শাম্যতু দেহদাহঃ ॥ ৪১ ॥

---

শীতলবায়ুরপ্যগ্নিরিব তাপকত্বাৎ চন্দ্রোঽপি বিষমিব দাহকত্বাৎ তস্মিন্নির্দ্দয়ে কান্তে পুনর্যদি হৃদয়মেবমুক্তপ্রকারেণ বার্য্যমাণমপি বলাৎ সংভক্তং স্যাত্তর্হি স্ত্রীণামভিলাষঃ অত্যর্থময়ন্ত্রিতঃ অতো বামঃ প্রতিকূল এব হিতাহিতবিচারাপগমাৎ ॥ ৪০ ॥

সম্প্রতি বিরহোত্তপ্তা প্রাণোৎসর্গং কৃতমেবাহ বাধামিতি। হে মলয়ানিল! পীড়াং বিধেহি কুরু, বিষয়ত্বেন বাধাবিধানসামর্থ্যাৎ। হে পঞ্চবাণ! প্রাণান্ গৃহাণ পঞ্চবাণধারিত্বে পঞ্চপ্রাণগ্রহণযোগ্যত্বাৎ। হে যমস্য ভগিনি! তে ক্ষময়া কিং ত্বাং কথং ক্ষমসে যমানুজায়াঃ ক্ষমা ন যুক্তা। তর্হি কিং কর্ত্তব্যম্? তরঙ্গৈরঙ্গানি সিঞ্চ। তেন কিং স্যাৎ? মম দেহদাহঃ শাম্যতু দশমীদশাং বিধেহীত্যর্থঃ। কৃষ্ণেন চেদুপেক্ষি-

---

সহচরীসঙ্গ শত্রুসঙ্গের ন্যায়, সুস্নিগ্ধ সমীরণ বহ্নির ন্যায়, শীতরশ্মির স্নিগ্ধকিরণ গরলের ন্যায় যাতনাপ্রদ হইতেছে, সেই নির্দ্দয় হরির প্রতি যখন আমার মন এইরূপে ধাবিত হইতেছে,তখন নিঃসন্দেহই বুঝিলাম, রমণীজাতির প্রিয়সমাগমেচ্ছা দুর্দ্দমনীয় ও তাহাদিগের প্রতিকূল ॥৪০।

মলয়মারুত! তুমি যত পার, আমাকে কষ্ট প্রদান কর। হে পঞ্চবাণ! তুমি আমার প্রাণ হনন কর; হে কালিন্দি! আমাকে ক্ষমা করা তোমার উচিত নহে, ত্বদীয় তরঙ্গরঙ্গে মদীয় শরীরসন্তাপ নিবারণ

প্রাতর্নীলনিচোলচ্যুতমুরঃ সংবীতপীতাংশুকং,
রাধায়াশ্চকিতং বিলোক্য হসতি স্বৈরং সখীমণ্ডলে।
ব্রীড়াচঞ্চলমঞ্চলং নয়নয়োরাধায় রাধাননে,
স্মেরস্মেরমুখোঽয়মস্তু জগদানন্দায় নন্দাত্মজঃ ॥ ৪২ ॥

ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে নাগরনারায়ণো নাম সপ্তমঃ সর্গঃ ॥ ৭ ॥

---

তাসি তর্হি গৃহমেব কিং ন গৃহং পুনরাশ্রয়িষ্যে ? —তেন বিনা গৃহমপি সন্তাপকমেব স্যাদতো মরণং যুক্তমিত্যর্থঃ ॥ ৪১ ॥

অথৈতৎ দুঃখবর্ণনমসহিষ্ণুঃ কবিঃ সিংহাবলোকনন্যায়েন সাধারণ-কেলিরাত্রেঃ প্রাতশ্চরিতবর্ণনেন শ্রীরাধিকায়াঃ খণ্ডিতাবস্থাং বর্ণয়িষ্যন্ শ্রীরাধামাধবয়োঃ প্রাক্তনকেল্যনন্তরাবস্থিতিমাহ প্রাতরিতি। নন্দাত্মজো জগদানন্দায়াস্তু। কাদৃশঃ ? স্বচ্ছন্দং যথা স্যাত্তথা সখীমণ্ডলে হসতি সতি ব্রীড়াচঞ্চলং রাধাননে আধায় স্মেরমুখঃ। কুতঃ সখীহাসঃ ? -প্রভাতে অচ্যুতং নীলনিচোলং চকিতং বীক্ষ্য শ্রীরাধায়া উরশ্চ সংবীতমুত্তরীকৃতং পীতাংশুকং যত্র এতাদৃশং বীক্ষ্য, অতঃ সর্গোঽয়ং নাগরা এব নরা নর-সমূহাস্তেষাময়নং মূলভূতং সঃ শ্রীকৃষ্ণো যত্র সঃ ॥ ৪২ ॥

---

পূর্ব্বক শীতল কর, আর আমি গৃহে প্রত্যাগমন করিব না, গৃহ যার পর নাই সন্তাপজনক ; মরণই আমার পক্ষে মঙ্গল ॥ ৪১ ॥”

একদিন প্রাতঃকালে সহচরীমণ্ডলী চকিতলোচনে শ্রীহরিকে নীলাম্বর ও শ্রীমতী রাধিকাকে পীতবসন পরিধান করিতে দেখিয়া হাস্য করাতে যিনি সহাস্য-আস্যে শ্রীমতীর বদনপদ্মে সলাজ চপলকটাক্ষ নিক্ষেপ করিয়াছিলেন, সেই নন্দনন্দন শ্রীকৃষ্ণ জগৎসংসারের হর্ষ পরিবর্দ্ধন করুন ॥ ৪২ ॥

সপ্তম সর্গ সমাপ্ত।

# অষ্টমঃ সর্গঃ ।

অথ কথমপি যামিনীং বিনীয়,
স্মরশরজর্জ্জরিতাপি সা প্রভাতে।
অনুনয়বচনং বদন্তমগ্রে,
প্রণতমপি প্রিয়মাহ সাভ্যসূয়ম্ ॥ ১ ॥

---

খণ্ডিতাবস্থামেব বর্ণয়তি অথেত্যাদিনা। খণ্ডিতালক্ষণং যথা,—উল্লঙ্ঘ্য সময়ং যস্যাঃ প্রেয়ানন্যোপভোগবান্। ভোগলক্ষ্মাঙ্কিতঃ প্রাতরাগচ্ছেৎ সা হি খণ্ডিতেতি। অথ বহুবিধপ্রলাপানন্তরং হরিবিরহবর্ণনেঽপি দর্শক-ললিতলবঙ্গেত্যাদি সখীবচনশ্রবণেন সঞ্চরদধরেত্যাদি স্ব-মনোরত্নকথনেন চ অতিকষ্টেন রাত্রিং নীত্বা সা শ্রীরাধা প্রভাতে প্রণতমপি প্রিয়ং সাভ্যসূয়ং অভিতঃ অসূয়য়া সহিতং যথা স্যাত্তথা আহ। কীদৃশী ? স্মরশরেণ জর্জ্জরিতা ক্ষণমাত্রমতিবাহয়িতুং অশক্তাপি। কীদৃশম্ ? অগ্রে অনুনয়-বচনং স্বাপরাধজনিতকোপোপশমনবাক্যং বদন্তং ততোঽপি প্রসাদমনা-লোচ্য প্রণতম্। অনেন প্রেম্নঃ পরাকাষ্ঠা প্রদর্শিতা কণ্ঠগতপ্রাণায়া অপি প্রিয়দর্শনমাত্রেণাসূয়োদয়াৎ ॥ ১ ॥

---

তদনন্তর শ্রীমতী রাধা কোনরূপে যামিনীযাপন করিলে প্রভাতে শ্রীহরি তৎসকাশে সমাগত হইয়া প্রণিপাত সহকারে অনুনয় বিনয় করিতে আরম্ভ করিলে শ্রীমতী মদনানলে জর্জ্জরিত হইয়া অসূয়াবশে বলিতে আরম্ভ করিলেন ॥ ১ ॥

( গীতম্‌ )

( ভৈরবীরাগযতিতালাভ্যাং গীয়তে )

রজনিজনিতগুরুজাগররাগকষায়িতমলসনিমেষং,
বহতি নয়নমনুরাগমিব স্ফুটমুদিতরসাভিনিবেশম্‌।
হরি হরি যাহি মাধব যাহি কেশব মা বদ কৈতববাদং,
তামনুসর সরসীরুহলোচন যা তব হরতি বিষাদম্‌ ॥ ২॥

---

হরি হরীতি খেদে, হে মাধব! হে কেশব! ত্বং যাহি, ইতো গচ্ছ, ক যামি? হে সরসীরুহলোচন! চক্ষুপ্রীতিমাত্রেণ মুগ্ধস্ত্রীজনবঞ্চনয়া অতোঽপি বঞ্চনচতুরা সহজপ্রেমানভিজ্ঞস্য হর বিষাদং কাপট্যাপাদিত-বৈমনস্যং হরতি। তাং চিত্তানুরূপচতুরব্যাপারাং অনুগচ্ছ লোটপ্রয়োগঃ, তৎস্ফূর্ত্তিসম্ভাবনয়া মাধবেতি,ধবো ন ভবসীত্যানিয়তপ্রিয়ত্বং কেশবেতি প্রকৃষ্টকেশদ্বারোন্মুক্তবেশত্বং সরসীরুহলোচনেত্যর্দ্ধমুদ্রিতনেত্রঞ্চ ধ্বনিতম্‌। ত্বদেকপরায়ণোঽহমিতি বদন্তং কপটবাদং মা বদ, ন কৈতবং ব্রূহি, সত্যমেব নান্যঙ্গনাসঙ্গতোঽহমিতি প্রতিবচনমাশঙ্ক্যাহ রজনিজনিতেন গুরুজাগররাগেণ কষায়িতং লোহিতীকৃতং তব নয়নং অনুরাগং বহতীত্যুৎপ্রেক্ষা তাং প্রত্যনুরাগপ্রাচুর্য্যাৎ তব হৃদি স্থিতমরবিন্দচক্ষুনির্গত ইত্যুৎপ্রেক্ষতার্থং সহজমেবারুণং মে নয়নং ন জাগরাদিত্যাহ। অলসেন নিমীলনং যত্র তৎ অনুভূতত্বদ্বচনচিন্তয়া নিমীলিতে লোচনে ন

---

হে মাধব! হে কেশব! হে কমললোচন! গত যামিনীতে গুরুজাগরণে তোমার নয়নযুগল শোণিতবর্ণ হইয়াছে ও আলস্যবশে নিমীলিত হইয়া আসিয়াছে; বোধ হইতেছে যেন প্রণয়িনীর প্রেমরসাবেশের পরিস্ফুটিত অনুরাগ ধারণ করিয়াছে। হরি হরি! আর প্রতারণাবাক্যে

কজ্জলমলিনবিলোচনচুম্বনবিরচিতনীলিমরূপম্।
দশনবসনমরুণং তব কৃষ্ণ তনোতি তনোরনুরূপম্॥৩॥
বপুরনুহরতি তব স্মরসঙ্গরখরনখরক্ষতরেখম্।
মরকতশকলকলিতকলধৌতলিপেরিব রতিজয়লেখম্॥৪॥

---

জাগরাদিতি কথিতো রসস্যাভিনিবেশো তেন তৎ যদি ত্বং নান্যাঙ্গনা-সঙ্গস্তর্হি কথমেতদিত্যর্থঃ। অগ্রেঽপ্যেবমুন্নেয়ম্ ॥ ২ ॥

ত্বচ্চিত্তজাগরান্নেত্রে রাগঃ ন রতিরাগাদিত্যাহ। হে কৃষ্ণ! সহজা-রুণং তব দশনবসনং অধরঃ সংপ্রতি তনোরনুরূপং অনুসাদৃশ্যে সদৃশরূপং শ্যামতামিত্যর্থঃ তনোতি। কুতোঽনুরূপম্?—কজ্জলেন মলিনয়োশ্চু-ম্বনেন বিরচিতং নীলিমরূপং যত্র তৎ; মলিনশব্দস্তীর্ষ্যায়া তবাধর-চরিতং ব্যনক্তীত্যর্থঃ ॥ ৩ ॥

ত্বচ্চিন্তাশোকেন মলিনোঽয়মধরো ন নারীচুম্বনাদিত্যাহ। তবেদং বপুঃ রতিজয়লেখং অনুহরতি সদৃশীকরোতি! কীদৃশম্?—অনঙ্গবাণ-তীক্ষ্ণা নখক্ষতরূপা রেখা যত্র তৎ। কস্যা ইব?—মরকতমণিখণ্ডে অর্পি-তায়াঃ কাঞ্চনদ্রব্যালিখিতাক্ষরপঙ্ক্তেরিব; বপুষঃ কৃষ্ণত্বাৎ নখক্ষতস্য রক্তত্বাৎ মরকতার্পিতলিপেঃ সাম্যম্ ॥ ৪ ॥

---

প্রয়োজন নাই। যাহা দ্বারা তোমার মনোদুঃখ দূর হয়, তাহার নিকট প্রস্থান কর ॥ ২ ॥

কৃষ্ণ! সেই বিলাসিনীর কজ্জলমলিন লোচন চুম্বনে নীলিমাভ হইয়া ত্বদীয় লোহিতাধর অঙ্গযষ্টির অনুরূপ শোভা ধারণ করিয়াছে ॥ ৩ ॥

মদনসমরে সেই কামিনীর তীক্ষ্ণনখরাঘাতে তোমার নীলতনু রেখাঙ্কিত হওয়াতে মরকতে কাঞ্চনাক্ষরে লিখিত জয়পত্রের ন্যায় অনুমিত হইতেছে ॥ ৪ ॥

চরণকমলগলদলক্তকসিক্তমিদং তব হৃদয়মুদারম্ ।
দর্শয়তীব বহির্মদনদ্রুমনবকিশলয়পরিবারম্ ॥ ৫ ॥
দশনপদং ভবদধরগতং মম জনয়তি চেতসি খেদম্ ।
কথয়তি কথমধুনাপি ময়া সহ তব বপুরেতদভেদম্ ॥ ৬ ॥

---

তবান্বেষণে ভ্রমণাদ্বনে মমেদং বপুঃ কণ্টকৈঃ ক্ষতং ন নারীনখৈরিত্যত্র সোল্লুণ্ঠমাহ। ইদং বিদ্যমানং তব হৃদয়ং উদারং মনোহরং দর্শনীয়মিত্যর্থঃ। ঔদাস্যমেবাহ প্রেমোল্লাসতো হৃদি ধৃতচরণকমল-গলদলক্তকেন সিক্তং শ্যামে উরসি অরুণযাবকেন শোভিতমিত্যর্থঃ। তত্রোৎপ্রেক্ষে,—মদনদ্রুমস্য হৃদয়ান্তগতনবপল্লবসমূহং বহির্দর্শয়তীব ॥ ৫ ॥

গৈরিকচিত্রিতং নান্যাঙ্গনাচরণালক্তকসিক্তমিত্যাহ। হে শ্রীকৃষ্ণ! এতৎ প্রত্যক্ষং তব বপুঃ কর্তৃ অধুনাপি ময়া সহ ঐক্যং বানয়োর্ভেদ ইতি কথং কথয়তি। তৎকথনপ্রকারমাহ,—তবাধরগতং দশনক্ষতং মম চেতসি খেদং দুঃখং জনয়তি ইতি ব্যঙ্গোক্তিঃ। ত্বদধরস্থিতস্য মচ্চিত্তব্যথাজনকত্বাৎ অভেদো জায়ত ইত্যর্থঃ। নয়নরাগাদিকং ছদ্মনাচ্ছাদিতমিদন্তু দিতচন্দ্রকলাবৎ প্রকাশমানমিতি ভাবঃ ॥ ৬ ॥

---

সেই রমণীর পাদপদ্মের অলক্তকরাগে তোমার মনোরম বিশাল-বক্ষ অনুরঞ্জিত হইয়াছে; বোধ হইতেছে যেন, মদনতরুর রক্তবর্ণ নব-পল্লবকে বাহিরে প্রকাশ করিয়া দেখাইতেছে ॥ ৫ ॥

কেশব! তোমার দশনক্ষত অধর দেখিয়া আমার যার পর নাই যন্ত্রণা বোধ হইতেছে। হায়! তথাপি এখনও আমি তোমাকে অভিন্ন-দেহ বোধ করিতেছি কেন? ৬ ॥

বহিরিব মলিনতরং তব কৃষ্ণ মনোঽপি ভবিষ্যতি নূনম্।
কথমথ বঞ্চয়সে জনমনুগতমসমশরজ্বরদূনম্ ॥ ৭ ॥
ভ্রমতি ভবানবলাকবলায় বনেষু কিমত্র বিচিত্রম্।
প্রথয়তি পূতনিকৈব বধূবধনির্দ্দয়বালচরিত্রম্ ॥ ৮ ॥

---

সোঽতলুব্ধভ্রমরেণ দষ্টোঽয়মধরো নান্যাঙ্গনাচুম্বনত ইত্যাহ। হে কৃষ্ণ! মলিনাত্মকং তব মনোঽপি বহিরিব মলিনতরং ভবিষ্যতীতি নূনমুৎপ্রেক্ষে। কথং প্রশ্নে অব্যয়ানামনেকার্থত্বাৎ অবশব্দোঽন্যথাবাচী কথমন্যথা কামশরজ্বরপীড়িতমনুগতমনুকূলং জনং বঞ্চয়সে? শুদ্ধান্তঃকরণস্য নৈয়ং রীতিরিত্যর্থঃ ॥ ৭ ॥

ন বঞ্চয়াম্যহং ত্বমেব মুধা শঙ্কসে ইত্যাহ। ভবান্ অবলাগ্রাসায় কান্তাবধায় বনেষু ভ্রমতি, অত্র কিং বিচিত্রং ন কিমপীত্যর্থঃ। অত্রোদাহরণমাহ। স্ত্রীবধে তব নির্দ্দয়বালচরিত্রং পূতনিকৈব কিয়ৎ প্রথয়তি বিস্তারয়তি ন তু সর্ব্বং বাল্যে চেদেবং তদধুনা কৈশোরে কিং চিত্রমিতি ভাবঃ ॥ ৮ ॥

---

মাধব! আমার বোধ হয়, তোমার অঙ্গ যেরূপ মলিন, হৃদয় তদপেক্ষাও অধিক, নচেৎ মদনপীড়িতা এই অধীনীকে প্রতারণা করিতেছ কেন? ৭ ॥

তুমি যে রমণীবধের জন্য বনে বনে পরিভ্রমণ কর, ইহা আশ্চর্য্য নহে। শৈশবাবস্থা হইতেই তুমি রমণীবধে সুদক্ষ; পূতনাই তাহার দৃষ্টান্ত; সুতরাং কৈশোরে তুমি এরূপ করিবে, ইহা বিচিত্র নহে ॥ ৮ ॥"

শ্রীজয়দেবভণিতরতিবঞ্চিতখণ্ডিতযুবতিবিলাপম্।
শৃণুত সুধামধুরং বিবুধা বিবুধালয়তোঽপি দুরাপম্॥ ৯ ॥
তবেদং পশ্যন্ত্যাঃ প্রসরদনুরাগাৎ বহিরিব,
প্রিয়াপাদালক্তচ্ছুরিতমরুণচ্ছায়হৃদয়ম্ ।
মমাদ্য প্রখ্যাতপ্রণয়ভরভঙ্গেন কিতব,
ত্বদালোকঃ শোকাদপি কিমপি লজ্জাং জনয়তি ॥ ১০ ॥

---

হে বিবুধাঃ! শ্রীকৃষ্ণমধুরলীলাস্বাদনচতুরাঃ শ্রীজয়দেবভণিতং রতিবঞ্চিতায়াঃ খণ্ডিতায়া যুবত্যাঃ শ্রীরাধায়া বিলাপং যত্র তৎ শৃণুত। যতঃ সুধায়া অপি মধুরঃ অতএব বিবুধালয়তোঽপি স্বর্গাদপি দুর্ল্লভং, সপ্তম্যাস্তসিঃ, রাধাকৃষ্ণোপাসনালভ্যত্বাৎ তত্রেদং নাস্তীতি ভাবঃ ॥ ৯ ॥

তথৈব পুনরাহ তবেতি। হে কিতব! ত্বদালোকোঽপি ত্বদাগমনপ্রতীক্ষিণ্যাঃ মম প্রসিদ্ধপ্রেমাতিশয়ভঙ্গেন ত্বদ্বিয়োগদুঃখাদপ্যনির্ব্বচনীয়াং জীবনমরণয়োঃ সন্দেহাপাদিকাং লজ্জাং জনয়তি। কুতো লজ্জাজননম্?—তবেদমরুণদ্যুতি হৃদয়ং পশ্যন্ত্যাঃ ততোঽপি কুতঃ প্রিয়ায়াস্তস্যাঃ পাদালক্তেন ব্যাপ্তম্, তত্রোৎপ্রেক্ষতে—প্রসরদনুরাগং বহির্গতমিব প্রবৃদ্ধিং গচ্ছন্নুরাগো হৃদয়ং ভিত্ত্বা বহির্নির্গত ইত্যর্থঃ ॥ ১০ ॥

---

হে বিবুধগণ! জয়দেববিরচিত এই রতিরসবঞ্চিতা, ঈর্ষাপরতন্ত্রা, খণ্ডিতা, যুবতী রাধার বিলাপোক্তি শ্রবণ করুন। ইহা অমৃত অপেক্ষাও মিষ্ট এবং স্বর্গাপেক্ষাও দুর্ল্লভ ॥ ৯ ॥

হে হরে! প্রণয়িনীর পদালক্তে রঞ্জিত হইয়া ত্বদীয় বক্ষঃপ্রদেশ অরুণাভ ধারণ করিয়াছে। ইহাতে বোধ হইতেছে যেন, হৃদয়নিহিত গাঢ় অনুরাগ বহির্ভাগে প্রসারিত হইয়াছে। হে ধূর্ত্ত! তোমার এই মূর্ত্তি আমার মতে প্রণয়ভঙ্গজনিত শোক অপেক্ষা কেমন একপ্রকার অভূতপূর্ব্ব লজ্জার উদয় করিয়া দিতেছে ॥ ১০ ॥

অস্তমোহনমৌলিঘূর্ণনচলন্মন্দারবিস্রংসন-
স্তব্ধাকর্ষণদৃষ্টিহর্ষণমহামন্ত্রঃ কুরঙ্গীদৃশাম্।
দৃপ্যদ্দানবদূয়মানদিবিষদ্দুর্বারদুঃখাপদাং,
ভ্রংশঃ কংসরিপোর্ব্যপোহতু বঃ শ্রেয়াংসি বংশীবরঃ ॥ ১১ ॥

ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে খণ্ডিতাবর্ণনে বিলক্ষলক্ষ্মীর্নাম
অষ্টমঃ সর্গঃ ॥ ৮ ॥

---

অথ শ্রীরাধিকায়া অতিগাঢ়মাননির্ব্বন্ধমভিপ্রেক্ষ্য আত্মপ্রযত্নশিথিলেঽপি বংশীসাহায্যেনাবশ্যং মনোঽপযাস্যতীতি। সখী তদনুনয়ে প্রবর্ত্তয়িষ্যতীতি স্মরন্ কবির্ব্বংশীধ্বনিং বর্ণয়ন্নাশিষমাতনোতি অস্তরিতি। কংসরিপোর্ব্বংশীরবো বো যুষ্মাকং শ্রেয়াংসি ব্যপোহতু, বিগতবিঘ্নানি করোতু নিতাং দদত্বিত্যর্থঃ। কীদৃশম্?—কুরঙ্গীদৃশাং মনোমোহনে মৌলিঘূর্ণনে চলন্মন্দারকুসুমানাং বিস্রংসনে স্তম্ভনে আকর্ষণে বশীকরণে মহামন্ত্রঃ। কীদৃশম্?—দর্পযুক্তৈর্দ্দানবৈর্দূয়মানানাং দেবানামনিবার্য্যদুঃখপঙ্ক্তীনাং ধ্বংসো স্রংসনরূপঃ নাশক ইত্যর্থঃ। যৎশ্রবণমাত্রেণ দেবা দৈত্যভয়ান্মুচ্যন্ত ইতি ভাবঃ। অতএব বিলক্ষো গাঢ়মানবিলোকাদ্বিস্ময়ান্বিতো লক্ষ্মীপতিঃ শ্রীরাধাপতির্যত্র সঃ ॥ ১১ ॥

---

কংসনিসূদনের যে বিচিত্র বংশীধ্বনি মৃগলোচনাদিগের মন বিমোহিত করিতে, মস্তক বিঘূর্ণিত করিতে, কুণ্ডলরাজিত পারিজাতমালা স্খলিত করিতে, বুদ্ধিভ্রংশীকরণে, হৃদয় আকর্ষণ করিতে এবং নেত্রের আনন্দ উৎপাদন করিতে মহামন্ত্রস্বরূপ; যাহা গর্ব্বিত দৈত্যনিপীড়িত অমরবৃন্দের যাতনা নিবারণ করে, সেই বংশী তোমাদিগের কল্যাণবিধান করুক ॥ ১১ ॥

অষ্টম সর্গ সমাপ্ত।

# নবমঃ সর্গঃ।

তামথ মন্মথখিন্নাং রতিরসভিন্নাং বিষাদসম্পন্নাম্।
অনুচিন্তিতহরিচরিতাং কলহান্তরিতামুবাচ রহঃ সখী ॥ ১ ॥

(গীতম্)

(রামকিরীরাগযতিতালাভ্যাং গীয়তে)

হরিরভিসরতি বহতি মৃদুপবনে।

---

অথ প্রণতাপি মানাপগমাৎ উপেক্ষয়া আহ! হরৌ অন্তর্হিতে সতি অন্তরুৎসুকামপি বহির্ম্মানাবকুণ্ঠিতামালক্ষ্য সখী প্রাহ তামথেতি। অথ কৃষ্ণান্তর্দ্ধানানন্তরং শ্রীরাধাং সখী রহ একান্তে উবাচ। কীদৃশীম্?—মন্মথেন খিন্নাং যতঃ কলহান্তরিতাং তদবস্থাং প্রাপ্তাম্, অতএব রতিরসেন খণ্ডিতাং অতো বিষাদযুক্তাং অতোঽনুরাগং চিন্তিতং হরিচরিতং চাটূক্তিপাদপ্রপতনাদি যয়া তাম্। যা সখীনাং পুরঃ পাদপতিতং বল্লভং রুষা নিরস্য পশ্চাত্তপতি কলহান্তরিতা হি সেতি কলহান্তরিতালক্ষণম্ ॥১॥

কিমুবাচেত্যাহ মাধবেত্যাদিনা। অয়ে ইতি সম্বোধনম্। হে মানিনি! মাধবে মানং মা কুরু, মাধব ইতি মধুবংশোদ্ভবে শ্রিয়া মহাসম্পত্তেঃ পত্যৌ চেতি মানানর্হত্বমুক্তম্। কথং বঞ্চকেঽস্মিন্ মনো ন

---

তদনন্তর এক সখী কামবিধুরা, রতি-সুখবঞ্চিতা, বিষণ্ণা এবং শ্রীহরির নিষ্ঠুর ব্যবহারে গভীর চিন্তামগ্না, কলহান্তরিতা শ্রীমতী রাধাকে এই সান্ত্বনাপ্রদ বচনাবলী বলিতে আরম্ভ করিল ॥ ১ ॥

"হে মানিনি! তুমি কৃষ্ণের প্রতি মান করিও না। ঐ দেখ, মৃদুমন্দগতিতে মলয়মারুত প্রবাহিত হইতেছে, কেশবও তোমার অভি-

কিমপরমধিকসুখং সখি ভবনে।
মাধবে মা কুরু মানিনি মানময়ে ॥ ২ ॥
তালফলাদপি গুরুমতিসরসম্।
কিমু বিফলীকুরুষে কুচকলসম্ ।৩।
কতি ন কথিতমিদমনুপদমচিরম্।
মা পরিহর হরিমতিশয়রুচিরম্ ॥ ৪ ॥

---

বিধেয় ইত্যাহ। মৃদুপবনে বহতি সতি হরিরভিসরতি চ। হে সখি! ভবনে অতঃপরং অপরং সুখং কিমস্তি? মাধবসরণাদন্যৎ সুখং নাস্ত্যেবেত্যর্থঃ ॥ ২ ॥

সুখমস্তু তেন মম কিমিতি চেৎ স্তনাভ্যামাভ্যাং কিমপরাদ্ধমিতি সোৎপ্রাসমাহ। কুচকলসং কিমর্থং বিফলাকুরুষে? যতস্তালফলাদপি গুরুং শ্রেষ্ঠং তথা সরসং রসশাস্ত্রোক্তলক্ষণসহিতং অতস্তদনুভবং বিনা অস্য বিফলাকরণং ন যুক্তমিত্যর্থঃ ॥ ৩ ॥

ত্বদুপদেশং বিনা ইত্থং ক্রিয়তে ইত্যাহ। ইদমচিরমধুনৈবমনুক্ষণং কিয়দ্বা ন কথিতং হরিঃ মনোহরণশীলং মা পরিহর মা ত্যজ, যতোঽতিশয়েন সুন্দরম্ ॥ ৪ ॥

---

সারে আগমন করিতেছেন। হে সখি! ইহা অপেক্ষা গৃহে অধিক সুখ আর কি হইবে? ২ ॥

তোমার এই কুচকুম্ভ রসপূর্ণ ও পীনোন্নত, ইহাকে বিফল করিতেছ কেন? ৩ ॥

আমি পুনঃ পুনঃ অনুরোধ করিতেছি, এমন ভুবনমোহন প্রাণবল্লভকে প্রত্যাখ্যান করিও না॥ ৪॥

কিমিতি বিষীদসি রোদিষি বিকলা।
বিহসতি যুবতিসভা তব সকলা ॥ ৫ ॥
সজলনলিনীদলশীলিতশয়নে।
হরিমবলোকয় সফলয় নয়নে ॥ ৬ ॥
জনয়সি মনসি কিমিতি গুরুখেদম্।
শৃণু মম বচনমনীহিতভেদম্ ॥ ৭ ॥

---

এতৎ শ্রুত্বাশ্রুমুখীং প্রত্যাহ। ত্বমধুনা কিমিতি বিষীদসি? বিকলা সতী রোদিষি? মা বিষীদ মা রোদ ইত্যর্থঃ। কথম্?—তব সকলা প্রতিপক্ষযুবতিসভা ত্বন্মোগ্ধ্যদর্শনেন বিশেষেণ সতি। ৫ ॥

যথেয়ং ন বিহসতি তথোপদিশ ইত্যাহ। সাম্বুপদ্মপত্রৈঃ রচিতশয্যাং হরিমবলোকয়। ততঃ কিং স্যাৎ?—নয়নে সফলয় ত্রিভুবনে নয়নমহোৎসবাবলোকনাদন্যৎ ফলং নাস্তীত্যর্থঃ। ৬ ॥

এতৎ শ্রুত্বাপি খিদ্যন্তীং প্রাহ। মনসি গুরুখেদং কিমিতি জনয়সি? নৈবং বিধেয়ম্। মম বচনং শৃণু। কীদৃশম্?—অনীহিতমচেষ্টিতমনভিলষিতমিতি। যাবৎ প্রকৃতে তু অনীহিতং বিরহদুঃখমেব তস্য ভেদো যস্মাত্তৎ। ৭ ॥

---

তুমি ব্যাকুল ও বিষণ্ণ হইয়া রোদন করিতেছ কেন? ঐ দেখ, তোমাকে এইরূপ দেখিয়া রমণীগণ হাস্য করিতেছে ॥ ৫ ॥

সজল-নলিনীদল-রচিত শীতল শয্যায় হরিকে দর্শন কর; তোমার লোচনযুগল সার্থক হউক ॥ ৬ ॥

হৃদয়কে বিষাদিত করিবার কারণ কি? আমার কথা রাখ, তোমার বিরহ-যাতনা বিদূরিত হইবে ॥ ৭ ॥

হরিরুপযাতু বদতু বহু মধুরম্।
কিমিতি করোষি হৃদয়মতি বিধুরম্॥ ৮॥
শ্রীজয়দেবভণিতমতিললিতম্।
সুখয়তু রসিকজনং হরিচরিতম্॥ ৯॥
স্নিগ্ধে যৎ পরুষাসি যৎ প্রণমতি স্তব্ধাসি যদ্রাগিণি,
দ্বেষস্থাসি যদুন্মুখে বিমুখতাসি তস্মিন্ প্রিয়ে।

---

শ্রোতব্যমেবাস্ত। হরিরুপ সমীপং যাতু, বহু চাটুকরোতু, হৃদয়মতিবঞ্চনং কিমিতি করোষি? শ্রীকৃষ্ণস্য মধুরবচনেন মোদয়স্ব,চিত্তং মা খেদয় ইত্যর্থঃ॥ ৮॥

শ্রীজয়দেবভণিতং রসিকজনং সুখয়তু। যতঃ হরেশ্চরিতং যত্র তৎ অতএবাতিললিতম্॥ ৯॥

অথ তস্যামনুত্তরায়াং সের্ষ্যামেবাহ স্নিগ্ধে ইতি। অস্মিন্ প্রিয়ে নিরুপাধিপ্রেমানুবন্ধবন্ধুরে স্নিগ্ধে চাটুবাক্প্রয়োক্তরি যৎ পরুষাসি নিষ্ঠুরাসি প্রণমতি প্রণতে স্তব্ধাসি দণ্ডবৎ স্থিতাসি যদ্রাগিণ্যনুরাগযুক্তে দ্বেষং যাসি বিরক্তাসি যদুন্মুখে ত্বন্মুখাবলোকনোৎসুকে বিমুখতাং যাতাসি বিমুখীভূতাসি. হে বিপরীতকারিণি! তদেতত্তে যদ্বিপরীতং জাতং তদ্যুক্ত-

---

শ্রীকৃষ্ণ প্রাণ খুলিয়া তোমার সহিত প্রিয়সম্ভাষণ করুন। হৃদয়কে ব্যাকুলিত কর কেন? ৮॥"

শ্রীজয়দেবকবিবিরচিত মধুর হরিচরিত রসিকবৃন্দের আনন্দ উৎপাদন করুক্॥ ৯॥

"হে মানিনি! তুমি যখন স্নেহবানের প্রতি নিষ্ঠুরতা, বিনম্রের প্রতি ঔদাসীন্য, অনুরাগীর প্রতি দ্বেষ ও প্রণয়াথীর প্রতি বিমুখতা প্রদর্শন করিতেছ, তখন তোমার নিকট যে চন্দনাদি গরলসদৃশ বোধ

তদ্‌যুক্তং বিপরীতকারিণি তব শ্রীখণ্ডচর্চ্চাবিষং,
শীতাংশুস্তপনো হিমং হুতবহঃ ক্রীড়ামুদো যাতনাঃ ॥১০॥
সান্দ্রানন্দপুরন্দরাদিদিবিষদ্‌বৃন্দৈরমন্দাদরা-
দানম্রৈর্ম্মুকুটেন্দ্রনীলমণিভিঃ সন্দর্শিতেন্দীবরম্।

---

মেবতৎ। কিমিত্যাহ।—চন্দনলেপো বিষমিবোদ্বেজকঃ তাপাপহারী চন্দ্রস্সূর্য্যবত্তাপকঃ হিমং বহ্নিবদ্দাহকং রতিজনিতহর্ষাস্তীব্রবেদনাঃ বিপরীতমেব ফলং স্যাদিত্যর্থঃ॥ ১০ ॥

অথ শ্রীকৃষ্ণস্য রাধিকাং প্রতি বক্ষ্যমাণচাটূক্তিস্মরণে শ্রীরাধিকামহিমস্ফূর্ত্ত্যানন্দাবিষ্টঃ তৎসৌভাগ্যদ্যোতনায় শ্রীকৃষ্ণৈস্যৈর্য্যমাহ সান্দ্রেতি। শ্রীগোবিন্দস্য পদারবিন্দমশুভানাং ভক্তিপ্রতিবন্ধকানাং বিনাশায় বন্দামহে। কীদৃশম্?—বলের্নিয়মান্নিবিড় আনন্দো যেষাং তেষামিন্দ্রাদিদেবানাং বৃন্দৈরধিকাদরাদানম্রৈর্ম্মুকুটেন্দ্রনীলমণিভিঃ সন্দর্শিতং ইন্দীবরং যত্র। তৎ কুতঃ?—যতঃ স্বচ্ছন্দং যথা স্যাত্তথা মকরন্দবৎ সুন্দরং যথা স্যাত্তথা গলন্ত্যা আকাশগঙ্গয়া স্নিগ্ধং যস্যৈকাংশস্যোদৃণ্ডমহিমা তেন শ্রীকৃ-

---

হইবে, ইহা বিচিত্র নহে। শিশিরই বা কেন দেহ দগ্ধ না করিবে? রতিজনিত হর্ষই বা যাতনাপ্রদ না হইবে কেন? উন্মার্গগামিনা হওয়াতেই তুমি এইরূপ উপযুক্ত ফলভোগ করিতেছ॥ ১০॥”

আসীম আনন্দ ও সম্ভ্রমসহকারে দেবেন্দ্রপ্রমুখ অমরবৃন্দ প্রণিপাত করিলে তাঁহাদিগের শিরোমুকুটস্থ ইন্দ্রনীলমণি যে চরণকমলে ভ্রমরবৎ

স্বচ্ছন্দং মকরন্দসুন্দরগলন্মন্দাকিনীমেদুরং,
শ্রীগোবিন্দপদারবিন্দমশুভস্কন্দায় বন্দামহে ॥ ১১।
ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে কলহান্তরিতাবর্ণনে মুগ্ধমুকুন্দো নাম নবমঃ সর্গঃ ॥ ৯ ॥

---

যেন যচ্চরণশিরোধারণং প্রার্থ্যতে, তৎ সৌভাগ্যং কেন বর্ণনীয়মিত্যর্থঃ। অতএব শ্রীরাধিকামানোপশমনচিন্তয়া মুগ্ধো মুকুন্দো যত্র সঃ ॥১১॥

ইতি বালবোধিন্যাং নবমঃ সর্গঃ ॥ ৯ ॥

---

বিরাজ করে, স্বর্গগঙ্গা অবিরামধারায় বিনির্গত হইয়া যে চরণপদ্মকে স্নিগ্ধ করে, অমঙ্গলনাশার্থ আমি সেই ভগবান্ হরির চরণকমল বন্দনা করি ॥ ১১ ॥

নবম সর্গ সমাপ্ত।

# দশমঃ সর্গঃ।

অত্রান্তরে মসৃণরোষবশামসীম-
নিঃশ্বাসনিঃসহমুখীং সুমুখীমুপেত্য।
সব্রীড়মীক্ষিতসখীবদনাং প্রদোষে,
সানন্দগদ্গদপদং হরিরিত্যুবাচ ॥ ১ ॥

---

ততঃ প্রাতরারভ্যোক্তপ্রকারেণ দিবসে প্রবৃত্তে সত্যুপাক্রান্তাম্বুদাবৃতেন্দুনিশাদিবৃত্তমাহ অত্রেত্যাদিনা। অস্মিন্নবসরে প্রদোষসময়ে কিঞ্চিৎ কোপোপশমনেন প্রসন্নবদনাং শ্রীরাধাং সমীপগত্যানন্দেন গলদক্ষরপদসহিতং যথা স্যাত্তথা হরিরিতি বক্ষ্যমাণমুবাচ। কীদৃশীম্?—অতিনিঃশ্বাসেন নিঃসহং কান্তবচনাদিরহিতং মুখং যস্যাস্তাম্। যতঃ শিথিলমানেন সখ্যায়ত্তাং অতএব কিমধুনা বিধেয়মিতি সব্রীড়ং যথা স্যাত্তথেক্ষিতং সখীবদনং যয়া তাম্ ॥ ১ ॥

---

সায়ংকালে শ্রীমতী রাধার হৃদয়কোপ অপেক্ষাকৃত শান্তভাব ধারণ করিল ; কিন্তু দীর্ঘনিশ্বাসে তদীয় মুখকমল অতীব ম্লান হইয়া উঠিল ; সহসা শ্রীকৃষ্ণ তৎসকাশে উপনীত হইলেন। তাঁহাকে দেখিবামাত্র শ্রীমতী লজ্জিত হইয়া সহচরীগণের মুখের দিকে নেত্রপাত করিলেন। তদ্দর্শনে হরি আনন্দোৎফুল্ল হইয়া হর্ষগদ্গদস্বরে শ্রীমতীকে সরসবাক্যে বলিতে প্রবৃত্ত হইলেন ॥ ১ ॥

(গীতম্)

(দেশবরাড়ীরাগাষ্টতালাভ্যাং গীয়তে)

বদসি যদি কিঞ্চিদপি দন্তরুচিকৌমুদী,
হরতি সরতিমিরমতিঘোরম্।
স্ফুরদধরসীধবে তব বদনচন্দ্রমা,
রোচয়তি লোচনচকোরম্।
প্রিয়ে চারুশীলে মুঞ্চ ময়ি মানমনিদানম্।
সপদি মদনানলো দহতি মম মানসম্,
দেহি মুখকমলমধুপানম্ ॥ ২ ॥

---

কিমুবাচ তদাহ বদসীত্যাদিনা। হে প্রিয়ে! চারুশীলে! ময়ি মানং মুঞ্চ। কীদৃশম্?—অনিদানমকারণং; চারুশীলায়া অকারণমানস্যাযুক্তত্বাদিত্যর্থঃ। যতঃ সপদি তৎক্ষণং ত্বন্মানসমকালমেব কামাগ্নির্মম মানসং দহতি; ততো মুখকমলমধুপানং দেহি অন্তর্দাহস্য পানেনৈব শান্তিরিত্যর্থঃ। দুরাপমিদং দূরেঽস্তু। হে প্রিয়ে! ত্বং যদি কিঞ্চিদপি বদসি বদনচন্দ্রমাশ্চ মম লোচন চকোরং স্ফুরদধরসীধবে উচ্ছ্বলিতাধর-

---

"প্রিয়তমে! চারুশীলে! অকারণে আমার প্রতি অভিমান করিতেছ কেন? এ অভিমান ত্যাগ কর। তোমার মুখশোভা দেখিবামাত্র কামাগ্নি মদীয় হৃদয় দগ্ধ করিতেছে। আমাকে ত্বদীয় বদনপদ্মের মধুপান করিতে দেও। অয়ি মানময়ি! প্রফুল্লচিত্তে আমার সহিত একটীমাত্র কথা কহিলেও ত্বদীয় দশনজ্যোতিরূপ জ্যোৎস্নাতে আমার চিত্তের নিবিড় আকাঙ্ক্ষারূপ তিমিরজাল বিদূরিত হইবে। দেখ, ত্বদীয় বিধু-

সত্যমেবাসি যদি সুদতি ময়ি কোপিনী,
দেহি খরনয়নশরঘাতম্ ।
ঘটয় ভুজবন্ধনং জনয় রদখণ্ডনং,
যেন বা ভবতি সুখজাতম্ ॥ ৩ ॥
ত্বমসি মম ভূষণং ত্বমসি মম জীবনং,
ত্বমসি মম ভবজলধিরত্নম্ ।

---

সুধাপানার্থং সাভিলাষং করোতি, নয়নস্য চকোরত্বেন ত্বদেকজীবনত্ব-মুক্তম্ ॥ ২ ॥

ত্বদেকজীবনে ময়ি রোষো ন সম্ভবতি চেত্তর্হি এবং কুর্ব্বিত্যাহ । হে সুদতি ! প্রসন্নবদনে ! যদি সত্যমেবমপি কোপিন্যসি, তদা খরা এব নয়নশরাস্তৈঃ প্রহারং কুরু, তেন চেন্ন তুষ্যসি, তদা ভুজাভ্যাং বন্ধনং ঘটয় ; তেনাপি অসন্তোষস্তদা রদৈর্দশনৈঃ খণ্ডনং জনয় । কিং বহুনোক্তেন, যেন বা সুখজাতং ভবতি সুখমুৎপদ্যতে তদেব কুরু । অত্র গূঢ়োঽভিপ্রায়ঃ স্বীয়েঽপরাধিনি দণ্ড এবোচিতো নোপেক্ষেতি ভাবঃ ॥ ৩ ॥

নন্থ ত্বয়ি মম কোপস্য কঃ প্রসঙ্গঃ দণ্ডস্য বা যা তব প্রিয়া সৈব দণ্ডং করোত্বিতি চেত্তদাহ । ত্বমেব মম জীবনং অসি, ত্বমেব মম ভূষণমসি, তদ্ব্যতিরেকেণান্যজ্জীবনাদিকমপি চেন্নাস্তি, তর্হ্যন্যঙ্গনানাং কা

---

বদন আমার নেত্রচকোরকে তোমার অধরসুধাপানে প্রলোভন প্রদর্শন করিতেছে ॥ ২ ॥

হে সুদতি ! সত্যই যদি মৎপ্রতি কোপ হইয়া থাকে, তাহা হইলে তীব্র কটাক্ষবাণে আমাকে বিদ্ধ কর এবং ভুজপাশে বন্ধন

ভবতু ভবতীহ ময়ি সততমনুরোধিনী,
তত্র মম হৃদয়মতিযত্নম্ ॥ ৪ ॥
নীলনলিনাভমপি তন্বি তব লোচনম্,
ধারয়তি কোকনদরূপম্।
কুসুমশরবাণভাবেন যদি রঞ্জয়সি,
কৃষ্ণমিদমেতদনুরূপম্ ॥ ৫ ॥

---

বার্ত্তেত্যর্থঃ। যতো ভবঃ সংসারঃ স এব জলধিস্তত্র ত্বং রত্নরূপা সর্ব্ব-প্রেয়সী-শ্রেষ্ঠেত্যর্থঃ। যথা রত্নাকরাৎ বিচিত্ররত্নং লব্ধা আত্মানং পূর্ণং মন্যতে, তথাস্মিন্ লোকে স্ত্রীরত্নং ত্বাং প্রাপ্য কৃতর্থোঽস্মীতি ভাবঃ। অত-এব ভবতীহ নিরন্তরং মষ্যনুকূলা ভবত্বিত্যর্থঃ। মম হৃদয়মতিশয়েন যত্নো যস্য তৎ ॥ ৪ ॥

স্বগুণপরীক্ষণোপকরণত্বেন চেন্মামঙ্গীকরোষি, তথাপি চরিতার্থঃ স্যামিত্যাহ। হে তন্বি! তব লোচননীলনলিনমপি সংপ্রতি রক্তোৎ-পলরূপং ধারয়তি, তদেতেন ত্বয্যনুরঞ্জনবিদ্যাস্তি ইত্যবধারিতম্, এষানু-রঞ্জনবিদ্যা ময়ি পরীক্ষ্যতাম্। পরীক্ষাপ্রকারমাহ—ত্বং যদি কৃষ্ণং কৃষ্ণ-রূপং মাং তেন লোচনেন কুসুমশরবাণভাবেন সানুরাগদৃষ্ট্যা রঞ্জয়সি,

---

করিয়া দশনাঘাতে আমাকে ক্ষতবিক্ষত কর, কিংবা যাহাতে আনন্দ হয়, তাহাই কর ॥ ৩

তুমিই আমার বিভূষণ, তুমিই আমার প্রাণ, তুমিই আমার রত্ন। আমার অন্তরে ইচ্ছা এই যে, তুমি নিয়ত মৎপ্রতি অনুরাগিণী থাক ॥ ৪ ॥

হে ক্ষীণাঙ্গি! ত্বদীয় কুবলয়সদৃশ লোচনযুগল অদ্য অরুণপদ্মবৎ

স্ফুরতু কুচকুম্ভয়োরুপরি মণিমঞ্জরী,
রঞ্জয়তু তব হৃদয়দেশম্‌।
রসতু রসনাপি তব ঘনজঘনমণ্ডলে,
ঘোষয়তু মন্মথনিদেশম্‌॥ ৬॥
স্থলকমলগঞ্জনং মম হৃদয়রঞ্জনং,
জনিতরতিরঙ্গপরভাগম্‌।
ভণ মসৃণবাণি করবাণি চরণদ্বয়ং,
সরসলসদলক্তকরাগম্‌॥ ৭॥

---

তদিদমেব তস্য যোগ্যং ভবতি শিক্ষিতাবিদ্যাপ্রয়োগেনৈব জ্ঞায়তে ইত্যর্থঃ॥ ৫॥

এতৎশ্রবণেন কিঞ্চিৎ প্রসন্নাং বীক্ষ্য চাতুর্য্যেণাভীষ্টং প্রার্থয়তে। ততশ্চ মণিমালা কুচকুম্ভয়োরুপরি চঞ্চলা ভবতু,তেন কিং স্যাত্তব হৃদয়-দেশং শোভয়তু, কাঞ্চ্যপি ঘনজঘনমণ্ডলে শব্দায়তাম্‌। কীদৃশম্‌?- শব্দং কুরুতাম্‌। মন্মথস্যাজ্ঞাং ঘোষয়তু, বচনভঙ্গ্যা প্রার্থনাবিশেষোঽয়ম্‌॥৬॥

তথাপ্যনুত্তরমাহ। হে স্নিগ্ধবচনে! ভণ আজ্ঞাপয়! কিমাজ্ঞা-পয়ামি?—তব চরণদ্বয়ং সরসেন লসতালক্তকেন রাগো যত্র তাদৃশং

---

লোহিতবর্ণ হইয়াছে, অধুনা তুমি যদি আমাকে অনুরাগভরে দর্শন পূর্ব্বক প্রীত কর, তাহা হইলেই উহার অনুরূপ কর্ম্ম করা হয়॥ ৫॥

মণিহার কুচকলসোপরি দোদুল্যমান হইয়া তোমার বক্ষঃপ্রদেশ শোভিত করুক্‌ এবং চন্দ্রহার ত্বদীয় বিশাল নিতম্বদেশে শব্দায়মান হইয়া কামকে আদেশ ঘোষণা করুক্‌॥ ৬॥

হে স্নিগ্ধমধুরভাষিণি! আমাকে আজ্ঞা কর, আমি এই কামের প্রধান সহায় স্থলকমলের তিরস্কারকারী, আমার মনোরঞ্জন ত্বদীয় চরণপদ্ম-

স্মরগরলখণ্ডনং মম শিরসি মণ্ডনম্,
দেহি পদপল্লবমুদারম্।
জ্বলতি ময়ি দারুণো মদনকদনানলো,
হরতু তদুপাহিতবিকারম্ ॥ ৮ ॥
ইতি চটুলচাটুপটুচারু মুরবৈরিণো,
রাধিকামধি বচনজাতম্।

---

করবাণি ; যতঃ স্থলকমলগঞ্জনং গঞ্জয়তীতি গঞ্জনং তত্তিরস্কারকমিত্যর্থঃ। আরক্তত্বাৎ কোমল্যাচ্চ, অতএব মম হৃদয়রঞ্জনং যতো রতিরঙ্গে পর-ভাগঃ পরমশোভা যেন তৎ ॥ ৭ ॥

অতস্তদঙ্গীকারেণৈব মম তাপোপশমনমিতি সর্ব্ববিজয়িতদ্‌গুণস্ফূর্ত্তি-পরবশঃ সন্ প্রার্থয়তে। হে প্রিয়ে। মম শিরসি পদপল্লবমর্পয়। কীদৃশমু-দারং বাঞ্ছিতপ্রদং অতো মহৎ কিমর্থং স্মরগরলং খণ্ডয়তীতি তৎ। ন কেবলমিদং খণ্ডনং ভূষণঞ্চ। কথমেবং প্রার্থয়সে ইত্যাহ। কামক্লেশ এব দারুণোঽনলোঽগ্নির্ময়ি জ্বলতি, অতস্তেনোপাহিতবিকারং হরতু ; তদ্ধা-রণমাত্রেণ তাপোঽপযাস্যতীত্যর্থঃ ॥ ৮ ॥

ইত্যুক্তপ্রকারঃ মুরবৈরিণো রাধিকাং লক্ষীকৃত্য বচনসমূহো জয়তি সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে। পরমপ্রেয়সীবিষয়ত্বাদিতি। কীদৃশম্?—চটুলং

---

যুগলকে সরস অলক্তকরাগে রঞ্জিত করি কামবিষের খণ্ডনকারী মদীয় অভীষ্ট তোমার মনোহর পদপল্লব আমার শিরোপরি বিন্যস্ত কর, মদীয় মস্তকের ভূষণস্বরূপ হউক্। দেখ, দুরন্ত কামাগ্নি আমার সমস্ত দেহকে দগ্ধ করিতেছে, তোমার প্রসাদে সে বিকার বিনষ্ট হউক ॥ ৭-৮ ॥"

শ্রীমতীকে উদ্দেশ পূর্ব্বক বাগ্মীপ্রবর হরির এইরূপ প্রিয়োক্তি-

জয়তি পদ্মাবতীরমণজয়দেবকবি-
ভারতীভণিতমতিশাতম্ ॥ ৯ ॥
পরিহর কৃতাতঙ্কে শঙ্কাং ত্বয়া সততং ঘন-
স্তনজঘনয়াক্রান্তে স্বান্তে পরানবকাশিনি।
বিশতি বিতনোরন্যো ধন্যো ন কোঽপি মমান্তরম্,
প্রণয়িনি পরীরম্ভারম্ভে বিধেহি বিধেয়তাম্ ॥ ১০ ॥

---

চঞ্চলং অনেকপ্রকারমিতি যাবৎ। চটুলচাটুনা পটু মানাপনয়নসমর্থং অনুরাগশোভনম্। পুনঃ কাদৃশম্?—অতিশাতং পরমসুখপ্রদমিত্যর্থঃ। পুনঃ কীদৃশম্?—পদ্মাবত্যা শ্রীরাধিকা তৎপরতয়া তথানাম্নী শ্রীজয়দেব-পত্নী তদ্গুণবর্ণনাদিনা তস্যা রমণস্য জয়দেবকবের্ভারত্যা ভণিতম্ ॥৯ ॥

অথ তদর্থং স্বপরং কৃত্যং বিজ্ঞাপয়িতুমাহ পরীতি। অন্যস্ত্রীসম্ভোগ-বিতর্কশঙ্কাকৃতঃ আতঙ্কঃ শঙ্কা যয়া। হে তাদৃশি! শঙ্কাং পরিহর। কথং ত্বয়া নিরন্তরং ব্যাপ্তে মনসি অন্তরমভ্যন্তরং বিতনোস্তনুশূন্যাৎ কামাদন্যো ধন্যস্তাদৃক্ সৌভাগ্যবান্ জনঃ কোঽপি ন প্রবিশতি। মনোদ্বারেণৈব এতদভ্যন্তরং প্রবিশতি মে মনঃ চেতঃ ত্বয়া ব্যাপ্তং কেন পথা প্রবেষ্টব্যমিত্যর্থঃ। অতএবাবকাশশূন্যে ইতরাবকাশাবসরো ন চেন্মনসি আস্তাং তৎ কথং ত্বয়ি সাধারণদৃষ্টিঃ স্যাদিত্যর্থঃ। শঙ্কাং ত্যক্ত্বা চ কিং কর্ত্তব্যম্?—হে প্রণয়িনি! পরীরম্ভস্যারম্ভে ইতি কর্ত্তব্যতাং কুরু ॥ ১০ ॥

---

স্বরূপ পদ্মাবতীরমণ জয়দেব-বিরচিত মনোরম ভারতী প্রাধান্য লাভ করুক ॥ ৯ ॥

"হে প্রেমসঙ্গসঙ্গিনি! ভয় বিসর্জ্জন কর। হে পীনস্তনি! হে বিশাল-নিতম্বে! যখন তুমি আমার হৃদয়েই বিরাজ করিতেছ, তখন আর তাহার অবকাশ কোথায়? কেবলমাত্র ভাগ্যশীল কাম ভিন্ন অন্য কেহই আমার অন্তরে স্থানপ্রাপ্ত হয় না। ১০ ॥

মুগ্ধে বিধেহি ময়ি নির্দ্দয়দন্তদংশ-
দোর্ব্বল্লিবন্ধনিবিড়স্তনপীড়নানি।
চণ্ডি ত্বমেব মুদমঞ্চ ন পঞ্চবাণ-
চণ্ডালকাণ্ডদলনাদসবঃ প্রয়ান্তু ॥ ১১ ॥
শশিমুখি তব ভাতি ভঙ্গুরভ্রূ-
যুবজনমোহকরালকালসর্পী।

---

যদি মদ্বচনায় প্রত্যেষি, তর্হি স্বয়মেব দণ্ডমাচরেত্যাহ মুগ্ধে ইতি। স্বীয়ে দণ্ডমকুর্ব্বাণে ইতি সম্বোধনং কোপাবেশান্নৈতদ্ধ্যস ইতি চণ্ডীতি ত্বমেব মুদমঞ্চ সুখং প্রাপ্নুহীত্যর্থঃ। তৎপ্রকারমাহ। ময়ি নির্দ্দয়দন্তদংশ-দোর্ব্বল্লিবন্ধনিবিড়স্তনপ্রহরণানি বিধেহি। এতানি বিধায় মুদমাপ্নুহী-ত্যর্থঃ। কিমেতাবতা সেৎস্যতি ?—পঞ্চবাণ এব চাণ্ডালঃ দুষ্টচেষ্টত্বাত্তস্য বাণপ্রহরণাৎ মম প্রাণাঃ ন প্রয়ান্তু ॥ ১১ ॥

মম কোপো নাস্ত্যেবেতি চেত্তত্রাহ শশীতি। হে শশিমুখি! তব ভঙ্গুরভ্রূর্ভাতি কোপিনী চেন্নাসি তৎ কুতো ভ্রুবোর্ভঙ্গুরত্বমিতি ভাবঃ। সহজৈব ভ্রূর্ভঙ্গুরা ন কোপাৎ ইতি চেত্তত্রাহ। যুবজনস্য

---

হে মুগ্ধে! তীব্র দশনাঘাতে আমাকে প্রহার কর, ভুজপাশে বন্ধন-পূর্ব্বক পীনকুচভারে পীড়ন কর। অয়ি কোপনে! তুমি আমার দণ্ড বিধান করিয়া সুখী হও, চণ্ডাল কামশরাঘাতে যেন আমাকে ধ্বংস প্রাপ্ত হইতে না হয় ॥ ১১ ॥

বিমুগ্ধবদনে! ত্বদীয় ভ্রূলতিকা সঙ্কুচিত হইয়া ভীষণ আশীবিষ সদৃশ

তদুদিতভয়ভঞ্জনায় যূনাম্,
ত্বদধরসীধুসুধৈব সিদ্ধমন্ত্রঃ ॥ ১২ ॥
ব্যথয়তি বৃথা মৌনং তন্বি প্রপঞ্চয় পঞ্চমম্,
তরুণি মধুরালাপৈস্তাপং বিনোদয় দৃষ্টিভিঃ।

---

মম মোহনায় ভয়ঙ্করী কালসর্পী ভীত্যুৎপাদনং কোপাদেবেত্যর্থঃ। তর্হি তয়া দষ্টস্য তবৌষধাভাবাদনর্থাপত্তিরেব স্যাদত আহ। তস্যা উদিতস্য ভয়স্য নাশায় যূনামস্মাকং বহুবচনং তস্যাঃ প্রসন্নতামালক্ষ্যাত্মনো বহুমানিত্বাৎ ত্বদধরসীধুসুধৈব সিদ্ধমন্ত্রঃ। নান্যৎ কিঞ্চিদস্তীত্যেব শব্দার্থঃ মাদকত্বাৎ সীধু ইতি মধুরত্বাৎ সুধেত্যুক্তম্। কালসর্পদষ্টস্যামৃতাদেব জীবনং নান্যথেত্যনন্যগতিকত্বঞ্চ বোধিতম্ ॥ ১২ ॥

এবমুক্তেঽপ্যনুত্তরামাহ ব্যথয়তীতি। হে তন্বি! মদলাভাৎ ত্বমপি কৃশাসীত্যর্থঃ। যস্মাদ্বৃথা মৌনং মাং ব্যথয়তি তস্মাৎ পঞ্চমং পঞ্চমস্বরং প্রপঞ্চয় বিস্তারয়, মধুরং বদেত্যর্থঃ। তেন কিং স্যাৎ? হে তরুণি! মধুরালাপৈস্তাপমপসারয়। কিঞ্চ হে সুমুখি! কৃপাবলোকৈস্তাবদৌদাস্যং ত্যজ, মাং ন মুঞ্চ,সুমুখ্যা বিমুখীভাবো ন যুক্ত ইত্যর্থঃ।

---

আকৃতি পরিগ্রহ পূর্ব্বক যুবাগণকে মোহিত করিতেছে। তাহাদিগের এই আশঙ্কাবিদূরণার্থ একমাত্র ত্বদীয় অধরসুধাই সিদ্ধমন্ত্র সদৃশ ॥ ১২ ॥

হে কৃশাঙ্গি! তুমি অকারণে তূষ্ণীম্ভাবে থাকাতে আমি ব্যথিত হইতেছি; সে বেদনা দুর করিয়া মিষ্ট সম্ভাষণ কর। হে কিশোরি! তদ্দ্বারা সন্তাপ নিবারণ কর। সুবদনে! করুণা করিয়া পরাঙ্মুখভাব

স্মুখি বিমুখীভাবং তাবদ্বিমুঞ্চ ন মুঞ্চ মাম্,
স্বয়মতিশয়স্নিগ্ধো মুগ্ধে প্রিয়োঽয়মুপস্থিতঃ ॥ ১৩ ॥
বন্ধূকদ্যুতিবান্ধবোঽয়মধরঃ স্নিগ্ধো মধূকচ্ছবি-
র্গণ্ডে চণ্ডি চকাস্তি নীলনলিনশ্রীমোচনং লোচনম্।
নাসাভ্যেতি তিলপ্রসূনপদবীং কুন্দাভদন্তি প্রিয়ে,
প্রায়স্ত্বন্মুখসেবয়া বিজয়তে বিশ্বং স পুষ্পায়ুধঃ ॥ ১৪ ॥

---

কথমেবং করোমি তত্রাহ। হে মুগ্ধে! বিচারানভিজ্ঞে। প্রিয়োঽয়মতিশয়স্নিগ্ধঃ কথং স্নিগ্ধজ্ঞানং স্বয়মনাহূত এবাগতঃ অতস্তত্ত্যাগে মূঢ়ৈতবেত্যর্থঃ ॥ ১৩ ॥

অতঃ পঞ্চপুষ্পাঞ্চিতমাস্যং তে অনঙ্গঃ পুষ্পায়ুধবিলাসেন মাং দুনোতীতি ভঙ্গ্যাস্তদঙ্গানি স্তৌতি বন্ধূকেতি। হে চণ্ডি! হে প্রিয়ে! স প্রসিদ্ধঃ পুষ্পায়ুধঃ প্রায়স্ত্বন্মুখসেবয়া বিশ্বং বিজয়তে অভিভবতি। এতদুৎপ্রেক্ষে। পুষ্পাণি তবায়মধরো বন্ধূকপুষ্পস্য ছবিশ্চকাস্তি; পাণ্ডুত্বাত্র সাম্যং নীলনলিনশ্রীমোচনে লোচনে কার্ষ্ণ্যাদত্র সাম্যম্। নাসাতিলপ্রসূনপদবীমন্বেতি অত্রাকৃত্যা সাম্যম্। হে কুন্দাভদন্তি! অত্র শৌক্ল্যাৎ সাম্যং ত্বন্মুখসেবয়ৈতানি পুষ্পাণি লব্ধ্বা তৈরেবায়ুধৈর্বিশ্বং জয়তীত্যর্থঃ ॥ ১৪ ॥

---

ত্যাগ কর। হে মুগ্ধে! আমি স্বয়ং উপস্থিত হইয়াছি, আমাকে পরিত্যাগ করিও না ॥ ১৩ ॥

হে কোপনে! হে প্রিয়তমে! তোমার অধর লোহিতবর্ণ বন্ধূককুসুমের ন্যায়, বিরহে পাণ্ডুবর্ণ গণ্ডস্থল মধুকপুষ্পবৎ বিরাজ করিতেছে। তোমার নেত্রদ্বয় কুবলয়শোভাজয়ী, নাসা তিলপুষ্পবৎ, দশনপংক্তি কুন্দসন্নিভ; সুতরাং কামের পঞ্চ পুষ্পবাণ তোমার বদনে সুশোভিত। কাম কেবলমাত্র তোমার বদনসেবা করিয়াই বিশ্বজয় করিতেছেন ॥১৪॥

দৃশৌ তব মদালসে বদনমিন্দুসন্দীপনম্,
গতির্জনমনোরমা বিজিতরম্ভমূরুদ্বয়ম্ ।
রতিস্তব কলাবতী রুচিরচিত্রলেখে ভ্রুবা-
বহো বিবুধযৌবতং বহসি পৃথ্বীগতা ॥ ১৫ ॥

---

হে তন্বি ! ক্ষাণাপি ত্বং পৃথিবীগতাপি অতিদুর্ল্লভং দেবযুবতিসমূহং বহসীত্যহো আশ্চর্য্যম্ । তৎপ্রকারমাহ । তব দৃশৌ মদালসে মদজন্য-হর্ষেণ অলসে, স্বর্গে তু একৈব মদালসা নাম্নী অঙ্গনা ত্বং মদালসে দ্বে দৃশৌ ধারয়সীত্যাশ্চর্য্যমিত্যর্থঃ । তবেতি সর্ব্বত্রান্বেতি । তথা বদন-মিন্দুং সন্দীপয়তীতি তৎ তত্রেন্দুসন্দীপনী নাম্নী । কিঞ্চ গতির্জ্জনস্য মম মনোরমা তত্র মনোরমা নাম্নী অপরঞ্চ ; ঊরুদ্বয়ং তিরস্কৃতা কদলী যেন তৎ তত্র রম্ভানাম্নী রতিকৌশলবতী তত্র কলাবতী নাম্নী ভ্রুবৌ রুচিরে চিত্রলেখে ইব তত্রৈকা চিত্রলেখা ইতি ॥ ১৫ ॥

---

হে কৃশাঙ্গি ! কি আশ্চর্য্য ! তুমি ধরাতলে অবতীর্ণা হইয়াও নিজ দেহে অপ্সরাগণকে ধারণ করিয়াছ । ত্বদীয় নেত্রযুগল অলস বলিয়া মদালসা, মুখ চন্দ্রসন্দীপন বলিয়া ইন্দুসন্দীপনী, গতি মনোহর বলিয়া মনোহরা, ঊরুযুগল রম্ভাতুল্য বলিয়া রম্ভা, রতিকৌশলনিপুণা বলিয়া কলাবতী এবং ভ্রূদ্বয় চিত্রাঙ্কিতবৎ বলিয়া চিত্রলেখার ন্যায় বোধ হইতেছে ॥ ১৫ ॥

প্রীতিং বস্তনুতাং হরিঃ কুবলয়াপীড়েন সার্দ্ধং রণে,
রাধাপীনপয়োধরস্মরণকৃৎকুম্ভেন সম্ভেদবান্।
যত্র স্বিদ্যতি মীলতি ক্ষণমথ ক্ষিপ্তে দ্বিপে তৎক্ষণাৎ,
কংসস্থাস্মাভির্জ্জিতং জিতমিতি ব্যামোহকোলাহলঃ ॥ ১৬ ॥

ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে মুগ্ধমাধবো নাম নবমঃ সর্গঃ ॥ ৯ ॥

---

এবং স্বপ্রিয়াগুণকীর্ত্তনাবেশান্মহাসঙ্কটস্থানেষু তৎস্পর্শসুখস্মরণপরবশং শ্রীকৃষ্ণ: বর্ণয়ন্নাশাস্তে প্রীতিমিতি। হরির্বো যুষ্মাকং প্রীতিং তনুতাম্। কীদৃশঃ ?—রণে কুবলয়াপীড়েন সম্ভেদবান্ আসঙ্গবান্। কীদৃশেন ?—শ্রীরাধায়াঃ পীনপয়োধরয়োঃ স্মরণকৃতে সাদৃশ্যেন সংস্কারোদ্বোধকতয়া স্মারকৌ কুম্ভৌ যস্য তেন। যত্র সম্ভেদে তৎস্পর্শসুখেন সাত্ত্বিকোদয়াৎ শ্রীকৃষ্ণে ক্ষণং স্বিদ্যতি সতি মীলতি চ সতি কংসস্থাস্মাভির্জ্জিতং জিতমিতি ব্যামোহকোলাহলোঽভূৎ, তেনাবহিতেন শ্রীকৃষ্ণেন ক্ষিপ্তে দ্বিপে সতি তৎক্ষণাৎ অনেন জিতং ; জিতমিতি ব্যামোহকোলাহলোঽভূৎ ইতি পূর্ব্বত্র ব্যামোহ আনন্দেন উত্তরত্র তু শোকেনেতি জ্ঞেয়ম্। অতএব সর্গোঽয়ং শ্রীরাধাস্মরণবিকারবর্ণনেন মুগ্ধো মনোহরো মাধবো যত্র সঃ ॥ ১৬ ॥

---

শ্রীহরি কংসের রণমাতঙ্গ কুবলয়াপীড়ের সহিত সংগ্রামসময়ে তাহার বিপুলকুম্ভস্থল দর্শনে সাত্ত্বিকভাবের উদয় হওয়াতে তদীয় শ্রীঅঙ্গ স্বেদে অভিষিক্ত ও লোচনযুগল নিমীলিত হইল ; কিন্তু ক্ষণপরেই তিনি সেই মত্তহস্তীকে দূরে ফেলিয়া দিলে সকলে জয়নাদ করিয়া উঠিল ; কিন্তু ঐ জয়শব্দ কংসের পক্ষে শোকসূচক কোলাহলরূপে পরিগণিত হইল। সেই মদনমোহন কৃষ্ণ তোমাদিগের হর্ষবর্দ্ধন করুন ॥১৬॥

দশম সর্গ সমাপ্ত।

# একাদশঃ সর্গঃ।

স্থচিরমনুনয়েন প্রীণয়িত্বা যুগাক্ষীম,
গতবতি কৃতবেশে কেশবে কুঞ্জশয্যাম্।
রচিতরুচিরভূষাং দৃষ্টিমোষে প্রদোষে,
স্ফুরতি নিরবসাদাং কাপি রাধাং জগাদ ॥ ১॥

---

এবং প্রিয়াং প্রসাদ্য মেঘৈর্মে দুরমিত্যুপক্রান্তবচনাৎ সখীসম্মতিঞ্চা-লক্ষ্য কুঞ্জশয্যাং শ্রীকৃষ্ণে গতবতি সতি সখী শ্রীরাধামাহ স্থচিরমিতি। দৃষ্টিং মুষ্ণাতি তমসাবৃণোতি দৃষ্টিমোষস্তস্মিন্ প্রদোষে স্ফুরতি সতি কেশবে চ কুঞ্জশয্যাং গতবতি সতি কাপি রাধাং জগাদ। কিং কৃত্বা?—বহুকালং ব্যাপ্য অনুনয়েন মৃগাক্ষীং প্রীণয়িত্বা। কীদৃশম্? —রচয়িত্বা প্রিয়রুচিকরী ভূষা যয়া তাম্। পুনঃ কীদৃশীম্?—নিরবসাদাং প্রিয়াপ্রাপ্তিজন্যাৎ দুঃখান্নির্গতাম্। কীদৃশে?—কৃতঃ প্রিয়ামনোহরো বেশো যেন তস্মিন্॥ ১॥

---

অনেকক্ষণ অনুনয়-বিনয় সহকারে মৃগলোচনা শ্রীমতীকে প্রসন্ন করিয়া দৃষ্টি-আচ্ছাদনী সন্ধ্যা উপস্থিত হইলে মনোরম বেশে শ্রীহরি রাধা-বিরচিত কুঞ্জশয্যাসমীপে উপস্থিত হইলেন। তখন প্রিয়সখী বিষাদযুক্তা, বল্লভের মনোহর বেশভূষায় সমলঙ্কৃতা রাধাকে বলিতে আরম্ভ করিল॥ ১॥

( গীতম্ )

( বসন্তরাগযতিতালাভ্যাং গীয়তে )

বিরচিতচাটুবচনরচনং চরণে রচিতপ্রণিপাতম্ ।
সম্প্রতি মঞ্জুলবঞ্জুলসীমনি কেলিশয়নমনুযাতম্ ।
মুগ্ধে মধুমথনমনুগতমনুসর রাধিকে ॥ ২ ॥
ঘনজঘনস্তনভারভরে দরমন্থরচরণবিহারম্ ।

---

অনুগতানুগমনশৈথি-
হে মুগ্ধে ! সম্প্রতি অনুগতং মধুমথনমনুগচ্ছ
ল্যান্মুগ্ধে ইতি সম্বোধনম্ । অনুগতিমাহ ।—বিরচিতা ভঙ্গ্যা প্রতি-
পাদিতা চাটুবচনানাং রচনা যেন তম্ । চাটুবচনমাত্রেণ কথং জ্ঞেয়ানু-
গতিঃ ?—চরণে রচিতঃ প্রণিপাতঃ প্রণতির্যেন তং ত্বৎসমীপস্থিতায়াং
ময়ি কথং প্রার্থ্যতে ?—সংপ্রতি তব প্রসাদমালক্ষ্য মনোহরবঞ্জুলকুঞ্জস্য
সীমনি মধ্যভাগে যৎ কেলিশয়নং তত্র গতম্ ॥ ২ ॥
এতন্নিশম্য মৌনেন সম্মতিমূহমানা শীঘ্রং গমনপ্রকারমাহ জঘনে-
ত্যাদিনা । জঘনে চ স্তনৌ চ জঘনস্তনং ঘনং সঙ্গতং যজ্জঘনস্তনং তস্য
ভারস্য ভরোঽতিশয়ো যস্যাঃ হে তাদৃশি ! অতএব দরমন্থরচরণবিহারং
যথা স্যাত্তথা প্রিয়সমীপং গচ্ছ, তথা মুখরিতৌ মণিমঞ্জীরৌ যত্র

---

"হে মুগ্ধে ! যিনি বহুবিধ চাটুবাক্যে অনুনয় করিয়া ও ত্বদীয় পদে
প্রণত হইয়া তোমার মানভঙ্গ পূর্ব্বক মনোরম বেতসলতাকুঞ্জে রতি-
শয্যায় তোমার আশায় অপেক্ষা করিয়া রহিয়াছেন, সেই শরণাগত
মধুসূদন হরির অনুগামিনী হও ॥ ২ ॥
হে বিশালজঘনে ! হে পীনকুচশালিনি ! তুমি মৃদুমন্দগতিতে মণি-

মুখরিতমণিমঞ্জীরমুপৈহি বিধেহি মরালনিকারম্ ॥ ৩ ॥
শৃণু রমণীয়তরং তরুণীজনমোহনমধুরিপুরাবম্।
কুসুমশরাসনশাসনবন্দিনি পিকনিকরে ভজ ভাবম্ ॥৪ ॥
অনিলতরলকিশলয়নিকরেণ করেণ লতানিকুরম্বম্।
প্রেরণমিব করভোরু করোতি গতিং প্রতি মুঞ্চ বিলম্বম্ ।৫ ॥

---

তচ্চ যথা স্যাত্তথা তেন হংসপরিভবং কুরু। নূপুরধ্বনের্হংসরব-পরিভাবিত্বাদিত্যর্থঃ ॥৩ ॥

তত্র গত্বা কিং করোমি?—মধুরিপো রাবং শৃণু। কীদৃশমতিরমণীয়ম্ অতএব তরুণীজনানাং মোহজনকম্। ততঃ কোকিলসমূহে কৃতং দ্বেষং ত্যক্ত্বা ভাবং প্রীতিং কুরু। কুসুমশরাসনশাসনবন্দিনি হে যুবত্যঃ! কান্তসন্নাহমন্তরেণ মদ্বাণাদন্যো রক্ষিতা নাস্ত্যতো মানং ইতি কামাজ্ঞা তস্যা স্তাবকে ॥ ৪ ॥

মদ্বচনমনুমোদমানা অচেতনাপি লতা ত্বাং প্রেরয়তীত্যাহ। হে করভোরু! লতাসমূহোঽপ্যনিলতরলকিশলয়নিকরেণ করেণ তব প্রেরণং করোতি,তস্মাদ্গতিং প্রতি বিলম্বং মুঞ্চ। অচেতনানুকূল্যেনাপি তচ্চেতো ন দ্রবতীত্যভিপ্রায়ঃ। বস্তুতস্তু উদ্দীপনমেবৈতৎ সর্ব্বম্ ॥ ৫ ॥

---

নূপুরধ্বনি করিতে করিতে হংসকে পরাজয় করত বল্লভসন্নিধানে প্রস্থান কর ॥ ৩ ॥

যুবতীচিত্তরঞ্জন হরির মনোরম পরিহাসবাক্য শ্রবণ কর এবং মান-বিসর্জ্জন করিয়া বল্লভসমীপে যাও, এই মদনাজ্ঞাপ্রচারক কোকিলের সহ সদ্ভাব স্থাপন কর ॥ ৪ ॥

হে করভোরু! লতিকাপুঞ্জ বায়ুসঞ্চারিত পত্ররূপ হস্ত দ্বারা প্রিয়সন্নিধানে গমনে যেন ইঙ্গিত করিতেছে; সুতরাং আর বিলম্ব করিও না ॥৫॥

স্ফুরিতমনঙ্গতরঙ্গবশাদিব সূচিতহরিপরিরম্ভম্।
পৃচ্ছ মনোহরহারবিমলজলধারমমুং কুচকুম্ভম্ ॥ ৬ ॥
অধিগতমখিলসখীভিরিদং তব বপুরপি রতিরণসজ্জম্।
চণ্ডি রণিতরসনারবডিণ্ডিমমভিসর সরসমলজ্জম্ ॥ ৭ ॥

---

এবং ভাবমুদ্দীপ্য বিকারান্ দর্শয়তি। যদি মদ্বচনমনাত্মীয়মিতি মন্যসে, হে সখি! তদাত্মীয়মমুং কুচকুম্ভং পৃচ্ছ। কীদৃশম্?—অনঙ্গতরঙ্গবশাৎ কম্পিতমিব। পুনঃ কীদৃশম্?—মনোহরো হার এব বিমলা জলধারা যত্র তৎ. কুচোঽয়ং কলসত্বেন নিরূপিতম্। কম্পিতশ্চানঙ্গতরঙ্গবশাৎ তস্মাদ্ধারোঽপি জলধারাত্বেন নিরূপিতঃ। অত্র উৎপ্রেক্ষতে সূচিতহরিপরিরম্ভমিবেতি। ব স্তনকম্পনং হি নার্য্যাঃ প্রিয়সঙ্গমং সূচয়তীতি প্রসিদ্ধেরয়মেব জিজ্ঞাস্য ইত্যভিপ্রায়ঃ ॥ ৬ ॥

সম্প্রতি মাধবানুসরণে কাঞ্চ্যাদিভূষণমেব ত্বাং বাদ্যং বানক্তীত্যাহ। তবেদং বপুরপি রতিরণসসজ্জমিত্যখিলসখীভিরপি জ্ঞাতম্। কথমন্যথা কাঞ্চ্যাদিগ্রহণমিতি ভাবঃ। ন কেবলং মন এব বপুরপীত্যর্থঃ। ততো হে চণ্ডি! রণপ্রবীণে অলজ্জং লজ্জারহিতং সরসং সোৎসাহং রসিতা রসনা সৈব রবডিণ্ডিমো বাদ্যভাণ্ডবিশেষো যত্র, এতচ্চ যথা স্যাত্তথাভিসর

---

সখি! আমার কথা যদি আত্মীয়বাক্য বলিয়া গ্রাহ্য না হয়,তবে নির্ম্মল বারিধারাবৎ মুক্তাহারে সজ্জিত তোমার কুচকলসকে ( যাহা কামতরঙ্গাবেশে বিকম্পিত হইয়া কৃষ্ণ সহ আলিঙ্গন প্রকাশ করিতেছে ) সত্বর জিজ্ঞাসা কর ॥ ৬ ॥

তোমার দেহও রতিযুদ্ধসজ্জায় সজ্জিত ; সখীরা সকলেই ইহা বিদিত হইয়াছে। হে রতিযুদ্ধকুশলে! তুমি লজ্জা বিসর্জ্জন দিয়া মেখলারূপ

স্মরশরসুভগনখেন করেণ সখীমবলম্ব্য সলীলম্ ।
চল বলয়কণিতৈরববোধয় হরিমপি নিজগতিশীলম্ ॥ ৮ ॥
শ্রীজয়দেবভণিতমধরীকৃতহারমুদাসিতবামম্ ।
হরিবিনিহিতমনসামধিতিষ্ঠতু কণ্ঠতটীমবিরামম্ ॥ ৯ ॥

---

প্রিয়াভিমুখমনঙ্গরঙ্গং যাহি, রণসজ্জিতস্য বিলম্বে ভয়াশঙ্কামাসঞ্জয়তীত্যর্থঃ ॥ ৭ ॥

অথ গমনপ্রকারমাহ। হে সখি! করেণ সখীমবলম্ব্য সলীলং যথা স্যাত্তথা চল। কীদৃশেন?—স্মরশরসুভগনখেন সংগ্রামার্থং পঞ্চনখা এব মোহনাদিকমন্ত্রাণি তানি গৃহীত্বা গচ্ছেত্যর্থঃ। গত্বা চ বলয়কণিতৈহ রিমপি অববোধয় রণায় সাবধানং কুরু। কীদৃশম্?—নিজগতৌ ত্বৎপ্রাপ্তৌ শীলং সমাধির্যস্য। সমীচীনো যোদ্ধা হি প্রতিভটং অবহিতং কৃত্বৈব যুধ্যত ইত্যর্থঃ ॥ ৮ ॥

শ্রীজয়দেবভণিতং হরিবিনিহতমনসাং জনানাং কণ্ঠতটীমবিরামং যথা স্যাত্তথা অধিতিষ্ঠতু। হারাদেঃ সদ্ভাবে কথমস্যাবিরামতাসিদ্ধিস্তত্রাহ। অধরীকৃতো হারো যেন তৎ ইদমেব পরমং কণ্ঠভূষণমিত্যর্থঃ।

---

স্য করিতে করিতে উৎসাহ সহকারে অভিসারযুদ্ধে অগ্রগামিনী হও ॥ ৭ ॥

মদনের পঞ্চবাণরূপ, মনোরম পঞ্চনখে বিরাজিত কর দ্বারা সখীকে আশ্রয়পূর্ব্বক সংগ্রামার্থ প্রস্থান কর এবং সেই স্থানে উপস্থিত হইয়া বলয়শব্দে তোমার আগমনচিন্তামগ্ন কৃষ্ণকে সাবধান করিয়া দেও ॥ ৮ ॥"

কবি জয়দেব-বিরচিত এই গীতিকা হার অপেক্ষা মনোহর ও রমণী

সা মাং দ্রক্ষ্যতি বক্ষ্যতি স্মরকথাং প্রত্যঙ্গমালিঙ্গনৈঃ,
প্রীতিং যাস্যতি রংস্যতে সখি সমাগত্যেতি সঞ্চিন্তয়ন্।
স ত্বাং পশ্যতি বেপতে পুলকয়ত্যানন্দতি স্বিদ্যতি,
প্রত্যুদ্গচ্ছতি মূর্চ্ছতি স্থিরতমঃপুঞ্জে নিকুঞ্জে প্রিয়ঃ॥ ১০॥

---

ভূষণবৈতৃষ্ণ্যেণ বামাশঙ্ক্যা বিচ্ছেদঃ স্যাৎ তত্রাহ। দূরীকৃতা বামা প্রকৃষ্টা রমণী যেন তৎ হৃদ্রোগমাশ্বপহিনোতীত্যুক্তেঃ॥ ৯॥

পুনঃ ত্বরয়িতুং শ্রীকৃষ্ণস্যাত্যুৎকণ্ঠমাহ সা মামিতি। সা প্রিয়া সমাগত্য মাং দ্রক্ষ্যতি, দৃষ্ট্বা চ স্মরকথাং বক্ষ্যতি, প্রেমালাপং কৃত্বা চ প্রত্যঙ্গমালিঙ্গনৈঃ প্রীতিং প্রাপ্স্যতি, প্রীতিযুক্তা সতী ময়া সহ রংস্যতে, ইতি সঞ্চিন্তয়ন্ স্থিরতমঃপুঞ্জে তমালবনান্ধকারস্যৈতৎ নিবিড়ে তরুচ্ছায়ান্ধকারস্যৈব স্থিতত্বাৎ তমঃপ্রবিষ্টমালক্ষ্যেতি শ্রীশুকোক্তিবৎ নিকুঞ্জে স প্রিয়ঃ শ্রীকৃষ্ণস্ত্বাং পশ্যতি; দৃষ্ট্বা চ মুদা বেপতে, পুলকয়তি আনন্দতি, স্বিদ্যতি, সৈবা প্রিয়া আগতেতি প্রত্যুদ্গচ্ছতি, ততশ্চানন্দাবেশেন মূর্চ্ছতি॥১০॥

---

অপেক্ষা চিত্তরঞ্জনী। যে সকল ব্যক্তির চিত্ত হরিতে সমর্পিত, এই গীতিকা তাঁহাদের কণ্ঠতটীতে নিয়ত বিরাজিত থাকুক॥ ৯॥

"প্রিয়তমা ধীরচরণবিক্ষেপে আগমন পূর্ব্বক সানুরাগে নেত্রপাত, প্রেমসম্ভাষণ, আলিঙ্গনে সন্তোষপ্রাপ্তি ও রমণ করিবেন, এই প্রকার চিন্তামগ্ন হরি ঘোর অন্ধকারাচ্ছন্ন কুঞ্জে যেন তোমাকে প্রত্যক্ষ দেখিয়াছেন, রতি-আবেশে বিকম্পিত হইতেছেন, পুলকে কণ্টকিত হইতেছেন, আনন্দভোগ করিতেছেন ও স্বেদাক্ত হইতেছেন, তোমাকে প্রত্যুদ্গমন করিতেছেন এবং মোহগ্রস্ত হইতেছেন॥ ১০॥

অক্ষোর্নিক্ষিপদঞ্জনং শ্রবণয়োস্তাপিঞ্ছগুচ্ছাবলী,
মূর্দ্ধ্নি শ্যামসরোজদামকুচয়োঃ কস্তূরিকাপত্রকম্।
ধূর্ত্তানামভিসারসত্বরহৃদাং বিষ্বঙ্ নিকুঞ্জে সখি,
ধ্বান্তং নীলনিচোলচারু সুদৃশাং প্রত্যঙ্গমালিঙ্গতি ॥ ১১ ॥

কাশ্মীরগৌরবপুষামভিসারিকানা-
মাবদ্ধরেখমভিতো রুচিমঞ্জরীভিঃ।

---

অথান্ধকারাভিসারোচিতবেশোপকরণমপ্যেতদেবেত্যাহ অক্ষোরিতি। হে সখি! সর্ব্বতো ব্যাপি ধ্বান্তং সুদৃশাং প্রত্যঙ্গমালিঙ্গতি, প্রিয়াভিসারানুকূল্যেন সুখং প্রদাতীত্যর্থঃ। কীদৃশম্?—নীলনিচোলাদপি চারু সর্ব্বাঙ্গাবরকত্বেনালিঙ্গনমুৎপ্রেক্ষিতম্। কীদৃশীনাম্?—ধূর্ত্তানাং পরবঞ্চকানাং অতএবাভিসারে সত্বরং হৃদয়ং যাসাং, পরবঞ্চকতয়া কাচিৎ কদাচিৎ সত্বরমভিসরেদিত্যতো বিলম্বো ন কার্য্য ইত্যর্থঃ। কিং কুর্ব্বৎ?—অক্ষোরঞ্জনং শ্রবণয়োস্তমালস্তবশ্রেণীং মূর্দ্ধ্নি শ্যামসরোজানাং দাম কুচয়োঃ কস্তূরিকাপত্রকং পত্রভঙ্গলেখাঞ্চ নিক্ষিপৎ দূরং প্রেরয়ৎ ॥ ১১ ॥

প্রেমপরীক্ষণকারণমপ্যেতদেবেত্যাহ কাশ্মীরেতি। এতত্তমিস্রং অভিত অভিসারিকাণাং রুচিমঞ্জরীভিরাবদ্ধরেখং সৎ-প্রেমহেম্নো নিকষ-

---

নেত্রের অঞ্জন, শ্রবণের তমালস্তবকপংক্তি, শিরঃপ্রদেশের নীলপদ্মমালা ও স্তনের কস্তূরীচিত্রের শোভানিন্দিত,নীলাম্বর অপেক্ষা মনোরম আচ্ছাদনকারী, সর্ব্বত্রব্যাপী নিবিড় তিমিররাশি,ধূর্ত্তা অভিসারোৎকণ্ঠিতা সুনয়নাগণের প্রতি অঙ্গ আলিঙ্গন করিতেছে; সুতরাং সখি! আশু প্রিয়বল্লভসকাশে প্রস্থান কর ॥ ১১ ॥

কুঙ্কুমগৌরাঙ্গী অভিসারিকাগণের কান্তিরেখা সমন্তাৎ প্রক্ষিপ্ত হও-

এতত্তমালদলনীলতমং তমিস্রম্,
তৎপ্রেমহেমনিকষোপলতাং তনোতি ॥ ১২ ॥
হারাবলীতরলকাঞ্চনকাঞ্চিদাম-
মঞ্জীরকঙ্কণমণিদ্যুতিদীপিতস্য।
দ্বারে নিকুঞ্জনিলয়স্য হরিং বিলোক্য,
ব্রীড়াবতীমথ সখীমিয়মিত্যুবাচ ॥ ১৩ ॥

---

পাষাণতাং তনোতি। কীদৃশীনাম্?—কাশ্মীরগৌরবৎ গৌরং বপুর্যাসাং তাসাম্। যথা নিকষপাষাণে সুবর্ণশুদ্ধিজিজ্ঞাসা তথা তাসাং ঘনান্ধকারে নিঃসাধ্বসতয়া গমনজিজ্ঞাসেতি ভাবঃ। কীদৃশম্?—তমালদলবন্নীলতমম্। এতেনান্ধকারস্য নৈবিড্যং প্রতিপাদিতং তমালবনবিহারশ্চ ॥ ১২ ॥

ইদানীং তন্নিকটং গত্বা অত্যুৎসুকং শ্রীকৃষ্ণং বীক্ষ্য গন্তুমুদ্যতামপি লজ্জয়া তৎপার্শ্বমভজমানাং সখী প্রাহ হারেতি। নিকুঞ্জনিলয়স্য দ্বারে হরিং বিলোক্য অথানন্তরমিয়ং সখী লজ্জাবতীং সখীমিতি বক্ষ্যমাণমুবাচ। কীদৃশস্য?–হারাবলের্মধ্যগানাং মণীনাং কাঞ্চনকাঞ্চিদাম্নো-মঞ্জীরয়োঃ কঙ্কণয়োশ্চ মণীনাং দ্যুতিভির্দীপিতস্য ॥ ১৩ ॥

---

য়ায় তমালপত্রবৎ নীলতম অন্ধকার তাহাদের প্রেমরূপ কাঞ্চনের নিকষপ্রস্তরের ন্যায় শোভা ধারণ করিয়াছে ॥ ১২ ॥”

তৎপরে রাধিকা নিকুঞ্জবাসদ্বারে আগত হওয়ায় তদীয় হারমধ্যস্থ এবং স্বর্ণময় মেখলা নূপুর ও বলয়ে নিবেশিত মণির দীপ্তিতে অন্ধকার বিদূরিত হইলে হরিকে দেখিতে পাইয়া লজ্জায় অধোমুখী হইলেন। তখন সখী তাঁহাকে এইরূপ বলিতে আরম্ভ করিল ॥ ১৩ ॥

( গীতম্ )

( দেশবাড়ীরাগরূপকতালাভ্যাং গীয়তে )

মঞ্জুতরকুঞ্জতলকেলিসদনে।
প্রবিশ রাধে মাধবসমীপমিহ,
বিলস রতিরভসহসিতবদনে॥ ১৪॥
নবভবদশোকদলশয়নসারে।
প্রবিশ রাধে মাধবসমীপমিহ,
বিলস কুচকলসতরলহারে॥ ১৫॥

---

কিমুবাচ সখীত্যাহ মঞ্জুতরেত্যাদিনা। হে রাধে! মাধবসমীপং প্রবিশ, প্রবিশ্য চ ইহ মঞ্জুতরকুঞ্জতলমেব কেলিসদনং তত্র বিলস, রতিরভসেন হসিতং বদনং যস্যা হে তাদৃশি! তব উচ্ছ্বসিতং মনঃ অত্যুৎসুকতয়া হাস্যমিষেণ প্রিয়মিলনায় বহির্নির্গতমিতি ভাবঃ॥ ১৪॥

ন মন্মন উচ্ছ্বলিতং কিন্তু অস্য তব নাগরস্য বৈকল্যমাকলয্য মদ্বদনং হসিতং তত্রাহ।—সর্ব্বত্র পূর্ব্ববন্মুখবন্ধযোজনা। প্রতিপদে শেষার্দ্ধং ধ্রুবম্। কেলিসদনে কীদৃশে?—নবভবদশোকদলৈঃ পল্লবৈঃ রচিতং শয়নশ্রেষ্ঠং যত্র তস্মিন্। কুচকলসয়োঃ কম্পেন তরলো হারো যস্যাঃ হে তাদৃশি! কুচকম্পেনান্তর্ব্বৃত্তির্ব্যক্তা অতো বাম্যং ন কুর্ব্বিত্যর্থঃ॥১৫॥

---

"রাধিকে! রতি-আবেশে হাস্যবদনে মনোরম রতিকুঞ্জে হরির সন্নিধানে গমন পূর্ব্বক বিহার কর॥ ১৪॥

কুচযুগল বিকম্পিত হওয়াতে ত্বদীয় বক্ষস্থ হার দোদুল্যমান হইতেছে। নবোদ্গত অশোককিশলয়ে নির্ম্মিত মনোহর শয্যা বিরচিত রহিয়াছে,তুমি এই রতিকুঞ্জে হরিসমীপে গমন পূর্ব্বক বিহার কর॥১৫॥

কুসুমচয়রচিতশুচিবাসগেহে ।
প্রবিশ রাধে মাধবসমীপমিহ,
বিলস কুসুমসুকুমারদেহে ॥ ১৬ ॥
চলমলয়পবনসুরভিশীতে ।
প্রবিশ রাধে মাধবসমীপমিহ,
বিলস রতিবলিতললিতগীতে ॥ ১৭ ॥

---

অস্যাভিপ্রায়বিশেষাবকলনাৎ কম্পোঽয়মিত্যাহ। পুনঃ কীদৃশে ? কুসুমচয়েন রচিতং শুচেঃ শৃঙ্গারস্য বাসগেহং যত্র তস্মিন্। নিকুঞ্জাভ্যন্তরে পুষ্পগৃহরচনাবিশেষ ইতি ন পৌনরুক্ত্যম্। কুসুমেভ্যোঽপি সুকুমারো দেহো যস্যাঃ হে তাদৃশি ! নিকুঞ্জদ্বারগতঃ প্রিয়স্তাং প্রতীক্ষতে, ত্বং কুসুমসুকুমারতনুরতো বাম্যমযুক্তমিতি ভাবঃ ॥ ১৬ ॥

অথোদ্দীপনাতিশয়নেন কেলিসদনমেব বর্ণয়তি। চলেন মলয়বনস্থ পবনেন সুরভি শীতলঞ্চ যত্তস্মিন্ রতৌ স্খলিতং রতিযোগং ললিতং গীতং যস্যাঃ হে তাদৃশি ! অতোঽস্মিন্ প্রবিশ্য তদাচরেত্যর্থঃ ॥ ১৭ ॥

---

রাধিকে ! ত্বদীয় শরীর পুষ্পাপেক্ষাও কোমল, তুমি পুষ্পময় পবিত্র গৃহে হরিসমীপে প্রস্থান পূর্ব্বক বিহার কর ॥ ১৬ ॥

হে মুগ্ধে ! কেলিমন্দির মলয়-মারুত-চালিত বায়ুতে সুগন্ধি ও সুস্নিগ্ধ। তুমি কৃষ্ণ-সকাশে গিয়া অনুরাগ সহকারে সংগীত পূর্ব্বক বিহার কর ॥ ১৭ ॥

বিততবহুবল্লিনবপল্লবঘনে।
প্রবিশ রাধে মাধবসমীপমিহ,
বিলস চিরমলসপীনজঘনে ॥ ১৮ ॥

মধুমুদিতমধুপকুলকলিতরাবে।
প্রবিশ রাধে মাধবসমীপমিহ,
বিলস মদনরসনরসভাবে ॥ ১৯ ॥
মধুতরলপিকনিকরনিনদমুখরে ।

---

পুনঃ কীদৃশে ? বিততানাং বহুবল্লানাং নবপল্লবৈর্ঘনে নিবিড়ে অলসঞ্চ পীনঞ্চ জঘনং যস্যাঃ হে তাদৃশি ! চিরমিতি বিলাসক্রিয়াবিশেষণম্, ঈদৃগ্ জঘনং সফলং কুর্ব্বিত্যর্থঃ ॥ ১৮ ॥

পুনঃ কীদৃশে ? মধুনা মুদিতেন মধুপকুলেন বিহিতঃ শব্দো যত্র তস্মিন্। মদনরসেন শৃঙ্গাররসেন সরসভাবঃ সারস্যং যস্যাঃ হে তাদৃশি ! ঈদৃক্প্রভাবায়াস্তব তন্নিকটপ্রবেশ এব যোগ্য ইতি ভাবঃ ॥ ১৯ ॥

পুনঃ কীদৃশে ? মধুরতরৈঃ পিকনিকরনিনদৈর্মুখরে। দশনা এব

---

সখি ! গুরুজঘনভরে তুমি মন্থরগামিনী। লতিকাপুঞ্জের নবপল্লবাবরণে তিমিরাবগুণ্ঠিত কুঞ্জে হরি-সমীপে গমন পূর্ব্বক বিহার কর ॥১৮॥

রাধিকে ! কামরসে ত্বদীয় মন সরস। মধুমত্ত ভ্রমরপুঞ্জের গুঞ্জনে কেলিমন্দির শব্দায়মান হইতেছে; তুমি তথায় কৃষ্ণসন্নিধানে প্রস্থান পূর্ব্বক বিহার কর ॥ ১৯ ॥

রাধিকে ! তোমার দন্তকান্তি পক্বদাড়িম্ববীজবৎ মনোহর। কোকি-

প্রবিশ রাধে মাধবসমীপমিহ,
বিলস দশনরুচিরুচিরশিখরে ॥ ২০ ॥
বিহিতপদ্মাবতীসুখসমাজে।
কুরু মুরারে মঙ্গলশতানি,
ভণতি জয়দেবকবিরাজরাজে ॥ ২১ ॥
ত্বাং চিত্তেন চিরং বহন্নয়মতিশ্রান্তো ভৃশন্তাপিতঃ,
কন্দর্পেণ চ পাতুমিচ্ছতি সুধাসংবাধবিম্বাধরম্ ॥
অস্যাঙ্কং তদলঙ্কুরু ক্ষণমিহ ভ্রূক্ষেপলক্ষ্মীলব-
ক্রীতে দাস ইবোপসেবিতপদাম্ভোজে কুতঃ সম্ভ্রমঃ ॥ ২২ ॥

---

রুচিরমাণিক্যবিশেষা যস্যাঃ হে তাদৃশি! ঈদৃগ্ দশনায়াস্তৎক্রিয়াবিশেষকৃত্যমেব যোগ্যমিতি ভাবঃ ॥ ২০ ॥

হে মুরারে! জয়দেবকবিরাজরাজে ভণতি সতি ত্বদর্থসখীপ্রার্থনমিতি শেষঃ মঙ্গলশতানি কুরু। কথম্?—বিহিতঃ পদ্মাবত্যাঃ শ্রীরাধায়াঃ সুখসমূহো যেন তস্মিন্। নিজেষ্টদেবোপাসনায়ামিত্যর্থঃ। নিত্যত্ব-সর্ব্বোত্তমত্বনিশ্চয়াবেশেনাত্মানং বহুমন্যমানস্য কবিরাজরাজ ইতি প্রৌঢ়োক্তিরিয়ম্ ॥ ২১ ॥

অথ সখী প্রসাদমালক্ষ্য কৌতুকেন সনর্ম্মাহ ত্বামিতি। অয়ং ত্বাং চিত্তেন বহন্নতিশ্রান্তঃ পীনস্তনশ্রোণীগুরুতয়েত্যর্থঃ। কন্দর্পেণ চ ভৃশং

---

লেরা কলনাদে কুঞ্জ প্রতিধ্বনিত করিতেছে; তুমি তথায় মাধবসকাশে গিয়া বিহার কর ॥ ২০ ॥"

হে হরে! ত্বদীয় প্রীত্যর্থ শ্রীমতী রাধিকার হর্ষবর্দ্ধক সখীবাক্যরূপ এই গীতিকা কবিপ্রবর জয়দেব কর্ত্তৃক বিরচিত ॥ ২১ ॥

"হে রাধিকে শ্রীহরি অনেকক্ষণ চিন্তাযোগে তোমাকে বক্ষে ধারণ

সা সসাধ্বসমানন্দং গোবিন্দে লোললোচনা ।
শিঞ্জানমঞ্জুমঞ্জরীং প্রবিবেশ নিবেশম্ ॥ ২৩ ॥

---

তাপিতঃ, অতঃ শ্রমেণ তাপেন চ পিপাসিতঃ। সুধয়া সংবাধঃ সঙ্কটং ব্যাপ্তমিতি যাবৎ বিম্বাধরঃ পাতুমিচ্ছতি তস্মাদস্যাঙ্কং ক্ষণং শোভয়। অন্তঃস্থিতায়া বহিঃস্থিতস্য পানানুপপত্তেরিতি ভাবঃ। অবিদিতাভিপ্রায়স্যাঙ্কপ্রবেশে মন্মনঃ সংকুচত্যত আহ। ভ্রুবোঃ ক্ষেপশ্চালনং স এব লক্ষ্মীর্শ্বদ্ধিস্তস্যা লেশেন ক্রীতে। কুতঃ সঙ্কোচং কস্মিন্নিব অল্পমূল্যক্রীতে দাস ইব ক্রয়ক্রীতে শঙ্কা ন যুক্তা ইতি ভাবঃ। ক্রীতত্বে হেতুঃ--সেবিতে পদাম্ভোজে যেন তস্মিন্। ক্রীতস্যৈব সেবোপযোগাদিতি ভাবঃ ॥ ২২।

ইতি সখীবচনোচ্ছ্বলিতচিত্তা কুঞ্জং প্রবিবেশেত্যাহ সেতি। সা শিঞ্জানমঞ্জুমঞ্জরীং সসাধ্বসং সানন্দং চ যথা স্যাত্তথা কুঞ্জগৃহং প্রবিবেশ। প্রথমসমাগমবৎ সাধ্বসং বিচ্ছেদান্তরপ্রাপ্ত্যা সানন্দমিতি জ্ঞেয়ম্; অতএব গোবিন্দে লোলে সতৃষ্ণে লোচনে যস্যাঃ সা ॥ ২৩॥

---

পূর্ব্বক অতীব ক্লান্ত হইয়াছেন এবং কামতাপে অতীব তপ্ত হওয়াতে তোমার সুধাপূর্ণ বিম্বাধর-পীযূষপানে লোলুপ হইয়াছেন; একবার গিয়া উঁহার অঙ্কদেশ বিভূষিত কর। তুমি তোমার মনোরম চক্ষে একবার কটাক্ষপাত করিলেই ইনি অল্পমূল্যে ক্রীতকিঙ্করবৎ ত্বদীয় চরণকমলের অর্চ্চনা করেন। ইহাঁকে দেখিয়া লজ্জা কি? ২২ ॥”

তদনন্তর শ্রীমতী ভয়ে ও আনন্দে জড়ীভূত হইয়া সস্পৃহলোচনে হরির দিকে নেত্রপাত করিলেন এবং মনোরম নূপুরশব্দ করিতে করিতে কুঞ্জমন্দিরের মধ্যে প্রবিষ্ট হইলেন ॥ ২৩ ॥

( গীতম্ )

( বরাড়ীরাগরূপকতালাভ্যাং গীয়তে )

রাধাবদনবিলোকনবিকসিতবিবিধবিকারবিভঙ্গম্,
জলনিধিমিব বিধুমণ্ডলদর্শনতরলিততুঙ্গতরঙ্গম্।
হরিমেকরসং চিরমভিলষিতবিলাসম্।
সা দদর্শ গুরুহর্ষবশংবদবদনমনঙ্গবিকাশম্ ॥ ২৪ ॥

---

এবং কুঞ্জপ্রবেশমুক্ত্বা শ্রীকৃষ্ণস্য তদ্দর্শনানন্দবিকারান্ বর্ণয়ন্ তস্যাস্তদ্দর্শনমাহ রাধেত্যাদিনা। সা শ্রীরাধা হরিং দদর্শ। কীদৃশম্? একস্মিন্নালম্বনে শ্রীরাধারূপে রসো যস্য তম্। তস্যাঃ সর্ব্বোত্তমত্বনিশ্চয়েন তদেকপরত্বমিত্যর্থঃ। নন্বন্যাঙ্গনাভিঃ রমমাণস্য কুতস্তৎপরত্বং চিরং পূর্ব্বোক্তপ্রকারেণাভিলষিতস্তয়া সহ বিলাসো যেন তম্, অতএব তৎপ্রসাদাবলোকনাৎ গুরুহর্ষস্যায়ত্তং বদনং যস্য তম্, অতএবানঙ্গস্য বিকাশো যত্র তম্। তদেকনিষ্ঠত্বমেব দৃষ্টান্তেন স্পষ্টয়তি। কীদৃশম্?—রাধাবদনবিলোকনেনৈব রসসমুদ্রস্য তস্য বিকাসিতা হর্ষস্তম্ভাদয় এব ঊর্ম্ময়ো যত্র তম্। কমিব?—জলনিধিমিব। কীদৃশং জলনিধিম্? বিধুমণ্ডলদর্শনেন চঞ্চলীকৃতাঃ তুঙ্গাস্তরঙ্গা যত্র তম্। অত্র শ্রীকৃষ্ণসমুদ্রয়োর্ব্বিকারোর্ম্ম্যোঃ সাম্যম্ ॥ ২৪ ॥

---

শ্রীহরি রাধাগতচিত্তে কেলির বাসনায় অপেক্ষা করিতেছিলেন, ইত্যবসরে শ্রীমতী তাঁহাকে দর্শন প্রদান করিলেন। চন্দ্রদর্শনে সাগরে যেমন উত্তালতরঙ্গমালা সমুদ্গত হয়, সেইরূপ রাধার মুখ দেখিয়া হরির নানারূপ কামবিকারজন্য ভঙ্গী বিকাসিত হইতে থাকিল এবং মহাহর্ষ নিবন্ধন তদীয় বদনপদ্মে কামাবেশ আবির্ভূত হইল ॥ ২৪ ॥

হারমমলতরতারমুরসি দধতং পরিলম্ব্য বিদূরম্।
স্ফুটতরফেনকদম্বকরম্বিতমিব যমুনাজলপূরম্ ॥ ২৫ ॥
শ্যামলমৃদুলকলেবরমণ্ডলমধিগতগৌরদুকূলম্।
নীলনলিনমিব পীতপরাগপটলভরবলয়িতমূলম্ ॥ ২৬ ॥
তরলদৃগঞ্চলবলনমনোহরবদনজনিতরতিরাগম্।
স্ফুটকমলোদরখেলিতখঞ্জনযুগমিব শরদি তড়াগম্ ॥ ২৭ ॥

---

পুনঃ কীদৃশম্?—উরসি বিদূরং পরিলম্ব্য হারং দধানম্। কীদৃশম হারম্? নির্ম্মলমুক্তাগ্রথিতম্। কমিব?—যমুনাজলপূরমিব। কীদৃশম্?—স্ফুটতরফেনকদম্বেন খচিতম্। অত্র শ্রীকৃষ্ণস্য যমুনাজলপূরেণ হারস্য ফেনসমূহেন সাম্যম্॥ ২৫ ॥

পুনঃ কীদৃশম্?—শ্যামলং মৃদুলঞ্চ কলেবরমণ্ডলং যস্য তম্। যথোচিতাবয়বনিবেশপ্রতিপাদনার্থং মণ্ডলত্বেনোক্তিঃ। তথা প্রাপ্তং পীতদুকূলং যেন তম্। কমিব?—নীলনলিনমিব। কীদৃশম্?—পীতপরাগাণাং সমূহাতিশয়েন বেষ্টিতং মূলং যস্য তম্। অত্র নীলকমলে শ্রীকৃষ্ণস্য পরাগেণ পীতবস্ত্রস্য সাম্যম্; পরাগাবৃতমূলবর্ণনেনাদ্ভুতোপমেয়ম্ ॥২৬ ॥

পুনঃ কীদৃশম্?—চঞ্চলস্য দৃগঞ্চলস্য বলনেন মনোহরং যদ্বদনং তেন জনিতঃ তস্যা রতিরাগো যেন তম্। কমিব?—শরদি তড়াগমিব। কীদৃ-

---

কালিন্দীসলিলে ফেনপুঞ্জবৎ তদীয় বক্ষে লম্বিত মুক্তাহার শোভা পাইতে লাগিল ॥ ২৫ ॥

পীতপরাগ-পরিবেষ্টিত নীলোৎপলের মৃণালের ন্যায় হরির পীতাম্বরাবৃত শ্যামল মৃদুদেহ শোভা প্রাপ্ত হইতেছিল ॥ ২৬ ॥

শারদীয় বিমল-জলপূর্ণ তড়াগে প্রস্ফুটিত কমলাভ্যন্তরে ক্রীড়মান

বদনকমলপরিশীলনমিলিতমিহিরসমকুণ্ডলশোভম্।
স্মিতরুচিরুচিরসমুল্লসিতাধরপল্লবকৃতরতিলোভম্ ॥ ২৮ ॥
শশিকিরণচ্ছুরিতোদরজলধরসুন্দরসকুসুমকেশম্।
তিমিরোদিতবিধুমণ্ডলনির্ম্মলমলয়জতিলকনিবেশম্ ॥ ২৯ ॥

শম্?— বিকসিতং যৎ পদ্মং তস্যোদরে ক্রীড়াপরং খঞ্জনযুগং যত্র তৎ,অত্র শ্রীকৃষ্ণস্য তড়াগেন বদনস্য কমলেন নয়নয়োঃ খঞ্জনযুগলেন সাম্যম্ ॥২৭॥

পুনঃ কীশম্?—বদনমেব কমলং তস্য প্রকাশনায় মিলিতাভ্যাং সূর্য্যসদৃশাভ্যাং কুণ্ডলাভ্যাং শোভা যত্র তম্। তথা স্মিত এব রুচিস্তয়া রুচিরঃ সমুল্লসিতশ্চ যোঽধরপল্লবস্তেন জনিতঃ রতিলোভো যেন তম্ ॥ ২৮ ॥

পুনঃ কীদৃশম্?—শশিকিরণৈর্ব্যাপ্তং উদরং যস্য জলধরস্য তদ্বেব সুন্দরাঃ সকুসুমাঃ কেশা যস্য তম্। অত্র কেশানাং মেঘেন পুষ্পাণাং ইন্দুকিরণেন সাম্যম্। তথা তিমিরে উদিতং যদ্বিধুমণ্ডলং তদ্বন্নির্ম্মলশ্চন্দনতিলকনিবেশো যস্য তম্; অত্র ললাটস্য তিমিরেণ তিলকস্য ইন্দুমণ্ডলেন সাম্যং ইয়মপ্যদ্ভুতোপমা ॥ ২৯ ॥

খঞ্জনদ্বয়ের ন্যায় হরির লোচনদ্বয় প্রণয়িনীর মনোরম মুখে চপলদৃষ্টিপাত করিয়া রতিরাগবৃদ্ধি করিতে লাগিল ॥ ২৭ ॥

তিনি মুখপদ্মপ্রকাশার্থ ভাস্করসদৃশ শ্রবণকুণ্ডল পরিগ্রহ পূর্ব্বক বিরাজ করিতেছেন। তদীয় সমুল্লসিত অধরপল্লব মধুরহাস্যে মনোরমভাব ধারণ করত রতিশোভা বৃদ্ধি করিতেছিল ॥ ২৮ ॥

মেঘোদয়ে চন্দ্ররশ্মিবৎ তদায় কেশপাশে পুষ্পদাম ও অন্ধকারমধ্যে উদিত শশধরমণ্ডলের ন্যায় তদায় ভালতটস্থ বিমল চন্দনতিলক বিরাজ করিতেছেন ॥ ২৯ ॥

বিপুলপুলকভরদন্তুরিতং রতিকেলিকথাভিরধীরম্।
মণিগণকিরণসমূহসমুজ্জ্বলভূষণসুভগশরীরম্ ॥ ৩০ ॥
শ্রীজয়দেবভণিতবিভবদ্বিগুণীকৃতভূষণভারম্।
প্রণমত হৃদি নিধায় হরিং সুচিরং সুকৃতোদয়সারম্ ॥ ৩১ ॥
অতিক্রম্যাপাঙ্গং শ্রবণপথপর্য্যন্তগমন-
প্রয়াসেনৈবাক্ষ্ণোস্তরলতরতারং পতিতয়োঃ।

---

পুনঃ কাদৃশম্ ?—বিপুলানাং পুলকানামতিশয়েন বিষমীকৃতং কচিদুন্নতং ক্বচিদবনতং ইতি যাবৎ অতএব তদ্দর্শনাৎ হৃত্ত্যদ্গতরতিকেলিকথাভিরধীরং তথা মণিগণকিরণানাং সমূহেন সমুজ্জ্বলৈর্ভূষণৈঃ সুন্দরং শরীরং যস্য তম্ ॥ ৩০ ॥

ভোঃ সাধবঃ! হৃদি হরিং বিনিধায় সুচিরং যথা স্যাত্তথা প্রণমত। কীদৃশম্ ?—পুণ্যবিশেষস্য য উদয়ঃ ফলং তস্য সারভূতম্, তথা শ্রীজয়দেবভণিতমেব বিভবস্তেন দ্বিগুণীকৃতঃ ভূষণভারো যত্র তম্। যৈঃ স্বয়মলঙ্কৃতঃ তে অলঙ্কারাঃ জয়দেবস্যোপমাদিবাগ্ভিঃ সৈর্দ্বিগুণীকৃতা ইত্যর্থঃ ॥৩১॥

অথ শ্রীকৃষ্ণস্য শ্রীরাধিকাদর্শনানন্দবিকারমুক্ত্বা শ্রীরাধায়াস্তদ্দর্শনানন্দবিকারমাহ অতিক্রম্যেতি। তদানীং শ্রীকৃষ্ণাবলোকনসময়ে শ্রীরাধায়া

---

মণিকিরণোদ্ভাসিত বিভূষণসমূহে তদীয় সুন্দরদেহ বিরাজিত হইয়াছিল। তিনি অসীম আনন্দে পুলকিত হওয়াতে রতিক্রীড়া-প্রসঙ্গে অধীর হইয়া পড়িয়াছিলেন ॥ ৩০ ॥

শ্রীজয়দেবকবিবিরচিত এই গীতিকা শ্রীকৃষ্ণের অলঙ্কারশোভা দ্বিগুণ সৌন্দর্য্যবিশিষ্ট করিতেছে। ভক্তবৃন্দ পুণ্যফলের সারস্বরূপ হরিকে চিরদিন হৃদয়মন্দিরে ধারণ পূর্ব্বক প্রণতি করুন্ ॥ ৩১ ॥

প্রাণকান্তকে দেখিবার সময় শ্রীমতী রাধার অপরিতৃপ্ত নেত্রদ্বয়

তদানীং রাধায়াঃ প্রিয়তমসমালোকসময়ে,
পপাত স্বেদাম্ভঃপ্রসর ইব হর্ষাশ্রুনিকরঃ ॥ ৩২ ॥
ভজন্ত্যাস্তল্পান্তং কৃতকপটকণ্ডূতিপিহিত-
স্মিতং যাতে গেহাদ্বহিরবহিতালীপরিজনে।

---

অক্ষোর্হর্ষাশ্রুনিকরঃ পপাত। তত্রোৎপ্রেক্ষতে,—স্বেদাম্ভঃপ্রসর ইব যতোঽতিচঞ্চলা তারানেত্রকনীনিকা যত্র তৎ যথা স্যাত্তথা পতিতয়োঃ যঃ কশ্চিৎ পততি সোঽপি ঝটিত্যুত্থায় কেনাপি কিমহং দৃষ্ট ইতি তরলতরতারং কৃত্বা লজ্জয়া দিশোঽবলোকয়তি ইত্যভিপ্রায়ঃ। তত্রাপ্যুৎপ্রেক্ষতে, নেত্রান্তমতিক্রম্য শ্রবণপথপর্যন্তগমনপ্রয়াসেনৈব যোঽত্যন্তং গচ্ছতি সোঽপি পতত্যেব ইত্যর্থঃ ॥ ৩২ ॥

ততঃ শয্যান্তিকং গতায়াস্তস্যাঃ প্রিয়দর্শনাবেশেন লজ্জা বিজিতা ইত্যাহ ভজন্ত্যা ইতি। তৎসুখানুকূল্যে সাবধানো য আলীপরিজনস্তস্মিন্ কৃতকপটকর্ণাদিকণ্ডূত্যাচ্ছাদিতস্মিতং যথা স্যাত্তথা গেহাদ্বহির্যাতে সতি মৃগীদৃশঃ শ্রীরাধায়া লজ্জাপি সলজ্জা সতী অতিদূরং বিশেষেণাগমৎ।

---

অপাঙ্গ লঙ্ঘন পূর্ব্বক শ্রুতিমূল পর্য্যন্ত গমনে আকাঙ্ক্ষা করাতে বোধ হইল যেন, তদীয় নেত্রের তারা চপল হইয়াছে ও তাহা হইতে স্বেদরূপ অশ্রুবারি প্রকাশিত হইতেছে ॥ ৩২ ॥

শ্রীমতীর সুখে সুখিনী সখীরা কপটকণ্ডূয়নচ্ছলে হাস্য সংবরণ করিয়া গৃহ হইতে প্রস্থান করিলে মৃগনয়না রাধা কৃষ্ণের শয্যায় উপবেশনপূর্ব্বক

প্রিয়াস্যং পশ্যন্ত্যাঃ স্মরশরসমাকূতসুভগম্,
সলজ্জা লজ্জাপি ব্যগমদতিদূরং মৃগদৃশঃ ।৩৩॥
জয়শ্রীবিন্যস্তৈর্মহিত ইব মন্দারকুসুমৈঃ,
স্বয়ং সিন্দূরেণ দ্বিপরণমুদা মুদ্রিত ইব ।

---

কীদৃশ্যাম্ ?—শয্যায়া নিকটং গতায়াঃ অতশ্চ স্মরশরেণ সমাকূতং যদ্ধাস্য-কটাক্ষ্যাদিং তেন সুন্দরং যথা স্যাত্তথা প্রিয়াস্যং পশ্যন্ত্যাং প্রিয়াস্যবিশেষণং বা । ৩৩॥

অথ তথাভিলাষবিশেষেণালোচ্যমানাং শ্রীকৃষ্ণস্য ভুজদণ্ডং স্মরন্ তৎ-সৌন্দর্য্যং বর্ণয়তি কবিঃ জয়েতি। মুরজিতো ভুজদণ্ডো জয়তি। কীদৃশঃ?—ভুজাপীড়ক্রীড়য়া হতকুবলয়াপীড়করিণঃ প্রকীর্ণা বিক্ষিপ্তা লগ্না ইতি যাবৎ অসৃগ্বিন্দবো যত্র সঃ। তত্রোৎপ্রেক্ষতে—জয়শ্রিয়ার্পিতৈর্মন্দারকুসুমৈরর্চ্চিত ইব জয়শ্রীপূজিতত্বেন হেতুনোৎপ্রেক্ষান্তরমাহ দ্বিপেন

---

চিত্তরঞ্জন কটাক্ষে হরির শ্রীমুখ দর্শন করিতে প্রবৃত্ত হইলেন। অমনি লজ্জা লজ্জা পাইয়া অন্তরে প্রস্থিত হইল ॥ ৩৩॥

শ্রীহরি বাহুযুদ্ধে কুবলয়াপীড়কে সংহার করিলে তদীয় যে ভুজযুগল

ভুজাপীড়ক্রীড়াহতকুবলয়াপীড়করিণঃ,
প্রকীর্ণাসৃগ্বিন্দুর্জয়তি ভুজদণ্ডো মুরজিতঃ ॥ ৩৪ ॥
ইতি শ্রীগীতগোবিন্দ মহাকাব্যে অভিসারিকাবর্ণনে,
সানন্দগোবিন্দো নাম একাদশঃ সর্গঃ ॥ ১১ ॥

---

সহ সংগ্রামহর্ষেণ স্বয়ং সিন্দূরেণ মুদ্রিত ইব রণাভিমুখশ্চেৎ মল্লোঽভি-যাতি তদারুণরাগেণাঙ্গং সমুদ্রয়তীতি প্রসিদ্ধেঃ। অতএব বিপ্রলম্ভানন্তর-প্রাপ্তানন্দেন সহিতো গোবিন্দো যত্র সঃ ॥ ৩৪ ॥

ইতি বালবোধিন্যামেকাদশঃ সর্গঃ ॥

---

অলঙ্কৃত হইয়াছিল, অথবা হস্তাসহ রণোল্লাসে সিন্দুর দ্বারা যে বাহু অঙ্কিত করিয়াছিলেন, সেই দীর্ঘবাহু জয়যুক্ত হউক্ ॥ ৩৪ ॥

একাদশ সর্গ সমাপ্ত।

# দ্বাদশঃ সর্গঃ।

গতবতি সখীবৃন্দে মন্দত্রপাভরনির্ভর-
স্মরশরবশাকূতস্ফীতস্মিতস্নপিতাধরাম্।
সরসমনসং দৃষ্ট্বা রাধাং মুহুর্নবপল্লব-
প্রসবশয়নে নিক্ষিপ্তাক্ষীমুবাচ হরিঃ প্রিয়াম্ ॥ ১ ॥

( গীতম্ )

( বিভাসরাগৈকতালিতালাভ্যাং গীয়তে )

কিশলয়শয়নতলে কুরু কামিনি চরণনলিনবিনিবেশম্।
তব পদপল্লববৈরি পরাভবমিদমনুভবতু সুবেশম্।

---

অথ তাং প্রেমোল্লাসাবিষ্টামালক্ষ্য আত্মানং কৃতার্থং মন্যমানঃ শ্রীকৃষ্ণোঽতিদৈন্যমাবিষ্কুর্ব্বন্ প্রিয়ামুবাচেত্যাহ গতবতীতি। সখীবৃন্দে গতবতি সতি হরিঃ প্রিয়ামুবাচ। কিং কৃত্বা?—সরসমনসং তাং দৃষ্ট্বা, যতো মন্দো যস্ত্রপাভরস্তেন নির্ভরো যঃ স্মরশরস্তদ্বশো য আকূতোঽভিপ্রায়স্তেন স্ফীতং যৎ স্মিতং তেন স্নপিতোঽধরো যস্যাস্তাম্, অতএব নবপল্লববিরচিতবিস্তীর্ণশয্যায়াং বারংবারং নিক্ষিপ্তা দৃষ্টির্যয়া তাম্ ॥ ১ ॥
হে রাধিকে! নারায়ণং নারীণাং সমূহো নারং নারাণাময়-

---

সখীগণ নিকুঞ্জের বহির্ভাগে প্রস্থিত হইলে শ্রীকৃষ্ণ ঈষৎ লজ্জাবনতা, কমাবেশে প্রসন্না ও হাস্যমুখী রাধাকে নবপল্লবরচিত বিস্তৃত শয্যার প্রতি পুনঃ পুনঃ নেত্রপাত করিতে দেখিয়া বলিতে আরম্ভ করিলেন ॥ ১ ॥

"হে রাধে! এখন আশ্রিত নারায়ণকে কিয়ৎক্ষণের জন্য

ক্ষণমধুনা নারায়ণমনুগতমনুভজ রাধিকে ॥ ২ ॥
করকমলেন করোমি চরণমহাগমমিতাসি বিদূরম্।
ক্ষণমুপকুরু শয়নোপরি মামিব নূপুরমনুগতিশূরম্ ॥ ৩ ॥

---

নমাশ্রয়ে যস্তং স্ত্রীসমূহাশ্রয়ং ত্বামনুগতং ত্বদেকপরং মামধুনা ক্ষণমনুভজ বহুবল্লভোঽপ্যহং ত্বদেকনিষ্ঠ ইত্যর্থঃ। অনুভজনমেবাহ,—কিসলয়শয়নস্যোপরি চরণকমলয়োর্ব্বিন্যাসং কুরু; পূজায়াঃ প্রথমাঙ্গমাসনং অঙ্গীকুর্ব্বিত্যর্থঃ। মৎপূজাকামং ত্বয্যস্তীতি কামিনীশব্দঃ প্রযুক্তঃ। তেন কিং স্যাত্তত্রাহ,—ইদং কিসলয়শয়নং পরাজয়মনুভবতু। কুতোঽস্য পরাভবঃ সাধ্যস্তত্রাহ। তব পদপল্লববৈরি অরুণতাদিভির্গুণৈঃ সাম্যাকাঙ্ক্ষয়া বৈরিত্বমিতি। কীদৃশমিদং সুবেশং তত্তদ্গুণৈঃ শোভমানমপি হংসকাদ্যলঙ্কৃতমিত্যর্থঃ ॥ ২ ॥

তদারোহণেন কথং ত্বদনুভজনং স্যাদত আহ। অহমাত্মনঃ করকমলেন তব চরণয়োঃ পূজাং করোমি,যতস্তং বিদূরমাগমিতাসি আনীতাসি অর্থান্ময়েতি জ্ঞেয়ম্। দূরাগতস্য পূজা যুক্তৈবেত্যর্থঃ। তদর্থং ক্ষণং শয়নোপরি নূপুরমিব মামঙ্গীকুরু। উভয়ং বিশিনষ্টি। অনুগতো নিপুণং অনুগতস্য পদলগ্নস্য উপকারাচরণং যুক্তমেবেত্যর্থঃ ॥ ৩ ॥

---

ভজনা কর। হে মানিনি! এই নবপল্লবশয্যার উপর তোমার চরণকমল স্থাপন কর। লোহিতাদিগুণে ইহা তোমার চরণপল্লবকে বিপক্ষ সদৃশ বোধ করিতেছে; তুমি উহাকে পরাভূত কর ॥ ২ ॥

তুমি অনেক দূরে আগমন করিয়াছ,করপদ্ম দ্বারা তোমার পাদপূজা করিতে আজ্ঞা দেও। তোমার পাদলগ্ন নূপুরের ন্যায় আমাকে আশ্রিত জ্ঞানে মুহূর্ত্তের জন্য শয়নোপরি আমাকে গ্রহণ কর ॥ ৩ ॥

বদনসুধানিধি গলিতমমৃতমিব রচয় বচনমনুকূলম্।
বিরহমিবাপনয়ামি পয়োধররোধকমুরসি দুকূলম্ ॥ ৪ ॥
প্রিয়পরিরম্ভণরভসবলিতমিব পুলকিতমতিদুরবাপম্।
মদুরসি কুচকলসং বিনিবেশয় শোষয় মনসিজতাপম্ ॥ ৫ ॥

---

পূজানুজ্ঞাং বিনা পূজা ন শুভাবহেত্যনুজ্ঞাং প্রার্থয়তে বদনেতি। অমৃতমিব বচনং রচয় সরসং বদেত্যর্থঃ। কুতোঽমৃতত্বং বচনস্য যতো বদনেন্দোর্গলিতম্। কীদৃশম্?—তদনুকূলমেব অমৃতবদ্ভবতীতি। নন্ন কিমেতাবতা তবোপ্সিতং সেৎস্যতীত্যাহ, উরসি দুকূলং অপসারয়ামি, উরসীতি পঞ্চম্যর্থে সপ্তমী। কুতঃ?—পয়োধররোধকম্। কমিব?—বিরহমিব, যথা বিরহেণ পয়োধরদর্শনং বিচ্ছিদ্যতে তথানেনাপীতি ভাবঃ ॥ ৪ ॥

ততঃ বক্রমবলোকয়ন্তীং প্রতি ব্যাকুলঃ সন্নাহ প্রিয়েতি। হে প্রিয়ে! মদুরসি কুচকলসং স্থাপয়। উরস্যেবার্পণে হেতুমাহ।—অতিদুর্লভং দুরবাপস্য হস্তেব ধারণযোগ্যত্বাদিত্যর্থঃ। তর্হি কথং তৎপ্রাপ্তিরত আহ। প্রিয়স্য মম পরিরম্ভণায় যো রভসস্তেন উচ্ছ্বলিতমিবোৎপ্রেক্ষে তদপি কুতোঽবগতং পুলকিতং যথাত্ত্যাবলোকাৎ করুণস্তদার্ত্তিশমনায় পুলকিতো ভবতি তদ্বদয়মপীত্যর্থঃ। কিমর্থং তন্নিবেশনং প্রার্থ্যতে তত্রাহ।—কামতাপং শুষয়, রসায়নার্পণাত্তাপোপশান্তির্ভবতি এবেত্যর্থঃ ॥ ৫ ॥

---

তোমার বদন অমৃতের আকর, উহা হইতে পীযূষবৎ মধুর সদয়-বাণী নির্গত হউক, আমি তোমার কুচযুগলের আচ্ছাদনকারী বিরহ-স্বরূপ বক্ষস্থ বসন অপসারিত করি ॥ ৪ ॥

প্রিয়তমে! আমি কামাগ্নিতে সন্তাপিত। আমার আলিঙ্গন-প্রাপ্তির আবেশে উচ্ছ্বসিত ও পুলকিত সুদুর্লভ ত্বদীয় পয়োধরযুগল আমার বক্ষে স্থাপন কর। আমার সন্তাপ বিগত হউক ॥ ৫ ॥

অধরসুধারসমুপনয় ভামিনি জীবয় মৃতমিব দাসম্।
ত্বয়ি বিনিহিতমনসং বিরহানলদগ্ধবপুষমবিলাসম্ ॥ ৬ ॥
শশিমুখি মুখরয় মণিরসনাগুণমনুগুণকণ্ঠনিনাদম্।
শ্রুতিপুটযুগলে পিকরুতবিকলে শময় চিরাদবসাদম্ ॥ ৭ ॥

---

অন্যথা মম দশমীদশৈব স্যাদিত্যাহ।—হে ভামিনি! বক্রদৃষ্ট্যবলোকনাৎ ভামিনীত্যুক্তম্। অধরসুধারসং দেহি। কিমর্থম্?—মৃতমিব দাসং জীবয়। মামিত্যর্থাৎ জ্ঞেয়ম্; অমৃতং দত্ত্বা মৃতমিব মাং জীবয়েত্যর্থঃ। অত্রাত্মনোঽনন্যগতিকত্বমাহ।—ত্বয্যেবার্পিতং মনো যেন তম্। ননু তে কাপি পীড়া নোপলভ্যতে তৎ কথং তথাভূতমাত্মানং কথয়সি ইত্যাহ।—বিরহানলেন দগ্ধং বপুর্যস্য তম্। তজ্জ্ঞানং কুতস্তত্রাহ।—অবিলাসং বিলাসাভাবাদিত্যর্থঃ ॥ ৬ ॥

মৌনেন তৎসম্মতিমালক্ষ্য লোভাদন্যদপি প্রার্থয়তে। হে শশিমুখি! মণিরসনাগুণং মুখরীকুরু। কীদৃশম্?—অনুগুণঃ সদৃশঃ কণ্ঠনিনাদঃ যস্য। তৎপ্রার্থনাবিশেষোঽয়ং তেন স্যাত্তত্রাহ।—মম শ্রুতিপুটযুগলে চিরকালীনবসাদং শময়। তদবসাদ এব কুতস্তত্রাহ।—পিকরুতৈর্ব্যাকুলে ॥ ৭ ॥

---

হে মানময়ি! বিলাসাভাবে বিচ্ছেদাগ্নিতে দগ্ধদেহ ত্বন্ময়প্রাণ এই মৃতবৎ কিঙ্করকে অধরামৃতদানে জীবিত কর ॥ ৬ ॥

হে বিধুবদনে! মদীয় শ্রবণদ্বয় পিকরব-শ্রবণে বিকল হইয়া উঠিয়াছে। মেখলা শব্দায়মান করিয়া আমার চির-অবসন্নতা নিবারণ কর ॥ ৭ ॥

মামতিবিফলরুষা বিকলীকৃতমবলোকিতুমধুনেদম্ :
মীলতি লজ্জিতমিব নয়নং তব বিরম বিসৃজ রতিখেদম্ ॥ ৮ ।
শ্রীজয়দেবভণিতমিদমনুপদনিগদিতমধুরিপুমোদম্ !
জনয়তু রসিকজনেষু মনোরমরতিরসভাববিনোদম্ ॥ ৯ ॥

---

ময্যকারণকোপে তব নয়নং প্রমাণমিতি নিগদ্য প্রার্থয়তে। ইদং তব নয়নং অধুনা মামবলোকয়িতুং লজ্জিতমিব মীলতি মুদ্রিতমিব ভবতি কিমিতি। লজ্জিতমত আহ,—ময্যকারণকোপেন বিকলীকৃতং অন্যোঽপি যঃ কশ্চিন্নিরপরাধং কুপিত্বা ব্যাকুলীকরোতি সোঽপি তন্মুখাবলোকনেন লজ্জিতো ভবতীত্যভিপ্রায়ঃ। তর্হি অধুনা কিং করণীয়ম্, তদুপদিশেত্যাহ। বিরম রোষাদিতি জ্ঞেয়ম্ ; ততো রতৌ খেদং বাম্যং ত্যজ ॥ ৮ ॥

ইদং প্রার্থনারূপং শ্রীজয়দেবভণিতং কর্তৃ রসিকজনেষু শ্রীকৃষ্ণভক্তজনবিশেষেষু শ্রীকৃষ্ণস্য রতিরসে যো ভাবস্তদাস্বাদরূপস্তেন যো বিনোদঃ সুখং তং জনয়তু। যতঃ প্রতিপদং নিগদিতো মধুরিপোর্মোদো যত্র তৎ ॥ ৯ ॥

---

বিনা কারণে তুমি কুপিতা হওয়াতে আমি বিহ্বল হইয়া পড়িয়াছি। অধুনা আমাকে দেখা দিয়া তোমার নেত্রদ্বয় লজ্জিত হইয়াই যেন মুদিত হইতেছে। ক্ষান্ত হও, ক্রোধ ত্যাগ করিয়া রতিতে অনুকূল হও ॥ ৮ ॥"

পদে পদে মধুসূদনের কেলিহর্ষসূচক জয়দেবরচিত এই গীতি ভক্তবৃন্দের হৃদয়ে রতিরসাস্বাদজন্য আনন্দ উৎপাদন করুক ॥ ৯ ॥

প্রত্যূহঃ পুলকাঙ্কুরেণ নিবিড়াশ্লেষে নিমেষেণ চ,
ক্রীড়াকূতবিলোকনেঽধরসুধাপানে কথানর্ম্মভিঃ।
আনন্দাধিগমেন মন্মথকলাযুদ্ধেঽপি যস্মিন্নভূ-
দুদ্ভূতঃ স তয়োর্বভূব সুরতারম্ভঃ প্রিয়ম্ভাবুকঃ॥ ১০॥

---

এবং কেল্যুপকরণসামগ্র্যাং নিরূপ্যোপক্রমসূচিতরহঃকেলিপর্য্যবসানমাহ প্রত্যূহেত্যাদিনা। যস্মিন্ সুরতারম্ভে প্রত্যূহো বিঘ্নোঽপি তয়োঃ প্রিয়ম্ভাবুকঃ প্রীতিজনকোঽভূৎ, স সুরতারম্ভ উদ্ভূতো বভূব। অন্যত্রারম্ভে মধ্যে বা প্রত্যূহো দোষজনকো দৃষ্টঃ. ইহ ত্বাদৌ মধ্যেঽপি প্রত্যূহঃ উত্তরোত্তরক্রীড়ারম্ভক এবেত্যারম্ভস্যাদ্ভুতত্বং সূচিতম্। কুত্র কেন প্রত্যূহ ইত্যাহ। নিবিড়াশ্লেষে কর্ত্তব্যে পুলকাঙ্কুরেণ ক্রীড়াকূতবিলোকনে নিমেষেণ অধরসুধাপানে কথানর্ম্মভিঃ মন্মথকলাযুদ্ধে আনন্দাবেশবিশেষেণ. এতেন কেলীনাং পরমপ্রেমবিলাসত্বং দর্শিতম্॥ ১০॥

---

গাঢ় আলিঙ্গনকালে লোমাঞ্চ আলিঙ্গনের বিঘ্ন উৎপাদন করিতে লাগিল, রতিক্রীড়াকালে যখন প্রিয়তমার বিধুমুখ দর্শনে ব্যস্ত হইলেন, তখন নেত্রের নিমেষপতন হেতু বাধা উৎপাদন করিল; অন্তরের আবেগে যে সময়ে অধরসুধাপানে লোলুপ হইলেন,তখন রাধার বিদ্রূপবচন দারুণ বাধা উৎপাদন করিতে লাগিল; রতিলীলারূপ সমরসময় উপস্থিত হইলে অনির্ব্বচনীয় আনন্দোদয় হইয়া সংগ্রামের শেষ করিয়া দিল; এই কেলিযুদ্ধসময়ে যত প্রকার বিঘ্ন উপস্থিত হইয়াছিল, পরিণামে তাহারা সকলেই পরমহর্ষ দান করিয়া উভয়কে প্রীত করিল॥১০॥

দোর্ভ্যাং সংযমিতঃ পয়োধরভরেণাপীড়িতঃ পাণিজৈ-
রাবিদ্ধো দশনৈঃ ক্ষতাধরপুটঃ শ্রোণীতটেনাহতঃ।
হস্তেনানমিতঃ কচেঽধরসুধাপানেন সম্মোহিতঃ,
কান্তঃ কামপি তৃপ্তিমাপ তদহো কামস্য বামা গতিঃ ॥ ১১ ॥
মারাঙ্কে রতিকেলিসঙ্কুলরণারম্ভে তয়া সাহস-
প্রায়ং কান্তজয়ায় কিঞ্চিদুপরি প্রারম্ভি যৎ সম্ভ্রমাৎ।

---

ন কেবলং প্রত্যূহ এব বন্ধনাদিকমপি প্রীতিজনকো বভূবেত্যাহ দোর্ভ্যামিতি। কামস্য প্রেয়ো বামাদ্ভুতা গতিরহো আশ্চর্য্যম্। তদ্গতে-র্ব্বামত্বং কুতঃ তৎ আহ।—দোর্ভ্যাং সংযমিত ইত্যাদিনা কান্তায়াঃ সংযমনাদিভিঃ পরিভূতোঽপি যৎ কান্তঃ কামপি অনির্ব্বচনীয়াং তৃপ্তিং প্রাপ্তস্তদদ্ভুতমেবেত্যর্থঃ ॥ ১১ ॥

অথ তৎক্রীড়াবিশেষমেবাহ মারাঙ্কে ইতি। রতিকেলিরেব সংকুল-রণঃ পরস্পরাহতসংগ্রামস্তস্যারম্ভে তয়া শ্রীরাধয়া কান্তজয়ায় তস্য কান্তস্য উপরি সাহসপ্রায়ং যৎ কিঞ্চিৎ অনির্ব্বচনীয়ং প্রারম্ভি তৎসংগ্রামাৎ সম্ভ্রমজনিতাৎ আয়াসাৎ ইতি যাবৎ; শ্রীরাধায়া জঘনস্থলী নিস্পন্দা

---

আহা! কামের গতি কি বিচিত্র! প্রহার করিলেই মানুষেরা কষ্ট বোধ করে; কিন্তু শ্রীহরি যদিও শ্রীমতীর ভুজলতাতে আবদ্ধ, স্তন-ভারে নিপীড়িত, নখাঘাতে ক্ষতবিক্ষত, নিতম্বতাড়নে বিষম আহত এবং রাধা কর্ত্তৃক কেশাকর্ষণে সংযমিত ও অধর-সুধাপানে মোহিত হইলেন, তথাপি তিনি অনির্ব্বচনীয় রসাস্বাদন পূর্ব্বক হর্ষপ্রাপ্ত হইলেন॥ ১১ ॥

প্রথমতঃ শ্রীমতী সাহসে ভর করিয়া বল্লভকে পরাভব করিবার জন্য তদীয় বিশাল বক্ষোপরি আরূঢ় হইয়াছিলেন, কিন্তু কি আশ্চর্য্য!

নস্পন্দা জঘনস্থলী শিথিলতা দোর্বল্লিরুৎকম্পিতম্,
বক্ষো মীলিতমক্ষি পৌরুষরসং স্ত্রীণাং কুতঃ সিদ্ধ্যতি ॥ ১২ ॥
মীলদ্দৃষ্টিমিলৎকপোলপুলকং শীৎকারধারাবশা-
দব্যক্তাকুলকেলিকাকুবিকসদ্দন্তাংশুধৌতাধরম্।

---

জাতা, দোর্ব্বল্লী শিথিলিতা, বক্ষঃ উচ্চৈঃ কম্পিতং, অক্ষি মীলিতং, জাতৌ একত্বম্। তত্রার্থান্তরন্যাসং আহ,—পৌরুষরসঃ স্ত্রীণাং কুতঃ সিদ্ধ্যতি; কীদৃশে রণারম্ভে?—মারাঙ্কে কেলিপক্ষে মারঃ কামঃ রণপক্ষে মারণং উভয়ত্র অঙ্কঃ চিহ্নম্ ॥ ১২ ॥

ততঃ তস্যা রসাবেশাবসরে প্রিয়ং অধরং পীতবানিত্যাহ মীলদিতি। ধন্যং আত্মানং মন্যমানঃ শ্রীকৃষ্ণঃ শ্রীরাধায়া আননং পিবতি। কীদৃশ্যা?—হর্ষোৎকর্ষস্য বিমুক্ত্যা প্রসৃত্যা নিঃসহা ধর্ত্তুমশক্যা তনুর্যস্যাঃ তস্যাঃ। কীদৃশঃ?—শ্বাসেন উন্নদ্ধয়োঃ স্ফীতয়োরুচ্চয়োঃ পয়োধরয়োঃ উপরি পরিষ্বঙ্গো বিদ্যতে যস্য সঃ। অনেন হেতুগর্ভবিশেষণানি আহ। মীলদ্দৃষ্টি তথা মিলৎকপোলপুলকং তথা চ শীৎকারস্য যা ধারা অনবচ্ছিন্নতা তস্যা বশাৎ অব্যক্তা আকুলা যা কেলিষু কাকুঃ তয়া বিকসদ্ভির্দন্তাংশুভি-

---

মুহূর্ত্তপরেই গুরুতর শ্রমে তদীয় নিতম্ব নিস্পন্দ, ভূজলতা শিথিলিত, বক্ষ কম্পিত ও নেত্রদ্বয় মুদিত হইল। রমণীরা পুরুষের ন্যায় পৌরুষরস ধারণে কবে সক্ষম হইয়া থাকে? ১২ ॥

শ্রীহরি ভাগ্যশীল, তিনিই ধন্য। কেন না, যখন ঘন ঘন শ্বাসযোগে রাধার স্তনযুগল উৎফুল্ল হইয়া উঠিতেছিল, তখন তিনি উহাকে মর্দ্দন করিতেছিলেন; যে সময়ে আনন্দাতিশয্যে শ্রীমতীর দেহ অবশ হইয়াছিল, তখন তিনি মুহুর্মুহুঃ চুম্বন করিয়াছিলেন। আহা! সেই শ্রীবদ-

শ্বাসোন্নদ্ধপয়োধরোপরিম্বঙ্গী কুরঙ্গীদৃশো,
হর্ষোৎকর্ষবিমুক্তিনিঃসহতনোর্ধ্বস্তো ধয়ত্যাননম্ ॥ ১৩ ॥
তস্যাঃ পাটলপাণিজাঙ্কিতমুরো নিদ্রাকষায়ে দৃশৌ,
নির্ধৌতোঽধরশোণিমা বিলুলিতাঃ স্রস্তস্রজো মূর্দ্ধজাঃ।
কাঞ্চীদাম দরশ্লথাঞ্চলমিতি প্রাতর্নিখাতৈর্দৃশো-
রেভিঃ কামশরৈস্তদদ্ভুতমভূৎ পত্যুর্মনঃ কীলিতম্ ॥ ১৪ ॥

---

ধৌতঃ অধরঃ যত্র তৎ। অনেন রসাবেশঃ সূচিতঃ অথ সুরতান্তে চিহ্নশোভিতবপুর্দ্দর্শনেন প্রিয়স্য প্রেমোৎসবমাহ তস্যা ইতি। তস্যা উরঃ পাটলপুষ্পবৎ পাণিজেন নখেন অঙ্কিতং দৃশৌ নিদ্রয়া লোহিতে অধর-শোণিমা নির্ধৌতশ্চুম্বনাদিনা ক্ষালিতঃ কেশা বিলুলিতস্রস্তাস্রজঃ বন্ধন-শৈথিল্যাদিতস্ততো গতা ইত্যর্থঃ। কাঞ্চীদাম ঈষৎশ্লথপ্রান্তভাগম্। প্রাতঃসময়ে এভিঃ কামশরৈঃ পত্যুঃ দৃশোঃ লগ্নৈর্ম্মনো বিদ্ধং ইত্যেতৎ অদ্ভুতমভূৎ। অন্যত্রার্পিতশরৈঃ অন্যবিদ্ধ মিতি আশ্চর্য্যম্ ॥ ১৩-১৪ ॥

---

নের মাধুরী কি মনোহারিণী! নেত্র নিমীলিত হইয়া আসিতেছে, গণ্ডযুগল পুলকে পূরিত হইতেছে। দশনদংশনে অধর যে ক্ষত হইয়া-ছিল, যেন তাহাকে শীতল করিবার জন্য পুনঃ পুনঃ ফুৎকারবৃদ্ধি হই-তেছে; রতিজন্য হর্ষে আকুলভাবে অব্যক্ত শব্দ বহির্গত হইতেছিল, তাহাতে অনুমান হয় যেন, দন্তের শ্বেতরশ্মি বিকীর্ণ হইয়া বিম্বাধরকে ধৌত করিয়া দিতেছে ॥ ১৩ ॥

শ্রীমতীর বক্ষঃপ্রদেশ নখরাঘাতে পাটলবর্ণে সমঙ্কিত, নেত্রযুগল নিদ্রাবশে কষায়িত, অধরপুটের রক্তিমাভা ধৌত, কেশপাশ আলুলা-য়িত, মালা পুষ্পবর্জ্জিত,, কাঞ্চী ঈষৎ শিথিলিত, কিন্তু কি আশ্চর্য্য!

ব্যালোলঃ কেশপাশস্তরলিতমলকৈঃ স্বেদলোলৌ কপোলৌ,
স্পষ্টা দষ্টাধরশ্রীঃ কুচকলসরুচা হারিতা হারযষ্টিঃ।
কাঞ্চী কাঞ্চিদ্‌গতাশাং স্তনজঘনপদং পাণিনাচ্ছাদ্য সদ্যঃ,
পশ্যন্তী সত্রপং মাং তদপি বিলুলিতস্রগ্ধরেয়ং ধিনোতি ॥ ১৫ ॥

---

তন্মনঃ কীলিতং তস্যৈব ভাবনয়া দ্যোতয়তি ব্যালোল ইতি। ইয়ং শ্রীরাধা বিমর্দ্দিতমালাধারিণ্যপি মাং প্রীণয়তি পুনরপি রত্যুৎসুকং করোতি। ন কেবলমীদৃশী অপি চ স্তনজঘনপদং সদ্যঃ পাণিনা আচ্ছাদ্য সত্রপং যথা স্যাৎ তথা মাং পশ্যন্তী বসনাদিব্যতিরেকেণ কেবলাঙ্গশোভা-দর্শনাৎ প্রীণনমিতি জ্ঞেয়ম্। কুতঃ সলজ্জং পশ্যন্তী ইত্যাহ। কেশপাশো ব্যালোলো বিকীর্ণ ইত্যর্থঃ। অলকৈস্তরলিতং কপোলৌ স্বেদেন লোলৌ ব্যাপ্তৌ ইত্যর্থঃ। দষ্টাধরশ্রীঃ স্পষ্টা, কুচকলসয়ো রুচা স্পর্দ্ধয়েব হার-যষ্টির্হারিতা, কাঞ্চী কাঞ্চিৎ আশাং গতা, রসাবেশশৈথিল্যে নিজাঙ্গাব-লোকনাৎ আত্মনঃ ক্রীড়াবিশেষাবেশকলনাৎ সত্রপমিত্যভিপ্রায়ঃ ॥ ১৫ ॥

---

প্রভাতে এই পাঁচটী কামশরের ন্যায় হরির নেত্রে নিখাত হইবামাত্র তদীয় হৃদয় দৃঢ়রূপে বিদ্ধ করিতে সমর্থ হইয়াছিল ॥ ১৪ ॥

আলুলায়িতকেশা, বিমর্দ্দিতমাল্যধারিণী, বিস্রস্তালকা, স্বেদসিক্ত-কপোলবিশিষ্টা, সম্যক্‌ প্রকাশিতক্ষতাধরা, হারশোভিতা, পীনকুচা, স্খলিতকাঞ্চী, বিবসনা হেতু হস্তদ্বারা স্তনজঘন আচ্ছাদন পূর্ব্বক সলজ্জ-দৃষ্টিক্ষেপকারিণী শ্রীমতীকে দেখিয়া আমার রতিকেলি-উৎকণ্ঠা বর্দ্ধিত হইতেছে ॥ ১৫ ॥

ইতি মনসা নিগদন্তং সুরতান্তে সা নিতান্তখিন্নাঙ্গী।
রাধা জগাদ সাদরমিদমানন্দেন গোবিন্দম্॥ ১৬॥

( গীতম্ )

( রামকিরীরাগযতিতালাভ্যাং গীয়তে। )

কুরু যদুনন্দন চন্দনশিশিরতরেণ করেণ পয়োধরে।
মৃগমদপত্রকমত্র মনোভবমঙ্গলকলসসহোদরে।

---

এবং প্রিয়দর্শনানন্দোন্মত্তা প্রিয়ং জগাদেতি সা শ্রীরাধা গোবিন্দং আনন্দেন ইদং বক্ষ্যমাণং জগাদ। কীদৃশী ?—ইত্যুক্তপ্রকারেণ মনসা নিগদন্তং অতএব আদরেণ সহ বর্ত্তমানং অসমানোর্দ্ধপ্রত্যঙ্গদর্শনাৎ ইতি জ্ঞেয়ম্। কীদৃশী ?—সুরতান্তে নিতান্তখিন্নাঙ্গী॥ ১৬॥

কুর্ব্বিত্যাহ। যদুনন্দনে ক্রীড়তি সতি সা শ্রীরাধা নিজগাদ; তৎ প্রতি প্রকরণাৎ জ্ঞেয়ম্। ক্রীড়তি ইতি সুরতান্তেঽপি চিক্রীড়িষোদয়াৎ অখণ্ডলীলত্বমুক্তম্। ইচ্ছামাত্রেণ কথং ক্রীড়নং সেৎস্যতীতি তত্রাহ। —তস্যা হৃদয়মানন্দয়তি স্বচাপল্যেন ক্রীড়নায় উন্মুখং করোতি, যস্তস্মিন্ ক্রীড়তি জগাদেতি ক্রীড়নসময়েঽপি প্রিয়প্রেরণাৎ তস্যা নিত্যস্বাধীনকর্ত্তৃকাত্বে প্রাধান্যং দ্যোতিতম্। হে যদুনন্দন! ইত্যুক্তরীত্যা মহাকুলোদ্ভবত্বেন সর্ব্বাতিশায়িনায়কগুণখ্যাপনায় সম্বোধনম্। যদি পুনর্ম্মনোভবকথারম্ভঃ সম্ভবতি, তদা মম পয়োধরে কস্তূরীপত্রভঙ্গং করেণ কুরু।

---

সুরতাবসানে পরিশ্রান্তা শ্রীমতী ঐ প্রকার চিন্তামগ্ন হরিকে সানন্দে ও সাদরে বলিতে আরম্ভ করিলেন॥ ১৬॥

"হে হৃদয়ানন্দ যদুপতে! মদীয় কুচকলস কামদেবের মঙ্গলকলস

নিজগাদ সা যদুনন্দনে ক্রীড়তি হৃদয়ানন্দনে ॥ ১৭ ॥
অলিকুলগঞ্জনসঞ্জনকং রতিনায়কশায়কমোচনে।
ত্বদধরচুম্বনলম্বিতকজ্জলমুজ্জ্বলয় প্রিয়লোচনে ॥ ১৮ ॥
নয়নকুরঙ্গতরঙ্গবিকাশনিরাসকরে শ্রুতিমণ্ডলে।
মনসিজপাশবিলাসধরে শুভবেশ নিবেশয় কুণ্ডলে ॥ ১৯ ॥

---

কথং তত্র তৎ করণীয়ং অত আহ।—কামস্য যো মঙ্গলকলসস্তৎসদৃশে মঙ্গলকলসোঽপি তথা বিধানেন স্থাপ্যতে অতস্ত্বমপি কুরু ইত্যর্থঃ। কীদৃশেন?—চন্দনাদপি অতিশীতলেন শীতলত্বেনাব্যগ্রতয়া করণযোগ্যতা সূচিতা। ॥ ১৭ ॥

ততশ্চ তদুপকরণানি আপাদয় ইত্যাহ অলীতি। হে প্রিয়লোচনে! ত্বদধরচুম্বনেন লম্বিতং গলিতং কজ্জলং উজ্জ্বলয় অর্পয় ইত্যর্থঃ। কীদৃশম্? —অলিকুলগঞ্জনং সঞ্জনয়তি ইতি তাদৃশম্। কীদৃশে?—কামবাণান্ কটাক্ষরূপান্ মোচয়তীতি মোচনং তস্মিন্। কজ্জলাদিকমপি তত্রাপেক্ষতমস্তীতি ভাবঃ ॥ ১৮ ॥

হে শুভবেশ! মম নয়নমেব কুরঙ্গস্তস্য তরঙ্গকুর্দ্দনং তস্য যঃ বিকাশস্তস্য নিরাসকরং যৎ শ্রুতিমণ্ডলং তস্মিন্ কুণ্ডলে অর্পয়। কুতস্তন্নিরাকরণং শ্রুতেরত আহ। মনসিজস্য পাশস্য বিলাসধরে পাশো মৃগবন্ধন-

---

সদৃশ; তুমি ত্বদীয় চন্দন রদ্বারা ইহাতে কস্তূরীপত্র রচনা করিয়া দেও ॥ ১৭ ॥

হে সুদর্শন! কন্দর্পক্ষিপ্ত শরের তুল্য মদীয় লোচনযুগল হইতে ভ্রমরপংক্তি অপেক্ষাও অধিক নীলবর্ণ যে কজ্জল তোমার মুখচুম্বনে লুপ্ত হইয়াছে, তাহা পুনর্ব্বার উজ্জ্বল করিয়া দেও ॥ ১৮ ॥

হে মনোহরবেশধারিন্! আমার যে শ্রবণদ্বয়ের আকার মদন-

ভ্রমরচয়ং রচয়ন্তমুপরি রুচিরং মম সম্মুখে।
জিতকমলে বিমলে পরিকর্ম্ময় নর্ম্মজনকমলকং মুখে ॥ ২০॥
মৃগরসবলিতং ললিতং কুরু তিলকমলিকরজনীকরে।
বিহিতকলঙ্ককলং কমলানন বিশ্রমিতশ্রমশীকরে। ২১ ॥

রজ্জুস্তদ্বিলাসং ধরতীত্যর্থঃ। শুভকর্ম্মণি কৃতবেশস্য তব প্রিয়ত্বাৎ মমাপি তথা বেশকরণং যুক্তমিত্যভিপ্রায়ঃ ॥ ১৯ ॥

তথা মম মুখে অলকং সংস্কুরু। তত্র হেতুঃ,—সখীপরিহাসজনকং যতঃ সম্মুখে সুচিরং কালং ব্যাপ্য মুখকমলস্যোপরি ভ্রমরচয়ং রচয়ন্তং অতএব রুচিরম্। কীদৃশে ?—জিতকমলে অতো বিমলে। মুখস্য কমলত্বেন অলকস্য ভ্রমরত্বেন নিরূপিতম্ ॥ ২০ ॥

হে কমলানন ! মম ললাটচন্দ্রে মৃগমদরসেন বলিতং তিলকং ললিতং যথা স্যাৎ তথা কুরু। কীদৃশম্ ?—কৃতা কলঙ্কস্য কলা অংশো যেন তৎ। ললাটস্য বলিচন্দ্রত্বেন মৃগমদতিলকস্য কলঙ্ককলাত্বেন নিরূপিতম্। কীদৃশে ?—বিশ্রমিতা অপগতা অম্বুকণা যতঃ তস্মিন্। তান্ অপনীয় তিলকং কুরু ইত্যর্থঃ ॥ ১ ॥

পাশের তুল্য এবং যাহাতে নেত্ররূপ হরিণের তরঙ্গবিকাশ বিন্যস্ত আছে, তুমি সেই শ্রুতিপুটে কুণ্ডলযুগল পরাইয়া দেও ॥ ১৯ ॥

আমার বদনমণ্ডল পদ্ম হইতেও সুদৃশ্য ও বিমল ; দেখ, উহার পুরোভাগে অলকাবলী পতিত হইয়া মনোরম ভ্রমরপংক্তিবৎ শোভা ধারণ করাতে সখীগণ পরিহাস করিতেছে ; অতএব মদীয় বদনপ্রসাধন করিয়া দেও ॥ ২০ ॥

হে বিমলবদন ! মদীয় চন্দ্রসদৃশ ভালতট হইতে স্বেদবিন্দু মুছিয়া দিয়া শশাঙ্কে কলঙ্করেখার ন্যায় কস্তূরীরস দ্বারা মনোরম তিলক রচনা কর॥২১॥

মম রুচিরে চিকুরে কুরু মানদ মানসজধ্বজচামরে।
রতিগলিতে ললিতে কুসুমানি শিখণ্ডিকড়ামরে ॥ ২২ ॥
সরসঘনে জঘনে মম শম্বরদারণবারণকন্দরে।
মণিরসনাবসনাভরণানি শুভাশয় বাসয় সুন্দরে ॥ ২৩ ॥
শ্রীজয়দেববচসি জয়দে হৃদয়ং সদয়ং কুরু মণ্ডনে।

---

হে মানদ! মম কেশে কুসুমানি কুরু। কীদৃশে ?—রতিগলিতে সম্ভোগাবেগেন বিকীর্ণে তথা ললিতে যতঃ স্বরূপতঃ সুন্দরে তথা মনসিজস্য যো ধ্বজস্তস্য চামরে কিঞ্চ ময়ূরপুচ্ছস্যেব ডামর আটোপো যস্য তস্মিন্ মানসজধ্বজাদাটোপনাদিকমপি তদুপযোগ্যমেবেত্যর্থঃ ॥ ২২ ॥

তথা হে শুভাশয়। শুদ্ধান্তঃকরণস্যৈব ক্রিয়াসিদ্ধেস্তথাশব্দঃ প্রযুক্তঃ। মম জঘনে মণিরসনাবসনাভরণানি পরিধাপয়। যতঃ সুন্দরে অধুনা এতৎ করণং যুক্তমিত্যর্থঃ। তথা সরসঘনে সরসঞ্চ তৎ ঘনঞ্চেতি তস্মিন্.; অপিচ কাম এব হস্তী তস্য কন্দররূপে ॥ ২৩ ॥

শ্রীজয়দেববচসি সদয়ং যথা স্যাৎ তথা হৃদয়ং কুরু। স্নিগ্ধান্তঃকরণস্যৈব এতৎশ্রবণযোগ্যত্বাদিত্যর্থঃ। যতো জয়ং শ্রীকৃষ্ণং দদা-

---

হে মানদ! মদনের রথধ্বজস্থ চামরের তুল্য আমার চিকুর রতিসমরে গলিত হইয়া মনোহরভাব ধারণ করিয়াছে। উহা ময়ূরবর্হের ন্যায় সুন্দর, তুমি ঐ কুন্তলে কুসুমরচনা করিয়া দেও ॥ ২২ ॥

হে উদারহৃদয়! আমার নিতম্বদেশ বিপুল ও সরস, উহা মদনহস্তীর কন্দরবৎ সুন্দর। তুমি উঁহাতে মণিময় কাঞ্চীদাম,বসন ও বিভূষণ অর্পণ কর ॥ ২৩ ॥”

জয়দেবরচিত এই শুভকর বাক্যশ্রেণী কৃষ্ণপদস্মরণরূপ সুধা

হরিচরণস্মরণামৃতকৃতকলিকলুষজ্বরখণ্ডনে ॥ ২৪ ॥
রচয় কুচয়োঃ পত্রং চিত্রং কুরুষ্ব কপোলয়ো-
র্ঘটয় জঘনে কাঞ্চীমঞ্চ স্রজা কবরীভরম্ ।
কলয় বলয়শ্রেণীং পাণৌ পদে কুরু নূপুরা-
বিতি নিগদিতঃ প্রীতঃ পীতাম্বরোঽপি তথাকরোৎ ॥ ২৫ ॥
পর্য্যঙ্কীকৃতনাগনায়কফণাশ্রেণীমণীনাং গণে,
সংক্রান্তপ্রতিবিম্বসংবলনয়া বিভ্রৎবিভুপ্রক্রিয়াম্ ।

---

তীতি জয়দস্তস্মিন্ । তত্র হেতুঃ—হরিচরণস্মরণমেব অমৃতং তেন কৃতং কলিকলুষজ্বরেণ যঃ সন্তাপস্তস্য খণ্ডনং যেন তস্মিন্ অতএব মণ্ডনে ভূষণরূপে ॥ ২৪ ॥

অত্যাবেশেন তয়া পুনরুক্তঃ সন্ তথা অকরোৎ ইত্যাহ রচয়েতি । রচয় কুচয়োঃ পত্রমিত্যাদিকম্ ; ইত্যনেন প্রকারেণ তয়া আজ্ঞপ্তঃ পীতাম্বরোঽপি প্রীতস্তথৈব অকরোৎ । অপিশব্দেন রতান্তর্ব্বসনব্যত্যয়াভাবেঽপি তদাজ্ঞাকরণাৎ তস্যা খণ্ডিততদধীনত্বং দৃঢ়ীকৃতম্ ॥ ২৫ ॥

অথ শ্রীরাধিকায়াঃ পূর্ব্বোক্তদর্শনাৎ তৃপ্ত্যুৎকণ্ঠাবগুণ্ঠিতঃ শ্রীকৃষ্ণো

---

দ্বারা কলিপাতকরূপ জ্বরের তাপ বিনাশ করে, এই মনোরম রচনা তোমার বিভূষণস্বরূপ হউক ॥ ২৪ ॥

রাধিকা কহিলেন, "পয়োধরদ্বয় কস্তূরিকাপত্রে ও গণ্ডদেশ চন্দনে অনুলিপ্ত কর। জঘনদেশে কাঞ্চীদাম, কবরীতে পুষ্পমালা, করে বলয় ও পদে নূপুর প্রদান কর।" রাধা পীতাম্বরকে এইরূপ বলিলে শ্রীকৃষ্ণ তাহাই সম্পাদন করিলেন ॥ ২৫ ॥

যিনি অনন্তশিরে শয়ান ও তৎফণামণ্ডস্থ মণিতে প্রতিবিম্বিত

পাদাম্ভোরুহধারিবারিধিসুতামক্ষ্ণাং দিদৃক্ষুঃ শতৈঃ,
কায়ব্যূহমিবাচরন্নুপচিতীভূতো হরিঃ পাতু বঃ ॥ ২৬ ॥
ত্বামপ্রাপ্য ময়ি স্বয়ংবরপরাং ক্ষীরোদনীরোদরে,
শঙ্কে সুন্দরি কালকূটমপিবন্মূঢ়ো মৃড়ানীপতিঃ।

---

নেত্রবাহুল্যমন্বিচ্ছন্ শ্রীনারায়ণস্য লক্ষ্মীদর্শনং শ্লাঘিতবান্ ইতি স্মরন্ কবিঃ আশিষং প্রযুঙ্ক্তে পর্য্যঙ্কীকৃতেতি। হরিনারায়ণো বো যুষ্মান্ পাতু। কীদৃশঃ?—কায়ব্যূহমাচরন্নিব উপচিতীভূতো বৃদ্ধিং প্রাপ্ত ইতি উৎপ্রেক্ষে। তত্র হেতুঃ,—পাদাম্ভোরুহধারিবারিধিসুতাং লক্ষ্মীং অক্ষ্ণাং শতৈর্দ্রষ্টুমিচ্ছুঃ। তৎ প্রকারমাহ, তল্পীকৃতস্য শেষস্য ফণাশ্রেণ্যাং যে মণয়স্তেষাং গণে মিলিতানাং প্রতিবিম্বানাং প্রসরণেন বিভুপ্রক্রিয়াং সর্ব্বব্যাপি ভাবং বিভ্রৎ ॥ ২৬ ॥

এবং চিন্তয়ন্ অত্যুচ্ছ্বলিতোৎকণ্ঠয়া তদবলোকনায় তস্যা বৈচিত্ত্যাপত্তেঃ পুনঃ শ্রীনারায়ণচরিত্রবর্ণনকৌতুকমাতনোদিতি স্মরন্ পুনরাশিষয়তি ত্বামিতি। হরিঃ শ্রীকৃষ্ণো বো যুষ্মান্ পাতু। কীদৃশঃ?—শ্রীরাধায়া বক্ষোঽঞ্চলং অপসার্য্য স্তনকোরকোপরি মিলন্নেত্রঃ। কীদৃশ্যাঃ?—হে

---

হইয়া সর্ব্বব্যাপী রূপ ধারণ পূর্ব্বক চরণকমলধারিণী কমলাকে শত শত নেত্রে দেখিবার জন্যই যেন বহুদেহ ধারণ করিয়াছিলেন, সেই কৃষ্ণ তোমাদের রক্ষাবিধান করুন্ ॥ ২৬ ॥

"সুন্দরি! ক্ষীরোদধিগর্ভে তুমি স্বয়ংবরা হইয়া আমাকে বরণ করিলে তোমাকে প্রাপ্ত না হওয়াতে ভবানীবল্লভ অচেতন হইয়া গরলসেবন

ইত্থং পূর্ব্বকথাভিরন্যমনসো নিক্ষিপ্য বক্ষোঽঞ্চলম্,
রাধায়াস্তনকোরকোপরি মিলন্নেত্রো হরিঃ পাতু বঃ ॥ ২৭ ॥
যদ্গান্ধর্ব্বকলাসু কৌশলমনুধ্যানঞ্চ যদ্বৈষ্ণবম্,
যচ্ছৃঙ্গারবিবেকতত্ত্বমপি যৎ কাব্যেষু লীলায়িতম্ ।

---

সুন্দরি ! ক্ষীরসমুদ্রস্থ নীরমধ্যে ত্বাং অপ্রাপ্য শিবো মূঢ়ঃ সন্ কালকূটং বিষং অপিবৎ ইতি অহং শঙ্কে, ইত্যনেন প্রকারেণ পূর্ব্বকথাভিস্তদশ্রুত-পূর্ব্বাভির্বিস্মিতচিত্তায়াঃ। কাদৃশম্ ?—ত্বাং ময়ি স্বয়ংবরপরাম্ ॥ ২৭ ॥

অথোপসংহারেঽপি স্বাভীষ্টোপাসনায়াং সর্ব্বোত্তমতানিশ্চয়াবেশেন কারুণ্যোদয়াৎ তত্র সন্দিহানান্ ভক্তরসিকজনান্ প্রত্যাহ যদ্গান্ধার্ব্বেতি। ভোঃ সুধিয়ঃ! শ্রীজয়দেবপণ্ডিতকবেঃ শ্রীগীতগোবিন্দতঃ তৎসর্ব্বমানন্দেন সহিতাঃ পরি সর্ব্বতোভাবেন শোধয়ন্ত, আশঙ্কাপঙ্কমুদ্ধারয়ন্ত নিশ্চিন্বন্ত ইত্যর্থঃ। তৎ কিমিত্যাহ। যৎ গান্ধর্ব্বকলাসু সংগীতশাস্ত্রোক্তগীত-রাগতালাদিষু যন্নৈপুণ্যং তদেব নির্ব্বন্ধনানুসারেণ জানন্ত ইত্যর্থঃ। ন কেবলমেতৎ অপি তু যদ্বৈষ্ণবং সর্ব্বব্যাপনশীলস্য বিষ্ণোঃ সর্ব্বাবতারিণোঽচিন্ত্যানন্তশক্তেঃ স্বয়ং ভগবতঃ শ্রীকৃষ্ণস্য ভজনবিষয়ং যদনুধ্যানং স্বাভীষ্টচিন্ত্যলীলাবিচারসমাধানাদনুক্ষণচিন্তনং তদপ্যেতৎ দৃষ্ট্যৈব নিশ্চি-

---

করিয়াছিলেন” এইরূপ পূর্ব্বকথা রাধাকে স্মরণ করাইয়া দিলে রাধিকা বিমনা হইলে যিনি তদীয় বক্ষাঞ্চল অপসারণ পূর্ব্বক অনিমেষ-নেত্রে কুচকোরকযুগল দর্শন করিয়াছিলেন, সেই শ্রীহরি তোমাদিগের রক্ষা-বিধান করুন্ ॥ ২৭ ॥

হে ভক্তবৃন্দ ! হে সজ্জনবৃন্দ ! যদি সঙ্গীতাদি শাস্ত্রে, জগদ্ব্যাপী ভগবান্ হরির উপাসনাদিবিষয়ক অনুষ্ঠানে, শৃঙ্গারতত্ত্বে ও কাব্যে রাস-

তৎ সর্ব্বং জয়দেবপণ্ডিতকবেঃ কৃষ্ণৈকতানাত্মনঃ,
সানন্দাঃ পরিশোধয়ন্তু সুধিয়ঃ শ্রীগীতগোবিন্দতঃ ॥ ২৮ ॥
সাধ্বী মাধ্বীকচিন্তা ন ভবতি ভবতঃ শর্করে কর্কশাসি,
দ্রাক্ষে দ্রক্ষ্যন্তি কে ত্বমমৃত মৃতমসি ক্ষীরং নীরং রসস্তে।

---

ন্তু নিত্যত্বসর্ব্বোত্তমত্বনিশ্চয়াৎ দৃঢ়ীকুর্ব্বন্তু ইত্যর্থঃ। তত্রাপি দুরূহগতেঃ শৃঙ্গারস্য মহাপ্রেমরসস্য বিচারে যৎ তত্ত্বং দুরূহব্রজলীলাগতং তদপ্যেতদনুসারেণ নিশ্চিন্বন্তু। কাব্যেষু যৎ লীলায়িতং রাসলীলাদিব্যঞ্জকবিশেষগ্রথনং তদপ্যেতদনুসারেণ নিশ্চিন্বন্তু। সর্ব্বত্র হেতুঃ, শ্রীকৃষ্ণে একতানঃ একাগ্রোঽনন্যবৃত্তিরাত্মনো মনো যস্য তস্য শ্রীকৃষ্ণৈকান্তভক্তস্যৈব সর্ব্বগুণাশ্রয়ত্বাদিত্যর্থঃ। যস্যাস্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনে ইত্যুক্তেঃ ॥ ২৮ ॥

অথ হৃদ্রোগমাশ্বপহিনোতি ইতি শুকোক্তিবৎ এতৎ শ্রবণকীর্ত্তনস্মরণানুমোদনপ্রভাবমাহ সাধ্বীতি। হে মাধ্বীক! ইহলোকে যাবৎ জয়দেবস্য বচাংসি বিষ্বক্ সর্ব্বতঃ শৃঙ্গারসারস্বতং ভাবং দদতি, তাবদ্ভবতঃ চিন্তা সাধ্বী ন ভবতি মধুরত্বেঽপি মাদকত্বাদিত্যর্থঃ। হে শর্করে! ত্বং কর্কশাসি মাদকত্বাভাবেঽপি কঠিনত্বাদিত্যর্থঃ। হে দ্রাক্ষে! কে ত্বাং

---

লীলাদিকীর্ত্তনে দক্ষতা পাইবার বাসনা কর, তবে সানন্দে কৃষ্ণগতৈকপ্রাণ, হরিপ্রেমিক, পণ্ডিতবর জয়দেববিরচিত এই গীতগোবিন্দ পাঠপূর্ব্বক উপদেশ লাভ কর ॥ ২৮ ॥

যদবধি জয়দেবকৃত বচনাবলী ধরাধামে শৃঙ্গারসারস্বতভাব দান

মাকন্দ ক্রন্দ কান্তাধর ধরণিতলং যগচ্ছন্তি যাব-
দ্ভাবং শৃঙ্গারসারস্বতমিহ জয়দেবস্য বিশ্বগ্বচাংসি ॥ ২৯ ॥
শ্রীভোজদেবপ্রভবস্য বামদেবীসুতশ্রীজয়দেবকস্য.

---

দ্রক্ষ্যন্তি কোমলত্বেঽপি নিন্দ্যদেশোদ্ভবত্বাদিত্যর্থঃ। হে অমৃত! ত্বং মৃতমসি মরণান্তরপ্রাপ্যত্বাদিত্যর্থঃ! হে ক্ষীর! তে রসো নীরং নীরবৎ আবর্ত্তনাদ্যপেক্ষত্বাৎ। হে মাকন্দ! আম্র! ত্বং ক্রন্দ ত্বগস্থ্যাদিহেয়াংশ-সাহিত্যাৎ। হে কান্তাধর! ত্বং পাতালং অসুরালয়ং যাহি, অধোগত্যনামত্বাৎ তবাত্র স্থিতিরপি ন যুক্তেত্যর্থঃ। শ্রীজয়দেববর্ণিত-মধুবাক্যাখ্যভক্তিরসাস্বাদননির্ভজনান্তে ঘৃণামেব করিষ্যন্তীতি ভাবঃ ॥ ২৯ ॥

অথ স্বপিতৃমাতৃস্মরণপূর্ব্বকং পরাশরাদিমতজ্ঞাতার এব অধিকারিণ ইতি তান্ প্রতি আশিষয়তি শ্রীভোজেতি। ভোজদেবনাম অস্য পিতা বামাদেবী নাম্না জননী তস্যা সুতস্য শ্রীজয়দেবকস্য পরাশরাদীনাং

---

করিতেছে, হে মধু! তদবধি ত্বদীয় চিন্তায় আর মাধুর্য্য নাই ;—হে দ্রাক্ষে! তোমার দিকে আর কে দৃষ্টিপাত করিবে? হে অমৃত! তুমি মৃতবৎ হইয়াছ, হে সহকার! তুমি রোদন কর; হে কান্তাধর! তুমি দানবগৃহে প্রস্থান কর ॥ ২৯ ॥

ভোজদেবের ঔরসে বামাদেবীর গর্ভে যাঁহার উদ্ভব, সেই জয়দেব-

পরান্তরাদিপ্রিয়বন্ধুকণ্ঠে শ্রীগীতগোবিন্দকবিত্বমস্তু ॥ ৩০ ॥
ইতি শ্রীজয়দেবকৃতৌ গীতগোবিন্দে মহাকাব্যে সুপ্রীতপীতাম্বরো নাম
দ্বাদশঃ সর্গঃ ॥ ১২ ॥

---

যে প্রিয়াস্তন্মতজ্ঞাতারস্তেঽপি যে বান্ধবাস্তন্মতানুসারেণ শ্রীরাধামাধব-কলিজ্ঞানেন বন্ধুত্বং প্রাপ্তাস্তেষামেব কণ্ঠে ভূষণবৎ সদা শ্রীগীত-গোবিন্দাখ্যং কবিত্বমস্তু অনেনাস্য দুরূহত্বঞ্চ বোধিতম্। অতঃ সর্গোঽয়ং সমৃদ্ধিমদাখ্যসম্ভোগরসানন্দিতঃ পীতাম্বরঃ যত্র সঃ।

যদ্বৎ স্ববালযুগ্মোক্তৌ পিত্রা প্রীতিরবাপ্যতে ;
তদ্বৎ শ্রীকৃষ্ণচৈতন্যং প্রীয়তামত্র জল্পিতে ॥

ইতি শ্রীগীতগোবিন্দটীকায়াং বালবোধিন্যাং দ্বাদশঃ সর্গঃ ॥ ১২ ॥

---

কবিবিরচিত এই গীতগোবিন্দবাক্য পরাশরাদি পুরাতন আচার্য্য হৃদয়বন্ধুবৃন্দের কণ্ঠদেশ অলঙ্কৃত করুক্ ॥ ২৯ ॥

---

সম্পূর্ণম্।

# শ্রীগীতগোবিন্দম্।

## প্রথমঃ সর্গঃ।

কুঞ্জবনমধ্যে প্রবেশিতে সখীগণ।
কহিছে রাধায় কিছু প্রণয়-বচন॥
কুঞ্জেতে প্রবেশ কর রাধা ঠাকুরাণি।
প্রিয়সখীর বচন অল্প করি মানি॥
কুঞ্জ সজ্জায় কুঞ্জে তুমি কর প্রবেশ।
শ্রবণ করহ প্রিয়সখীর আদেশ॥
পূর্ব্বরাত্রে রাস হৈতে এলে মান করি।
তদবধি কৃষ্ণ তোমা অতি ভয় করি॥
কেবল আছেন মাত্র তোমার গোচরে।
স্তব্ধেতে আছেন তাহে বচন না স্ফুরে॥
যদি বল কুঞ্জে প্রবেশিব কোন্ মতে।
তাহার উপায় সব দেখহ সাক্ষাতে॥
মেঘ আসি আচ্ছাদিল গগনমণ্ডলে।
মেঘাবৃত চন্দ্রমা হইল এই কালে॥

বনভূমি তমালের বর্ণ সেই স্থানে ।
শ্যামবর্ণ হইয়াছে কেহ নাহি জানে ॥
যদি বল মনুষ্যের গমনাগমন ।
কেমনে চলিব তার শুন বিবরণ ॥
অন্ধকারে অভিসার-বেশ-ভূষা করি ।
চলহ নিকুঞ্জে সব ভয় পরিহরি ॥
আনন্দে নির্দ্দেশ পেয়ে চলে দুই জন ।
প্রতি কুঞ্জে কুঞ্জে লীলা করি অনুক্ষণ ॥
অধঃকুঞ্জ লক্ষ্য করি নানা লীলা করি ।
চলিলেন বৃন্দাবনে স্বচ্ছন্দে বিহরি ॥
প্রিয়-মিলনের ইচ্ছা জানি সেই কালে ।
মেঘ আসি আচ্ছাদিল গগনমণ্ডলে ॥
মেঘাবৃত চন্দ্র পুনঃ রহে সেইখানে ।
টীকাকার এই মত করিয়া বাখানে ॥
নন্দের আদেশ হৈল কৃষ্ণ লয়ে যেতে ।
চলিলেন অধঃকুঞ্জ-ক্রমে অলক্ষিতে ॥
সঙ্কেতে করিয়া ইহা করিল লিখন ।
পূর্ব্ব-অর্থ করিয়াছি মূল প্রয়োজন ॥
বৃন্দাবনে যমুনার কূলে নিত্য লীলা ।
জয়দেব নিজ গ্রন্থে সব প্রকাশিলা ॥
রাধিকা-মাধব-কেলি যমুনার কূলে ।
জয়যুক্ত বর্ত্তমান কাল শাস্ত্রে বলে ॥
অতএব জয়দেব-বাক্যের দেবতা ।
শ্রীনন্দনন্দন কৃষ্ণ জানিবে সর্ব্বথা ॥

বক্তা কর্ত্তা হয় গ্রন্থকরণের উক্তি।
কৃষ্ণ ব্যাখ্যা হয় সব জয়দেব-উক্তি।
তাঁহার চরিত্র যত ব্রজলীলাগণ।
তাহাতে বিচিত্র জয়দেববাক্য মন॥
সেহ চিত্র চিত্তপদ্ম হৈতে প্রকাশিয়া।
প্রবন্ধ করিলা সর্ব্বলোকে বুঝাইয়া॥
সরস্বতী শব্দ যদি করয়ে ঘটনা।
তবে পূর্ব্বাপর গ্রন্থ না হয় যোটনা॥
অহর্নিশি লীলা-পদ্ম থাকে যার হাতে।
পদ্মাবতী নামে রাধা জানিহ নিশ্চিতে॥
তাহার চারণবর্গ আছে বৃন্দাবনে।
তারা চক্রবর্ত্তী করি আপনাকে মানে॥
সেই নিত্য সদা সুখে বাড়য়ে দোঁহারে।
বৃন্দাবনে লক্ষ্মী শব্দ না করি বিচারে॥
শ্রীশব্দে শ্রীরাধিকা লিখিল গ্রন্থকার।
বসু-অংশ বসুদেব নন্দনাম তার॥
তার পুত্র বাসুদেব শ্রীনন্দনন্দন।
তার রতি-কেলি-কথা করিলা রচন॥
এইরূপে প্রবন্ধ করিল মহাশয়।
রাধাকৃষ্ণ-লীলা-গীত জানিহ নিশ্চয়॥
আপনার উপাসনা সাধ্য জানাইল।
রাধাকৃষ্ণ-বিলাস-বর্ণন গ্রন্থ কৈল॥
এইরূপে জয়দেব আত্মার যোগ্যতা।
রাধাকৃষ্ণ-লীলা গীত করিলা সর্ব্বথা॥

মন্দ জন গ্রন্থে না হইবে অধিকারী।
শ্রবণ-অধিকারী ইথে লিখিব বিচারি॥
শ্রীকৃষ্ণপদারবিন্দে একান্ত শরণ।
অন্য অভিলাষ জ্ঞান কর্ম্ম বিসর্জ্জন॥
ব্রজলীলা উপাসনা অনুরাগধারী।
সেই জন গ্রন্থের হইবে অধিকারী॥
শুন ভক্তগণ সব শ্রীগুরুচরণে।
রাসকেলি-কৌতুক করিয়া বৃন্দাবনে॥
সেই রস আস্বাদন অথবা চিন্তন।
ইহাঁতে সুস্নিগ্ধ যদি আছে যার মন॥
বৈদগ্ধী চেষ্টাতে যদি আছে কুতূহলী।
রাস-কুঞ্জে লীলা কৃষ্ণ করে গোপী মেলি॥
বিলাসকলাতে যদি সরস তোমার।
তবে জয়দেববাক্য কর অঙ্গীকার॥
মধুর কোমল কান্ত জয়দেববাণী।
ইহার শ্রবণে রাধাকৃষ্ণ-লীলা জানি॥
রাধাকৃষ্ণ-লীলা-তত্ত্ব লিখন করিয়া।
ভক্তে বুঝাইল আত্মা প্রকাশ করিয়া॥
জয়দেব-সরস্বতী করহ শ্রবণ।
পদশ্রেণী হয় কৃষ্ণ-লীলার বর্ণন॥
শৃঙ্গার প্রাধান্য হেতু মধুর লক্ষণ।
গান হেতু কমনীয় পদশ্রেণীগণ॥
এই পদ্যে সম্বন্ধ অভিধেয় প্রয়োজন।
টীকাকার তিন বস্তু করিলা সূচন॥

উমাপতি নামে এক মহা কবিরাজ।
পল্লবের প্রায় বাক্য এই তাঁর কাজ॥
নব পল্লবের প্রায় শ্লোক মাত্র করে।
বাক্য গুণযুক্ত কিছু বর্ণিতে না পারে॥
শরণ নামেতে কবি দুরূহ-বর্ণনে।
দুর্ব্বোধক পদ শীঘ্র করি উচ্চারণে॥
অতি শ্লাঘ্য করি তারে কহে কবিগণ।
এমন সুশ্রেণী পদ্য না শুনি কখন॥
গোবর্দ্ধন আচার্য্যের স্পর্দ্ধী কেহ নাই।
মহাকবি বলি তাঁরে কবিগণ গাই॥
বসন্তের বর্ণনাতে নাহি অধিকার।
গোবর্দ্ধনাচার্য্য বলি মহাখ্যাতি যাঁর॥
ধোয়ী নামে কবিরাজ অতি শ্রুতিধর।
শ্রবণমাত্রেতে শ্লোক করয়ে বিস্তর॥
শুনিলে সকল গ্রন্থ করিবারে পারে।
আপনি বর্ণিতে মাত্র নাহি অধিকারে॥
বাক্যের সন্দর্ভ-শুদ্ধি জয়দেব জানে।
রাধাকৃষ্ণ-লীলা যেই করয়ে বর্ণনে॥
উমাপতি ধোয়ি গোবর্দ্ধন কবিরাজ।
সামান্য বর্ণন মাত্র এ সবার কাজ॥
জয়দেব কৃষ্ণলীলা বর্ণনাধিকারী।
অতএব মহাকবি মহাকাব্যকারী॥
প্রলয়কালেতে যত সমুদ্রের গণ।
একীভূত জলে সবে হইল মিলন॥

তাহাতে নিমগ্ন বেদ তাহা উদ্ধারিতে।
মীনরূপ ধরি তাহা করিলা সাক্ষাতে ॥
জয় জয় জগদীশ মীনরূপধারী।
কেশব হইল নাম কেশি দৈত্যে মারি ॥
বিহিত করিলা তরি চরিত্র তাহাতে।
সত্যব্রত রাজার কৈবল্যলাভ যাতে ॥
জয় জয় মীনরূপশরীরী তোমার।
সত্যব্রত রাজারে করিলা অঙ্গীকার ॥
রম্যক বর্ষেতে মীনরূপে অধিকারী।
অধিষ্ঠাতৃদেব তুয়া পদে নমস্কারি ॥
এইরূপ দশ অবতারের বর্ণন।
যাহা হৈতে জানি অবতার-প্রয়োজন ॥
পঞ্চাশৎ কোটি যোজন পৃথিবী-গণন।
অবহেলে পৃষ্ঠে তাহা করিলা ধারণ ॥
কিণচক্রে পৃথ্বীভার একদিকে রয়।
জয় জয় জগদীশ কূর্ম্মদেব জয় ॥
ধরিলে কচ্ছপরূপ জগৎ-ঈশ্বর।
বরাহ-শরীর অতি দেখিতে সুন্দর ॥
দশনে ধরিয়া ক্ষিতি তুলিলা আপনি।
চন্দ্রে যেন চন্দ্রকলা শোভিছে মেদিনী ॥
বরাহ-শরীরে কৈলা পৃথিবী উদ্ধার।
জয় জয় জগদীশ জগতের সার ॥
নিজ কর-পদ-নখ অদ্ভুত ধরিলে।
হিরণ্যকশিপু-তনু-ভৃঙ্গ বিদারিলে ॥

জয় জয় জগদীশ নৃসিংহরূপধারী।
প্রহ্লাদে করিলা রক্ষা দৈত্যগণে মারি॥
বলি রাজে ছলিয়া রাখিলে ইন্দ্ররাজ।
চরণেতে করিলা তিন লোকের কাজ॥
ধরিলা বামনরূপ জগতের পতি।
তোমার চরণে মোর একান্ত ভকতি॥
ভৃগুপতিরূপে কৈলা ক্ষত্রিয় নিধন।
তাহার রুধিরজলে করিলা তর্পণ॥
জয় জয় ভৃগুপতিরূপ অবতার।
জয় জয় জগদীশ করুণা অপার॥
দশমুখে নাশ করি দেবকার্য্য কৈলা।
দিক্‌পালগণে তবে বলিদান দিলা॥
রামরূপধারী জগদীশ জয় জয়।
যুদ্ধ করি দুষ্টে মারি রিপু কৈলা ক্ষয়॥
বিষদ শরীরে নীলবস্ত্র শোভা করে।
হলভয়ে যমুনা মিলনে যেন তীরে॥
জয় জয় হলধররূপ ভগবান্।
বুদ্ধরূপে নিন্দা কৈলে যজ্ঞের বিধান॥
যেখানে পশুর হত্যা সেই দেবগণে।
নিন্দা করি দয়া প্রকাশিলে সর্ব্বজনে॥
জয় জগদীশ বুদ্ধশরীর তোমার।
কল্‌কিরূপ ধরি কৈলে ম্লেচ্ছের সংহার॥
ধূমকেতু-প্রায় বামহাতে খড়্গ করি।
কাটিলা ম্লেচ্ছের গণ মহাযুদ্ধ করি॥

যাবতীয় ম্লেচ্ছগণে করিলা নিধন।
কল্কি-অবতার হয় জগৎকারণ ॥
শ্রীজয়দেবের এই মুখোদিত বাণী।
সুখদ সদত সংসারের সার মানি ॥
শুনহ ভকতগণ জয়দেব-কথা।
দশবিধ রূপ কৃষ্ণ ধরিলা সর্ব্বথা ॥
বেদ উদ্ধারিলা কৃষ্ণ মীনরূপ ধরি।
কূর্ম্মরূপ ধরিলা ধরণী পৃষ্ঠে করি ॥
বরাহ-শরীরে কৈল পৃথিবী উদ্ধার।
নৃসিংহরূপে হিরণ্যকশিপু বিদার ॥
বলি ছলি রাজ্য লৈলা হইয়া বামন।
ভৃগুপতিরূপে ক্ষত্রবর্গের নিধন ॥
রঘুনাথরূপে কৈলা রাবণে সংহার।
বলরামরূপে হল-গ্রহণ তোমার ॥
বুদ্ধরূপে আপন কারুণ্য বিস্তারিলা।
কল্কিরূপে ম্লেচ্ছগণে বিনাশ করিলা ॥
এইরূপে প্রতি কল্পে ধরি অবতার।
দশাকৃত কৃষ্ণপদে করি নমস্কার ॥
শ্রীকৃষ্ণায় নমঃ তিঁহো দশ অবতরী।
তাঁর যত অবতার কহিতে না পারি ॥
লক্ষ্মীর বক্ষসি সদা তোমার আশ্রয়।
মুনিগণ-মনোহংস কৃষ্ণ জয় জয় ॥
ধরিল কুণ্ডল শ্রুতিমূলে মনোহর।
বনমালা শোভে ব্রজলোক-চিত্তহর ॥

দিনমণিমণ্ডল যত তাহার মণ্ডন।
তুয়া নামগুণে ভবসংসার খণ্ডন॥
বিষধর কালিয়েরে করিলে গঞ্জন।
জয় জয় দেব কৃষ্ণ জগৎ-জীবন॥
যদুকুল-নলিনীর তুমি দিবাকর।
রমণীর রঞ্জন ত্রিবিধপাপহর॥
মধু-মুরনরকাদির বিনাশস্বরূপ।
জয় জয় গরুড়-আসন কৃষ্ণরূপ॥
সুরকুল-কেলি যত তাহার নিদান।
অমল কমলদল লোচন সুঠাম॥
স্মরণ করিলে মাত্র সংসার-মোচন।
ত্রিভুবন-ভবন-নিধান গুণগণ॥
ধরিলা মন্দর তুমি নিজানন্দসুখে।
চকোরস্বরূপ তুমি পদ্ম-শ্রীমুখে॥
প্রণত হৈনু আমি তোমার চরণে।
জানিয়া মঙ্গলকর প্রণতের গণে॥
শ্রীজয়দেবকৃত উজ্জ্বল গীতগাথা।
সবার মঙ্গল সদা করুক্ সর্ব্বথা॥
শ্রীকৃষ্ণ অধিক রক্ষা করুন্ সবারে।
অনঙ্গ খেলায় দেহে স্বেদাম্বুপূর ধরে॥
পদ্মাপয়োধর-পরিরম্ভণ করিতে।
কাশ্মীর লাগিল বক্ষে ব্যক্ত রাগমতে॥
প্রিয়াতে অধিক রাগকুঙ্কুমের ছলে।
বাহিরে প্রকাশ হয় কবিগণে বলে॥

অতঃপর বসন্ত-উৎকণ্ঠা কহিবারে।
জয়দেব-শ্রীচরণে করি নমস্কারে ॥
রাধিকার সহচরী সরস-বচনে।
রাধা আগে কহে কিছু বসন্ত-লক্ষণে ॥
বাসন্তী কুসুম নিন্দি সুন্দর শরীর।
ভ্রমণ করিছে কুঞ্জে চিত্ত নহে স্থির ॥
অমন্দ কন্দর্পজ্বর চিন্তাতে আকুলা।
কৃষ্ণের লাগিয়া ফিরে করি কত ছলা ॥
বাড়িছে দ্বিগুণ বাধা নিবারণ নহে।
তার আগে গিয়া কিছু প্রিয়সখী কহে ॥
শুন শুন প্রাণসখি বসন্ত সময়।
বৃন্দাবন-সুখ-শোভা বর্ণন না হয় ॥
তাহাতে রসিক কৃষ্ণ যুবতীর সঙ্গে।
বিহার করয়ে আর নৃত্য করে রঙ্গে ॥
ছয় রস শৃঙ্গার হয়েছে মূর্ত্তিমান্।
তাহাতে সম্মিলন বসন্ত আগুয়ান ॥
বসন্ত-সমীপে কৃষ্ণ করিছে বিহার।
মূর্ত্তিমান্ হইয়াছে সাক্ষাৎ শৃঙ্গার ॥
ললিতা লবঙ্গলতা তাহার মিলনে।
কোমল মলয়বায়ু বহে অনুক্ষণে ॥
মধুকর-নিকর-বেষ্টিত সব ঠাঞি।
কোকিল-কূজিত কুঞ্জ কুটীরে সদাই ॥
বরহিণীজনে বহু দুরন্ত বিশেষ।
বসন্তসময় তাহে বৃন্দাবনদেশ ॥

উন্মত্ত মদন মনোরথ সব স্থানে।
প্রকাশিত বধূচিত্ত করয়ে ছেদনে॥
কান্তের বিচ্ছেদে তায় জন্ময়ে বিলাপ।
বাড়াইছে বসন্ত সময় মহাতাপ॥
অলিকুল-বেষ্টিত হয়েছে ফুলবনে।
তাহার সৌরভ গন্ধ দল-শ্রেণীগণে॥
নবদল তমালের গন্ধ মিশাইল।
তার গন্ধে বৃন্দাবন আমোদ করিল॥
যুবজন-হৃদয়বিকার করিধারে।
মনসিজ নখপ্রায় কিংশুকের জালে॥
মদন হইয়াছে রাজা এই বৃন্দাবনে।
কেশের কুসুমরাজ ছত্রের সমানে॥
স্বর্ণদণ্ড যেন শোভা রাজার উপরে।
ঐছে বকুলের শ্রেণী রাজদণ্ড ধরে॥
শিলীমুখ পাটলি-পটলে প্রবেশিতে।
মদনের তূণ প্রায় জানিহ নিশ্চিতে॥
বিগলিত লজ্জা সব তরুণীর গণে।
কেবল হাসিছে সব জগত লক্ষণে॥
বরহিণী কুন্ত করে কুন্তমুখাকৃতি।
কেতকী উন্নতদন্তা তাহার প্রকৃতি॥
মাধবিকার পরিমল নবমল্লিকাতে।
তার গন্ধে সুগন্ধিত দেখহ সাক্ষাতে॥
মুনিমনোমোহন করিতে শক্তি ধরে।
তরুণজনার বন্ধু আছে কামচরে॥

বৃন্দাবন-বিপিনেতে পরিসর হৈয়া।
পারগত যমুনার জলে মিশাইয়া ॥
বসন্ত ভ্রমিছে সদা বৃন্দাবনমাঝে।
বিরহিণী-জনে দুঃখ দিবে কোন কাজে ॥
শ্রীজয়দেব-ভণিত শুনহ ভক্তগণ।
শ্রীকৃষ্ণ-স্মরণ এই পরম কারণ ॥
পুনর্ব্বার কহে সখী শুন মোর বাণী।
দুর্জ্জয় বসন্তকাল অতি ভয় মানি ॥
অল্প বিদলিত যত মল্লিকার গণ।
তার বল্লী চঞ্চৎ পরাগ প্রকটন ॥
প্রকটিত পটবাস বাসিত কানন।
তার গন্ধে সবাকার দহিছে জীবন ॥
কেতকীর গন্ধ তার বন্ধু তুল্য হয়ে।
প্রসরদ হয়ে বহে বায়ু মিশাইয়ে ॥
মদনরাজার সহ এক মেলি করি।
গন্ধবহ গমন করিছে ফিরি ফিরি ॥
শ্রীখণ্ড-শৈলের যত গন্ধবহগণ।
ঈশাচল প্রতি সবে করিলা গমন ॥
মলয়পর্ব্বতে আছে ভুজঙ্গ সকল।
তাহার কবলে বায়ু হইলা বিকল ॥
ঈশাচলে স্নিগ্ধজলে স্নান করিবারে।
গন্ধবহ চলিয়াছে করহ বিচারে ॥
স্নিগ্ধ সব রসালের মুকুল নেহারি।
অতিহর্ষে পিক ডাকে কুহু কুহু করি ॥

কত কলস্বর পিক কহিছে উদয়।
বুঝিয়া করহ কাজ যে উচিত হয়॥
উন্মীলন হইয়াছে মধুগন্ধ বনে।
তাতে লুব্ধ ব্যাধৃত মধুপ অনুক্ষণে॥
সহকার অঙ্কুরিত ক্রীড়তি কোকিলি।
কোকিলের কল কল সবে এক মেলি॥
শুনিতে কর্ণের জর বাড়ে অনুক্ষণ।
তাহাতে দিবস নয় রাখহ জীবন॥
বসন্ত-বাসর সব আছে এইরূপে।
প্রিয়-দর্শনেতে পড়ে অমৃতের কূপে॥
অনেক যুবতীমধ্যে দেখিয়া কৃষ্ণেরে।
দর্শন করিয়া পুনঃ কহে মন্দস্বরে॥
নিকটে দেখহ কৃষ্ণ বিহরিছে বনে।
পুনরপি কহে সখী মধুর-বচনে॥
সুখবিলাসিনী যত গোপিকা-নিকরে।
কৃষ্ণ তাহে বিলাসই পরম সুন্দরে॥
খেলে পরস্পর গোপী কৃষ্ণসঙ্গ পায়্যা।
বিলাস করিছে সবে উন্মত্ত হইয়া॥
চন্দনচর্চ্চিত সব নীল-কলেবর।
পীতবস্ত্র বনমালা অতি মনোহর॥
কেলি পরে গলে দোলে মণির কুণ্ডল।
মণ্ডিত হইল পুনঃ হাসির হিল্লোল॥
পীনপয়োধরভার-ভরে গোপনারী।
রহিল পরিরম্ভণেতে অনুরাগ করি॥

কোন গোপী মধুকর যন্ত্র একতান।
উঠায়ে পঞ্চম রাগ কেহ করে গান ॥
কেহ রাসবিলাস বিলোল লোচন।
জন্মিয়াছে অনঙ্গজ খেলার বর্ণন ॥
কোন মুগ্ধা বধূ কৃষ্ণবদনারবিন্দ।
ধ্যান করি পায় সবে বড় সুখবৃন্দ ॥
কেহ কেহ কপোল তলেতে হাত দিয়া।
শ্রুতিমুখে মুখ দিল চুম্বন করিয়া ॥
কিমপি কহিব বলি চারু চুম্ব দিল।
সেই নিতম্বিনী পুনঃ পুলকে ভরিল ॥
কোন গোপী কেলিকলা-কৌতুহিনী হয়ে।
যমুনার জলে যায় কৃষ্ণে আকর্ষিয়ে ॥
মঞ্জুল লতার মধ্যে কৃষ্ণচন্দ্রে আনি।
পীতাম্বর ধরিয়া কর্ষয়ে নিতম্বিনী ॥
কিছু বাক্য আছে তাহা কহিব নিভৃতে।
কৃষ্ণ সহ নিজ সুখে বিহার করিতে ॥
করতল-তালি-সংবলিত কোন নারী।
তরল বলয়-শ্রেণী সুখে নৃত্য করি ॥
কলিত বংশীর সহ কলস্বর গীত।
রাস-রসে সহ নৃত্য কৃষ্ণ প্রশংসিত ॥
কোন গোপিকারে কৃষ্ণ করি আলিঙ্গন।
কোন গোপী ধরি কৃষ্ণ করয়ে চুম্বন ॥
কাহারে রমণি করি মুখ নীরক্ষণ।
হাস্যমুখে গোপিকার পশ্চাৎ গমন ॥

কেহ বস্ত্র ধরে কেহ বাহু করতলে।
কেহ দিব্য মালা গাঁথি দেয় কৃষ্ণগলে॥
শ্রীজয়দেব-কথা বর্ণিত সকল।
অদ্ভুত কৃষ্ণের কেলি রহস্য নির্ম্মল।
বিপিন-বিনোদ-কথা করহ শ্রবণ।
বর্ণিতে আছয়ে রাধা কৃষ্ণের মিলন।
বিস্তর হরযে শুভ শ্রবণ বর্ণিতে।
আছে অতিশয় যশ ব্যক্ত শাস্ত্রমতে॥
স্বচ্ছন্দে সকল ব্রজসুন্দরীর সঙ্গে।
সর্ব্ব-অঙ্গ আলিঙ্গন করে প্রেমরঙ্গে॥
মূর্ত্তিমান্ শৃঙ্গার হইয়া রাসস্থলে।
ঐছে কৃষ্ণ বিহার করয়ে কুতূহলে॥
মধু মাস মুগ্ধ হরি করিছে বিহার।
পরম স্বচ্ছন্দে তার সকল আচার॥
ইন্দীবরশ্রেণীশ্যাম কেবল শরীরে।
অনঙ্গোৎসব-রস অতি বৃদ্ধি করে॥
বিশ্বের ঈশ্বর সব অনুরক্তকারী।
আনন্দ জন্মায় তায় বিহার আচরি॥
তবে রাধা ঠাকুরাণী শুনিয়া বচন।
আপনার মনস্কাম করি উদ্‌ঘাটন॥
রাসের উল্লাসে চিত্তবিভ্রান্ত হইয়া।
আভীর-নাগরী সব আছে কৃষ্ণ লয়্যা॥
তার মধ্যে আসি রাধা কৃষ্ণে আলিঙ্গিল।
উদ্ভট চুম্বন বহু বদনে করিল॥

প্রেমান্ধ হইয়া কহে বচন সুন্দর।
সাধু তব অসাধ্য সুধাময় সুধাধর ॥
এই কথা কহি রাধা স্তুতিগীতচ্ছলে।
উদ্ভট চুম্বেন কৃষ্ণ-বদনকমলে ॥
দেখি কৃষ্ণ স্মিতমুখ সর্ব্বমনোহারী।
করুন্ জগতে কৃপা দয়াময় হরি ॥

ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে সামোদদামোদরনাম
প্রথমঃ সর্গঃ ॥ ১ ॥

# দ্বিতীয়ঃ সর্গঃ।

কৃষ্ণ যবে বিহার করয়ে বৃন্দাবনে।
শ্রীরাধিকাসহ আর সব গোপী সনে॥
শতকোটি গোপী সঙ্গে করেন বিহার।
সবাকার সঙ্গে করে সম ব্যবহার॥
সাধারণ প্রেম কৃষ্ণ করে সব স্থানে।
দেখিয়া রাধার ঈর্ষা বাড়ে ক্ষণে ক্ষণে॥
বিগলিত নিজোৎকর্ষা শ্রীরাধিকা হৈল।
মানময়ী সর্ব্ব বৃন্দাবন নেহারিল॥
সমান উন্মাদ রস সম কেহ নয়।
কৃষ্ণ পুনঃ সব প্রেম সর্ব্বত্র করয়॥
দেখিয়া বাড়িল ঈর্ষা অতীব প্রবল।
ঈর্ষাবশ হয়ে রাধা হইল নিশ্চল॥
ক্রোধ করি রাস ছাড়ি এক কুঞ্জে গিয়া।
নির্ব্বাক্ হইয়া কুঞ্জে রহিলা বসিয়া॥
উপরে গুঞ্জরে সব ভ্রমরমণ্ডলী।
কুঞ্জের শিখরে বসি মধুপানকেলি॥
সে রহঃ-কুঞ্জেতে রহে বিলীনা হইয়া।
সখীরে কহয়ে কিছু চিত্ত উঘাড়িয়া॥
অতি দীন হৈয়া বসি নিকুঞ্জ-ভিতরে।
কহিতে লাগিলা কিছু মন্দ মন্দ স্বরে॥

শুন প্রাণসখি কৃষ্ণ পড়িছে অন্তরে।
আপনার মনঃকথা কহিনু তোমারে ॥
শারদীয় রাসে কৃষ্ণ যে প্রেম করিলা।
পূর্ব্ব অনুপূর্ব্ব কথা মনে পড়ি গেলা ॥
মোর মন কৃষ্ণরূপ করিছে স্মরণ।
কৃষ্ণসহ বিহিত বিলাস-পরায়ণ ॥
সঞ্চার হইল অধরের সুধা যাতে।
এমন মধুর ধ্বনি মুখরিত গীতে ॥
এমন মোহন বংশী তার সুধাগান।
শুনি কর্ণ নেত্র অঙ্গ জুড়ায় পরাণ ॥
বলিত হয়েছে তিথি দৃগ পঞ্চপাতি।
শিরোভূষা অবতংস কপোল সুভাতি ॥
ময়ূর চন্দ্রিকা চারু চন্দ্রিকা উজ্জ্বল।
চিকুরে বেষ্টিত হয়ে করে ঝলমল ॥
ইন্দ্রধনু অপরূপ প্রচুর সাজনী।
অতিশয় মেদুর মধুর রূপখানি ॥
বিপুল পুলক ভুজপল্লবের শোভা।
তাহাতে বলিত গোপ-যুবতীর লোভা ॥
গোলাপ কদম্ব তার সব নিতম্বিনী।
কৃষ্ণমুখচুম্বনে লোভিত হেন মানি ॥
বন্ধুজীব জিনি সেই অধরপল্লব।
উল্লাসিত স্মিত তাতে আনন্দ-উৎসব ॥
কর আরচরণ আর উরসি মণিগণ।
কিরণে বিহীনতমঃ হৈল বৃন্দাবন ॥

জলদপটলমাঝে চন্দনের বিন্দু।
চন্দন-তিলক শোভে যেন পূর্ণ-ইন্দু ॥
গোপিকার পয়োধর তাহার মর্দ্দনে।
হৃদয় নির্দ্দয় যেন কবাট সমানে ॥
মণিময় মকরকুণ্ডল শোভা করে।
অতি মনোহর গণ্ড ঝলমল করে ॥
পীতাম্বরধারী কৃষ্ণ পরম উদার।
অনুগত নর-সুরাসুর-পরিবার ॥
প্রফুল্লিত কদম্বের তলে গোপী মেলি।
করিল কলুষ-নাশ লীলা করি কেলি ॥
প্রেমরূপ কলহে যে উপজয়ে ভয়।
চাটুবাক্যে তাহা সব নির্ব্বাণ করয় ॥
আমার এ অঙ্গ দৃষ্টে করয়ে রমণ।
নিজ মাধুর্য্যেতে আকর্ষয়ে মোর মন ॥
জয়দেব-ভণিত অপূর্ব্ব প্রেমলীলা।
শুনহ সকল লোক সংসারের ভেলা ॥
শুন সখি মোর মন বিপর্য্যয় হৈল।
কৃষ্ণ-গুণগ্রাম মন জপিতে লাগিল ॥
সখী কহে শুন রাধা আমার বচন।
তোমা ছাড়ি অন্য সহ করয়ে রমণ ॥
তবে কেন তব মন স্মরিছে তাহারে।
বুঝিতে না পারি কথা কহ দেখি মোরে ॥
রাধা কহে শুন সখি আমার আকুতি।
কৃষ্ণ বিনা মোর মন না চলয়ে কতি ॥

ভ্রমিতে না চাহে পদ কৃষ্ণগুণ বিনে।
কৃষ্ণ-পরিতোষ সদা কহিছে ধেয়ানে ॥
দোষ দূরে ত্যাগ কৈল চাহে দেখিবারে।
আপন মরম সখি কহিনু তোমারে ॥
যুবতীর মধ্যে কৃষ্ণ করিছে বিহার।
আমা বিনা নানা সুখ বাড়িল তাহার ॥
পুনরপি মনোরমা করিছে কামনা।
কি করিব কহ সখি বাক্যের যোজনা ॥
আরে সখি কেশি-মথনের সঙ্গ মোরে।
করাও নিকুঞ্জে এই নিবেদন তোরে ॥
মনোভববাণে মোর তাপিত অন্তর।
আনিয়া মিলাও কৃষ্ণ ত্রিভঙ্গ সুন্দর ॥
নিভৃত নিকুঞ্জমাঝে যবে আমি যাব।
নিশিতে রহসি কৃষ্ণ নিলয়ে থাকিব ॥
চকিত হইয়া আমি দিক্ নেহারিতে।
রতি-রভসেতে কৃষ্ণ লাগিবে হাসিতে ॥
প্রথমেতে সমাগমে লজ্জিত অন্তর।
কৃষ্ণ পটু চাটু বাক্যে হইব সত্বর ॥
স্মিত অনুকূল বাক্য প্রার্থনা করিব।
আমি মৃদু মুগ্ধবাক্য স্মিতমুখ হব ॥
শিথিল করিবে মোর জঘন দুকূল।
কিসলয়-শয়ন হইবে অনুকূল ॥
চিরকাল ধরি মোর উরসি শয়ন।
কত পরিরম্ভণে চুম্বন পুনপুন ॥

পরিরম্ভ করিবেন কৃতাধরপান।
কৃত সুখ দেখি আমি বহু করি মান॥
আলস্যে অলস হবে লোচন আমার।
পুলক-আবলিযুক্ত কপোল তাহার॥
শ্রমজলে সিক্ত হবে সর্ব্ব-কলেবর।
মদনরসেতে লুব্ধ নন্দের কোঙর॥
কোকিলের কলরবে কূজিত আমার।
জিত-মনসিজ-তন্ত্র কৃষ্ণের বিহার॥
শ্লথ হবে কুসুম আকুল কুচভার।
কুচগ্রহি চুম্বন করিবে বারে বার॥
রতিসুখসময়ে অলস হবে অঙ্গ।
দর-মুকুলিত কৃষ্ণ-নয়ন-তরঙ্গ॥
শ্রীজয়দেব-ভণিত মধুর অতিশয়।
মধুরিপু নিধুবন-কথা সুধাময়॥
সুখ-উৎকণ্ঠিত গোপবধূর বিলাপ।
বিস্তার হউক কুঞ্জে রাধার বিলাপ॥
শুন সখি কৃষ্ণ মোরে বিলোকন করি।
বিলক্ষণ স্মিত-সুধা সুখেতে বিস্তারি॥
ব্রজসুন্দরীগণ যাবৎ দেখিবে।
সুখেতে আবৃত হয়ে হাস্যমুখ হবে॥
হস্তস্রস্ত বিলাস-মুরলী অনুক্ষণ।
ভ্রূবল্লি-কটাক্ষে বিন্ধে বল্লবীর গণ॥
উৎসারিত দৃগন্ত স্বেদার্দ্র গণ্ডস্থল।
দেখিয়া বাড়িবে মোর তরঙ্গ সকল॥

সরোবর উপবন  পবনমণ্ডলী।
অতি ব্যথা দেয় মোরে  বিনা বনমালী ॥
হের দেখ অশোকের লতিকা বিকাশ।
দুরালোক শোক মোর করিছে প্রকাশ ॥
ভৃঙ্গী সব ভ্রমিয়া ভ্রমিয়া ধ্বনি করে।
রতি রমণীয়া দেখি দুঃখ সে আচরে ॥
হের দেখ মুকুলিত রসালের গণে।
আমার হৃদয়ে দুঃখ দেয় অনুক্ষণে ॥
এইরূপে উৎকণ্ঠার করয়ে লক্ষণ।
তবে  সর্ব্বজগতের  আশীষ সূচন ॥
আকুতি সহিত স্মিত আকুল অন্তরে।
খসিছে ধম্মিল্ল উল্লাসিত  করি তারে ॥
ছলেতে দর্শিত ভুজমূল দৃষ্ট  স্তন।
কৃষ্ণমুখ দেখি করুক্ ভ্রূবল্লী নর্ত্তন ॥
দেখিয়া নিভৃতে কৃষ্ণ আনন্দ অন্তরে।
সেই মনোহর কৃষ্ণ রক্ষুন তোমারে ॥
শুনহ অপূর্ব্ব কথা  জয়দেব-বাণী।
সংসার-মোচন হবে যেই  কথা শুনি ॥
দ্বিতীয় সর্গের কথা  করিল  রচন।
জয়দেব-পাদপদ্ম করিয়া  বন্দন ॥

ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে অক্লেশকেশবে নাম দ্বিতীয়ঃ সর্গঃ ॥২॥

# তৃতীয়ঃ সর্গঃ।

রাধিকার উৎকণ্ঠার কহিনু লক্ষণ।
এবে কৃষ্ণ-উৎকণ্ঠার করিব সূচন॥
কংসারি রাধিকা ধরি হৃদয়মণ্ডলে।
ছাড়িলা সকল গোপী মহারাস স্থলে॥
সংসার-বাসনা তার বন্ধন শৃঙ্খলা।
কেবল রাধিকা মাত্র হয়েন একলা॥
রাসস্থলে কৃষ্ণ রাধায় না দেখি যখনে।
শত কোটি গোপীরে ছাড়িলা সেই ক্ষণে॥
ইতস্ততঃ ভ্রমণ করিয়া বনে বনে।
রাধা অন্বেষণ করে বিষাদ-বদনে॥
অনঙ্গের বাণে ব্রণ-খিন্ন কলেবর।
অনুতাপ করি আর প্রলাপ বিস্তর॥
খিন্ন-মানস হয়ে কুঞ্জে কুঞ্জে ফিরি।
যমুনার তটান্ত-কুঞ্জে বহু তাপ করি॥
শত কোটি গোপীগণ ছাড়ি এককালে।
বিষাদ করেন কৃষ্ণ বসিয়া বিরলে॥
অনেক গোপীর মধ্যে দেখিয়া আমারে।
ক্রোধ করি গেলা কিছু না কহিলা কারে॥
ভয়ে আমি তারে না কৈনু নিবারণ।
তাহার সাক্ষাতে অন্য সহিত রমণ॥

অন্যে অন্যে দৃষ্টি যদি হৈল সেইক্ষণে ।
অপরাধ-ভয়ে না করিনু নিবারণে ॥
হরি হরি খেদ-বাক্য কহে বার বার ।
নিষেধ করিতে ঝুরে নয়নের ধার ॥
হতাদর হেতু রাধে অতি-কোপ হৈয়া ।
কোন্ কুঞ্জে আছ তুমি আমারে ছাড়িয়া ॥
কি করিছ কি বলিছ ব্যাপ্ত বিরহব্যথা ।
ধনে কিবা কাজ মোর আর সব বৃথা ॥
সুখে বা কি কাজ মোর গৃহে কিবা করে ।
বিকল হইল প্রাণ না দেখি তোমারে ॥
তোমার মুখারবিন্দ সদা চিন্তা করি ।
কুটিলভ্রূ কোপভর তাহাতে সঞ্চারি ॥
শোণপদ্ম প্রায় যেন উপরি ভ্রমর ।
আকুল হইয়া যেন ভ্রমে নিরন্তর ॥
সেইরূপ হৃদয় সঙ্গেতে সদা আছে ।
তাহাতে রমিছে চিত্ত আছে তব কাছে ॥
অতিশয় রূপ রাত্রিদিনে ধ্যান করি ।
কেনা কুঞ্জে তোমারে দেখিব আঁখি ভরি ॥
কিংবা বৃথা করি আমি বিলাপ আচার ।
অসূয়া-অন্বিত তনু হয়েছে তোমার ॥
হৃদয়ে জানিনু আমি তোমার খিন্নতা ।
তাহা নাহি জানি মাত্র তুমি আছ কোথা ॥
তোমার নিকটে যাই অনুনয় করি ।
শুন তন্বি আমি তোমায় না দেখিলে মরি ॥

রাধা প্রতি আবেশ বাড়িল অতিশয়।
যাহা তাহা রাধা-রূপ কৃষ্ণের স্ফূরয়॥
কৃষ্ণ কহে সাক্ষাতে কর গতাগতি।
বাক্য কেন নাহি কহ না বুঝি কি রীতি॥
পূর্ব্বে যৈছে সংভ্রমে করিতে আলিঙ্গন।
এবে তাহা না কর না বুঝি এ কারণ॥
বুঝি মোর আপনার আছে তব স্থানে।
নহিলে সাক্ষাতে তুমি বিমনস্ক কেনে॥
ক্ষম অপরাধ মোর আর পুনঃ নয়ে।
অতঃপর কদাচিত্ নারিহ নিশ্চয়ে॥
দেহ মোরে দরশন শুনহ সুন্দরি।
মন্মথের বাণে মোরে দুঃখ দেয় ভারি॥
আবেশে হইলা যেন শ্রীরাধা-সাক্ষাতে।
সেইরূপ গুণ যেন পরস্পর তাতে॥
রাধা-অঙ্গগন্ধে নাসা করে আকর্ষণ।
আপনে করিছে রাধা অঙ্গের বর্ণন॥
জয়দেব করি ইহা বর্ণন করিল।
নত হঞা কৃষ্ণলীলা স্তবন করিল॥
সেই জয়দেব চন্দ্র সর্ব্বকাল জয়।
কেন্দুবিল্ল-সমুদ্র-সম্ভব মহাশয়॥
কেন্দুবিল্ল নামে তার সমুদ্র উপম।
তাহাতে উদয় চন্দ্র জয়দেব নাম॥
পুনর্ব্বার অনঙ্গদেবের স্তব করি।
আপনার বেশ-ভূষা তাহার গোচরি॥

শুনহ অনঙ্গ আমি না হই শঙ্কর।
ক্রোধ করি দুঃখ মোরে না দিহ বিস্তর ॥
কুবলয়দল-শ্রেণী কণ্ঠেতে আমার।
গরল ভ্রমেতে কেন করহ প্রহার ॥
হৃদয়ে পঙ্কজহার না হয় ভুজঙ্গ।
প্রিয়ার সহিত শিব হয় অর্দ্ধ অঙ্গ ॥
মলয়জ-রজ অঙ্গে নহি ভস্মধারী।
প্রিয়ার সহিত আমি নাম গিরিধারী ॥
শিব ভ্রমে তুমি মোরে না কর প্রহার।
শিব-বেশ-ভূষা অঙ্গে না হয় আমার ॥
রসাল সায়ক হস্তে না কর গ্রহণ।
অনঙ্গের বাণ আম্র মুকুলের গণ ॥
চাপ আরোপণ তুমি না করিহ হাতে।
ক্রীড়াতে নির্জিত বিশ্ব হইল তোমাতে ॥
মূর্চ্ছিত জনাকে ঘাতি কিবা সে পৌরুষ।
মনসিজ নাম ধর সব তোমার বশ ॥
রাধিকার প্রেক্ষৎ কটাক্ষবাণ হৈতে।
জর্জ্জর হইয়াছে চিত্ত নারি সামলিতে ॥
বাণশ্রেণী-ঘাতে চিত্ত সুস্থ নাহি হয়।
মনসিজ শুন চিত্র দৃষ্টি না করয় ॥
কটাক্ষ বিশিখ তোমার ভ্রূচাপের সঙ্গী।
মর্ম্মব্যথা নির্ব্বাণ করিতে বড় রঙ্গী ॥
শ্যামাত্মা কুটিল তোমার কবরীর ভার।
মারোদ্যম করিতে নির্দ্দয় হৃদয় তার ॥

বিম্বাধর মোহন সদা করিছে অন্তরে।
রাগবান জন যৈছে করে নিরন্তরে ॥
অতিশয় বৃত্ত স্তনমণ্ডল তোমার।
প্রাণের সহিত ক্রীড়া করে বার বার ॥
স্পর্শ-সুখ সেই যদি আছয়ে তোমার।
কি হেতু বিরহ-ব্যাধি বাড়য়ে অপার ॥
তরল ভ্রমণ স্নিগ্ধ নয়ন বিভ্রম।
বক্ত্রাম্বুজের সৌরভ অতি মনোরম ॥
সুধাস্যন্দী বাক্যের মাধুরী শুনি কাণে।
তবে কেন বিরহ-ব্যাধি বাড়ে অন্তঃকণে ॥
বিম্বাধর-মাধুরী বিষয়াসঙ্গ মন।
রাধার সমাধি মোর আছে সর্ব্বক্ষণ ॥
রাধিকার ভ্রূপল্লব ধনুক প্রমাণ।
অপাঙ্গ তরঙ্গ সব মদনের বাণ ॥
শ্রবণের পাঁতি তার ধনুকের গুন।
অনঙ্গ জিনিতে এই বাণের পত্তন ॥
হারিয়া অনঙ্গ সব অস্ত্র সমর্পিল।
অনঙ্গ জয় জঙ্গম দেবতা নাম হৈল ॥
তাহাতে জিনিলে তুমি সকল সংসার।
সাক্ষাৎ করিয়া তারে কহে বার বার ॥
কৃষ্ণের কটাক্ষ উর্ম্মি জগতের জনে।
কন্দলিত হয়ে রক্ষা করুন্ স্থানে স্থানে ॥
মুগ্ধ মধুসূদন-মুখারবিন্দ শোভা।
রাধিকা-মুখারবিন্দ পঙ্কজের আভা ॥

তির্য্যক্ বলিত মৌলি তরল উত্তংস।
উচ্ছ্বরিত গীত স্থান সুবলিত বংশ॥
ললনা সকল বিদ্ধ কটাক্ষ-ভঙ্গিতে।
হেন কৃষ্ণ সবে রক্ষা করুন্ সর্ব্বমতে॥
তৃতীয় সর্গের এই কহিল বিবরণ।
জয়দেব-পাদপদ্ম করিয়া বন্দন॥

ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে মুগ্ধমধুসূদনো নাম তৃতীয়ঃ সর্গঃ॥ ৩॥

---

# চতুর্থঃ সর্গঃ।

কৃষ্ণ ঐছে তাপ করি আছেন বিরলে।
রাধিকার প্রিয়সখী আইলা হেনকালে॥
যমুনার তীরেতে বানরীকুঞ্জে বসি।
দেখি কহে রাধা-সখী কিছু মন্দ হাসি॥
শুনহ মাধব রাধা তোমার বিরহে।
মহাদুঃখে পড়িয়াছে কিছু নাহি কহে॥
চন্দন চন্দ্রমা সব করিছে নিন্দন।
অনুদিন খেদভাব অধীর বচন॥
ব্যালগৃহে মিলনে গরল প্রায় মানি।
মলয়সমীর তাহে অগ্নি হেন জানি॥
তোমার বিচ্ছেদে রাধা অতিশয় ম্লান।
মনসিজ-বাণ-ভয়ে তব পদে লীন॥
মদনের বাণে অবিরত পোড়ে অঙ্গে।
তাহার অন্তরে তুমি আছ তার সঙ্গে॥
স্বহৃদয় মর্ম্মস্থানে তোমা রাখিবারে।
সজল নলিনীদলে অঙ্গে বর্ম্ম করে॥
কুসুম বিশিখ শর শয্যাতে শয়ন।
অনঙ্গ বিলাস ফল ব্রত-পরায়ণ॥
তব পরিরম্ভণসুখেতে অভিলাষ।
কুসুম শয়ন-ব্রতে করিলেন বাস॥
বলিতে লোচনে ঝরঝর জলধার।
কমনীয় মুখপদ্ম ভিজে বার বার॥

বিধুন্তুদ দন্তে করি চন্দ্রকে দংশিল ।
দশনে গলিতামৃত করিতে লাগিল ॥
রহসি কুরঙ্গ মদে তব রূপ লিখি ।
অনঙ্গের শর হাতে তব রূপ লিখি ॥
মকরবাহন তার তলে সাজাইয়া ।
নবচূত শর করি তার হাতে দিয়া ॥
প্রণাম করয়ে পুনঃ করয়ে স্তবন ।
এই ব্রত করি নিজ রাখয়ে জীবন ॥
মধুসখা হে মাধব করিছে প্রণাম ।
প্রতিক্ষণ এই বাক্য কহে অবিরাম ॥
যদি কহ মোর পদে কেন নমস্কার ।
তাহাতে কহি যে শুন মরম রাধার ॥
তোমার বিহনে চন্দ্র অমৃতের নিধি ।
আত্মার দহন মোর করে নিরবধি ॥
পুনর্ব্বার শ্রীরাধিকা অতি ব্যগ্র হৈয়া ।
ধ্যানালয়ে তব মূর্ত্তি সাক্ষাৎ করিয়া ॥
বিলাপ করিছে ক্ষণে শীর্ণ কলেবর ।
ক্ষণে ক্ষণে পুনঃ পুনঃ রোদন বিস্তর ॥
অত্যন্ত দুরাপ তুমি পাইয়া তোমারে ।
আলিঙ্গন করি সব তাপ দূর করে ॥
অগ্রে স্ফূর্ত্তি জানিয়া ধাইছে বার বার ।
নিতান্ত বিষাদে মগ্ন কখন হুঙ্কার ॥
ধ্যান করি কুঞ্জে কভু আছেন বসিয়া ।
ঝরিছে নয়নজল মুখ বুক বয়্যা ॥

শুন ভক্তগণ যদি মন নৃত্য করে।
শ্রীজয়দেববাক্য শুনিবার তরে ॥
শ্রীকৃষ্ণ-বিরহ-ব্যাপ্ত শ্রীরাধা-চরণ।
সখীবাক্য কৃষ্ণ অগ্রে করিল প্রার্থন ॥
শ্রীজয়দেব-ভণিত বাক্য পাঠ করি।
পরম আনন্দে যাব ভবসিন্ধু তরি ॥
তবে সখী পুনর্ব্বার কহে কৃষ্ণ স্থানে।
তোমায় না দেখিলে রাধা অতি দুঃখ মানে ॥
আবাস বিপিন প্রায় হইল তাহার।
প্রিয়সখীগণ সব জালের আকার ॥
অতিতাপে অতিশ্বাস বহে নিরন্তর।
দহনের সম জ্বালা কলাপ বিস্তর ॥
কন্দর্প যমের প্রায় করিছে আচার।
শার্দ্দূল বিক্রম তেঁহো করে বারবার ॥
হরিণী সমান আর নয়ন চঞ্চল।
চারিদিকে নেহারিতে ঝরে আঁখিজল ॥
বিরহেতে পাণ্ডুবর্ণ সকল শরীর।
তোমার বিরহে কোন স্থানে নহে স্থির ॥
তবে পুনঃ সখী কহে নিকটে বসিয়া।
তাঁর দশা চেষ্টা সব কৃষ্ণে শুনাইয়া ॥
স্তনে বিনিহিত হার মানি গুরুভার।
অতি কৃশ তনু রাধা ফেলাইল হার ॥
অতি মনোহর হার ধরিতে না পারি।
তোমার বিহনে তনু অতি কৃশ করি ॥

শুন প্রিয় কেশব রাধার হেন দশা।
দেখিয়া সকল সখী ছাড়িল ভরসা ॥
সরস মানস মলয়জ পঙ্ক দেখি।
বিষ প্রায় মানি রহে মুদি দুই আঁখি ॥
শ্বসিত পবন বহে দহন সহিতে।
মদন আগুন যেন বহে চারি ভিতে ॥
নয়ন নলিনী দিকে দিকে ক্ষেপ করি।
নয়নের জলকণা নয়ন উপরি ॥
অশ্রুমুখে সেই দিকে করে নিরীক্ষণে ;
কমল প্রকাশ হয় তার বিলোকনে ॥
কিশলয়-শয্যা যেন নয়নের বাণ।
অনল স্বরূপ তারে করি অনুমান ॥
সশঙ্ক হইয়া রহে মহাভয় করি।
কি বলে কি করে কিছু বুঝিতে না পারি ॥
পাণিতল কপোলে আছে যে অনুক্ষণ ;
রক্তপদ্মে যেন বালচন্দ্রের শয়ন ॥
হরিরিতি হরিরিতি সদা জপ করে।
বিরহে বিহিত মরণের দশা ধরে ॥
মরণে যে গতি তৈছে দশা অনুক্ষণ।
অন্তর্দ্দাহ সহ স্থিতি প্রলাপ বচন ॥
জয়দেব-ভণিত শ্রীব্রজলীলা গীত।
শ্রীকৃষ্ণভজনপদ সর্ব্বজনহিত ॥
শ্রীচরণে সমর্পিত হয় মন যার।
সেই শ্রোতাগণে সুখ বাড়ুক্ অপার ॥

তবে সখী কহে শুন নন্দের নন্দন।
তোমারে কহি যে তার চেষ্টার লক্ষণ॥
রোমাঞ্চ শীৎকার কম্প বিলাপ ভ্রমতা।
ধ্যান ভয় মূর্চ্ছা আর গতি যথা তথা॥
অশ্বিনীকুমার তুল্য চিকিৎসক তুমি।
শুনহ দৈবত বৈদ্য কহিলাম আমি॥
রোমাঞ্চ হইয়া রাধা রহে অনিমিখে।
শীৎকার করিয়া পুনঃ উঠে মহাদুঃখে॥
বিলাপ করয়ে বহু কম্প সর্ব্ব গায়।
ক্ষণে সাম্য করে ক্ষণে ধ্যানদৃষ্টে চায়॥
কখন ভ্রমণ করে এই কুঞ্জবনে।
চলিতে পড়য়ে ভূমে উঠে বহুক্ষণে॥
পুনঃ উঠি যাইতে মূর্চ্ছিত হয়ে পড়ে।
তবে মহাকম্প ঘটে সর্ব্ব অঙ্গ নড়ে॥
তবে হয় বৈবর্ণ্য দেখিতে লাগে ভয়।
মূর্চ্ছা ভাঙ্গিলে সখী লো বলিয়া কান্দয়॥
বিরহেতে শ্বেতবর্ণ হৈল কলেবর।
কহিতে না পারে কিছু বচন ঘর্ঘর॥
এই মহাজ্বরে রাধা ব্যাকুল অন্তরে।
তোমার চিকিৎসা তাতে শীঘ্র সুস্থ করে॥
সখীবর্গ তার মহা চিকিৎসা করিয়া।
ছাড়ি দিল সবে মাত্র কান্দে মুখ চায়্যা॥
তব রসায়ন মাত্র তাঁহার জীবন।
নহিলে অন্যথা আমি কৈনু নিবেদন॥

শুনহ দৈবত বৈদ্য বচন আমার।
তব সঙ্গামৃত মাত্র চিকিৎসা তাহার ॥
জরভাব বড় তার হয়েছে অন্তরে।
তব সঙ্গ সাধ্য মাত্র কহিনু তোমারে ॥
ব্রজজন-স্বস্থ তুমি হস্ত প্ররশিলে।
ব্যাধি হৈতে মুক্ত রাধা হয় সেইকালে ॥
যদি তারে সুস্থ নাহি কর হস্ত ধরি।
ইন্দ্রবজ্র হৈতে তুমি কঠিন বিচারি ॥
কন্দর্পের জরে অতি জরাতুর তনু।
রাধিকার চিত্তের আশ্চর্য্য কথা শুন ॥
চন্দন চন্দ্রমা কমলিনী নাম শুনি।
অন্তরে উঠয়ে শত আগুনের খনি ॥
অতিম্লান হয়ে তাহা করয়ে চিন্তন।
তুমি মাত্র শীতল লাগয়ে অনুক্ষণ ॥
ক্ষান্তির রসেতে তুমি পরম শীতল।
তুমি সর্ব্বপ্রিয় তোমা লাগিয়া বিকল ॥
কষ্টে শ্রেষ্ঠে ক্ষণমাত্র নারে গোঙাইতে।
অতি ক্ষীণ তনু কুঞ্জে রহে এক ভিতে ॥
প্রাণ মাত্র আছে তোমা দেখিবার তরে।
বিরহ-সমুদ্রে ডুবি তোমা ধ্যান করে ॥
পূর্ব্বে কতক্ষণ মাত্র বিরহ না জানে।
খিন্ন হয় পুনঃ পুনঃ নয়ন মিলনে ॥
নিমিষ বিরহ যেবা সহিতে না পারে।
চিরকাল বিরহেতে কিসে প্রাণ ধরে ॥

রসালের শাখা তার অগ্রে পুষ্প দেখি।
কেমনে জীবন রহে তুমি তার সাক্ষী ॥
নিমিষ নিন্দয়ে যেবা ব্যবহৃত লাগি।
সে জন তোমার লাগি রহে কুঞ্জে লাগি ॥
সর্ব্ব লোক আশীর্ব্বাদ এক শ্লোকে করি।
চতুর্থ সর্গের কথা সমাপ্ত আচরি।
কংসশত্রু সদা রক্ষা করুন সবারে ॥
শ্রেয়ঃ বিস্তার করুন জগতের তরে ॥
চিরকাল ধরি গোপাঙ্গনাতে চুম্বিত।
সেই বাহু কৈল সর্ব্ব গোকুলের হিত ॥
ব্রজজনে রাখিলা ধরিয়া গোবর্দ্ধন।
বৃষ্টিতে ব্যাকুল তারি রক্ষার কারণ ॥
উদ্ধৃত করিয়া গিরি ধরি বাম হাতে।
বল্লভ বল্লভী সব তাহার সহিতে ॥
চুম্বন করিতে তার ললাটে সিন্দুর।
লাগিল বাহুতে দেখি অতি সুমধুর ॥
অধিক আনন্দ হৈল চিরকাল ধরি।
নন্দরাজ তনুজ সবারে রক্ষা করি ॥
প্রেমেতে বিবশ চুম্ব দিতে কৃষ্ণ বহু।
চাঁদের মণ্ডলী যেন বেড়িলেক রাহু ॥
গোকুল রক্ষণে বীর রস মূর্ত্তিমান্।
সেই কৃষ্ণ সদা করুক্ সবার কল্যাণ ॥

ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে স্নিগ্ধমধুসূদনো নাম
চতুর্থঃ স্বর্গঃ ॥ ৪ ॥

# পঞ্চমঃ সর্গঃ।

সখীর বচন শুনি ব্যাকুল হৈলা।
আপনি চলিতে কৃষ্ণ উৎকণ্ঠিত হৈলা ॥
সাপরাধ চিন্তি পুন হইয়া স্তম্ভিত।
সহসা গমনে মান হবে উপস্থিত ॥
কোপ শ্লথ করিয়া রাধা অনুনয় করি।
আপনার মুখের কথা কহিবে বিস্তারি ॥
আনহ রাধারে বহু করি অনুনয়।
সহসা গমনে মান হবে অতিশয় ॥
এই যুক্তি মধুরিপু সখাসঙ্গে করি।
পাঠাইল রাধার পাশ আনিতে আহীরী ॥
সেই সখী, গিয়া রাধা দেখে কুঞ্জবনে।
মৌন করি আছে কথা নাহি কার সনে ॥
গণ্ডমূলে হস্ত দিয়া ভূমিতে লিখন।
অধোমুখে মনোদুঃখে ঝরিছে নয়ন ॥
দেখি কৃষ্ণসখী বড় দুঃখ পাইল মনে।
চারিদিকে সখীবর্গ আছে অচেতনে ॥
সরস সম্ভাষ করি মন ফিরাইতে।
ক্রমে সব কৃষ্ণ-চেষ্টা লাগিল কহিতে ॥
শুন সখি তোমার বিরহে বনমালী।
অবশ হয়েছে দেখি কান্দে সখী মেলি ॥

তোমার করের সেই মালা সুনির্ম্মাণ।
তাহা অবলম্বি মাত্র রাখয়ে পরাণ॥
অতএব বনমালী তোমার মতেতে।
তোমাগত চিত্ত তার জানিবে ইহাতে॥
মদন করিয়া আগে মলয়-সমীর।
পুষ্প-গন্ধ লয়ে ফিরে অতি শৈত্য ধীর॥
আগে সন্নিহিত হয়ে মদন রাজার।
মলয়-পবন বহে পরম দুর্ব্বার॥
চারিদিকে ফুটিয়াছে কুসুম-নিকরে।
বিরহী জনের চিত্ত বিদারণ করে॥
শিশির ময়ূখ মর্ম্ম করিছে দাহন।
কুসুম বিশিখ পড়ে অঙ্গ বিদারণ॥
মরণের অনুরূপ চন্দ্রের কিরণ।
কুসুম পড়িছে চিত্ত বিহ্বল কারণ॥
মনেতে বলিত যবে বিরহ-বেদনা।
নিশি ব্যাপি অতি পীড়া অধিক ভাবনা॥
অনুভব করি পীড়া রাত্রি নাহি যায়।
কৃষ্ণ মহা দুঃখী সখি কি করি উপায়॥
ছাড়িয়া রুচির গৃহ বনে বাস করি।
লুঠতি ধরণীতলে তব নাম ধরি॥
জয়দেব নাম কবি ভণিত তাহার।
বিরহেতে বিলাসিত কবিত্ব যাহার॥
রভস বিভবচিত্ত কৃষ্ণের উদয়।
করিয়া করুক সব দুষ্কৃতের ক্ষয়॥

পূর্ব্বে যবে রাসলীলা সিদ্ধ যেই স্থানে ।
রতিপতি চরিত্র করিলা তোমা সনে ॥
সেই মহা নিকুঞ্জ মন্মথ তীর্থ মাঝে ।
ধ্যান করিছেন তোমা হৃদয়সরোজে ॥
তোমার আলাপ মন্ত্রাক্ষর জপ করে ।
তব কুচকুম্ভ পরিরম্ভ আশা ধরে ॥
সেই পরিরম্ভামৃত সদাই বাঞ্ছয় ।
বুঝিয়া করহ কার্য্য যে হয় নিশ্চয় ॥
শুনিতে শ্রবণে কিছু জন্মিল উল্লাস ।
পুনঃ প্রিয়সখী কহে করি প্রেম-হাস ॥
পথ নিরীক্ষণ করি শ্রীনন্দকুমার ।
আছেন রজনী দিন না যায় তাহার ॥
অতএব সখী শীঘ্র কর অভিসারে ।
পুনর্ব্বার প্রাণসখী প্রার্থনা আচরে ॥
যমুনার তীর ধীর সমীরে বসিয়া ।
বনমালী আছে সখী তব মুখ চায়্যা ॥
রতি-সুখ অভিসারে কৃষ্ণ হৈলা গত ।
মদন-মোহন বেশ করি অভিমত ॥
নামের সহিত কৃষ্ণ সঙ্কেত সুতান ।
বেণুর বাজনাসহ করিছেন গান ॥
গমনেতে বিলম্ব না কর নিতম্বিনি ।
অনুসর হৃদয়ের নাথ বাক্য মানি ॥
পবন চলিছে তব স্পর্শ করি তনু ।
তাহার সহিত উড়ে মলয়ার রেণু ॥

তব অঙ্গ বায়ু সঙ্গ হৈতে ধন্য হৈল।
সেই রেণু বহু মানি বহু প্রশংসিল॥
বায়ু সম স্পর্শ সুখ না হয় আমার।
সেই হেতু রেণু বহু মান অর্থ তার॥
অতএব বসিলা ভূমে বৃক্ষ ডাল হৈতে।
তাহে বিচলিত পত্র চলে চারিভিতে॥
তোমার সঙ্কেত উপভবন জানিয়া।
শয়ন রচনা করে সত্বর হইয়া॥
সচকিত নয়ন হইয়া পথ হেরি।
তোমার গমন বুঝি উঠে বেরি বেরি॥
ত্যজহ মঞ্জীরকর নিকুঞ্জে গমন।
মুখর অধিক লোল এত দোষগণ॥
আশু ত্যাগ কর সখী চরণমঞ্জীর।
চল সখী কুঞ্জমাঝে হইয়া সুধীর॥
সতিমির কুঞ্জ পুঞ্জে করহ গমন।
নীল নিচোল ভূষা করহ শীলন॥
শুনহ গৌরাঙ্গী রাধা বচন আমার।
কৃষ্ণের বক্ষসি তুমি তড়িৎ আকার॥
অতি শোভা পাবে তাতে বিপরীত রতি।
উপস্থিত হার যেন বলাকার পাঁতি॥
সঙ্কেতের ফল পাবে শ্রীকৃষ্ণসঙ্গমে।
কহিল তোমারে সখী বসিয়া নিগমে॥
নবঘনে বলাকার তড়িৎ শোভা করে।
হার সহ অতি শোভা করিবে তোমারে॥

শুন সখি শীঘ্র গিয়া কিশলয়মাঝে।
জঘন ঘটনা কর কৃষ্ণ-সুখকাজে॥
কৃষ্ণ বিগলিত করে বসন যাহার।
কৃষ্ণ হেতু দূরে কৃত রসনার ভার॥
পঙ্কজ-নয়না শুন মোর হিত বাণী।
অতিহর্ষ পাবে কৃষ্ণ নিধি প্রায় মানি॥
আভরণ রহিত দেখিয়া তব অঙ্গে।
মাতিবে কৃষ্ণের রতি মদন-তরঙ্গে॥
হরি অভিমানী আর বিরাম রজনী।
অভিসার কর সখী মোর বাক্য মানি॥
কি জানি অন্যের হয় পাছে অভিসার।
কৃষ্ণ অভিমানী শুন মর্ম্ম অর্থ তার॥
শুনহ সাধক প্রেমুদিতচিত্ত হৈয়া।
কৃষ্ণপদে নমস্কার বিধান করিয়া॥
জয়দেব-ভণিত শুনহ একমনে।
ইহাতে পাইবে বহু প্রেমভক্তি-ধনে॥
সুকৃতী জনের বাঞ্ছনীয় বস্তু হয়।
হরিপদ ভজনের পরম আশ্রয়॥
প্রেমুদিতহৃদয় হইয়া শুন কথা।
ইহার শ্রবণে কৃষ্ণ মিলিবে সর্ব্বথা॥
মদনের পীড়া পায়ে অতিকান্ত হৈয়া।
তব প্রিয় কুঞ্জমাঝে আছেন বসিয়া॥
পর্য্যাকুল হয়ে মুহু করিছে ঈক্ষণ।
বারংবার শয্যা সব করিছে রচন॥

অতিশীঘ্র অভিসার করহ সুন্দরি।
তোমার বিচ্ছেদে কৃষ্ণ দুঃখ পায় ভারি॥
প্রিয়া না আইলা বলি বহু শ্বাস ছাড়ি।
বহু পরিতাপ করি আছে ভূমে পড়ি॥
এখনি আসিবে বলি অগ্রে নিরীক্ষণ।
দিক্ নিরখিতে অশ্রু ঝরিছে নয়ন॥
কদাচিৎ অন্য পথ দিয়া কিবা আইলা।
ইহা বলি পুনঃ পুনঃ কুঞ্জে প্রবেশিলা॥
প্রবেশ করিয়া কুঞ্জে না দেখি তোমারে।
ম্লান হয়ে অত্যন্ত কাতর শব্দ করে॥
অবশ্য আসিবে প্রিয়া করিয়া নির্দ্ধার।
মুহুর্ম্মুহুঃ করে মনে প্রিয়ার সঞ্চার॥
তোমার বাম্যের সহ সূর্য্য অস্তগত।
অন্ধকার নিবিড় পাইল অভিমত॥
গোবিন্দের মনোরথ সহিত বাড়িয়া।
কুঞ্জবন আচ্ছাদিল নিবিড় হইয়া॥
চক্রবাক করুণায় মম অভ্যর্থনা॥
দৈন্যরূপে কহি তুমি শুনহ করুণা॥
শুন মুগ্ধে বিফল বিলম্ব কেন হয়।
রম্য অভিসারে ক্ষণ জানিবে নিশ্চয়॥
এত কহি তাহার উৎকণ্ঠা বাড়াইতে।
এক শ্লোক কহিলেন ঈষৎ হাসিতে॥
এক দিন কুঞ্জে দোঁহে ভ্রমেতে মিলন
কোন কোন রস তাহে নহে উপার্জ্জন॥

অন্যার্থ গমন তোমা দোঁহার মিলনে ।
লজ্জাতে মিশ্রিত রস হইল সেই ক্ষণে ॥
আশ্লেষ চুম্বন নখ-উল্লেখ হইতে ।
জানিলেন দোঁহে দোঁহা সম্ভাষ করিতে ॥
অনুরতি আরম্ভ সংভ্রম হৈতে জানি ।
আপনার প্রিয় বলি মনে অনুমানি ॥
অন্ধকারে চিনিতে না পারিল দুই জন ।
স্পর্শসুখে জানি দোঁহে দোঁহার লক্ষণ ॥
এ কথা শ্রবণে তায় ব্যগ্রচিত্ত দেখি ।
পুনর্ব্বার কহিতে লাগিলা প্রিয়সখী ॥
সুমুখি সুভগ কৃষ্ণ দেখিয়া তোমারে ।
পরম কৃতার্থ হবে কর অভিসারে ॥
সভয় চকিত হয়ে নেত্র বিস্তারিয়া ।
কি জানি আছয়ে কেহ বলি ভয় পায়্যা ॥
তিমির-ব্যাপিত পথ পদ সঞ্চারিতে ।
মন্দ মন্দ গতি তরুতলেতে যাইতে ॥
চরণ-বিলাস-গতি করহ বিস্তার ।
কিছু ভয় নাহি সুখে কর অভিসার ॥
বিরহ-ব্যাকুল করি বিকল অন্তর ।
মিলন স্মরণে হর্ষ বাড়য়ে বিস্তর ॥
এই শ্লোকে জগতেরে করি আশীর্ব্বাদ ।
মিলন করাইতে খণ্ডাইল অবসাদ ॥
ব্রজসুন্দরীর হয় রজনীর মুখ ।
আনন্দজনকে দেখি দূরে যায় দুখ ॥

কংসধ্বংস ধূমকেতু উদয় গগনে।
সেই কৃষ্ণ তোমা রক্ষা করুন্ সর্ব্বক্ষণে॥
অভিসার নায়িকার কৈল বিবরণ।
ভক্তি করি শিরে ধরি তা সবার চরণ॥
অতঃপর বাসকসজ্জিকা বর্ণিবারে।
বিচার করিব নানা গ্রন্থ অনুসারে॥
প্রিয়তম বৈবর্ণ্য শুনিয়া ঠাকুরাণী।
আসিয়া দশমী দশা জন্মিল আপনি॥
যাইতে হইল ইচ্ছা চলিতে না পারে।
চিরকাল অনুরক্ত দেখিল তাহারে॥
সেই কুঞ্জে গোবিন্দ আছেন বসিয়া।
মনসিজ-ব্যথাতে ব্যাকুলচিত্ত হৈয়া॥
ব্যগ্র হয়ে সেই সখী আইল কৃষ্ণ স্থানে।
তাহার যতেক চেষ্টা কহিল বিধানে॥
শুন ওহে নাথ হরে বাসকসজ্জা-গৃহে।
সীদতি রাধা তোমার বহু দুখ সহে॥
দিশি দিশি তোমারে নিরখে অনুক্ষণে।
তন্ময় জগৎ হৈল আর নাহি জানে॥
তুমি তারে কদাচিৎ না কর স্মরণ।
অতএব সন্তাপ বাড়য়ে অনুক্ষণ॥
তোমার অধর-সুধা করিবারে পান।
তব গুণ-রূপ-লীলা সদা করে ধ্যান॥
লোমহর্ষ-উৎপাদক তোমার অধর।
জিহ্বা আকর্ষয়ে আর সর্ব্বচিত্তহর॥

তব অভিসারসুখে বলিত হৃদয়।
কিছু পদ চলিয়া না চলিতে পারয়॥
উৎসাহ উঠিল মাত্র পদ চারি চলে।
গমনের শক্তি নাই পড়িলে ভূতলে॥
তব সহ রতিক্রীড়া করিবার আশে।
কেবল জীবন মাত্র রহত হুতাশে॥
বিহিত বিশদ পদ্ম বলয় করিতে।
মৃণাল সহিত সেই একত্র ধরিতে॥
আপনার অঙ্গে সব বহু চিহ্ন দেখি।
নিরীক্ষণ করে হয়ে অনিমিষ আঁখি॥
তোমার ভূষণ আর লীলাস্থকরণ।
আমি মধুরিপু ইষ্ট বলয়ে কখন॥
তোমার বিচ্ছেদে ধনী সাম্যমনা হৈয়া।
আপনাকে কৃষ্ণ মানে ধ্যাননিষ্ঠা রয়্যা।
পুনঃ স্ফূর্ত্তি অপগমে আত্মস্ফূর্ত্তি হৈলা।
আত্মাকে পৃথক্ জানি কহিতে লাগিলা॥
কৃষ্ণ কেন ত্বরিত না করে অভিসার।
সখী প্রতি এই বাক্য কহে বার বার॥
পুনঃ কহে কৃষ্ণ আইল তব কুঞ্জে দেখি।
জলধর সম অতি মুদ্রা নিতি লিখি॥
আলিঙ্গন করি তারে করয়ে চুম্বন।
এইরূপ দশা তার কৈন্থ নিবেদন॥
তোমার বিলম্বে লজ্জা বিগলিত হৈলা।
কুঞ্জেতে বসিয়া বহু রোদন করিলা॥

বাসকসজ্জিকাবস্থা হইয়া তাহার।
বিলাপ করিতে আঁখি বহে জলধার ॥
শ্রীজয়দেব কবি মুখের বচন।
রসিক ভকত ইহা করে আস্বাদন ॥
শৃঙ্গার রসেতে যারে ভাসিত হৃদয়।
তার সুখ বিস্তার করুন অতিশয় ॥
স্বসখীর পীড়া যত স্মরণ হইলা।
পুনর্ব্বার ঈর্ষা করি কহিতে লাগিলা ॥
বিপুল হইয়া অঙ্গে হয় রোমাঞ্চন।
অতিশয় শীৎকার উঠে ঘনে ঘন ॥
অন্তরে জনিত জাড্য ব্যাকুল হইলা।
কুঞ্জে আসি কণ্ঠাগত প্রাণ মাত্র কৈলা ॥
শুনহ কিতব তুমি নিশ্চিন্ত রহিলে।
সরল স্বভাব তারে বহু দুঃখ দিলে ॥
অতিশয় কন্দর্প বাড়িছে ক্ষণে ক্ষণে।
চিন্তায় ব্যাকুল রাধা কিছু নাহি জানে।
তব রসে জলনিধি তাহার অন্তরে।
অতিলগ্না ধ্যানমগ্না আছে নিরন্তরে।
তবে ধনী বাহ্যদৃষ্টে সহ সখীগণে।
অবশ্য আসিবে কৃষ্ণ [illegible]রিল মনে॥
এত বলি কুঞ্জমধ্যে বা[illegible]র্ব্বার।
কেলিতল্প সাজাইল বিবিধ প্রকার ॥
কুঞ্জের উপর পুষ্প চামর রাখিল।
পুষ্পের তোরণ করি আবরণ কৈল ॥

পদ্মমালা তল্পে সাজাইল মনোহারী।
নানা বর্ণে পুষ্প তার দুই পাশে ধরি॥
নবপল্লবে শয্যা তার মধ্যে দিয়া।
কেলিতল্প সাজাইল সযত্ন হইয়া॥
অপূর্ব্ব মাধুকীর পত্র ধরি দুই পাশে।
কর্পূর-বাসিত বীড়া ধরিল হরিষে॥
তবে রাধা সখীবর্গে কহি বার বার।
কুঞ্জ সাজাইল তবে বিবিধ প্রকার॥
আজি মোর আনন্দ বাড়ে ক্ষণে ক্ষণে।
কত সুখ হবে মোর রজনী বঞ্চনে॥
ঋতুপতি রজনী তাহাতে কৃষ্ণসঙ্গ।
কহিতে কহিতে ধনী পুলকিত অঙ্গ॥
কর্পূর-বাসিত সুবাসিত জল ভরি।
রাখহ শয্যার কাছে বহু যত্ন করি॥
অঙ্গের ভূষণ সখী কর পুনর্ব্বার।
কহিতে ঝুরিয়া পড়ে অমৃতের ধার॥
শীতল ব্যঞ্জন পুনঃ সুশীতল করিলা।
এইমত প্রকারে কত কহিতে লাগিলা॥
কৃষ্ণের লাগিয়া সখি করহ চন্দন।
পরাইব অঙ্গে পুনঃ করহ উত্তম॥
উত্তম করিয়া গাঁথি নবপদ্মমালা।
অগুরু গন্ধেতে পুনঃ পূরিত করিলা॥
এইমত কুঞ্জসজ্জা আপনি রচিল।
পানপাত্র মধুপাত্র সকলি করিল॥

কুসুমের চূড়া সাজাইল ভাল মতে।
মুক্তাহার গাঁথিলেন তোমা পরাইতে॥
ক্ষণে চমকিত হয় ক্ষণে মৌনে রয়।
তোমার বিচ্ছেদে ধনী বড় দুঃখ পায়॥
এইরূপে কতক্ষণ ভাবিতে ভাবিতে।
প্রলয় উৎকণ্ঠা আসি হইল উপস্থিতে॥
ক্ষণে ঘর বাহির করেন বেরি বেরি।
কিছু নাহি শুনে রহে আপনা পাসরি॥
উঠিল হৃদয়ে তব বিরহের জ্বালা।
স্তব্ধপ্রায় ক্ষণে ক্ষণে পরম চঞ্চলা॥
অমন্দ কন্দর্প-জ্বালা বাড়িতে লাগিল।
রস-জলনিধিমগ্না ধ্যানমগ্না হৈল॥
রাধিকা তোমার প্রেম-সমুদ্রে পড়িয়া।
অবলম্ব নাহি রহে তব মুখ চায়্যা॥
পুনঃ অতি শীঘ্র তথা যাইবার তরে।
বাসকসজ্জিকা চেষ্টা কহিল কৃষ্ণেরে॥
অঙ্গে আভরণ সব বহু মত পরি।
সাজাইলা কেলিশয্যা নানা পুষ্প ধরি॥
আমারে দেখিয়া কৃষ্ণ পাইবে বিমন।
এই হেতু বহুমত পরিল আভরণ॥
পুনঃ ত্যাগ করি পুনঃ অঙ্গে ভূষা করে।
আকল্প বিকল্প সঙ্কল্প শত ধরে॥
কহিছে অন্তরে মহা বিপ্রলব্ধবান।
অতি বিপরীত চেষ্টা সেই সে প্রমাণ॥

পক্ষ্যাদি সঞ্চরে পথে বুঝি আগমন।
আশঙ্কা করিয়া পুন করেন চিন্তন ॥
কেলিশয্যা বিস্তার করিল বার বার।
কভু বসি ধ্যান করে বহু দুঃখ তার ॥
এইরূপে লীলা-শত-ব্যাসক্ত হইয়া।
তোমা লাগি বরতনু আছেন জাগিয়া ॥
অত্যন্ত উৎকণ্ঠা রাত্রি গোঙাইতে নারে।
একদৃষ্টে তব পথ নিরীক্ষণ করে ॥
পথিকের বেশ দেখি থাকে নন্দ ঘরে।
পাঠাইল কৃষ্ণ অভিসার করিবারে ॥
শুনহ পথিক এই ভাণ্ডীর-কাননে।
কৃষ্ণরূপ কালসর্প করেন শয়নে।
দৃষ্টিগোচর হয় ঐ নন্দের মন্দির।
তথা যায়ে বাস কর পথিক সুধীর ॥
কৃষ্ণ-ভোগীর ভবনে বিশ্রাম যুক্ত নহে।
পথিক যাইয়া নন্দ আগে সব কহে ॥
রাধার বচন শুনি অধ্বগের মুখে।
নন্দ আগে গোপন করিল প্রেমসুখে ॥
সায়ংকালে পথিকের বচন শুনিয়া।
জানিলেন কুঞ্জে অভিসরণ লাগিয়া ॥
বিপ্রলব্ধ নায়িকার করিতে বর্ণন।
যেমতে হৈল তার লক্ষণ ঘটন ॥
জয়দেব গোসাঞি তাহা গ্রন্থে লিখিলা।
মধুর ভজন তত্ত্ব-প্রকাশ করিলা ॥

বাসকসজ্জার শেষে উৎকণ্ঠা লক্ষণ।
তার পর বিপ্রলব্ধা রসের পোষণ॥
আপ্তদূতী কৃষ্ণ লাগি করিল গমন।
সময়ে কান্তের সঙ্গে না হৈল মিলন॥
শ্রীকৃষ্ণের লাগিয়া মহাদুঃখ শোক করে।
বিপ্রলব্ধা নায়িকা-লক্ষণ কহি তারে॥
রাধিকার প্রেম-চেষ্টা করিয়া স্মরণ।
জয়দেব গোসাঞি কৈলা গ্রন্থ প্রকটন॥
সেই কথা আস্বাদ করহ ভক্তি করি।
জয়দেব-পাদপদ্মে বহু নমস্করি॥
এই অবসরে ইন্দু অতিদীপ্ত হৈয়া।
কিরণমণ্ডলী সব প্রকাশ করিয়া॥
বৃন্দাবনমধ্যে পূর্ণচন্দ্রের উদয়।
দেখিয়া উৎকণ্ঠা চিত্তে বাড়ে অতিশয়॥
দিক্‌সুন্দরীর মুখে যেন চন্দনের বিন্দু।
বৃন্দাবনে পূর্ণ উদয় হৈলা পূর্ণ ইন্দু॥
কথিত সময়ে চন্দ্র অভ্যুদয়কালে।
বৃন্দাবনে গমন না হৈল সেই কালে॥
হরিয়া আমার মন না আইল হেথা।
সেই হেতু আমি মনে পাই বহু ব্যথা॥
বিফল অমল রূপ যৌবন আমার।
কি করিব কহ সখী ইথে প্রতীকার॥
যাহার নিমিত্তে আগমন এ কাননে।
হৃদয়ে অসম শর করিছে যাতনে॥

কৃষ্ণ সঙ্গ নিমিত্তে আসিয়া অন্ধকারে
সুখ রহু পড়িলাম দুঃখের সাগরে ॥
মরণ আমার সর্ব্ব হৈতে শ্রেষ্ঠ লাগে।
ব্যর্থ মোর দেহ সখী কহি তব আগে
অচেতন আমি কৃষ্ণ-বিরহ-অনলে ।
কেমনে রহিব চিত্ত হইল বিকলে ॥
ইহ প্রাণসখী এই মধুর যামিনী ।
বিধুরিত কৈল মোরে হেন অনুমানি ॥
কোন গোপী কৃষ্ণ-রস করিছে আস্বাদ ।
সুকৃতি কামিনী পাইল শ্রীকৃষ্ণপ্রসাদ ॥
মণিবলয়াদি যত ভূষণের গণ।
কৃষ্ণের বিরহে সব মানিয়ে দূষণ ।
হা হা প্রাণপ্রিয়সখি বিরহ-দহনে ।
দহিছে আমার মন দেখ সর্ব্বক্ষণে ॥
কুসুম হইতে সুকুমার কলেবর।
লীলা করি মদন দহিছে নিরন্তর ॥
গলেতে মাণিক করে হৃদয় মোহন ।
বিষম স্বভাব কাম না হয় বারণ ॥
বসিয়া আছি যে আমি বেতসী-কাননে ;
কৃষ্ণ মোরে বঞ্চনা করেন বাক্যবাণে ॥
অস্থির সৌহৃদ্য তার মধুসূদন নাম ।
চিত্তে কভু নাহি করে করি অনুমান ।
হরিপাদপদ্ম শ্মরণ যাহার হৃদয় ।
জয়দেব নামা কবিরাজ মহাশয় ॥

তাঁহার ভারতী সর্ব্বজনের হৃদয়।
প্রবশ করুক ভক্তগণে অতিশয়॥
যুবাপুরুষের হেন যুবতীর প্রায়।
কোমল কবিত্বযুক্ত আছয়ে সদায়।
বানীরলতাকুঞ্জের সঙ্কেত করিয়া।
কেন না আইল কৃষ্ণ নিষ্ঠুর হইয়া॥
কিংবা কোন ভামিনী অর্থিত সর্ব্বভাবে।
কিংবা কলা-কেলি-বদ্ধ আপন স্বভাবে॥
অন্ধকার বনে কিংবা করিছে ভ্রমণ।
ঘনভ্রমণেতে কিংবা ক্লান্ত হৈল মন॥
প্রস্থান করিতে মাত্র সামর্থ্য নহিল।
বঞ্জুললতার কুঞ্জে এ হেতু না আইল॥
চন্দ্রিমা উদয় করি প্রতিবন্ধ হৈল।
সঙ্কেত করিয়া পুনঃ আসিতে নারিল॥
আমার বিশ্লেষ-দুঃখে কান্ত ক্লান্ত হৈয়া।
কিংবা কোন কুঞ্জমধ্যে রহিল পড়িয়া॥
এই অবসরে শ্রীরাধিকা প্রিয়সখী।
নিকটে আইলা মাত্র ঝুরে দুই আঁখি॥
দেখিয়া তাহারে অতি বিষাদিত মন।
সঙ্গে না দেখিল তার শ্রীনন্দনন্দন॥
বিষাদিত মুখ কিছু কহিতে না পারে।
তারে দেখি মহা দুঃখ বাড়িল অন্তরে॥
নিঃশঙ্ক হৃদয় দেখি কহিতে লাগিলা।
বুঝি কার সঙ্গে কৃষ্ণ ক্রীড়া আরম্ভিলা॥

দৃষ্ট যৎ সেই কথা কহে সখী আগে ।
হৃদয়ে বাড়িল তাপ অতি অনুরাগে ।
আরে সখী না কহিতে জানিল বিচারি ।
মধুরিপু সহ কেলি করে অন্য নারী ॥
আমা হৈতে সেই সে অধিক গুণবতী ।
মধুরিপু সঙ্গে করে একত্র বসতি ।
স্মর-সমরেতে তাহে বাহুযুদ্ধ করি ।
সময় উচিত বিরচিত বেশ ধরি ॥
রণবেশে বিগলিত কুসুমের মালা ।
সব বিলোলিত কেশ বন্ধন হইলা ॥
ইহাতে জানিনু তিঁহো বিশেষ তাঁহার ।
হরিপরিরম্ভণেতে রোমাঞ্চ অপার ॥
বলিত বিকার তার হইয়াছে অঙ্গ ।
কুচকলসেতে তরলিত হার রঙ্গ ॥
মুখচন্দ্রে বিচলিত অলকার পাঁতি ।
তদধরপান হৈতে চন্দ্রাকৃতি ভাতি ॥
পানরসে বাড়ে কত আনন্দ বিকার ।
নিমীলন দৃষ্টি তার হয় বার বার ।
চঞ্চল কুণ্ডলে হৈল লম্বিত কপোল ।
মুখরিত রসনে জঘন অতিলোল ॥
দয়িতে চাতুরী হয় কটাক্ষদর্শনে ।
লজ্জিত হইয়া বহু হাসে মনে মনে ॥
দাত্যূহ কপোত পরাভূত শব্দ করি ।
আনন্দ বাড়িছে তার কৃষ্ণমুখ হেরি ॥

বিপুল পুলক পৃথু বেপথুর রঙ্গ।
পুনঃ পুনঃ বাড়ে তার মদন-তরঙ্গ ॥
নিমীলিত নিশ্বসিত হইতে মদন।
আবির্ভাব হইয়া বাড়য়ে অনুক্ষণ ॥
শ্রমজল-কণভরে সুন্দর শরীর।
রমণ-সংগ্রাম অতি পণ্ডিত সুধীর ॥
কৃষ্ণ-বক্ষঃস্থলে অতিসুখেতে শয়ন।
আরে সখী সদা বিচারিছে মোর মন।
জয়দেব-ভণিত হরিচরিত্র সকল।
কলুষ করিয়া নাশ করুক মঙ্গল ॥
কলিযুগ কলুষ করিয়া সব নাশ।
শ্রবণাদি করি চিত্তে হউক প্রকাশ ॥
কৃষ্ণমুখ উপমা করিয়া দ্বিজরাজে।
কহিতে লাগিল রাধা সখীর সমাজে ॥
আরে সখি চন্দ্র মোর বাড়ায় সন্তাপ।
দেখিয়া দ্বিগুণ চিত্তে উঠিছে বিলাপ ॥
মদনের জ্বালা ব্যথা বিচার করিয়া।
ব্যথা দেয় চন্দ্র মোরে তাপ উঠাইয়া ॥
অন্য নায়িকার সহ কৃষ্ণের বিহার।
আমার বিরহে পাণ্ডু বদন তাহার ॥
ঐছে কৃষ্ণমুখাম্বুজ কৃষ্ণ তদাকার।
সেই পাণ্ডু মুখ দেখি বহু দুঃখভার ॥
মলয়-সুহৃদ চন্দ্র মদনের ব্যথা।
অতিশয় বাড়াইছে জানিবে সর্ব্বথা ॥

কৃষ্ণমুখ স্মরণ করয়ে বার বার ।
ইহাতে মদনজ্বালা ব্যথায় আমার ।
তবে সেই নায়িকাকে স্বাধীনভর্ত্তৃকা ।
সখী আগে বিচারিয়া কহেন রাধিকা ॥
যমুনা-পুলিন-বনে বিজয়ী মুরারি ।
বিহার করিছে সেই গোপী সঙ্গে করি ॥
দিব্য ভূষণাদি সব অঙ্গে সাজাইয়া ।
অধুনা বিহরে কৃষ্ণ গোপী সব লৈয়া ॥
সমুদিত মদনে মলিন মুখ চান্দে ।
চুম্বন বলিত তার অধর সুছান্দে ॥
মৃগমদ তিলক সুকপোলে লিখন ।
কহিতে পুলক দোঁহে বাড়ে অনুক্ষণ ॥
সুধাকর মৃগলাঞ্ছ ঐছে শোভা করে ।
ঐছে পুনঃ কবরী বান্ধিল নিজ করে ॥
ঘনচর রুচির চিকুর সাজাইল ।
রক্তঝিণ্টী পুষ্প তাহে রচনা করিল ॥
চপলা গগনে যেন মেঘের সহিতে ।
মেঘে বেড়ি শোভা অতি করে চারিভিতে ॥
তরলিত তরুণ আনন সে ইহার ।
কৃষ্ণ তার প্রশংসার করিলা বিস্তার ॥
রতিপতি গৃহ তার চিকুর কানন ।
সতত আশ্রিত সেই বনে অনুক্ষণ ॥
মুক্তাহার তার কপোলে পয়োধরে ।
ঘটনা করিল তায় অতি শোভা করে ॥

সুবলিত কুচযুগ গলে মুক্তাহার।
অতি সুনির্ম্মল তাহা পটল আকার॥
মৃগমদ রুচি তাতে মৃগলক্ষ হৈলা।
কস্তুরিকা লিপ্ত যেন গগনে করিলা॥
মৃদু ভুজযুগলেতে বলয়ার পাঁতি।
মরকত-নির্ম্মিত করিল বহু ভাতি॥
মধুকর নিচয় যেমন শোভা করে।
করতল সুললিত দলের উপরে॥
জিত মৃণালের খণ্ড ঐছে ভুজশোভা।
তাহাতে বলয়ের পাঁতি পঙ্কজের আভা॥
হিম সম শীতল পুরশসুখ ধরে।
সাজাইল বলয়ের পাঁতি দুই করে॥
রতিগৃহ জঘনেতে মণি সারসনা।
সাজাইয়া পুনঃ পুনঃ করিছে রচনা॥
মনসিজ কনকের সুন্দর আসন।
তোরণের উপহার করিল জঘন॥
বিপুল নিতম্বে দিল মণিসার শোভা।
বাড়াইতে অনুক্ষণ কৃষ্ণসুখলোভা॥
অনুরাগে তাহার চরণ-কিশলয়।
যাবক-রঞ্জিত সুখে করে অতিশয়॥
কমলার নিলয় সে চরণ সুন্দর।
নখমণিগণেতে সেবিত নিরন্তর॥
বক্ষেতে ধরিতে পদপল্লব তাহার।
আবরণ করিয়াছে বাহিরে অপার॥

কাহার সহিত হৈল রভস তাহার ।
রমণ করিছে সুখ পাইয়া বিস্তার ।।
মোরে অভিসার করি অন্যের সহিতে ।
বিহার করয়ে ইহা কে পারে সহিতে ॥
অবসর হইয়া বসিয়া বৃক্ষ-ডালে ।
কৃষ্ণসুখে বিহার করিছে কুতূহলে ॥
কবির নৃপতি জয়দেব মহাশয় ।
তাহার বর্ণনে কৃষ্ণভক্তি উপজয় ।।
কলিযুগ চরিত্র কেবল দুরাশার ।
মধুরিপু-পাদপদ্মে গাঢ় প্রেম যার ॥
হরিগুণ বর্ণন চিন্তন কার্য্য করি ।
তার মধ্যে মাধুর্য্য রসের অধিকারী ।।
হৃদয়ের শোক নাশ যাহার শ্রবণে ।
কৃষ্ণে রতি জন্মে পাঠ করয়ে যে জনে।
কৃষ্ণ অনাগমনে বিষণ্নমুখী সখী ।
কহিতে লাগিলা রাধা তার দুঃখ দেখি ॥
শুন সখী দূতীকার্য্য অনেক করিলা ।
শঠ পরবঞ্চকেরে আনিতে নারিলা ।।
দৌত্যক্রিয়া অনেক করিলে বারে বার ।
হারিয়া রহিলে দোষ সকল তোমার ॥
বহু মত শঠরাজ বল্লভ সেই জন ।
তাঁর কার্য্যে না করি যে তোমারে দূষণ ॥
যবে মোর দশা আসি দশমী হইবে
তাঁরে দেখিবারে চিত্ত আপনি যাইবে ॥

স্বচ্ছন্দ বিহার কৃষ্ণ করুন্ পর সনে।
কিবা তার দোষ তারে না করি দূষণে॥
উৎকণ্ঠার আধিক্য বাড়িবে যেই ক্ষণে।
প্রিয় সঙ্গমেতে চিত্ত যাবে সেইক্ষণে॥
দেখ সখী প্রিয় গুণে আকৃষ্ট হইয়া।
উৎকণ্ঠার আর্ত্তিভয়ে চলিল ধাইয়া॥
আকর্ষণ মহাগুণ আছয়ে কাহার।
অতএব আমারে টানিছে বার বার॥
আরে সখী কি কহিব দুঃখ আপনার।
তুমি দেখি মহাদুঃখ পাবে বারে বার॥
আনিল তরল কুবলয় আঁখি হৈতে।
দুঃখ নাহি পাবে নবপল্লবশয্যাতে॥
কৃষ্ণের সহিত সদা বিহার যাহার।
মনসিজ-বাণে বিহ্বল চিত্ত নহে তার॥
বিকসিত সরসিত তার শোভা দেখি।
মোর সম দুঃখ নাহি পায় তার আঁখি॥
অমন মধুর মৃদু বচন হইতে।
জ্বালা নাহি পায় সঙ্গে বিহার করিতে॥
স্থলে জলরুহরুচি কর-পদ দেখি।
দুঃখ নাহি পায় সেই কৃষ্ণগত আঁখি॥
হিমকর কিরণেতে দহিতে না পারে।
সজল সকল দুঃখ কভু না আচরে॥
মেঘ সমুদয় দেখি ব্যাকুল না হয়।
কৃষ্ণসহ রমণেতে সতত আছয়॥

কনক নিকর তুল্য বসন নেহারি।
নিঃশ্বাস না ছাড়ে পরিজন হাস হেরি ॥
সকল ভুবন জন বয় রূপ দেখি।
না পায় সমান পীড়া কৃষ্ণসঙ্গ সুখী ॥
জয়দেব গোসাঞি ভণিতা কাব্য হৈতে।
সাদর করিয়া কথা শ্রবণ করিতে ॥
হৃদয়ে প্রবেশ কৃষ্ণ করুন্ সবার।
জয়দেবরসবাক্য সর্ব্বতত্ত্বসার ॥
জগতের প্রাণ তুমি চন্দন পবন।
মদনের মনে কর আনন্দ যোজন ॥
দক্ষিণ পথেতে আসি দক্ষিণ তব নাম।
আমার নিকটে তুমি না হইও বাম ॥
একবার মাধবেরে করি দরশন।
পশ্চাৎ আমার প্রাণ করিবে হরণ ॥
রিপু সম সখীগণ সন্তাপ হইল।
হিমানিল অনল সমান দাহ দিল ॥
নিশাকর বিষাকর সমান হইল।
সুধাকর নাম তার কোথায় রহিল ॥
যে নিদয় লাগি সব হইল এমন।
তাহার নিকটে মন করিছে গমন ॥
আপনার হয়ে মন আপনার নয়।
ধিক্ ধিক্ নারীমন নিরঙ্কুশ হয় ॥
শ্রীহরি-বিরহে বহু যাতনা পাইয়া।
মরণ বরঞ্চ ভাল মনেতে জানিয়া ॥

রাধিকা কহেন শুন শুন হে মদন।
সহকার আছে তব মলয় পবন॥
দোঁহে মেলি কর আমার প্রাণের নিধন।
আর নাহি গৃহে পুনঃ করিব গমন॥
শমন-ভগিনী শুন করি নিবেদন।
কি হেতু করহ ক্ষমা নাহি ত কারণ॥
শ্রীহরি-বিরহে দেহ দহিছে আমার।
ভাসায়ে লউক আসি তরঙ্গ তোমার॥
বিরহ-দুঃখের বহু বর্ণন করিয়া।
কবি জয়দেব তাহা সংক্ষেপে সারিয়া॥
সম্ভোগ-রজনী-সুখ করিয়া স্মরণ।
করিছেন প্রভাতের কৌতুক বর্ণন॥
প্রভাতে নিকুঞ্জগৃহে আসি সখীগণ।
কৃষ্ণ-কলেবরে দেখি রাধার বসন॥
কৃষ্ণের বসন দেখি রাধিকার অঙ্গে।
সকলে মিলিয়া হাসে কৌতুক তরঙ্গে॥
সখীগণ উপহাসে লজ্জিত শ্রীহরি।
আনন্দে করয়ে হাস্য রাধা মুখ হেরি॥
তাঁহার চরণে মন রাখ ভক্তগণ।
করুণ জগদানন্দ ব্রজেন্দ্রনন্দন॥

ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে বিপ্রলব্ধ-বর্ণনে নাগরনারায়ণো নাম সপ্তমঃ সর্গঃ।

# অষ্টমঃ সর্গঃ।

এবে কহি নায়িকার খণ্ডিতা লক্ষণ।
জয়দেব-পাদপদ্ম করিয়া বন্দন॥
অতিকষ্টে সে রাত্রি করিলা বঞ্চন।
সখী সহিত রাত্রি কৈল জাগরণ॥
কন্দর্পের শরে অতি জর্জ্জর হইয়া।
আছেন প্রভাতে কুঞ্জদ্বারেতে বসিয়া॥
হেনই সময়ে কৃষ্ণ আইল সেই স্থানে।
দেখিল অঙ্গেতে সব রতির লক্ষণে॥
কৃষ্ণ আসি প্রণত হইয়া কথা কয়ে।
দেখিয়া অসূয়া বহু বাড়িল হৃদয়ে॥
অনুনয় বিনয় করিতে তাঁর আগে।
মহাঈর্যা ধৃষ্টি করি কহে অনুরাগে॥
কণ্ঠাগত প্রাণ যদি হইয়াছে তার।
দেখিতেই ঈর্ষা ক্রোধ বাড়িল অপার॥
বাহিরে যেমন ভূষণ মলিন আকার।
মন হৈতে মলিমস হয়েছে তোমার॥
অনুগত জনেরে বঞ্চনা কেন কর।
অনঙ্গশরেতে মোর আসিয়াছে জ্বর॥
অবলা কবল করি করহ ভ্রমণ।
চিত্র নহে তোমার এ সব বিবরণ॥

পূতনারে স্তনপানে করিলা সংহার।
বাল্য হৈতে নির্দ্দয়তা শরীর তোমার॥
জয়দেবভণিত যত যুবতী-বিলাপ।
খণ্ডিতা সহিত এই বচন-কলাপ॥
বিবুধ সকল শুন মধুর বচন।
রিপুর আলয় হৈতে দুরাপ লক্ষণ॥
অরুণের প্রায় দ্যুতি হৃদয়ে তোমার।
প্রিয়াপাদালক্তযুক্ত দেখি বার বার
প্রকট করিয়া প্রসারিত অনুরাগ।
বাহিরে ধরিছ তুমি হাবকের রাগ॥
সেই অনুরাগ তার প্রতি বৃদ্ধি হয়্যা।
হৃদয় ভেদিয়া বহির্গত প্রকাশিয়া॥
শুন হে কিতব তোমায় করি আলোক।
অতিশয় লজ্জা মোর বাড়ে অনুক্ষণ॥
তাহার প্রণয়ভর প্রখ্যাত করিতে।
অতিশয় করি আমা সব জ্বালাইতে॥
অন্য জনের কহ কথা হৃদয়েতে আন।
কিতব জনার বাক্য কে করে প্রমাণ॥
ঈর্ষা শোক নির্ব্বেদ হইল ব্যভিচারী।
স্তবধভাব উপজিল রহে মৌন ধরি॥
লীলাপদ্ম তাতে ছিল ভূমে ফেলাইল।
বিমুখ ইহা পুনঃ মৌনেতে রহিল॥
অতি গাঢ় মান দেখি শিথিল করিতে।
কৃষ্ণও মুরলিধ্বনি লাগিলা বর্ণিতে॥

বংশীধ্বনি তোমা সবার বিঘ্ন নাশ করি ।
মঙ্গল বিস্তার করুন্ স্বগুণ বিস্তারি ॥
বিশ্রংসস্তম্ভনে আকর্ষণে মহামন্ত্র ।
মধুরিপু মুরলী জপয়ে সর্ব্বতন্ত্র ॥
দৃপ্ত দৈত্যকুল হইতে ব্যাকুল যে জন ।
তাহার বিপত্তি সব করয়ে ধ্বংসন ॥
যাহার শ্রবণ হইতে যত দেবগণ ।
দৈত্যভয় হইতে মুক্ত হয় সর্ব্বক্ষণ ॥
কুরঙ্গ-নয়নীগণের অন্তর মোহনে ।
চঞ্চল নন্দীর পুষ্পমাল্য-বিশ্রংসনে ॥
মৌলি কর্ণ নেত্র দৃষ্টি হর্ষণ-জননে ।
মহা মন্ত্ররাজ কৃষ্ণ মুরলীর গানে ॥
এইরূপে সর্ব্বলোকে আশীর্ব্ব     র ।
মধুরিপু মুরলীর মহিমা বিস্তারি ॥
জানাইল আকর্ষণ মহামন্ত্রে তার ।
শুন ভক্তগণ ইথে পাবে অর্থসার ॥

ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে খণ্ডিতা-
লক্ষণ-বর্ণনে বিলক্ষলক্ষ্মীপতী নাম অষ্টমঃ সর্গঃ ॥ ৮ ॥

---

# নবমঃ সর্গঃ।

কামেতে বিধুরা রতিসুখেতে বঞ্চিতা।
চিন্তামগ্না বিষাদিতা কলহান্তরিতা॥
এরূপ রাধারে হেরি সখী একজন।
কহিতে লাগিলা তবে সান্ত্বনা-বচন॥
"মানময়ি কৃষ্ণ প্রতি নাহি কর মান।
মৃদুমন্দ গন্ধবহ হয় বহমান॥
আসিতেছে কৃষ্ণধন তব অভিসারে।
ইহা হতে কিবা সুখ আছে গো আগারে॥
রসপূর্ণ কুচকুম্ভ ওগো বরাননি।
বিফল করিছ কেন বল দেখি শুনি॥
ভুবনমোহন কৃষ্ণ খ্যাত সর্ব্বস্থান।
সে প্রাণবল্লভে নাহি কর প্রত্যাখ্যান॥
ব্যাকুল হইয়া কেন করহ রোদন।
তোমারে হেরিয়া দেখ হাসে নারীগণ॥
সজল-নলিনীদলরচিত শয্যায়।
হরিকে দর্শন কর কহিনু তোমায়॥
সার্থক হইবে তব নয়ন-যুগল।
কেন গো বিষাদ রাখ অন্তরভিতর॥
মম বাক্য ওগো ধনি করহ পালন।
বিরহ-যাতনা তব ঘুচিবে এখন॥

কেন ব্যাকুলতা রাখ হৃদয়-মন্দিরে।
প্রিয়-সম্ভাষণ কর লইয়া হরিরে॥”
অতীব মধুর এই শ্রীহরিচরিত।
জয়দেব কবি দ্বারা হয় বিরচিত॥
রসিকজনের হৃদে আনন্দ বর্দ্ধন।
সতত করুক ইহা এই আকিঞ্চন॥
“নিষ্ঠুর হতেছ তুমি স্নেহবান্ প্রতি।
বিনম্রেতে উদাসীন অগো মানবতি॥
দ্বেষ করিতেছ তুমি অনুরাগীপরে।
বিমুখতা দেখাতেছ প্রণয়-অর্থীরে॥
গরল সমান বোধ হইবে চন্দন।
তব পক্ষে কি বিচিত্র বুঝিনু এখন॥
শিশিরে না হবে কেন দগ্ধ কলেবর।
রতিজন্য হর্ষ নাহি হবে ক্লেশকর ?
যেমন হয়েছ তুমি উন্মার্গগামিনী।
তার উপযুক্ত ফল ভুঞ্জ গো মানিনি॥”
সানন্দে সম্ভ্রমে যত দেবতা-নিকর।
প্রণাম করিলে যাঁর চরণ-উপর॥
শিরস্থিত ইন্দ্রনীল মণিসমুদয়।
বিরাজ করয়ে যেন ভ্রমর-নিচয়॥
অমঙ্গল নাশ হেতু সেই হরিপদে।
পুনঃ পুনঃ মতি করি ঐকান্তিকভিতে॥
ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে কলহান্তরিতা
বর্ণনে মুগ্ধমুকুন্দে নাম নবমঃ সর্গঃ॥ ৯॥

## দশমঃ সর্গঃ।

এখন কহিব কৃষ্ণ-প্রার্থনার কথা।
অমৃতের শত ধার বহি যায় যথা॥
পূর্ব্বোক্ত প্রকারে দিবস গোঙাইলা।
প্রদোষসময় আসি উপসন্ন হৈলা॥
অতি গাঢ় মান কেহ ভাঙ্গিতে নারিল।
কি করি উপায় কৃষ্ণ মনে বিচারিল॥
সখীবর্গ হৈতে মানভঙ্গ নাহি হয়।
আপনি ভাঙ্গিতে মান করিয়া নিশ্চয়॥
কোপ উপশম মনে হয়েছে তাহার।
প্রসন্ন বদন কিছু দেখিলা রাধার॥
সমীপে আসিয়া পুনঃ তারে দেখা দিল।
কৃষ্ণ দর্শনে রাধার অভিমান হৈল॥
আনন্দ গদগদ পদ গলিত অক্ষরে।
কহিতে লাগিল অতি মন্দ মন্দ স্বরে॥
দেখিল শ্রীমুখপদ্ম বিরহের দাহে।
নিশ্বাসের সহ মুখকান্তি ম্লান রহে॥
অতিগাঢ় রোষরস আছে অনুক্ষণ।
আনন্দ-বদন রাধার করি নিরীক্ষণ॥
লজ্জা সহ গলিত অক্ষরে আগে গিয়া।
কহিতে লাগিল কৃষ্ণ বিনয় করিয়া॥

"শুন প্রিয়ে চারুশীলে অকারণ মান।
ক্ষমহ সকল তুমি কেন অভিমান ॥
চারুশীলে তুমি অকারণ মান লয়্যা।
কিবা সুখ পাও বল মোরে দুঃখ দিয়া ॥
তোমার বিচ্ছেদ আর সহিতে না পারি।
কাম-অগ্নি আমার মানস দাহ করি ॥
তৎক্ষণে সকল তনু দহিল আমার।
তুর্মুখ কমল-মধু পান করিবার ॥
চাহে মোর মন রাধে কর অবধান।
মধুপান হইতে মোর যুড়াক্ পরাণ ॥
শুন প্রিয়ে তুমি যদি কিঞ্চিৎ বচন।
কহিলে আমার দুঃখ হইবে মোচন ॥
তব দন্ত রুচির রূপ কৌমুদী সকল।
নাশে ঘোরতর তিমির করয়ে উজ্জল ॥
তোমার বদনচন্দ্রে অমৃতের ধার।
ঝরি পড়ে দেখি লুব্ধ নয়ন আমার ॥
চকোর সদৃশ মোর নয়ন-যুগল।
স্ফুরিত অধর-সুধা দেখিয়া বিকল ॥
তব মুখ-চন্দ্র উছলিত সুধারাশি।
নয়ন-চকোর মোর অতি অভিলাষী ॥
নয়ন-চকোর হয় ত্বদেকজীবন্।
শুন চন্দ্রমুখি মোরে না কর বঞ্চন ॥
ত্বদেকজীবন আমি রোষযুক্ত নয়।
যদি দোষ দেখ দণ্ড কর অতিশয় ॥

হে রাধিকে প্রসন্ন বদনে সত্য যদি।
আমাতে কোপিনী তুমি আছ নিরবধি ॥
তবে খর নয়নের তীক্ষ্ণ শর করি।
প্রহার করহ মোরে মনোরথ ভরি ॥
ইহাতেও তুষ্ট যদি নহে তবে মন।
ভূজপাশে বন্ধনের করহ ঘটন ॥
শুন বৃকভানুসুতা বল্লভ তোমার।
ক্ষমহ আমার রোষ চাহ একবার ॥
মূরলী ধরিনু তব নামের কারণে।
অহর্নিশি গান করি ভ্রমি বৃন্দাবনে ॥
যদি দুঃখ আছে চিত্তে করিবে তাড়ন।
ভুজযুগে মোর অঙ্গ করহ বন্ধন ॥
স্ফুরিত অধর সুধাপান করিবারে।
নয়ন-চকোর মোর উৎকণ্ঠা আচরে ॥
শ্রীমুখকমলমধু দেহ করি পান।
মদন-দাহন হইতে রাখহ পরাণ ॥
সত্য যদি আমারে আছহ কোপবতী।
নয়ন সন্ধান বাণ কর মোর প্রতি ॥
যে দণ্ড করিলে সুখ উপজে তোমার।
সেই দণ্ড করি মোরে কর অঙ্গীকার ॥
ভুজদণ্ডে বান্ধি যদি না হয় সন্তোষ।
দশনে দংশন কর যাতে পরিতোষ ॥
কতেক কহিব প্রিয়ে যাতে তব সুখ।
সেই দণ্ড করি ত্যাগ কর নিজ দুখ ॥

নিজ প্রিয়জন যদি অপরাধ করে ।
ত্যাগ নাহি করে কিন্তু দণ্ড করে তারে ॥
ভৎ’সন তাড়ন দণ্ড আর যত আছে ।
সকল করহ প্রিয়ে আছি তব কাছে ॥
নিভৃতে বান্ধিয়া মোরে রাখ কুঞ্জঘরে ।
দণ্ড করি ভয়মুক্ত করহ আমারে ॥
কি আর বিস্তর কথা কহিব সুন্দরি ।
যাহাতে তোমার সুখ হয় অতি ভারি ॥
তোমার চিত্তের যাতে প্রসন্নতা হয় ।
যাহাতে চিত্তের সব ঘুচয়ে সংশয় ॥
মানময়ী তুমি মোর ভূষণ জীবন ।
অঙ্গনার রূপে কর গমনাগমন ।
মোর প্রাণরূপা তুমি বনের ঈশ্বরী ।
তোমা বিনা বৃন্দাবন শূন্যময় হেরি ॥
যদি মোর অতি দোষ হয় তব স্থানে ।
ক্ষমহ সকল কিছু না করিহ মনে ॥
কি জানি কিরূপ ক্রোধ জন্মিল তোমার ।
সব ক্ষমা করি মোরে কর অঙ্গীকার ॥
মোর কার্য্য তুমি সে করিবে বার বার ।
তুমি মোর ধন প্রাণ তুমি মোর সার ॥
তুমি মোর জীবন ভূষণ রত্নখনি ।
ভব-সমুদ্রের মাঝে রত্ন করি মানি ॥
তোমা বিনা প্রাণাধিক কেহ নাহি আর ।
সেই দণ্ড কর মোরে যে ইচ্ছা তোমার ॥

তুমি মোর রত্নরূপা সবার প্রধান।
তুমি অনুকূলা হইলে যুড়ায় পরাণ।।
লোচন রঞ্জিত সেই করি সেই গুণে।
প্রেমদৃষ্টে চাহ কহ মধুর বচনে॥
তবে সেই রাগ মোর জন্মিবে অন্তরে।
তবানুরঞ্জনী বিদ্যা স্ফুরুক আমারে।।
তুমি অঙ্গীকার কৈলে তাপ নাশ হয়।
আপনার বশ করি রাখহ আমায়॥
আমি তবে সর্ব্বত্র বিজয়ী নাম ধরি।
পুনর্ব্বার কহিতে লাগিলা দৈন্য করি॥
কোনরূপে তুমি মোরে কর অঙ্গীকার।
হৃদয়ের দুঃখ মোর ঘুচাও অপার॥
আমার মস্তকে তব চরণ-পল্লব।
আপন করহ সেবা আমার দুর্লভ॥
আমার বাঞ্ছিত সেই মহত চরণ।
যার স্পর্শে হয় স্মরগরলখণ্ডন।।
মন্ত্ররূপ পাদদ্বয় স্পর্শিলে তোমার।
স্বরূপ গরল সব হয় ছারখার।।
লোকে বলে কন্দর্প গরল নাশ করে।
শিরসি ভূষণ কৈলে অতি শোভা করে॥
যদি বল এমন প্রার্থনা কেন কর।
তার অর্থ কহি ইথে করহ বিচার॥
ক্লেশ দেয় কামরূপ দারুণ অরুণ।
কামসূর্য্য প্রতাপে জ্বলিছে মোর মন॥

সেই মহাপ্রতাপ ক্রমে ক্রমে বৃদ্ধি হয়্যা।
জ্বালিছে হৃদয় মোর ব্যাকুল করিয়া ॥
চরণ ধারণ কৈলে তাপ নাশ হবে।
মদন কদন ক্লান্তি সকল ঘুচিবে ॥
কন্দর্প-গরল খণ্ড যার স্পর্শ হৈতে।
শিরসি বিধান কর সুখ মোর ইথে ॥
রাতুল চরণ শ্যাম চিকুর উপরি।
অতি শোভা হবে কৃষ্ণচিত্তমনোহারী ॥
মদন-কদনশর জ্বলিছে অন্তরে।
পুনর্ব্বার কহিতে লাগিলা দামোদরে ॥
কুচকুম্ভ উপরে শোভিছে মুক্তামালা।
নবঘনে শোভে যেন বলাকার মালা ॥
তোমায় হৃদয়দেশ করিছে শোভন।
জঘন মণ্ডলে কাঞ্চী মধুর বাজন ॥
মণিময় মালা কুচকুম্ভের উপরি।
হৃদয়দেশের মাঝে অতি শোভা করি ॥
জঘনমণ্ডলে দোলে রশনা তোমার।
ঘোষণা করেছে মন্মথের অধিকার ॥
তব কাঞ্চী মন্মথের করিছে ঘোষণ।
ভঙ্গি করি কহে কৃষ্ণ প্রার্থনা সূচন ॥
উত্তর না করে রাধা আছে মৌন করি।
কহিতে লাগিলা কৃষ্ণ তার মুখ হেরি ॥
শুন প্রিয়ে বাক্যে মম কর আজ্ঞা দান।
কি আজ্ঞা করিব যদি কর অনুমান ॥

তোমার চরণদ্বয় সাজাব আদারে।
সরস অলক্তরাগ ঐছে শোভা করে॥
ঐছে ভাতি করিয়া সাজাব পাদুখানি।
এমতি আমার ইচ্ছা আজ্ঞা অনুমানি॥
স্থলপদ্মবন সবে করিছে গঞ্জন।
তারে তিরস্কার করে তোমার চরণ॥
আমার হৃদয় অতি করিছে বাঞ্ছিত।
কোকনদ হইতে আর রক্তাব্জ বিদিত॥
তাহাতে জন্মিবে রতিরঙ্গে অতি শোভা।
অলক্ত সাজনি দেখি মন অতিলোভা॥
ইতি উক্তি প্রকারে শ্রীমধুরিপু কথা।
শ্রীরাধিকা লক্ষ্য করি উপজিল তথা॥
সেই বাক্য সমূহ তার উৎকর্ষ সূচন।
পরম প্রেয়সী রাধা তাহার বর্ণন॥
চটুল বচন হয় অনেক প্রকার।
মান উপশমনেতে সামর্থ্য যাহার॥
সুচারু শোভন অতি সার সুখপ্রদ।
পদ্মাবতী শ্রীরাধিকা প্রার্থনা সম্পদ॥
জয়দেবপত্নী পদ্মাবতী নাম হয়।
তাহার রমণ জয়দেব মহাশয়॥
সেই মহাকবি তার ভারতী সকল।
তাহার ভণিত সুখপ্রদ সুমঙ্গল॥
শ্রীরাধিকে আশঙ্কা কর তুমি ত্যাগ।
অন্য জনে মোর কিছু নাহি অনুরাগ॥

তোমাতে সতত আছে মানস আমার।
অন্য কারে পরশিতে নাহি অধিকার॥
যদ্যপি অন্তরে তুমি আছ মগ্না হয়্যা।
তথাপি জানিয়ে শূন্য তোমা না দেখিয়া॥
তোমা বিনা আত্মা মোর বাসিছে উদাস।
তবে প্রাণ স্নিগ্ধ হয় যদি দেখি হাস॥
স্তন পরশিয়া পরিরম্ভ আরম্ভণে।
কর্ত্তব্য যে হয় তাহা করহ যতনে॥
হে চণ্ডি হে প্রিয়ে পুষ্পায়ুধ মহামতি।
মন্মথ সেবিয়া বিশ্ব জিনিবে সংপ্রতি॥
শুন প্রিয়ে দেহ মোরে দশনের ঘাত।
বাহুমুলে বান্ধি শাস্তি করহ সাক্ষাৎ॥
নিবিড় স্তনেতে পীড়া দেহ মোর অঙ্গে।
ইহা শুনি রাধিকার মন্দ হর্ষ রঙ্গে॥
কৃষ্ণ কহে এইমত বিধান করিয়া।
হইবে তোমার সুখ দণ্ড আচরিয়া॥
পঞ্চবাণ চণ্ডাল কাণ্ড দলন হইতে।
প্রাণ মোর ছাড়ি যায় কহিনু তোমাতে॥
শশিমুখি তোমার শোভিছে ভ্রূভঙ্গিমা।
যুবজনমনোহর কালসর্পী সমা॥
সেই কালসর্পী মহা ভয়ঙ্করী হয়।
যুবজনে দংশন করিতে সদা চায়॥
তদুদিত ভয় ভুঞ্জনায় মোর মন।
তদধর-সীধুসুধা বাঞ্ছে অনুক্ষণ॥

সেই সুধা সিদ্ধ মন্ত্র তাপ নাশ করে।
অতএব অধরসুধা পান দেহ মোরে ॥
কোপিনী হইয়া কেন আছ মোর প্রতি।
সহজেই ভ্রূভঙ্গিমা আর ক্রোধমতি ॥
উত্তর না করে রাধা আছে মৌনভরে।
পুনর্ব্বার কহিতে লাগিলা কৃষ্ণ তারে ॥
শুন তন্বি কোপভরা দেখিয়া তোমারে।
মদন-প্রভাবে কিন্তু খিন্ন কলেবরে ॥
বৃথা মৌনে আমারে দিতেছ বড় ব্যথা।
পঞ্চম বিস্তার তুমি করহ সর্ব্বথা ॥
যদি বল আমি গান করি বা না করি।
তোমার বিকল কিছু বুঝিতে না পারি ॥
শুনহ তরুণী কর মধুর আলাপ।
শুনিতে হইবে সুখ ঘুচিবে সন্তাপ ॥
শুনহ সুমুখি কৃপাবলোকন করি।
ঔদাস্য মুঞ্চন কর মান ত্যাগ করি ॥
শুনহ সুমুখি ত্যজ বিধুমুখের ভাব।
তোমার মধুর বাক্যে কত সুধালাভ ॥
তাপ মোর দূর কর হাস্যদৃষ্টি করি।
আপন হৃদয় কর্ম্ম করি বেরি বেরি ॥
বিচারিতে অনভিজ্ঞা মুগ্ধার লক্ষণ।
সেই জ্ঞান অনাহুত কৈল আগমন ॥
হে চণ্ডি হে প্রিয়ে পুষ্পায়ুধ মহাশয়।
মন্মথ সেবিয়া বিশ্ব করিলেন জয় ॥

অধরপল্লব তোমার বান্ধুলি বান্ধব।
তব কান্তি অধরেতে মিলিয়াছে সব ॥
স্নিগ্ধ মধুপুষ্প দুই গণ্ডে শোভা করে।
নীলপদ্মকান্তি দুই লোচন সুন্দরে ॥
লোচনের শোভা পদ্ম-শোভা দূর কৈল।
ভয় পায়ে নীলপদ্ম চক্ষে মিশাইল ॥
নাসা তিলপ্রসূন-পদবী প্রাপ্ত হয়্যা।
আনিল তাহার অতি সৌন্দর্য্য হরিয়া ॥
শুন কুন্দদন্তি কুন্দ নিন্দি দন্তপাতি।
দশন আনিল সব হরি কুন্দভাতি ॥
তব মুখে আছে সেই কুসুম সকল।
তার বাণে বিশ্বজয় করি মহাবল ॥
পুষ্পায়ুধ নাম ধরে তোমার কৃপাতে।
আমি তাতে কিবা হই তোমার সাক্ষাতে ॥
দেবতা যুবতী সব তোমারে সেবিতে।
স্থানে স্থানে তোমার আছে সাবহিতে ॥
স্বর্গের দুর্লভা তুমি পরম দেবতা।
চাহ একবার মোরে হয়ে কৃপান্বিতা ॥
দেবতা যুবতীগণ সমূহ সকল।
তোমার আশ্রিত হয় পাইতে মঙ্গল ॥
রাধিকার স্থূল লীলা করিয়া বর্ণন।
তার অতি কষ্ট দশা করি নিরীক্ষণ ॥
বিষণ্ণ মানসে বসিলেন কুঞ্জমাঝে।
সেই দশা স্মরণ করিল কবিরাজে ॥

তার শ্লোক সর্ব্বলোকে করি আশীর্ব্বাদ।
করি ঘুচাইল সব চিত্ত-অবসাদ ॥
শ্রীকৃষ্ণ সবার প্রতি করুন প্রকাশ।
আশীর্ব্বাদ করি চিত্ত বাড়িল উল্লাস ॥
কুবলয়াপীড় সঙ্গে সংগ্রামের স্থলে।
তার কুম্ভস্থল পীন পয়োধর ভালে ॥
সেই মত্ত গজকুম্ভ সদৃশ দর্শনে।
রাধা-পীন-পয়োধর হইল স্মরণে ॥
তার স্পর্শসুখ হৈতে ভাব উপজিলা।
সেই ভাবে কৃষ্ণ কিছু স্তম্ভিত হইলা ॥
স্বেদ অঙ্গে বহে অশ্রু হইল মিলন।
অঙ্গ কম্প হৈল উঠে যত ভাবগণ ॥
জিতিনু জিতিনু বলি ডাকে কংসচর।
অতি কোলাহল শব্দ উঠে নিরন্তর ॥
সেই ভাবে অবহিত কৃষ্ণ পুনর্ব্বার।
ভাব সংবরিতে যুদ্ধ বাড়িল অপার ॥
পুনর্ব্বার ঠেলিয়া ফেলিল গজরাজে।
অতিশয় ব্যামোহ বাড়িল কংসরাজে ॥
পুনর্ব্বার কোলাহল শোকানন্দ হৈতে।
উঠিল কিঙ্করগণ না পারে নিশ্চিতে ॥
ক্ষণেক থাকিয়া কৃষ্ণ মারিলা সে করী।
সেই কৃষ্ণ হউন্ জগত-হিতকারী ॥
দশম সর্গের এই করিনু বিচার।
জয়দেব-পাদপদ্মে করি নমস্কার ॥

# একাদশঃ সর্গঃ।

এবে কহি দোঁহার মিলন ব্যবহার।
শ্রবণে বাড়য়ে কর্ণে আনন্দ অপার॥
তাহে সখীগণ প্রবেশিলা কুঞ্জঘরে।
কহিতে লাগিলা কিছু মধুর উত্তরে॥
যার মুখ দেখিবারে এতেক কামনা।
পাঠাইলে সখীগণে করিয়া প্রার্থনা॥
সে জন বিনয় কৈল পদযুগ ধরি।
তাহারে উচিত নহে এত মান ভারি॥
অন্য যুবতীর গণ আছে স্থানে স্থানে।
মন ফিরাইতে পারে পাইলে নির্জ্জনে॥
ললিতা বলেন শুন মানময়ী রাধা।
আপন সখীর বাক্যে না করি যে বাধা॥
অনুচিত কার্য্য হয় কৃষ্ণে উপেক্ষিলে।
ললিতা বলেন সখি ভালই করিলে॥
হস্তগত ধন ছাড়াইলে বনে বনে।
শ্রম মাত্র সাধ্য পুনঃ না মিলিবে ধনে॥
দেখ সখি প্রণত যে হইল সর্ব্বগতে।
যুক্তি না আইসে তারে উপেক্ষা করিতে॥
যারে না দেখিলে মাত্র না রহে জীবন।
তারে আর উপেক্ষা করিবে কতক্ষণ॥

দেখ সখি যে অগ্নি পোড়ায় গৃহধন।
তারে আনি রাখে পুন করিয়া যতন ॥
সখীর কথায় রাধা পারিলা বুঝিতে।
কহিতে লাগিলা কিছু হাসিতে হাসিতে ॥
শুন সখি এই দেহ তোমা সবাকার।
যে তোমার ইচ্ছা সেই সম্মত আমার ॥
তোমরা আমার সব বান্ধব ও প্রাণ।
তোমা সবা বিনা আমি নাহি জানি আন ॥
শুনিয়া আনন্দে ভোর সবে অতিশয়।
বাহির হইলা কৃষ্ণ হইয়া নির্ভয় ॥
কৃষ্ণ আদি পুনঃ দণ্ডাইলা রাধা-আগে।
হাস্যমুখে কহিতে লাগিলা অনুরাগে ॥
রাধা পুনঃ কৃষ্ণমুখ হেরি হৃষ্ট মন।
মুখপদ্ম মৃদু স্মিতমধুর বচন ॥
দেখি কৃষ্ণমুখপদ্ম হৈলা হরষিত।
আনন্দ অন্তরে সব ভুলে গেল ভীত ॥
সখীর সম্মতি লয়ে বঞ্জুল কাননে।
মঞ্জুতর কুঞ্জমাঝে করিলা গমনে ॥
কুঞ্জে প্রবেশিয়া কৃষ্ণ রাধা-মুখ হেরি।
ঘুচাইলা মনোব্যথা মান ভঙ্গ করি ॥
কৃষ্ণের অপ্রীতি দুঃখ সব দূরে গেলা।
রাধার হৃদয়ে বহু আনন্দ বাড়িলা ॥
কুঞ্জশয্যা করি কৃষ্ণ তাহে বসিয়াছে।
তবে সখী কহিতে লাগিলা রাধা কাছে ॥

বিরচিত চাটুকার বহু মত করি ।
প্রণিপাত চরণে করিলা বেরি বেরি ॥
সম্প্রতি মঞ্জুল কুঞ্জে করিলা গমনে ।
বঞ্জুল কাননমধ্যে অতি মনোরমে ॥
কেলিশয্যামধ্যে কৃষ্ণ হৈল উপগত ।
অতএব তোমার প্রসাদ অভিমত ॥
মধুরমথনের প্রতি কর অভিসার ।
শুন মুগ্ধে মোর বাক্য কর অঙ্গীকার ॥
কৃষ্ণ তব অনুগত শুনহ রাধিকে ।
চলহ নিকুঞ্জে ধনী কি বাক্য অধিকে ॥
স্তন মন জঘনের ভার অতিশয় ।
তাহার ভারেতে তব মৃদু গতি হয় ॥
তাহাতে চরণযুগে করিয়া বিহার ।
শুন প্রিয়ে সুখে সুখে কর অভিসার ॥
মুখরিত মণির মঞ্জীর পরিধান ।
করহ আমার বাক্য করিয়া প্রমাণ ॥
মরালের পরাভব হয় তো তাহাতে ।
নূপুরের ধ্বনি শুনি হংস পায় ভীতে ॥
রমণীর ভাব কৃষ্ণ বচন মধুর ।
শুনহ শ্রবণ ভরি অতি রসপূর ॥
তরুণীজনার মন করয়ে মোহন ।
মধুরিপু-বাক্য সখী অতি মনোরম ॥
তরুণীজনার করে শাসন প্রচার ।
পিকনিকরের ভার করহ বিচার ॥

গতি প্রতি বিলম্বিত করহ মুঞ্চন।
লতা-নিকুরম্ব তোমা করিছে প্রেরণ॥
অনিল হেরহ কিশলয়-কর দিয়া।
প্রেরণ করিছে তোমা প্রেমাবিষ্ট হৈয়া॥
দেখি সখি তোমার অঙ্গেতে ভাবগণ।
ভাবের বিকার সব করিছে স্পন্দন॥
আমার বচন যদি আত্মমত জান।
তবে অবিলম্বে কর কুঞ্জেতে পয়াণ॥
অনঙ্গ তরঙ্গবশে স্পন্দে বারে বারে।
তব কুচকুম্ভ ধনি পুছহ তাহারে॥
সূচিত করিছে হরিরস্তণ সর্ব্বথা।
অতি মনোহর হায় বিহরিছে যথা॥
কমনীয় জলধার যেন তাহে বহে।
বামস্তন স্পন্দ হইয়া এই কথা কহে॥
অখিল সখীতে ইহা হৈল অধিগত।
তব বপু রতিরসে সজ্জা অবিরত॥
রতিরণ-প্রবীণ রশনা-মণিগণ।
অলজ্জ হইয়া করে ডিণ্ডিম বাদন॥
অপূর্ব্ব বাদন সেই হরে জন মন।
তার শব্দ শুনিয়া ফুলিছে তব স্তন॥
নহিলে কাঞ্চীর ধ্বনি হয় ত অন্যথা।
অভিসার কর ধ্বনি শুন মোর কথা॥
লজ্জায় রহিত হয়ে কাঞ্চী করে ধ্বনি।
বপু তব উৎফুলিত সেই ধ্বনি শুনি॥

স্মর শরস্বভগ নখ আছে তব করে।
মোহ নামে কামশাস্ত্রে বান্ধিয়া সমরে ॥
লীলার সহিত সখী অবলম্বন করি।
চলহ নিকুঞ্জে তুমি এই বস্ত্র পরি ॥
কর-পদে চঞ্চলতা বলয়া চলিত।
তার শব্দ হৈতে কৃষ্ণ করহ বোধিত ॥
জয়দেব-ভণিত মধুর রসকথা।
কৃষ্ণ-বিনিহিত চিত্ত যাহার সর্ব্বথা ॥
তার কণ্ঠে লাগিয়া রহুক অনিবার।
কি করিবে বরনারী কি করিবে হার ॥
অতি ত্বরা করিবারে মধুর করিয়া।
শ্রীকৃষ্ণ উৎকণ্ঠা সব কহে বিস্তারিয়া ॥
কৃষ্ণের মনের কথা শুন ঠাকুরাণি।
নিশ্চয় জানিবে ইহা সত্য করি মানি ॥
সেই মোর প্রিয় রাধা আসি মোর ঘরে।
প্রেমাবিষ্ট হয়ে কবি দেখিবে আমারে ॥
স্মরকথা আবেশে কহিবে বার বার।
শুনিতে আনন্দ মোর বাড়িবে অপার ॥
প্রেমালাপ করিয়া প্রত্যঙ্গে আলিঙ্গনে।
অতি প্রীতি হবে মম প্রথম মিলনে ॥
প্রীতি-কথা উক্তি করি আমার সহিতে।
রমণ করিবে সুখে লয় মোর চিতে ॥
এই চিন্তা করি কুঞ্জে রহে স্থির হৈয়া।
স্থিরতর অন্ধকার নিবিড় দেখিয়া ॥

প্রিয়-মিলনের এই সময় উচিত।
তমাল-বেষ্টিত তমঃ হয় যথোচিত ॥
তরুচ্ছায়া অন্ধকার অতি স্থিরতর।
এই হেতু তব সুখ বাড়িবে বিস্তর ॥
নিকুঞ্জেতে প্রিয় কৃষ্ণ তোমারে দেখিবে।
তোমা দেখি প্রেমাবেশে কম্প উপজিবে ॥
পুলক হইবে সব শরীরে তাহার।
আনন্দে পূরিত তনু হবে পুনর্ব্বার ॥
স্বেদজলপূর্ণ হবে সকল শরীরে।
ডুবিবে সকল তনু আনন্দ-সাগরে ॥
নিকটে হইলে মোর প্রিয়া আগমন।
প্রত্যুদ্গম করিতে উঠিবে সেইক্ষণ ॥
ক্ষণে তার আনন্দ আবেশ মূর্চ্ছা হৈয়া।
কত সুখ উপজিবে তোমারে দেখিয়া ॥
অন্ধকার অভিসার বেশ-ভূষা করি।
নীলপদ্মমালা আর নীলবস্ত্র পরি ॥
সেই অনুসারে যায় দুই একজন।
ক্রমেতে সবার সঙ্গে হইবে মিলন ॥
স্থিত তমঃকুঞ্জ নিকুঞ্জমাঝে হরি।
আছেন বসিয়া পথ নিরীক্ষণ করি ॥
সর্ব্বত্র ব্যাপক হৈল মহা অন্ধকার।
অন্ধকার হেতু দৃষ্টি না চলে কাহার ॥
সবাকার প্রত্যঙ্গ করিছে আলিঙ্গন।
অতি ঘোর হয় যৈছে দলিত অঞ্জন ॥

প্রিয় অনুসারে অনুকূল অন্ধকার ।
অতএব বহু সুখ করিবে বিস্তার ॥
নীলবস্ত্র যেন সর্ব্ব অঙ্গেতে আছয় ।
তাহা হৈতে অন্ধকার ঘোরতর হয় ॥
অভিসারি সর্ব্বাঙ্গে করিয়া আবরণ ।
পরম সহায় তমঃ অতি বিলক্ষণ ॥
কদাচিৎ কার পাছে হয় অভিসার ।
বিলম্ব করিয়া কিছু কার্য্য নাহি আর ॥
পরজনবঞ্চক সব ধূর্ত্তের মণ্ডলী ।
অতিশয় সত্বর আছয়ে সখী মেলি ॥
যদি তার সখী আনি দিব মনে করে ।
সে সময় কৃষ্ণ তারে উপেক্ষিতে নারে ॥
পরবঞ্চকতা তার স্বভাব নিশ্চয় ।
তবে তব অভিসারে কিবা কার্য্য হয় ॥
নয়নে অঞ্জন দেহ কালোচিত জানি ।
শ্রবণে তমালগুচ্ছ করহ সাজনি ॥
মস্তকেতে শ্যাম সরোজের দাম দিয়া ।
সাজন করহ অতি যতন করিয়া ॥
কুচোপরি কস্তূরিকা-পত্র-ভঙ্গ লেখা ।
সকল অঙ্গেতে কর কস্তূরিকা মাখা ॥
প্রেম পরীক্ষণ লাগি কহে পুনর্ব্বার ।
নিকুঞ্জ করিছে ধ্বান্ত বিনাশ এ সবার ॥
কাশ্মীরের তুল্য গৌর অঙ্গ তা সবার ।
অন্ধকারে তা সবার করে অভিসার ॥

তা সবার প্রেম হেম পরীক্ষার তরে।
স্বর্ণরুচি জিনি যারা অঙ্গরুচি ধরে॥
নিকষ পাষাণ বলি ধরে নিজ নাম।
মরাল গমন চারু হয় অভিরাম॥
তমালের দল নিন্দি নীল কান্তি ধরে।
প্রেম হেন সুবিখ্যাত করিছে বিস্তরে॥
অন্ধকার-নিবিড়তা প্রতিপাদ্য করি।
তমালের কুঞ্জে শুক কহিল বিস্তারি॥
তবে রাধা সখীর বচনে সুখ পায়্যা।
মন্দ মন্দ পদগতি সঞ্চার করিয়া॥
নীলবস্ত্র শ্যাম বেশ শ্যাম অলঙ্কার।
সখীগণ মিলিয়া করিল শীঘ্র তার॥
অঙ্গকান্তি হেতু তবে কস্তূরী লেপিলা।
সখী-হস্ত ধরি কুঞ্জে গমন করিলা॥
দেখিয়া কৃষ্ণের শোভা মন্দস্মিত হয়।
তমঃপুঞ্জ ভেদ করি বাহিরে দাঁড়ায়॥
লুকান না যায় আর অঙ্গের মাধুরী।
তিমির করয়ে নাশ কিরণ সঞ্চারি॥
কৃষ্ণের নিকট পরে করিয়া গমন।
দ্বার হৈতে কৃষ্ণরূপ করে নিরীক্ষণ॥
অত্যন্ত উৎসুক কৃষ্ণ রাধা-অঙ্গ দেখি।
রাধা পুনঃ বাম দিকে নেহারিল সখী॥
নিকটে যাইতে চিত্তে আনন্দ উঠিলা।
লজ্জারূপা সখী তারে স্তম্ভিত করিলা॥

নিকুঞ্জের দ্বারে কৃষ্ণ নিরীক্ষণ করি ।
আছেন রাধিকা কৃষ্ণবদন নেহারি ॥
লজ্জাবতী পুনঃ হয়ে চলিতে না পারে ।
পুনর্ব্বার সখী কিছু কহিছে তাহারে ॥
কেলিতল্পে বাস কৃষ্ণ পরম মোহন ।
মনোহর হার বক্ষে করিছে শোভন ॥
হারমধ্যে মণিগণ অতি শোভা করে ।
কাঞ্চনের কাঞ্চী তার নিতম্ব-উপরে ॥
কনকমঞ্জীর পদে অতি শোভা তার ।
কাঞ্চন-কঙ্কণ করে শোভা অলঙ্কার ।
তাহার কান্তিতে দীপ্ত শ্যাম কলেবরে ।
দেখিয়া আনন্দ রাধার বাড়িল অন্তরে ॥
মঞ্জুতর কুঞ্জ তাহে প্রবেশ করিতে ।
প্রিয়সখীগণ তারে লাগিলা কহিতে ॥
শুন রাধে মাধব-সমীপে প্রবেশিয়া ।
বিহার করহ সুখে কৃষ্ণেরে লইয়া ॥
মঞ্জুতর কুঞ্জতলে করহ প্রবেশ ।
কেলির সদনে পাবে আনন্দ বিশেষ ॥
বিলস পরম সুখে এই কুঞ্জ-ঘরে ।
দেখিয়া বাড়ুক মোর আনন্দ অন্তরে ॥
হে রাধে যে হসিত বদনে শুন বাণী ।
তোমার হাস্যের ভাব এই ত বাখানি ॥
তব মুখে হাস্য দেখি লয় মোর মনে ।
কৃষ্ণেরে ব্যাকুল দেখি হাসিছ বদনে ॥

কৃষ্ণে দেখি হাস্য তব উপজিল মনে।
মদনে আসিয়া পুনঃ হৈল প্রকাশনে ॥
পূর্ব্ববৎ মুখবন্ধ সর্ব্বত্র শোভন ॥
প্রতিপদ শেষে ধ্রুব পদের যোজন ॥
নবভব অশোকের দল মনোহর।
তাহার শয়ন সার অতি স্নিগ্ধকর ॥
তাহাতে বিলাস কর পরম হরিষে।
পাইবে পরম সুখ শ্রীঅঙ্গ-পরশে ॥
কুচকুম্ভে তরলিত হার শোভা হয়।
তব মর্ম্মকথা আমি কহিনু নিশ্চয় ॥
কুসুমের স্তরে শয্যা রচিত যাহাতে।
শ্রীধরের বাসগৃহ কহিনু তোমাতে ॥
তাহাতে বিলাস কর কুসুম-শয়নে।
কুসুম জিনিয়া অঙ্গ করি অনুমানে ॥
কুঞ্জদ্বারে গত প্রিয় প্রতীক্ষয়ে তোমা।
সুকুমার তনু তার নাহিক উপমা ॥
উদ্দীপন করিছে তোমার গুণগণ।
মনোহর কেলি-শয্যা করিছে রচন ॥
চলিত মলয়-বায়ু পরম সুন্দর।
সুরভি রচিত অতি শীতল বিস্তর ॥
সেই কেলি-শয়নেতে করহ বিলাস।
তব মুখ হেরি কৃষ্ণ-হৃদয়ে উল্লাস ॥
রতিতে বলিত রস যোগেতে তোমার।
শুন রাধে মধুস্বরে নৃত্য গীত কর ॥

অতএব প্রবেশ করিয়া কুঞ্জঘরে ।
কৃষ্ণ সঙ্গে কর গীত কেলি-শয্যাপরে ॥
বিস্তারিত বাহু-বল্লী নবীন পল্লব ।
অতি মনোহর তব পরম বল্লভ ॥
তাহাতে বিলাস কর চিরকাল ধরি ।
অলসিত পীন ঘন জঘন তোমারি ॥
মধুপানে মুদিত মধুপ ঘন ধ্বনি ।
করেছি মধুর গান বেড়ি শয্যাখানি ॥
বিলাস করহ সেই পল্লবের মাঝে ।
কৃষ্ণ সহ বিলাস যে তোমারেই সাজে ॥
শুনহ মধুর রস-ভাবিত রাধিকে ।
মধুর বচন বল কৃষ্ণের আগুকে ॥
অতি সুমধুরতর পিকের নিকর ।
তাহাতে নাদিত কুঞ্জ হয়েছে মুখর ॥
দশন রুচির তব মাণিকের পাঁতি ।
মাণিকের সম দন্ত শোভা করে অতি ॥
বিহিত করিল পদ্মাবতী সুখসাজে ।
পদ্মাবতী রাধা নাম কাছে কুঞ্জমাঝে ॥
জয়দেব কবিরাজ তাহার বর্ণনে ।
হে কৃষ্ণ মঙ্গল শত করহ আপনে ॥
তাঁহার ভণিত শ্লোক শতেক প্রকার ।
সর্ব্ব-লোকের মঙ্গল হউক বার বার ॥
চিরকাল ধরি চিত্তে তোমারে বহিতে ।
পীন স্তনভারে কৃষ্ণ শ্রান্ত যথোচিতে ॥

কন্দর্পের বাণে ভৃশ হয়েছে তাপিত।
শ্রমেতে তাপিত হয়ে অতি পিপাসিত॥
সুধাতে ব্যাপিত সদা তব বিম্বাধর।
পান করিবারে কৃষ্ণ বাঞ্ছে নিরন্তর॥
কৃষ্ণ-ক্রোড় ক্ষণেক শোভন কর তুমি।
বহিস্থিত ভাব সব কহি শুন আমি॥
অবিদিত অভিপ্রায় ক্রোড়ে প্রবেশিতে।
মনেতে সঙ্কোচ তব হয় আচম্বিতে॥
ভ্রূক্ষেপ লক্ষ্মীর লেশে ক্রীত এই জন।
দাস প্রায় সেবিত যে করয়ে দ্বিগুণ॥
কিসের সম্ভ্রম তোমার কৃষ্ণের বিষয়।
তব বিম্বাধর-সুধা সদা যে বাঞ্ছয়॥
ক্রয়ক্রীত জনে শঙ্কা নহে কদাচিত।
সেবিতে চরণাম্বুজ যোগ উপস্থিত॥
সখীর বচনে রাধা উল্লাসিত হৈয়া।
চরণ-মঞ্জীর মৃদু বাজন করিয়া॥
উল্লাসিতচিত্ত হয়ে সখীর বচনে।
সানন্দ হইয়া প্রবেশিলা কৃষ্ণ স্থানে॥
প্রথম সঙ্গমে অতি সাধ্বস জন্মিল।
লোলদৃষ্টে গোবিন্দেরে দেখিতে লাগিল॥
সন্তুষ্ট হইয়া রাধা আছে দাণ্ডাইয়া।
ভাবাবেশে অঙ্গভঙ্গ ভূরু নাচাইয়া॥
হাস্যমুখে রাধা কৃষ্ণে দর্শন করিলা।
হরি পুনঃ এক রস ভাবে বুঝাইলা॥

রাধা-রূপ আলম্বনে একরস হৈয়া।
নিকুঞ্জ-ভিতরে কৃষ্ণ আছেন বসিয়া॥
চিরকাল ব্যাপি অভিলষিত বিলাস।
রাধিকার দর্শনেতে মুখে মন্দ হাস॥
শ্রীরাধিকার মুখপদ্ম বিলোকন হৈতে।
বিকাসিত বিবিধ প্রকার ভঙ্গি যাতে॥
রসের সমুদ্র যেন রসের তরঙ্গ।
রাধা-মুখ দর্শনেতে কৃষ্ণ হর্ষ অন্ধ॥
জলনিধি যেন বিধুমণ্ডল দর্শনে।
তরলিত সুতুঙ্গ তরঙ্গ অনুক্ষণে॥
মুক্তাহার ধরিয়াছে বক্ষের উপরে।
নির্ম্মল বিশুদ্ধ অঙ্গ বেড়ি শোভা করে॥
বিদূর লম্বিত হয়ে সাজে মনোহর।
যমুনার জলে যেন ফেণ স্ফুটতর॥
শ্যামল মৃদুল কলেবর অতি শোভা।
তাহে অধোগতি পীত দুকূলের আভা॥
নীল পদ্মমূল পীত পরাগপটলে।
অতিশয় বলম্বিত যৈছে শোভা দোলে॥
নীলপদ্ম সহ-সাম্য শ্যাম কলেবরে।
পরাগের সাম্য পরিধান পীতাম্বরে॥
অতিশয় চঞ্চলতা দৃগঞ্চলে সাজে।
সুবলন মনোহর বদনে বিরাজে॥
তাহাতে আনীত রতি-রাগ অনুক্ষণ।
মৃদু মৃদু হাসি সর্ব্বজগতমোহন॥

তড়াগের স্ফুটতর কমল-উপরে।
খেলিত খঞ্জন-যুগ ঐছে শোভা করে॥
বিকসিত মুখপদ্ম নয়ন-শোভন।
কমলের মাঝে যেন খেলিছে খঞ্জন॥
বদন কমলে যেন মিলে দিবাকর।
শ্রবণে কুণ্ডল শোভে অতি মানাহর॥
স্মিতরুচি কুসুম শোভিছে মনোহর।
উল্লাসিত অধর-পল্লব শোভাকর॥
শশিকিরণেতে ব্যাপ্ত উদয় যাহার।
হেন জলধর জিনি শোভে কেশভার॥
পুষ্পের মণ্ডলী যেন চন্দ্রের মণ্ডলী।
জলধর সম কেশ শোভিয়াছে ভালি॥
তিমিরে উদিত বিধুমণ্ডল নির্ম্মল।
চন্দন-তিলক তৈছে শোভিছে বিমল॥
বিপল পুলকভরে অঙ্গ বিছুরল।
রতি-কেলি-কলা তাহে অধীর করিল॥
মণিগণ-কিরণেতে অতীব উজ্জ্বল।
সেই ভূষণেতে অঙ্গ সুন্দর নির্ম্মল॥
জয়দেব-ভণিত বিভ্রম সুখসার।
সেই বাক্যে দ্বিগুণিত কৃষ্ণ ভূষাভার।
হেন কৃষ্ণ হৃদয়ে ধরিল ভক্তগণ।
প্রণাম করহ আর করহ চিন্তন॥
সুকৃতি জনার এই মহোদয় ফল।
তার সার তত্ত্বকথা জানিবে সকল॥

জয়দেববাক্যে যে করিবে অঙ্গীকার .
আপনি ভূগত হয়ে তারিবে সংসার ॥
শুন ভক্তগণ এই ভূষা সুধাসার।
ভূষিত হইবে কণ্ঠে কর অলঙ্কার ॥
রাধিকা দর্শনানন্দে কৃষ্ণের বিকার।
কহিয়া রাধিকা-চেষ্টা কহে বার বার ॥
কৃষ্ণবিলোকনকালে শ্রীরাধা দর্শনে।
হর্ষ-অশ্রু নিকর ঝরিলা কতক্ষণে ॥
স্বেদাম্বু-প্রসর যেন বহে অশ্রুধার।
অতি চঞ্চলতা রূপে নেত্রের বিকার ॥
শ্রবণের পথসীমা অপাঙ্গ আনিয়া।
কৃষ্ণ নিরীক্ষণ করে অশ্রুমুখ হৈয়া ॥
ক্রমেতে ঝরিয়া যেন পড়ে মুক্তাহার।
প্রিয়তম দরশনে উঠিল বিকার ॥
পরে কেলি-শয্যা প্রতি করিলা গমন
প্রিয়মুখ দরশনে লজ্জা পলায়ন ॥
তাঁর আনুকূল্যে সাবধান সখীগণ।
করিতে লাগিল কালোচিত আচরণ ॥
কর্ণকণ্ডূয়ন ছলে হাস্য সংবরিয়া।
হস্তস্থিত বলয়াদি সঙ্গীত করিয়া ॥
কুঞ্জ হৈতে বাহির হইলা সখীগণ।
রাধিকারে ছাড়ি কৈল দূরেতে গমন ॥
শয্যার নিকটে রাধা গমন করিলা।
স্মরশরে সুশাণিত কটাক্ষ পূরিলা ॥

হাস্য করি প্রিয়মুখে করে নিরীক্ষণ।
দেখিয়া কৃষ্ণের হৈল আনন্দ বর্দ্ধন॥
কৃষ্ণভুজদণ্ড কবি করিয়া স্মরণ।
তাহার সৌন্দর্য্য কিছু করিছে বর্ণন॥
মুরজিৎ-ভুজদণ্ড জয় সর্ব্বকাল।
জয় শ্রীকৃষ্ণ তাঁর মহিমা রসাল॥
সুবিন্যস্ত মন্দার-কুসুমেতে অর্চ্চিত।
দ্বীপ সহ সহ যুদ্ধ করি সিন্দূর মুদ্রিত॥
ভুজপীড়া-ক্রীড়া-হত কুবলয় করী।
রক্তবিন্দু লাগিয়াছে অতি শোভা ধরি॥
জয়তি জয়তি কৃষ্ণবাহু সর্ব্বক্ষণ।
সেই বাহু করুন সর্ব্বজীবের রক্ষণ॥
জয়দেব-পাদপদ্ম স্মরণ করিতে।
একাদশ সর্গ পূর্ণ যাঁহার কৃপাতে॥

ইতি শ্রীগীতগোবিন্দে মহাকাব্যে অভিসারিকা-বর্ণনে সানন্দদামোদরো নাম একাদশঃ সর্গঃ॥১১॥

# দ্বাদশঃ সর্গঃ ।

প্রেমোল্লাসযুক্ত রাধা পরম হরিষে ।
আপনাকে কৃতার্থ মানিলা তার পাশে ॥
অতি দৈন্যে আবিষ্কার করি তার আগে ।
কহিতে লাগিলা কৃষ্ণ অতি অনুরাগে ॥
সখীবৃন্দ গমন করিয়া সেই কালে ।
রাধাকে সরসময় দেখিয়া বিরলে ॥
মদনতাপেতে যেন রয়েছে নির্ভর ।
স্মরশরবশে দেহ ব্যাপ্ত নিরন্তর ॥
দেখিয়া কৃষ্ণের মুখ সানন্দ অন্তরে ।
অতএব স্মিত-সুধা স্নপিত অধরে ॥
নব পল্লবের শয্যা অতি মনোহারী ।
পুনঃ পুনঃ দেখে তাহা নয়ন প্রসারি ॥
শয্যাতে নিক্ষিপ্ত দৃষ্টি দেখিয়া রাধারে ।
প্রিয়বাক্যে কৃষ্ণ কহিছেন বারে বারে ॥
শুন রাধে কিশলয়-শয়নের তলে ।
চরণ নিবেশ কর কহি যে বিরলে ॥
নারী সমূহের আমি পরম আশ্রয় ।
অতএব নারায়ণ নাম লোকে কয় ॥
তব অনুগত তেঁই একনিষ্ঠা মোর ।
ক্ষণেক ভজহ মোরে দেহ প্রাণ তোর ॥

সুকোমল কিশলয়-শয়ন উপরি।
চরণকমল তোল বিলাস আচরি॥
প্রথমেতে পূজার আসন অঙ্গীকারি।
আশীর্ব্বাদ কর পূজা করে গিরিধারী॥
তব পদপল্লবের বৈরি অনুক্ষণ।
অরুণতা গুণ ধরে পল্লব শয়ন।
চরণ-বিলাস হতে পরাজয় পাইয়া।
থাকিবে পল্লব কান্ত চরণে লাগিয়া॥
নিজ করকমলেতে তোমার পূজন।
করিব অনেক দূর করিলা গমন॥
দূর হৈতে তোমারে আনিনু যত্ন করি।
আজ্ঞা কর মোরে সেবি শয়ন উপরি॥
চরণে নূপুর তোমার যৈছে অঙ্গীকার।
তেমতি আমারে রাধে করহ স্বীকার॥
নূপুর তোমার যৈছে হয় রতিশূর।
তৈছে অনুগত আমি না ভাবিও দূর॥
অমৃত-বচন সব করহ রচন।
তব মুখ সুধানিধি হৈতে অনুক্ষণ॥
ঝরিয়া পড়য়ে যেন অমৃতের ধার।
অতি অনুকূল হবে বচন তোমার॥
বক্ষঃস্থল দুকূল করিব নিবারণ।
পয়োধর বোধ হয় তাহার কারণ॥
প্রিয় পরিরম্ভণ রভস সুবলিত।
কুচকুম্ভ হয় তব অতি পুলকিত॥

উরসি কুচকলস করহ অর্পণা ।
করহ আমার যত ঘুচুক যন্ত্রণা ॥
অধরজ সুধারস পান দেহ মোরে ।
মৃতপ্রায় দাস জনে জীয়াও সত্বরে ॥
তোমাতে নিহিত মন আছে রাত্রি দিনে ।
বিরহ-অনলে দগ্ধ বপু তবে কেনে ॥
শশীমুখি মুখর যে কটির রশনা ।
তার সঙ্গে কণ্ঠনাদ করহ যোজনা ॥
রশনার গুণ মুখরিত করি আগে ।
তাহার সদৃশ গান কর অনুরাগে ॥
তোমার নয়ন মোরে বিকল করিল ।
লজ্জিত হইয়া পুনঃ মুদিত হইল ॥
অতিশয় বিকলের প্রায় রোষ করি ।
বিকল করিছে মোরে বুঝিতে না পারি ॥
জয়দেব-ভণিত অপূর্ব্ব গীতসার ।
প্রতি পদে নিগদিত মধুরিপু যার ॥
জনয়তু রসিকের মনের বিনোদ ।
মনোরম রতিরস মহাসুখপ্রদ ॥
রাধা প্রতি কৃষ্ণ যত করিল প্রার্থনা ।
কুঞ্জকেলি শয়নের করিলা বর্ণনা ॥
দোঁহে প্রেম-লীলা-রস করে আস্বাদন ।
সেই কথা পূর্ব্বাপর করহ শ্রবণ ॥
সুরত-আরম্ভে যত বিঘ্ন উপজিল ।
সেই ত প্রত্যহ প্রীতিজনক হইল ॥

-।হাতে স্থরতারম্ভ বাড়িল অপার।
পুনরপি সেই লীলা করে বার বার॥
দোঁহে দোঁহা নিবিড় আশ্লেষ করিবারে।
পুলক অঙ্কুর তাহে বিঘ্নভাব ধরে॥
কেলিভাব বিলোকন করিতে দোঁহার।
বিঘ্ন আসি উপজিল নিমিষে সঞ্চার॥
অধরের সুধাপানে কৃষ্ণ প্রবর্ত্তিলা।
পরিহাসবাক্য তাহে বিঘ্ন উপজিলা॥
কামকলা-সমরে সাজিল দুই জনা।
আনন্দ আবেশ করে বিঘ্নের সূচনা॥
সেই বিঘ্ন মহাসুখ হইল দোঁহার।
সুরত-আনন্দ যাতে করিল বিস্তার॥
বন্ধনেতে দোঁহাকার হইল সংযম।
তাহাতেই শতগুণ বাড়িল সঙ্গম॥
পয়োধরভরেতে পীড়িত হৈল অঙ্গে।
নখধারে বিদ্ধ তনু সুরত-তরঙ্গে॥
দশনেতে ক্ষত হৈল অধর-পল্লব।
অনির্ব্বচনীয় সুখ বাড়ি গেল সব॥
কটিতটে আঘাত করিল প্রেমসুখে।
অধরের সুধা পান করিয়া উন্মুখে॥
কেশবন্ধ দুই হাতে করিয়া লম্বিত।
অধরের সুধাপানে হইল মোহিত॥
প্রেমের আশ্চর্য্য গতি ঐছে ব্যবহার;
দোঁহার সুখেতে সুখ জনমে দোঁহার॥

রতিকেলি-সঙ্কুল রণের আরভণে।
প্রবর্ত্ত হইলা কান্ত জিনিবার মনে ॥
কান্তের উপরে রতি আরম্ভ করিলা ।
হঠাৎকারে কান্ত জিনিবারে প্রবর্ত্তিলা ॥
বাহুবন্ধ আদি যত ক্রীড়াসুখ করি।
পরস্পরে জয়শব্দ উঠে তত ভারি ॥
অতিশয় শ্রমভরে কাতর হইলা ।
কামরণে রাধা কৃষ্ণে জিনিঁতে নারিলা ॥
নিস্পন্দ জঘনস্থল হইল সেইক্ষণে ।
বাহুলতা শিথিলতা কৈল কামরণে ॥
বক্ষঃস্থলে অতিশয় হইল কম্পন ।
আঁখিযুগ নিমীলিত হয় অনুক্ষণ ॥
বিপরীত রতিক্রীড়া আরম্ভ করিলা।
পুরুষ-সম্বন্ধি রস সিদ্ধ না হইলা ॥
স্ত্রীলোকের পুরুষ রস কৈছে সিদ্ধ হয় ।
দোঁহার হৃদয়ে কামচিহ্ন অতিশয় ॥
সুখভরে রাধিকার মুদিত নয়ন ।
পুলকে পূরিত গণ্ড করিছে স্পন্দন ॥
বাড়িল আনন্দ ঘন ঘন শীৎকার ।
দশন-কিরণে ওষ্ঠ ব্যাপিল তাহার ॥
অবশ হইল অঙ্গ ধরিতে না পারে ।
বদনে চুম্বন কান্ত করে বারে বারে ॥
রণারম্ভে রাধিকার জয় নাহি দেখি ।
শ্লথবাহু বক্ষঃকম্প নিমীলিত আঁখি ॥

এই কামশরে বিদ্ধ হৈল কৃষ্ণ-মন।
কীলিত করিল তারে অদ্ভুত কথন ॥
বিধৃত হইল সব অধরের শোভা।
বিলুলিত বনমালা বর্ণান্তর আভা ॥
মূর্দ্ধজ লুলিত যার ফুলের গাঁথনি।
কাঞ্চীদাম শ্লথ পুনঃ চঞ্চল চাহনি ॥
কামশরে বিদ্ধ হৈল নয়ন-যুগল।
তবে কৃষ্ণ রাধা-অঙ্গ দেখিয়া বিকল ॥
সুরতান্তে চিহ্নিত দেখিয়া রাধা-অঙ্গ।
বাড়িল কৃষ্ণের রতি-সুখের তরঙ্গ ॥
বক্ষস্থলে পুষ্পমালা অতি শোভা ধরে।
নখেতে অঙ্কিত যেন অরুণ আকারে ॥
আঁখিযুগ নিদ্রাতে লোহিত সব দেখি।
অধর শোণিত দেখি অতি স্নিগ্ধ আঁখি ॥
বিনির্ধৌত রাগ যেন দেখিল অধর।
কেশপাশ বিলুলিত অতি মনোহর ॥
স্রস্তস্রজ হইল তাহে বন্ধনরহিত।
ইতস্তত হইয়াছে দেখি আনন্দিত ॥
কাঞ্চীদাম শ্লথ হয়ে ঝুন্ ঝুন্ করে।
দেখিয়া আনন্দ বড় বাড়িল অন্তরে ॥
প্রভাতসময়ে এই কন্দর্পের বাণে।
শয়ন করিতে মাত্র বিদ্ধ কৈল মনে ॥
অন্যেতে অর্পিত শর অন্যে বিদ্ধ করে।
এই ত অশ্রুত কথা নারি বুঝিবারে ॥

কৃষ্ণ কহে রাধিকার অঙ্গের মাধুরী ।
করেতে জঘন স্তন আচ্ছাদন করি ॥
লজ্জার সহিত আমা ঈক্ষণ করিতে ।
পুনর্ব্বার ঔৎসুক্য হইল মোর চিতে ॥
দলিত পঙ্কজমালা অঙ্গে প্রসারিয়া ।
বুঝি বিলোকন হাসি আমা নিরখিয়া ॥
কেশ সব লুলিত হইয়াছে অতিশয় ।
বিস্তীর্ণ হইয়া সব অঙ্গ আচ্ছাদয় ॥
অলকামণ্ডলী সব তরলিত দেখি ।
কপোলজ স্বেদজল চঞ্চলতা আঁখি ॥
বিম্বাধরশোভা ক্ষত হইয়াছে রাধার ।
কুচকলসের বিমর্দ্দন ক্ষত হার ॥
বিলুপ্ত অধরশোভা হার নাহি গলে ।
শয্যামধ্যে কোথা পড়ি আছয়ে বিরলে ॥
কোন্ দিকে গেল কাঞ্চী রসের আবেশে ।
শিথিল করিল তনু অন্য লোক কিসে ॥
আত্মার চিন্তনস্ফূর্ত্তি নাহিক যাহার ।
কৃষ্ণমুখে কিবা বেশ কিবা অলঙ্কার ॥
প্রিয় দর্শনেতে হয় উন্মত্ত শরীর ।
দেখি সেই বেশভূষা সকল অস্থির ॥
আনন্দ-আবেশে রাধা কহে গোবিন্দেরে ।
আপনার অঙ্গে বেশ করিবার তরে ॥
সুরতান্তে পরিখিন্ন অঙ্গবেশ লাগি ।
কহিতে লাগিলা রাধা অতি অনুরাগী ॥

রাধিকা কহেন শুন শ্রীযদুনন্দন ।
খণ্ডিত অঙ্গের বেশ করহ সাজন ॥
যদি পুনঃ মনে ভাব সুখারম্ভ আছে ।
তবে পয়োধর-সজ্জা কর মম কাছে ॥
কস্তূরিকা পত্রভঙ্গ করি নিরমাণ ।
মৃগমদ দিয়া সজ্জা করহ সুঠাম ॥
শীতল চন্দন নিজ করপদ্মে করি ।
সাজাইবে পয়োধর অতি মনোহারী ॥
হৃদয়ানন্দন যদুনন্দনের স্থানে ।
কহিলেন অঙ্গবেশ করহ [illegible]নে ॥
কজ্জল নয়নে মোর করহ রচিত ।
ত্বদধরচুম্বনেতে হয়েছে খণ্ডিত ॥
উজ্জ্বলতা অতিশয় কজ্জল সুন্দর ।
অলিকুল গঞ্জন করয়ে নিরন্তর ॥
রতিপতি পঞ্চবাণ বিমোচন করে ।
ঐছে নয়ন মোর অতি শোভা ধরে ॥
কু[illegible] আপন করে দেও শ্রুতিমূলে ।
[illegible]হ সুবেশ কৃষ্ণ করহ বিরলে ॥
মনসিজ পাশ তার বিলাসাদি ধরে ।
নয়ন·কুরঙ্গ তার সহিত বিহরে ॥
আমার মুখারবিন্দে অলকা রচন ।
করহ সুন্দর করি অতি বিচক্ষণ ॥
চিরকাল ব্যাপি যায় উড়িছে ভ্রমর ।
অতএব রুচির সুন্দর মনোহর ॥

বিহিত কমল আর অত্যন্ত বিমল ।
অলকা সাজাও মুখে দেখিতে কোমল ॥
উপরে ভ্রমরচয় উড়ে গন্ধ পায়্যা ।
কপোল সাজাও সুখে অলকা অর্পিয়া ॥
ললাটে সাজাও মোর তিলক সুন্দর ।
মৃগমদ-রসেতে বলিত মনোহর ॥
ললিত তিলক কর ললাটে সাজনি ।
করহ আনন্দে কৃষ্ণ মোর বাক্য মানি ॥
বিহিত করহ যেন কলঙ্কের কলা ।
ললাট চন্দ্রেতে হেন কলঙ্ক লাগিলা ॥
শ্রমজন্য অম্বুকণা মুখেতে আমার ।
মৃগমদ ললাটেতে কর পুনর্ব্বার ॥
চিকুরে কুসুমাবলি করহ সাজন ।
শুনহ মাধব তোমা করিয়ে প্রার্থন ॥
মণির রশনা আর বসন রঞ্জন ।
জঘনে আমার তুমি করহ যোজন ॥
শুন ভক্ত এই জয়দেবের বচন ।
সদয়-হৃদয় হয়ে করহ শ্রবণ ॥
শ্রীহরিচরণামৃত স্মরণ করিতে ।
কলির কলুষ যত নাশিবে ত্বরিতে ॥
তবে পুনর্ব্বার কিছু কহেন আনন্দ ।
অতিশয় প্রীত মন দেখিয়া গোবিন্দ ॥
সদসদ্বাক্যের বক্তা পরম পণ্ডিত ।
শ্রীগীতগোবিন্দ গ্রন্থ যাহার রচিত ॥

শ্রীকৃষ্ণভজনতত্ত্ব সকলি লিখিলা ।
বৈষ্ণবের ধ্যানবস্তু তত্ত্ব বিচারিলা ॥
অবতার অবতারী লিখিলা তাহাতে ।
সর্ব্ব অবতারী কৃষ্ণ কহিলা নিশ্চিতে ॥
মহাপ্রেমরসের বিচার ইথে জানি ।
ব্রজলীলা পরিপূর্ণ ইহাতে বাখানি ॥
নিত্য লীলা সহ গ্রন্থ বিচার করিলা ।
সব সার গ্রন্থ যাতে সব কৃষ্ণলীলা ॥
ইহাতে একান্ত ভক্ত করিয়া চিন্তন ।
মাধব-ভজনে লুব্ধ হয় যার মন ॥
নারায়ণ হরি রক্ষা করুন্ সবারে ।
নিজ ভক্তিদান করুন্ সকল সংসারে ॥
নারায়ণরূপে তিঁহো পর্য্যঙ্ক করিয়া ।
নাগেন্দ্র নায়কের ফণাশ্রেণী ধরিয়া ॥
পদাম্বুজদ্বয় ধরি জলনিধিসুতা ।
মণিগণ কান্তি সহ অতি আসক্তা ॥
লক্ষ্মীমুখ বিলোকনে বহুরূপ যেন ।
সেইরূপে রাধা সহ করি অনুমান ॥
রাধা সহ তল্পমধ্যে আছে কুঞ্জঘরে ।
সেই কৃষ্ণ রক্ষা করুন সকল সংসারে ॥
এইরূপে কৃষ্ণ উছলিতচিত্ত হয়ে ।
কহিতে লাগিল তারে বৈচিত্র্য দেখিয়ে ॥
কহিতে লাগিলা কৃষ্ণ শুনহ সুন্দরি ।
পূর্ব্বকথা কিছু তোমায় কহিব বিচারি ॥